# নিফাক (থকে বাঁচুন

ড. ইয়াদ কুনাইবী



বই : নিফাক থেকে বাঁচুন

মূল: ড. ইয়াদ কুনাইবী

অনুবাদ 🖟 আহমাদ ইউসুফ শরীফ

# নিফাক থেকে বাঁচুন

ড. ইয়াদ কুনাইবী



নিফাক থেকে বাঁচুন ড. ইয়াদ কুনাইবী

গ্রন্থয় © সংরক্ষিত

**প্রথম প্রকাশ** যিলকদ ১৪৪০ হিজরি / জুলাই ২০১৯ ইসায়ি

> অনলাইন গরিবেশক ruhamashop.com wafilife.com rokomari.com



৩৪ নর্থক্রক হল রোড, মাদরাসা মার্কেট (২য় তলা), বাংলাবাজার, ঢাকা-১১০০ মোবাইল: ০১৮৬৬-০৫১১৪০ shobdotoru@gmail.com

www.facebook.com/shobdotoru.bd, www.shobdotoru.com

মূল্য: ৩২৪ টাকা

Nifaq thek Bachun by Dr. Eyad Qunaibi, Published by Shobdotoru. first Edition: July 2019

## নিফাক থেকে বাঁচুন

বইটি সমকালীন মুসলিমবিশ্বের প্রতি দরদমাখা এক সতর্কবার্তা; নিফাক সম্পর্কে ধ্যান–ধারণার প্রয়োজনীয় এক সংশোধনী; বাস্তব উদাহরণসহ নিফাকের ভয়াবহতার এক সত্য বিবরণ; নিফাকের শক্ষায় থাকা মানসিক অবস্থার বিশ্লেষণ; নিজের অজান্তেই নিফাকে জড়িয়ে যাওয়ার প্রামাণ্য আলোচনা এবং ঈমানঘাতী এই ব্যাধি থেকে আত্মরক্ষার প্রচেষ্টা।


প্রিয় পাঠক, নিজের অবস্থা উপলব্ধি করুন এবং ফিরে আসুন। কিয়ামতের ভয়াবহ দিনে ঈমান ও কুফর, শিরক এবং নিফাকের মাঝে বিভাজক প্রাচীর দাঁড় করানোর আগেই।



#### লেখকের উৎসর্গ

শ্রেদ্ধেয় মা ও বাবাকে। যাদের দুআ, চোখের পানি আর অকৃত্রিম ভালোবাসার ফসল আমি, আমার অবস্থান এবং আমার পথচলা।

আল্লাহ 👺 তাঁদের উত্তম বিনিময় দান করুন। জান্নাতুল ফিরদাউসের সুউচ্চ মর্যাদার আসনে একসাথে সম্মানিত করুন। সর্বোপরি ক্ষমা ও দয়ার আচরণ করে তাদেরকে জাহান্লামের ভয়াবহ আযাব হতে রক্ষা করুন। আমীন!



#### লেখক পরিচিতি

ড. ইয়াদ কুনাইবী একজন স্থনামখ্যাত দীনের দায়ী। বিশ্ববিদ্যালয় শিক্ষক। ওযুধবিজ্ঞান (pharmacology) গবেষক।

জন্ম: তাঁর জন্ম ১৬ শাওয়াল ১৩৯৫ হিজরি মোতাবেক ২২ অক্টোবর ১৯৭৫ খ্রিষ্টাব্দে রোজ বুধবার। জন্মস্থান কুয়েতের সালিমিয়া। তাঁর পিতা-মাতা ছিলেন ফিলিস্তিনের মুহাজির। ফিলিস্তিনের হেবরন থেকে জায়নবাদের নৃশংস জুলুম ও অত্যাচারের শিকার হয়ে তাঁর পরিবার প্রথমে কুয়েতে হিজরত করে। ইয়াদ কুনাইবীর জন্মের পর শৈশবেই তাঁর পরিবার স্থায়ীভাবে জর্দানের রাজধানী আন্মানে চলে আসে।

শিক্ষাজীবন: পড়াশোনার হাতেখড়ি আম্মানের সরকারি প্রাথমিক প্রতিষ্ঠানে। মাধ্যমিকে পড়ার সময় জর্দান শহরের এক কবিতা ও প্রবন্ধ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে সাহিত্যাঙ্গনে প্রতিভার স্বাক্ষর রাখার আভাস দেন।

১৯৯৮ সালে তিনি জর্দান ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি থেকে ফার্মেসিতে স্নাতক ডিগ্রি অর্জন করেন এবং সম্মানসূচক সম্মাননা অর্জন করেন এবং প্রথম শ্রেণিতে প্রথম স্থান লাভ করেন। শিক্ষাজীবনে তিনি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিগ্রি অর্জন করেন।

তিনি 'TOEFL' এ ৬২০ এবং 'GRE-Analytical' এ ৭৬০ স্কোর নিয়ে ঈর্ষণীয় ফলাফল লাভ করেন।

১৯৯৯ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের বিখ্যাত হিউস্টন ইউনিভার্সিটির বৃত্তি পেয়ে সেখানে চলে যান। সেখানে তিনি শিক্ষার্থীদের গবেষণা–সহকারী হিসেবে 'pharmacology' বিভাগে যোগদান করেন। ২০০৩ সালে এই বিভাগ থেকে প্রথম স্থান লাভ করে সুনামের সাথে PHD সম্পন্ন করেন।

এর পরপরই বিশ্ববিখ্যাত টেক্সাস মেডিকেল সেন্টারে তৎকালীন সেরা চিকিৎসাবিজ্ঞানীদের সাথে গবেষণামূলক কাজে অংশগ্রহণের বিরল সুযোগ লাভ করেন। চিকিৎসাবিজ্ঞানে নিজের প্রতিভার উজ্জ্বল স্বাক্ষর রাখার পাশাপাশি বিশ্ববিদ্যালয় জীবনেই তিনি মিশরের ইসলামী আন্দোলনের পথিকৃৎ 'সাইয়্যিদ কুতুব শহীদের' মাধ্যমে ইসলাম ও ইসলামী শিক্ষার প্রতি ঝুঁকে পড়েন।

এ সময় তিনি আত্মরক্ষা শিক্ষার অংশ হিসেবে তায়কোয়ান্দো শেখেন। এবং বরাবরের মতো এখানেও তাঁর সাফল্য অবাক হওয়ার মতো।

কর্মজীবন: উচ্চতর শিক্ষা ও গবেষণার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে যাওয়ার আগে তিনি জর্দানের সরকারি গবেষণা ও উন্নয়ন বিভাগে দেশীয় প্রতিষ্ঠানের ওযুধ উৎপাদনের কাজে যোগদান করেন। এ সময়ে তিনি জারকা বিশ্ববিদ্যালয়ে ১৯৯৯ সালে একটি গবেষণাপত্র পাঠ করার পাশাপাশি সংযুক্ত আরব আমিরাত সফর করেন।

২০০৩ সালে উচ্চতর ডিগ্রি লাভের পর মার্কিন যুক্তরাষ্ট্রে কাজের সুযোগ গ্রহণ না করে তিনি দেশে ফিরে এসে আম্মান বিশ্ববিদ্যালয়ের ফলিতবিজ্ঞান অনুষদে যোগদান করেন।

জর্ডানের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে খণ্ডকালীন প্রভাষক হিসেবে যোগদান করেন।

আধুনিক চিকিৎসাশাস্ত্রে তাঁর বেশ কিছু গবেষণা আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রশংসা কুড়িয়েছে। বিশ্ববিখ্যাত বিভিন্ন বিজ্ঞানভিত্তিক জার্নালে তাঁর গবেষণাপত্র প্রকাশিত হয়েছে।

দীনি দাওয়াত : ইয়াদ কুনাইবী ১৯৯৭ সাল থেকেই তাঁর দাওয়াতী কার্যক্রম শুরু করেন। এ সময় তিনি ও তাঁর সঙ্গীগণ বিভিন্ন মসজিদে গিয়ে মুসুল্লীদের মাঝে দীনি দাওয়াত চালাতেন। দীনি দাওয়াতের পাশাপাশি তিনি ইলমে দীনের একনিষ্ঠ ছাত্র হিসেবে কঠোর পরিশ্রম করেন।

শাইখ আব্দুর রহমান বিন আলী আল মাহমুদের নিকট হাফস বিন আসিম 🦓 –এর সনদে ইলমুল কিরাআত শিক্ষা করেন। ইবনুল কায়্যিম জাওয়ী, সাইয়িাদ কুতৃব শহীদ, নাসিক্ষদীন আলবানী, আয়েজ আল করনী, শাইখ মুহাম্মাদ মুনাজ্জিদ, ড. মুহাম্মাদ আব্দুল কুদ্দুস, ড. মুহাম্মাদ ইসমাইল আল–মুকাদ্দাম, আবু মুহাম্মাদ মাকদাসী এবং ড. রাগিব সারজানী এ এর মতো বিশ্ববরেণ্য ব্যক্তিবর্গের লেখনীর একনিষ্ঠ পাঠক হয়ে ওঠেন। এ সকল মনীষীর লেখনী হতে তিনি তাফসীর, সীরাত, ফিকাহসহ বিভিন্ন দীনি শাস্ত্রে গভীর ব্যুৎপত্তি লাভ করেন।

দেশের গণ্ডি পেরিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রেও তিনি মুসলিম-অমুসলিম সবার মাঝে দীনের দাওয়াত অব্যাহত রাখেন।

বিভিন্ন আরব ও অনাবব ইসলামী ব্যক্তিত্ব ও বিশ্বব্যাপী ইসলামী আন্দোলনের উত্থান-পতনে তিনি গভীরভাবে প্রভাবিত হন। তাঁর দাওয়াতী কার্যক্রমে জিহাদের পক্ষে ও ক্রুসেডারদের বিপক্ষে জোরালো বক্তব্য ও লেখনী উঠে আসতে শুরু করে। যার ফলে আফগান জিহাদে তালিবানকে সহযোগিতার অভিযোগসহ বিভিন্ন অভিযোগে তিনি বেশ কয়েকবার গ্রেফতার হন এবং বন্দীজীবনের স্বাদ গ্রহণ করেন। ২০১৫ সাল থেকে এ পর্যন্ত চারবার গ্রেফতার হয়ে বিভিন্ন মেযাদে দুই বছরেরও বেশি সময় তিনি কারাবন্দী থাকেন।

হামলা, মামলা ও বন্দীজীবনের ভয় আদর্শের পথে তাঁর যাত্রাকে রুখতে পারেনি।
ক্ষুরধার লেখনীর পাশাপাশি বক্তব্য, তথ্যচিত্র নির্মাণ, বিভিন্ন কর্মশালার মাধ্যমে
স্যোশাল মিডিয়াসহ সাধারণ জীবনেও তিনি তাঁর দাওয়াতি কার্যক্রম চালিয়ে
যাচ্ছেন। www.al-furqan.org সাইটটিতে টু মারলে তাঁর কার্যক্রমের
বিস্তারিত ফিবিস্তি মিলবে।

রচনা: 'হাজান নিফাকু ফাহজারুহ'(নিফাক থেকে বাঁচুন) তাঁর অনবদ্য একটি রচনা। এ ছাড়াও 'বিহুবিবল্লাহি আতাসববারু', 'ফি কুল্লি ইয়াওমিন লানা ঈদুন' এবং 'গায়াতুন ওয়া আয়াতুন' নামে তাঁর একাধিক কাব্যগ্রন্থ রয়েছে। তাঁর নিজয় সাইটে তাঁর রচিত বিভিন্ন প্রবন্ধ, নিবন্ধ, তথ্যচিত্র ও ডিডিও বার্তা রয়েছে।

আল্লাহ তাআলা তাঁর ইলম, আমল ও মেহনতকে কবুল ফরমান।



#### অনুবাদকের কথা

ٱلْحَمْدُ لِلهِ حَمْدًا مُوَافِيًا لِيَعْمِهِ, مُكَافِيًا لِمَزِيْدِهِ. وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلى خَيْرِ خَلْقِهِ مُحَمَّدٍ وَعَلى آلِه وَ أَصْحَابِهِ أَجْمَعِيْنَ

আলহামদুলিল্লাহ, মহামহিম আল্লাহর দরবারে লাখো কোটি শুকরিয়া যে, তিনি তার সীমাহীন দয়া ও মেহেরবানি দ্বারা এই অনভিজ্ঞ, অধম ও অযোগ্য বান্দাকে তাঁর দীনের খিদমত করার সুযোগ দিয়েছেন।

ইসলামের শুরুলগ্ন হতে আজ অবধি ইসলাম ও মুসলমানের অগ্রযাত্রায় সবচেয়ে বড় বাধার নাম নিফাক ও মুনাফিক।

ঈমানঘাতী এই ব্যাধি মুসলমানদের ইজ্জতের সর্বোচ্চ শিখর হতে টেনে-হিচড়ে নামিয়ে ইতিহাসের সবচেয়ে সঙিন সময়ের চোরাবালিতে ছুড়ে ফেলেছে।

রাসূলুপ্লাহ ্ঞ্র-এর যুগ থেকে শুরু করে আজ পর্যন্ত এমন কোনো দীনদার, মুন্তাকী ও খাঁটি মুমিন পাওয়া যায় না যিনি নিজের ব্যাপারে নিফাকের ভয় করেননি। প্রত্যেক যুগের সাধারণ মানুষজনকে সমসাময়িক মহামানবগণ এই দুরাবোগ্য ব্যাধি সম্পর্কে যথাসাধ্য সতর্ক করেছেন।

এমনই একটি সতর্কতা আমাদেরও বড় প্রয়োজন। মুসলিম উন্মাহর সাগরসম তৃষ্ণা এই বই মেটাতে পারবে কি না তা সময়ই বলে দেবে। তবে অনুবাদক হিসেবে বইটির প্রতিটি শব্দে শব্দে গভীর দৃষ্টি বুলিয়ে আমি যা বুঝেছি তা হলো, তৃষ্ণা পুরোপুরি না মিটলেও পানির সন্ধান অবশ্যই পাওয়া যাবে।

ড. ইয়াদ কুনাইবী একজন প্রতিভাবান দীনের দায়ী। দুনিয়ার উন্নতির সর্বোচ্চ হাতছানিকে উপেক্ষা করে ইসলাম ও মুসলমানের জন্য সোচ্চার ভূমিকা পালন করে জেলখাটা মুসলমান

মনযোগী পাঠকমাত্রই তাঁর লেখার প্রতিটি ছত্রে উম্মাহর দুরবস্থা, বাতিলের আগ্রাসন, নিফাকের বিষদাঁত আর মুক্তির উপায় সম্পর্কে ভাবনাব খোরাক পাবেন। অনুবাদ করতে গিয়ে আমি নিজেকে নিফাকের কোনো অংশ হতেই খালি পাইনি। আমি নিজের ব্যাপারে শঙ্কিত হয়েছি। তাওবার প্রয়োজনীয়তা অনুভব করেছি।

গ্রন্থকার তাঁর লেখায় আরবদের স্বভাবজাত আবেগ দমন করতে পারেননি। যা বলেছেন দিল খুলে বলেছেন। তাঁর আবেগমাখা দিলখোলা কথাগুলো অনুবাদ করতে গিয়ে কোথাও কোথাও শব্দের হুবহু অনুবাদ ছেড়ে তাঁর আবেগটুকু অনুবাদ করতে হয়েছে। অনুবাদের ক্ষেত্রে যে সকল মূলনীতি অনুসরণ করা হয়েছে তা নিচে তুলে ধরা হলো:


- ১। কুরআনের আয়াত অনুবাদের ক্ষেত্রে *মাআরিফুল কুরআন*সহ বিভিন্ন অনুবাদ থেকে নকল করা হয়েছে।
- ২। বুখারী ও মুসলিম শরীফ ব্যতীত অন্যান্য গ্রন্থের বর্ণনাসমূহের সনদের মান তুলে ধরা হয়েছে।
- ৩। হাদীসের অনুবাদের ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশন, তাওহীদ পাবলিকেশপসহ কওমী মাদরাসায় পাঠ্য বিভিন্ন অনুবাদগ্রন্থের সাহায্য নেয়া হয়েছে।
- ৪। সকল আয়াত, হাদীস, তাফসীর ও সালাফের বক্তব্যের আরবি ইবারত ইরাবসহ তুলে ধরা হয়েছে।
- ৫। সকল তথ্যসূত্র আরবি লিপি হতে নেয়া হয়েছে। কোনো গ্রন্থের বাংলা অনুবাদ হতে কোনো তথ্যসূত্র নেয়া হয়নি।
- ৬। অধিকাংশ তথ্যই অনলাইন শামেলা হতে সংগৃহীত।
- ৭। সকল তথ্যসূত্র অনুবাদকের দুর্বল ও ক্রটিপূর্ণ চেষ্টার মাধ্যমে সংযোজন করা হয়েছে।

সর্বায়ক চেষ্টার পরও মানবিক সীমাবদ্ধতার দরন কিছু ভূলক্রটি থেকে যাওয়াটা খুবই স্বাভাবিক। তবে নিশ্চিতরূপেই এর সবটুকু দায় আমার। তাই তথ্য-উপাত্ত বা মুদ্রণজনিত কোনো ভূল থাকলে পাঠকের নিকট তা শুধরে দেওয়ার বিনীত নিবেদন রইল।

অসামান্য এ গ্রন্থটির অনুবাদের কাজে যাদের আন্তরিক সহযোগিতা আমাকে প্রতিনিয়ত কৃতপ্রতাপার্শ্বে আবদ্ধ করেছে, তাদের নাম উল্লেখ করতে পারলে খুব ভালো লাগত। কিন্তু আল্লাহ তাআলার এ সকল মুখলিস বান্দা ও বান্দীগণকে আল্লাহ তাআলা পার্থিব পরিচিতি ও সাধুবাদের পরীক্ষায় নিপতিত না করে আখিরাতের চিরসাফল্যে সম্মানিত করুন, এটাই আমার চাওয়া।

দীনের এই সামান্য খিদমতের শ্বারা আল্লাহ তাআলা এর সাথে সংশ্লিষ্ট সকলের আখিরাত সুন্দর করে দিন। আমীন।

> আহমাদ ইউসুফ শরীফ দারুস সালীম মাদরাসা মাস্টারপাড়া, উত্তরখান, ঢাকা-১২৩০। ২ রজব ১৪৪০ হিজরি মোতাবেক, ২৬ ফাস্কুন ১৪২৫ ও ১০ মার্চ ঈসায়ী ২০১৯। রোজ রবিবার।



## ভূমিকা

إن الحمد لله نحمده ونستعينه ونستغفره ونعوذ من شرور أنفسنا ومن سيئات أعمالنا من يهده الله فلا مضل له ومن بضلل فلا هادي له. وأشهد أن لا إله إلا الله وحده لا شريك له. وأشهد أن محمدا عبده ورسوله. أما بعد

হামদ ও ছানার পর,

আমি গভীর উদ্বেগের সাথে লক্ষ করেছি যে, আমাদের বর্তমান সমাজজীবনে
নিফাক বা মুনাফিকদের বিষয়ে কোনো আলোচনা নেই। সভা-সমাবেশ,
পারস্পরিক দেখা-সাক্ষাৎ বা যেকোনো পর্যায়েই নিফাকের মতো ভয়াবহ বিষয়টি
যে আশঙ্কাজনক হারে বেড়ে চলেছে তা নিয়ে কারও কোনো মাথাব্যথা নেই।
অথচ কুরআন ও সুল্লাহতে নিফাকের মতো মারাত্মক ক্ষতিকর বিষয়টি নিয়ে
পরিপূর্ণ আলোচনা রয়েছে।

তাই আমি মুনাফিকদের আচরণ তুলে ধরার ক্ষুদ্র প্রয়াসে কলম ধরার প্রত্যয় প্রকাশ করছি। এতে হয়তো অনুসন্ধিৎসু মনের মুমিনগণ বিষয়টা যথাযথভাবে উপলব্ধি করতে পারবেন এবং অতি সতর্কতার সাথে এই ঈমানঘাতী ব্যাধির বিস্তৃত ও বিষাক্ত ছোবল হতে নিজের ঈমান ও আমল রক্ষা করার পাথেয় খুঁজে পাবেন।

ক্ষুদ্র এ পুস্তিকাটিতে আমি আমার আলোচনাগুলোকে কয়েকটি ভাগে বিভক্ত করেছি। যেমন :

১ আলোচ্য বিষয়ের গুরুত্ব তুলে ধরার মতো প্রয়োজনীয় একটি ভূমিকা। তা ছাড়া নিফাকের মতো বিষয়টি অনুধাবনের অপরিহার্যতা তুলে ধরার পাশাপাশি মুনাফিকির মৌলিক উপাদান বা কারণগুলো ধারাবাহিকভাবে তুলে ধরার চেষ্টা করেছি।

- ২। নিফাক-বিষয়ক আয়াত ও হাদীসসমূহ তুলে ধরেছি।
- ৩। বাস্তব উদাহরণের মাধ্যমে বিষয়টিকে অধিকতর অনুধাবনযোগ্য করার <sub>চৌর</sub>
- ৪। নিফাক থেকে বাঁচার জন্য কুরআন ও সুন্নাহর দেখানো পৃথনির্দেশনা তুলে ধরেছি। যেন মুমিনগণ আল্লাহ ও তাঁর রাসুল ্ঞ্র-এর সম্বৃষ্টির পথ ধরে নিফাক থেকে মুক্তি লাভ করতে পারেন।

আর আল্লাহ 🐉 এর দেওয়া তাওফীক ব্যতীত সংক্ষেপে এমন কিছু করা অসম্ভব ও অকল্পনীয়। তাই মহান আল্লাহ 🎉 এর তাওফীক কামনা করছি।

# সূচিপত্র

মুনাকিকদের আধিক্য	় ২১
মুনাফিকদের ব্যাপারে কুরআনে অনেক আয়াত বয়েছে	
নিফাক ও মুনাফিকির ভয়াবহতা অনুধাবন	২৩
অন্তবে নিফাকের আশদ্বা	২৩
মুনাফিক হতে সাবধান	
নিকাকের আশদ্ধা ও এর বাস্তবতা : যা অধিকাংশ মানুষ জানেই না	
সাবধান! কুরআন আপনাকেই সম্বোধন করে বলছে	80
মুনাফিকদের স্বভাব	
১.সংশয়বাদ	. 65
২. কুরআন-সুন্নাহর বিধান পরিহার করা	
৩. ইয়াহুদী, খ্রিষ্টান ও কাফিরদের সাথে সখ্য গড়ে তোলা	৮৭
৪. শক্তিমত্তার বিচারে পক্ষ পরিবর্তন করা।	300
৫. মিথ্যা বলা	500
৬. জিহাদ হতে পিছু হটা	
৭. মুনাফিকের জন্য ইবাদাত করা খুবই কঠিন	১৫১
৮. কাজ না কবেও প্রশংসা ও গুণকীর্তন আশা করে	
৯. লোকদেরকে ইবাদাত পালনে নিরুৎসাহিত করে এবং তাদের আমল	
নিয়ে হাসিঠাটা করে	১৬৩
১০. আল্লাহ তাআলার সাহায্য ও দীন প্রতিষ্ঠার প্রতিশ্রুতি নিয়ে	
সংশয়ে ভোগা	. 550
১১. দুনিযার প্রতি লোভ ও বিপদাপদে ক্ষোভ প্রকাশ করা	794
১২. কাপুরুষতা ও অপমানের জীবন মেনে নেওয়া	. 550
১৩. ক্ষমতাসীনদের তোষামোদ করা	122
১৪, আল্লাহ ও তাঁর রাসৃল 🏇-এর সাথে অশিষ্ট আচরণ	
১৫. মুমিনগণকে ঘণা করা এবং তাদের স্ব্যাতিতে নাক সিটকানো	. २०७

১৬. ফিতনা ফাসাদ সৃষ্টিতে আগ্রহী হওয়া	
36. M. A. M.	20
১৭. কুরআনের ব্যাপারে কঠোর মনোভাব পোষণ করা	1
১৮. গুনাহকে সামান্য মনে করা এবং আমলকে কঠিন মনে করা	
মুক্তি প্রকাশ করা	148
১৯. তাওবা করতে অনীহা প্রকাশ করা	203
২০. শ্বেচ্ছায় ফিতনা ফাসাদে জড়ানো	_
50, (3,43,4,4,4,4,4,4,4,4,4,4,4,4,4,4,4,4,4,	90
২১. ঝগড়া-বিবাদের সময় গালাগালের মতো অশ্লীল ও অন্যায় পথ	
অবলম্বন করা	હુ
২২. আল্লাহ তাআলার সাথে কৃত প্রতিশ্রুতি ভঙ্গ করা ২	
২৩, কথাবার্তায় ধূর্ত হওয়া	60)
২৪. আল্লাহ তাঝালাকে ভূলে যাওয়া	
প্রকিট্টি	88

#### মুনাফিকদের আধিক্য

মুনাফিকদের ব্যাপারে ইমাম ইবনুল কাইয়্যিম 🙉 বলেন,

كَادَ الْقُرْآنُ أَنْ يَكُونَ كُلُهُ فِي شَأْنِهِمْ، لِكَثْرَتِهِمْ عَلَى ظَهْرِ الْأَرْضِ وَفِي أَجُوّافِ الْقُرْآنِ الْقُبُورِ، فَلَا خَلَتْ بِقَاعُ الْأَرْضِ مِنْهُمْ لِئَلَّا يَسْتَوْحِشَ الْمُؤْمِنُونَ فِي الظُرُقَاتِ، وَتَتَعَطَّلَ بِهِمْ أَسْبَابُ الْمَعَايِشِ، وَتَخْطَفَهُمُ الْوُحُوشُ وَالسِّبَاعُ فِي الْفُلُواتِ

'এদের ব্যাপারে কুরআন সম্ভাব্য সবকিছুই বাতলে দিয়েছে। এর অন্যতম কারণ হলো জমিনের বুকে এবং কবরের আঁধাব গর্ভে মুনাফিকদের সংখ্যাই বেশি। পৃথিবীর বুকে এমন কোনো নিরাপদ জায়গা নেই যেখানে নিফাক ও মুনাফিকদের হিংম্র থাবা হতে মুমিন নিজেকে নিরাপদ রাখতে পারে কিংবা তার জীবনব্যবস্থাকে বিপদমুক্ত রাখতে পারে। জীবনের প্রতিটি রক্রেই নিফাকের আগ্রাসী থাবা ত্রাস সঞ্চার করে বসে আছে।"

### মুনাফিকদের ব্যাপারে কুরআনে অনেক আয়াত রয়েছে

মুনাফিকদের মাত্রাধিক্য এবং ব্যাপক অনিষ্টের দরুন মদীনায় অবতীর্ণ অধিকাংশ সূরায় আল্লাহ তাআলা তাদের কথা সবিস্তারে বলেছেন। তাই এ কথা ভাবার কোনো সুযোগ নেই যে, তারা বিলুপ্ত হয়ে গেছে।

প্রিয় পাঠক, গভীর দৃষ্টিতে তাকালে লক্ষ করবেন, আল্লাহ তাআলা সূরা বাকারায় মুনাফিকদের অন্তরের ব্যাধি ও মুমিনদের সাথে তাদের ধোঁকাবাজি ফাঁস করে দিয়েছেন।

সূরা আলে-ইমরানে তাদের অস্থিবতা ও পশ্চাৎপদ পলায়নমুখী মানসিকতা বর্ণনা করেছেন।

সূরা নিসায় তাদের 'আল্লাহ ও তাঁর রাসুল 🦛 এর হুকুম লঙ্ঘনের' কথা বলেছেন।

১. মাদাবিজুস সালিকীন : ১/৩৬৪।

সূরা মায়িদাহ-তে কাফিরদের নেতৃত্ব মেনে নেয়ার কথা প্রকাশ করে দিয়েছেন। সূরা আনফালে দীনের ওপর অবিচল থাকার সাথে আল্লাহ তাআলার প্রতিশ্রুতির প্রতি তাদের সন্দেহের কথা ফাঁস করে দিয়েছেন।

সূরা তাওবায় তাদের জিহাদ-বিমুখ মানসিকতা ও জিহাদের ব্যাপারে মুমিনদের প্রতি তাদের তিরস্কারের কথা বলেছেন।

সূরা হজ্জে তাদের ক্ষয়িষ্ণু মনোভাব তুলে ধরেছেন।

সূরা নূরে দীনের ব্যাপারে তাদের স্বেচ্ছাচারিতা বর্ণনা করেছেন।

সূরা আনকাবুতে তাদের ধৈর্যহীনতা বর্ণনা করেছেন।

সূরা আহ্যাবে আল্লাহ তাআলার সাথে তাদের প্রতিশ্রুতি ভঙ্গের বর্ণনা উল্লেখ করেছেন।

সূরা মুহাম্মাদে তাদের কাপুরুষতা ফাঁস করে দিয়েছেন।

সূরা ফাতহে আল্লাহর প্রতি তাদের মন্দ ধারণা বয়ান করেছেন।

সূরা হাদীদে তাদের বিশ্বাসভঙ্গের কথা তুলে ধরেছেন।

সূরা মুজাদালায় তাদের মিখ্যা শপথের তথ্য তুলে ধরেছেন।

সূরা হাশরে দুর্বল মিত্রের প্রতি তাদের অসহযোগিতার বর্ণনা দিয়েছেন।

সূরা হাশরে আল্লাহর রাসূল 👜 ও মুমিনগণের প্রতি তাদের অভদ্র আচরণের কথা উল্লেখ করেছেন।

এবং সূরা তাহরীমে তাদের ঘৃণ্য এবং অপাঙ্জেয় হওয়ার কারণ উল্লেখ করেছেন।
পাঠক, এবার আঙুলের কড়ায় গুণে দেখুন, পনেরোটি সূরাতে আল্লাহ তাআলা
মুনাফিকদের ব্যাপারে আমাদেরকে সতর্ক করেছেন এবং তাদের স্বভাব–চরিত্র
সবিস্তারে উল্লেখ করেছেন।

এরপরেও কি এ ধারণায় বসে থাকা যায় যে, এসব আমাতের মর্মকথাব বর্তমান যুগে আর কোনো আবেদন অবশিষ্ট নেই? এ সবই শুধু তিলাওয়াতের বরকত হাসিল বা ইতিহাসের কিচ্ছা-কাহিনি জানার জন্য!

#### নিফাক ও মুনাফিকির ভয়াবহতা অনুধাবন

ওপরের আলোচনার পর এ ব্যাপারে আর কোনো সন্দেহ থাকতে পারে না যে, আল্লাহ তাআলা নিফাকের ব্যাপারে এত বেশি আলোচনা এনেছেন আনাদেরকে সতর্ক করার জন্য। আল্লাহ তাআলা বলেন :

'আর এমনিভাবে আমি নিদর্শনসমূহ বিস্তারিত বর্ণনা করি, যাতে অপরাধীদের পথ সুস্পষ্ট হয়ে ওঠে।'

তাই আমাদের অবশ্যকর্তব্য হলো নিজেকে নিফাক ও মুনাফিকদের কবল হতে মুক্ত রাখা।

#### অন্তরে নিফাকের আশঙ্কা

এটা জেনে রাখা খুবই গুরুত্বপূর্ণ যে, মুনাফিকমাত্রই নিশ্চিতরূপে অধঃপতনের শিকার। সে অবশ্যই ধ্বংসের মধ্যে রয়েছে। জালাতের চিরস্থায়ী নিআমতের স্বপ্রময় জগৎ হতে জাহালামের অনন্তকালীন যাতনার এক যন্ত্রণায় সে নিক্ষিপ্ত হয়েছে। মুমিন সব সময় নিফাকের আশক্ষায় থাকে। পাশাপাশি মুমিন সাধারণত খুব সহজেই কাফির-মুশরিকদের ভিন্ন পথ ও পরিণতিব কথা জেনে এবং বুঝে তাদের এড়িয়ে চলে।

কিম্ব এর মাঝে আবার মুনাফিকদের অবস্থান রয়ে গেছে। মুনাফিক তাব নিরাপদ আখের গোছানোর ফন্দি-ফিকির আঁটতে গিয়ে জাল্লাতের পথে কয়েক ধাপ ব্যবধানে আটকা পড়ে যায়। এই ধাপ ক'টি পেরোতে যে পুঁজি দরকার

২ সুরা আনআম ৬:৫৫

তা হলো ঈমানের নূর। আর এখানেই প্রকৃত মুমিন তার ঈমানের নূর দ্বারা সন্দেহ ও সংশয়ের আঁধারে দুলতে থাকা দুনিয়ামুখী মুনাফিকদের পেছনে ফেলে এগিয়ে যায়। অথচ দুনিয়ায় এই নিফাকের মধ্যে থাকা লোকেরা ভাবে যে তারা নিরাপদ। তাদের অনেকে এটাই জানে না যে, সে নিফাকের মধ্যে হাবুড়বু খাচ্ছে। আবার অনেকে মনে করে, দুনিয়ায় যেমন মিথ্যা ও ধোঁকা ইত্যাদি দ্বারা পার প্রেয়ে যাচ্ছে, আখিরাতেও এমনই কিছু একটা করে সে উতরে যাবে। তারা মনে করে, তাদের এসব ভোজবাজি বৃঝি আল্লাহ্ আযযা ওয়া জাল্লা'র সাথেও চলবে (নাউযুবিল্লাহ)। তাই মুনাফিকরা সেদিন তা-ই বলবে যা অনেক আগেই তাদের রব আল্লাহ্ তাআলা তাদের স্বভাব বর্ণনা করতে গিয়ে বলে রেখেছেন।

يَوْمَ يَقُولُ الْمُنَافِقُونَ وَالْمُنَافِقَاتُ لِلَّذِينَ آمَنُوا انظُرُونَا نَقْتَبِسْ مِن نُّورِكُمْ قِيلَ ارْجِعُوا وَرَاءَكُمْ فَالْتَمِسُوا نُورًا فَضُرِبَ بَيْنَهُم بِسُورٍ لَهُ بَابٌ بَاطِئْهُ فِيهِ الرَّحْمَةُ وَظَاهِرُهُ مِن قِبَلِهِ الْعَذَابُ

'সেদিন মুনাফিক পুরুষ ও মুনাফিক নারীরা মুমিনদেরকে বলবে, তোমরা আমাদের জন্যে অপেক্ষা করো, আমরাও কিছু আলো নেব তোমাদের জ্যোতি থেকে। বলা হবে, তোমরা পিছনে ফিরে যাও এবং আলোর খোঁজ করো। অতঃপর উভয় দলের মাঝখানে খাড়া করা হবে একটি প্রাচীর, যার একটি দরজা হবে। তার ভেতরে থাকরে রহমত এবং বাইরে থাকবে আযাব।'°

দুনিয়াতে তারা দীর্ঘ মেয়াদে আল্লাহর সাথে ফন্দি-ফিকির আঁটার চেষ্টা করেছে। কিন্তু সেদিন তারা আল্লাহ জাল্লা জালালুহুর কৌশলে আটকা পড়বে।

إِنَّ الْمُنَافِقِينَ يُخَادِعُونَ الله وَهُوَ خَادِعُهُمْ رَإِذَا قَامُواْ إِلَى الصَّلاَةِ قَامُواْ كُسَالَى يُرَآؤُونَ النَّاسَ وَلاَ يَذْكُرُونَ الله إِلاَّ قَبِيلاً

'অবশ্যই মুনাফিকরা প্রতারণা করছে আল্লাহর সাথে, অথচ তারা নিজেরাই নিজেদের প্রতারিত করে। বস্তুত, তারা যখন নামাজে দাঁড়ায় তখন দাঁড়ায়, একাস্ত শিথিলভাবে লোক দেখানোর জন্য। আর তারা আল্লাহকে অল্পই স্মরণ করে।'

p. সূরা হাদীদ ৫৭ ; ১০

৪. সূরা নিসা ৪ : ১৪২

কিয়ামতের ভয়াবহ দিনে সব কৌশল ভেস্তে যাওয়ার পর তারা যখন আলো তথা নুরের খোঁজে নিআমতের ফোয়ারা পানে ছোটা সত্যিকারের নামাজী মুসলমানদের পিছু নেবে ঠিক তখনই এক অমোঘ নির্দেশ বার্তা বেজে উঠবে। এই আদেশ এ সকল মুনাফিকদেরকে এক বাধার দেয়াল দাঁড় করিয়ে জান্নাতের পথে এগিয়ে চলা মুমিনদের জামাআত হতে বড় হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা ঘটিয়ে আলাদা করে দেবে।

মুনাফিকের দল এক কঠিন ও তীব্র বজ্রনিনাদের কবলে আটকা পড়ে যাবে। আর তা হলো জাহান্নামের যন্ত্রণাদায়ক শাস্তির ঘোষণ্য। সেদিনের বিচ্ছেদটি হবে স্মরণকালের সবচেয়ে ভয়াবহ এবং যন্ত্রণাদায়ক!<sup>¢</sup>

প্রিয় পাঠক, চলুন নিজেকে প্রশ্ন করে দেখি, "আমি কোন দলে"?

আমি কি বিভাজক প্রাচীর দাঁড়ানোর আগেই পার পেয়ে গেছি? নিজের বর্তমান অবস্থা অনুযায়ী নিজেকে একবার সেই ভয়াবহ দিনের কঠিন পরিস্থিতিতে কল্পনা করে দেখি। যদি বিভাজক প্রাচীরটি আমার পেছনে হয়ে থাকে তবে তো আমি মুক্তি পেয়ে গেলাম ! আমার তো তাহলে সিজদাবনত হয়ে রাবেব কারীমের দরবারে মাথা ঠেকিয়ে অশ্রুসজল নয়নে বাঁধভাঙা আনন্দ নিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত। আল্লাহ রহমান রহীমের নিআমতের শুকরিয়া আদায় করা উচিত।

আর যদি...? যদি সেই বাধার বিস্ক্যাচল নিফাকের প্রমাণ হয়ে আমার সামনে দাঁড়িয়ে পড়ে! তবে আমার সবই শেষ! আমাকে উপুড় করে গলায় নাফরমানী আর শাস্তির শেকল পেঁচিয়ে জাহান্নামে নিক্ষেপ করা হবে। অতল গভীরে ! জাহান্নামের সবচেয়ে নিকৃষ্ট অংশে!

আল্লাহ তাআলা আগেই বলে দিয়েছেন:

إِنَّ الْمُنَافِقِينَ فِي الدِّرْكِ الأَسْفَلِ مِنَ النَّارِ وَلَن تَجِدَ لَهُمْ نَصِيرًا

'নিঃসন্দেহে মুনাফিকরা রয়েছে দোযখের সর্বনিয় স্তরে। আর তোমরা তাদের জন্য কোনো সাহায্যকারী কখনো পাবে না।'°

আল্লাহ তাআলা আমাদের সকলকে প্রথম জামাআতের মধ্যে জায়গা করে দিন। আমীন!

৫, এখানে সূরা হাদীদ ৫৭ : ১২-১৬ এর দিকে ইঞ্চিত করা হয়েছে।

৬. সুরানিসা ৪:১৪৫

# মুনাফিক হতে সাবধান

স্থুবনুল কাইয়্যিম 🙈 বলেন,

فَإِنَّ بَلِيَّةَ الْإِسْلَامِ بِهِمْ شَدِيدَةً جِدًّا، لِأَنَّهُمْ مَنْسُوبُونُ إِلَيْهِ، وَإِلَى نُصْرَتِهِ وَمُوَالَاتِهِ، وَهُمْ أَعْدَاؤُهُ فِي الْحَقِيقَةِ، يُخْرِجُونَ عَدَاوَتُهُ فِي كُلِّ قَالَبٍ يَظُنُّ ومُوَالَاتِهِ، وَهُمْ أَعْدَاؤُهُ فِي الْحَقِيقَةِ، يُخْرِجُونَ عَدَاوَتُهُ فِي كُلِّ قَالَبٍ يَظُنُّ الجَاهِلُ أَنَّهُ عِلْمٌ وَإِصْلَاحٌ، وَهُو غَايَةُ الْجَهْلِ وَالْإِفْسَادِ

فَلِلهِ حَمْ مِنْ مَعْقِلِ لِلْإِسْلَامِ قَدْ هَدَمُوهُ؟ ا وَكُمْ مِنْ حِصْنٍ لَهُ قَدْ قَلَعُوا أَسَاسَهُ وَخَرَّبُوهُ؟ ا وَكُمْ مِنْ عِلْمِ لَهُ قَدْ طَمَسُوهُ؟ ا وَكُمْ مِنْ لِوَاءٍ لَهُ مَرْفُوعٍ قَدْ وَضَعُوهُ؟! وَكُمْ ضَرَبُوا بِمَعَاوِلِ الشَّبَهِ فِي أُصُولِ غِرَاسِهِ لِيَعْلَعُوهَا؟ ا وَكُمْ عَمَّوًا عُبُونَ مَوَارِدِهِ بِآرَاثِهِمْ لِيَدْفِئُوهَا وَيَقْطَعُوهَا؟

فَلَا يَزَالُ الْإِسْلَامُ وَأَهْلُهُ مِنْهُمْ فِي عِحْنَةِ وَبَلِيَّةٍ، وَلَا يَزَالُ يَطْرُقُهُ مِنْ شُبَهِهِمُ سَرِيَّةُ بَعْدَ سَرِيَّةٍ، وَيَزْعُمُونَ أَنَّهُمْ بِذَلِكَ مُصْلِحُونَا أَلَا إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ وَلَكِنْ لَا يَشْعُرُونَ

শহসলামের বড় ধরনের বিপদগুলোর মধ্যে অন্যতম একটি হলো মৃনাফিক শ্রেণি। কারণ, বাহ্যত এরা ইসলামের সাথে সম্পৃক্ত। নিজেদেরকে তারা ইসলামের সাহায্যকারী এবং অনুগামী হিসেবে উপস্থাপন করে। কিন্তু এরা আসলে ইসলামের শক্র। এরা সাধারণ মুসলমানদের অজ্ঞতা ও অনভিজ্ঞতার সুযোগে নিজেদের শক্রতা প্রকাশ করে থাকে। আর ভূলের মধ্যে থাকা মানুষজন একে বুদ্ধিবৃত্তিক সমৃদ্ধি ও সংস্কার মনে করে লুফে নেয়। অথচ বাস্তবতা হলো এ সবই চূড়ান্ত পর্যায়ের মূর্যতা এবং বিশৃশ্বলা।

তাদের ছন্মবেশী ষড়যন্ত্রে ইসলামের কী পরিমাণ দুর্গ ধ্বংস হয়েছে, কত বসতি উজাড় হয়েছে, জ্ঞান-বিজ্ঞানের কত সোপান আঁধারে তলিয়ে গেছে, বিজয় রথে চড়া কত সৈন্যদল পরাজয়ভারে ন্যুক্ত হয়েছে, কত সবুজ সুফলা ভূমি বিরান হয়েছে, কত চক্ষুম্মান দৃষ্টিহারা ও মৃলধারাচ্যুত হয়ে স্মৃতির অতলে হারিয়ে গেছে তা একমাত্র আল্লাহ তাআলাই ভালো জানেন।

ইসলাম ও মুসলমান সব সময়ই তাদের নীল নকশার শিকার। একের পর এক সৈন্যদল তাদের ষড়যন্ত্রের শিকার হয়েছে। অথচ যুগ যুগ ধরে তাদেরকেই কল্যাণকামী মনে করা হচ্ছে! অথচ আল্লাহ তাআলা বলেন:

'মনে রেখো, তারাই হাঙ্গামা সৃষ্টিকারী, কিন্তু তারা তা উপলব্ধি করে না।' (সূরা বাকারা ২ : ১২)।'"

তাদের ক্ষতিকর দিক উল্লেখ করতে গিয়ে আল্লাহ তাআলা বলেন:

'তারাই শক্র, অতএব তাদের সম্পর্কে সতর্ক হোন। ধ্বংস করুন আল্লাহ তাদেবকে। তারা কোথায় বিভ্রাপ্ত হচ্ছে?"

এই আয়াতে মুনাফিকদের সাথে ইসলাম ও মুসলমানের শত্রুতাকে এমন গুরুত্ব-সহকারে উল্লেখ করা হয়েছে, যেন তারা ছাড়া আব কারও সাথে কোনো শত্রুতাই নেই। এর অর্থ হলো এরা নিকৃষ্টতম শত্রু।

রাস্ল ﴿ বলেছেন- 'إِنَّ أَخُوفَ مَا أَخَافُ عَلَى أُمَّتِي كُلِّ مُنَافِقٍ عَلِيمِ اللِّسَانِ 'আমি আমার উন্মতের ব্যাপারে যেসব বিষয়ের আশঙ্কা কবি, তন্মধ্যে সবচেয়ে বেশি ভয়ের কারণ হলো এমন মুনাফিক যে জবানের আলিম হয় (যার ইলম তার মুখের ভাষাতেই সীমাবদ্ধ; আমলে নয়)।''

এ সকল জবানের আলিম মুনাফিকের দল নিজেদের পাণ্ডিত্য দ্বারা সত্যকে কলুষিত করে মিথ্যাকে মহানরূপে উপস্থাপন করে থাকে। আর এভাবেই তারা

१. भाषाविज्ञ সानिकीन : ১/७८४।

৮. স্রা মুনাফিকুন ৬৩ : ৪

১. মৃসনাদে আহমাদ : ১৪৩। উমর ইবনুল খাতাব 🚓 হতে। সনদ নির্ভবযোগ্য। শুঘাইব আবনাউত্ব 🕸। তাখবীজুল মুসনাদ : ১৪৩।

তাদের ধ্বংসাক্তক অপপ্রয়াস চালিয়ে যায়। তারা আল্লাহ ও তাঁর রাসূল 🕸 এর বলে দেওয়া বিধিবিধানের অপব্যাখ্যা দিয়ে এনন সব ক্ষেত্রে এর প্রায়োগিক প্রয়োজনীয়তা তুলে ধরে, যেখানে আসলে এসব বিধিবিধান প্রযোজ্য নয়। ইনাম ইবনুল কায়্যিম 🙈 চক্ষুশ্মানের দৃষ্টিহারা ও মূলধারা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ার উদাহরণ দিয়ে এ কথাই বুঝিয়েছেন।

জবানি ইলনের অধিকারী মুনাফিকরা দীনের খিদমতের নামে সত্য-মিখ্যা মিশিয়ে বাস্তব সত্যকে চাপা দিয়ে মিখ্যা প্রতিষ্ঠার ঘৃণ্য এক লড়াইয়ে লিপ্ত রয়েছে। এসব ক্ষেত্রে সহজেই তারা সাধারণ মানুষের চোখে ধূলি দিয়ে বেড়াচ্ছে।

তারা এমন ক্ষতিকর বলেই আল্লাহ তাআলা আমাদেরকে মুনাফিকদের প্রতি স্পষ্ট ও দৃঢ় মনোভাব পোষণের নির্দেশ দিয়েছেন। তাদের ব্যাপারে মুমিনদের মধ্যে কোনোরপ দ্বিধা-বিভক্তি আল্লাহ তাআলা পছন্দ করেন না। আল্লাহ তাআলা বলেন:

فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ وَاللَّهِ أَرْكَسَهُم بِمَا كَسَبُواْ أَثُرِيدُونَ أَن تَهْدُواْ مَنْ أَضَلَّ اللَّهُ وَمَن يُضْلِلِ اللَّهِ فَلَن تَجِدَ لَهُ سَبِيلاً

'অতঃপর তোমাদের কী হলো যে, মুনাফিকদের ব্যাপারে তোমরা দুদল হয়ে গোলে? অথচ আল্লাহ তাআলা তাদেরকে ঘূরিয়ে দিয়েছেন তাদের মন্দ কাজের কারণে! তোমরা কি তাদেরকে পথপ্রদর্শন করতে চাও, যাদেরকে আল্লাহ পথভ্রষ্ট করেছেন? আল্লাহ যাকে পথভ্রাস্ত করেন, তুমি তার জন্য কোনো পথ পাবে না।''°

মুমিনদের জন্য সবচেয়ে উত্তম হলো মুনাফিকদের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়ে জিহাদ শুরু করা। আল্লাহ তাথালা বলেন :

يَا أَيُهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ وَبِثْسَ الْمَصِيرُ

'হে নবী, কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ করুন এবং তাদের প্রতি কঠোর হোন। তাদের ঠিকানা জাহান্নাম। সেটা কতই-না নিকৃষ্ট স্থান।'"

১০, সুৱা নিবা ৪ : ৮৮

১১. স্বা আহরীম ৬৬ : ১

২৮ নিফাক থেকে বাঁচন

আব যারা তাদের বিরুদ্ধে জিহাদ কবতে চায় না, রাসূপ 🦓 তাদের ঈমানের ব্যাপারে অশ্বীকৃতি জানিয়েছেন। তিনি বলেছেন,

مَا مِنْ نَبِيَّ بَعَنْهُ اللهُ فِي أُمَّةٍ قَبْلِي إِلَّا كَانَ لَهُ مِنْ أُمَّتِهِ حَوَارِيُّونَ، وَأَصْحَابُ بَاخُذُونَ بِسُنَتِهِ وَيَقْتَدُونَ بِأَمْرِهِ، ثُمَّ إِنَّهَا تَخْلُفُ مِنْ بَعْدِهِمْ خُلُوفٌ يَقُولُونَ مَا لَا يُؤْمَرُونَ، فَمَنْ جَاهَدَهُمْ بِيَدِهِ فَهُوَ مُؤْمِنُ، وَمَنْ جَاهَدَهُمْ بِيَدِهِ فَهُو مُؤْمِنُ، وَمَنْ جَاهَدَهُمْ بِقَلْبِهِ فَهُو مُؤْمِنُ، وَلَيْسَ وَمَنْ جَاهَدَهُمْ بِقَلْبِهِ فَهُو مُؤْمِنُ، وَمَنْ جَاهَدَهُمْ بِقَلْبِهِ فَهُو مُؤْمِنُ، وَلَيْسَ وَمَنْ جَاهَدَهُمْ بِقَلْبِهِ فَهُو مُؤْمِنُ، وَلَيْسَ وَرَاءَ ذَلِكَ مِنَ الْإِيمَانِ حَبَّةُ خَرْدَلِ

'আল্লাহ তাআলা আমার পূর্বে যখনই কোনো জাতির মাঝে নবী প্রেরণ করেছেন তখনই উন্মাতের মধ্যে তাঁর এমন হাওয়ারী ও সাথি দিয়েছেন, যারা তাঁর পদাঙ্ক অনুসরণ করে চলতেন, তাঁর নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করতেন। অনন্তর তাদের পরে এমন সব লোক তাদের স্থলাভিষিক্ত হয়েছে, যারা মুখে যা বলে বেড়াত কাজে তা পরিণত করত না, আর সেসব কর্ম সম্পাদন করত যেগুলোর জন্য তারা আদিষ্ট ছিল না। এদের বিকদ্ধে যারা হাত দ্বারা জিহাদ করবে, তারা মুমিন; যারা এদেব বিকদ্ধে মুখের কথা দ্বারা জিহাদ করবে, তারাও মুমিন এবং যারা এদের বিক্তদ্ধে অন্তরে (ঘৃণা পোষণ দ্বারা) জিহাদ করবে তারাও মুমিন। এর বাইরে সরিষার দানার পরিমাণও ঈমান নেই।''

আর আল্লাহ তাআলাও তাঁর নবী ও মুসলমানগণকে মুনাফিকদের অনুসরণ করতে নিষেধ করেছেন। আল্লাহ তাআলা বলেন :

## وَلَا تُطِعِ الْكَافِرِينَ وَالْمُنَافِقِينَ

'আপনি কাফির ও মুনাফিকদের আনুগত্য করবেন না।''

ওপরের নাতিদীর্ঘ আলোচনা থেকে এতটুকু তো স্পষ্ট যে, নিজের ঈমান ও আমল রক্ষা করার জন্য মুনাফিকদের পরিচয় জানা ছাড়া কোনো উপায় নেই। পাশাপাশি

১২, সহীহ মুসলিম: ৫০। আব্দুপ্লাহ বিন মাসউদ 🚓 হতে। অধ্যায়: ঈমান। অনুচ্ছেদ: মন্দ কাজ থেকে নিষেধ করা ঈমানের অঙ্গ, ঈমান হ্রাস-বৃদ্ধি হয়, ডালো কাজের আদেশ ও মন্দ কাজেব নিষেধ করা ওয়াজিব। ১৩. সূরা আহ্যাব ৩৩: ৪৮

এদের নেতৃবন্দের ব্যাপারেও আমাদের যথাযথ ধারণা থাকা উচিত। যাতে ভুল করে আমরা আবার তাদের অনুগামী না বনে যাই।

তাদের থোঁকা হতে নিজেকে রক্ষা করার জন্য আল্লাহ তাআলা আমাদের সামনে মুনাফিকদের বিস্তারিত পরিচয় তুলে ধরেছেন। যেন আমাদের চারিপাশে থোঁকার ফাঁদ পেতে বসে থাকা মুনাফিকদের জালে আমরা আটকে না যাই। আল্লাহ তাআলা বলেন:

بَعْتَذِرُونَ إِلَيْكُمْ إِذَا رَجَعْتُمْ إِلَيْهِمْ قُل لاَّ تَعْتَذِرُواْ لَن نُؤْمِنَ لَكُمْ قَدْ نَبَّأْنَا الله مِنْ أَخْبَارِكُمْ وَسَيَرَى الله عَمَلَكُمْ وَرَسُولُهُ ثُمَّ تُرَدُّونَ إِلَى عَالِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ

'তুমি যখন তাদের কাছে ফিরে আসবে, তখন তারা তোমাদের নিকট ছল–চাতুরি নিয়ে উপস্থিত হবে; তুমি বলো, ছল-চাতুরি কোরো না, আমি কখনো তোমাদের কথা শুনব না; আমাকে আল্লাহ তাআলা তোমাদের অবস্থা সম্পর্কে অবহিত করে দিয়েছেন। আর এখন তোমাদের কর্ম আল্লাহ এবং তাঁর রাসূলই দেখবেন। তারপর তোমরা প্রত্যাবর্তিত হবে সেই গোপন ও প্রকাশ্য বিষয়ে অবগত সন্তার নিকট। তিনিই তোমাদের বাতলে দেবেন যা তোমরা করছিলে।''°

ইতিহাসের পাঠকমাত্রই জেনে থাকবেন যে, ইসলাম ও মুসলমানদের মাঝে ঘটে যাওয়া বড় বড় দুর্ঘটনাগুলো এদেরই ষড়যন্ত্রের ফসল।

ইতিহাসের রঙিন পাতা যেমন মুনাফিকদের মুখে চূনকালি মেখে দিয়েছে। তেমনি আল্লাহ তাআলাও তাদের গলায় অসম্মান আর ঘৃণার তকমা ঝুলিয়ে দিয়েছেন।

ইসলামের ইতিহাসে নিফাক ও মুনাফিকির সূচনা হয় মদীনার মুনাফিক সর্দার 'আব্দুল্লাহ বিন উবাই বিন সুলূল'-কে দিয়ে। সে এবং তার অনুসারীরা রাসূল 🎂 ও মুসলমানগণকে একের পর এক ষড়যন্ত্রে ব্যতিব্যস্ত রাখার চেষ্টা চালিয়ে যায়। যুগে যুগে তাদের অনুসারীও তৈরি হয়েছে প্রচুর। কিন্তু পরিণাম কী হয়েছে? দুনিয়ার ইতিহাসে আবর্জনার আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হওয়ার পাশাপাশি আখিরাতে জায়গা মিলেছে দোযখের সর্বনিম স্তরে।

১৪. সুরা ভাওবা ৯ : ৯৪

রাসূল ্র্রা-এর ওফাতের পর সাহাবায়ে কেরাম ্র্রা-এর যুগে মুনাফিকদের নেতা হিসেবে আব্দুল্লাহ বিন সাবার আবির্ভাব ঘটে। সেও তার দল নানা চক্রান্ত ও ধূর্ততার আশ্রয় নিয়ে সাহাবায়ে কেরামের মাঝে বিভিন্ন ধরনের ফিতনা ও সংঘাত সৃষ্টি করে। যার অশুভ পরিণাম হিসেবে তৎকালীন ইসলামী সাম্রাজ্য ও মুসলমানগণ বিভিন্ন ঘটনা ও দুর্ঘটনার শিকার হন। মুনাফিকদের ফাঁদে পা দেওয়ার খেসারতম্বরূপ বিচিত্র সব যন্ত্রণা তাদের ভোগ করতে হয়়।

সাহাবায়ে কেরামের পরে ইউবোপে মুসলমানদের বিরুদ্ধে চলা খ্রিষ্টানদেব ক্রুসেড তথা কথিত ধর্মযুদ্ধের ইতিহাসে চোখ বুলিয়ে দেখুন। স্পেন ও তার আশপাশের কিছু মুসলিম নেতৃবৃন্দ সেখানে মুনাফিকের চরিত্রে আবির্ভূত হয়েছে। তারা আল্লাহ তাআলার দিকনির্দেশনা থেকে সরে গিয়ে হাত মিলিয়েছে শক্রদের সাথে। নিজ প্রজাসাধারণকে মিথ্যা ধোঁকার ফাঁদে ফেলে জিহাদবিমুখ করেছে। ফলাফল কী দাঁড়িয়েছে?

মুসলিম উম্মাহ এ সকল মুনাফিক ও তাদের মাথা কিনে নেওয়া বাতিলের হাতে শোচনীয়ভাবে পরাস্ত হয়েছে। মুমিনের রক্তে রঞ্জিত হয়েছে ইসলামী সাম্রাজ্য। বন্দীত্বের শেকলে আবদ্ধ হয়েছে তাওহীদের ঝাশুাবাহীগণ।

হিজরি ৭ম শতকে বাগদাদের থলীফা মুসতাসিম বিল্লাহর প্রধানমন্ত্রী 'উজিরে আজম' 'মুঈদুদ্দীন মুহাম্মাদ বিন মুহাম্মাদ আল–আলকামীর কথাই চিন্তা করুন। ' উম্মাহর সাথে বিশ্বাসঘাতকতা করে তাতারদের সাথে হাত মিলিয়েছিল সে। তার মুনাফিকির কত চড়ামূল্য দিতে হয়েছে মুহাম্মাদ ্রু-এর উম্মাতকে!

১৫. আব্দুল্লাহ বিন সাবা সম্পর্কে সচিক সূত্রে বিস্তারিত কিছু পাওয়া যায় না। তবে ইবনুল হাজার আসকালানী ১৯৯-এর মতে ইয়ামানের এক ইয়াখনী পরিবার থেকে এসে সে নিজেকে মুসলমান হিসেবে দাবি করে। এবং পরবর্তীকালে ইসলামী বিলাফাতের মধ্যে বড় ধরনের সমস্যা সৃষ্টিতে ভূমিকা রাখে। তাকে নিয়ে পক্লে-বিপক্ষে প্রচর লেখালেখি হয়েছে লিসানুল মীয়ান : ৩/২৮৯। ব্যক্তি নং : ১২২৫।

১৬. মুঙ্গদুদ্দীন মুহাম্মাদ বিন মুহাম্মাদ আলী আল আলকামী (৫১১/৯৩-৬২৬ হি.), বাফেষী শিষা ছিল। খলীফা মুসতাসিন বিশ্লাহর প্রধানমন্ত্রীব পদ দখল করে তাতারদের সাথে হাত মিলিয়ে মুসলিমবিশ্বের জন্য ভয়াবহ বিপর্যয় ডেকে আনে। হালাকু খান বাগদাদ দখলের পর পুরস্কৃত করার বদলে নিজ্ঞ জাতিব সাথে বিশ্বাসঘাতকতার দক্ষন তাকে নির্মহানে হত্যা করে। সিয়াক আলামানি নুবালা: ২৩/৩৬১,৩৬২। জীবনী: ২৬১।

একবার ভেবে দেখুন 'মুহাম্মাদ বিন মুহাম্মাদ নাসিরুদ্দীন আত-তৃসীর কথা! কুরআন, হাদীস, যুক্তিবিদ্যা কিংবা দর্শন। কোথায় তার ব্যুৎপত্তি নেই। ইসনামী পাণ্ডিত্যের লেবাসে এই ব্যক্তি উম্মাহ'র মাঝে বড় ধরনের বিভক্তি সৃষ্টিকারী শিয়া সম্প্রদায়কে আরও দৃঢ়ভাবে শেকড় গাড়ায় সহযোগিতা করে গেছে আমরণ।

আফসোস! শত আফসোস!! মুনাফিকের দল দিব্যি দিবালোকে সবার চোষের সামনেই তাদের শঠতা আর থোঁকার চাল চেলে গেছে। কিন্তু তাদের নাম আর নামের পাশে যুক্ত হওয়া বিদ্যা ও যোগ্যতার বহর দেখে মুসলমানদের অন্তরে তাদের প্রতি সামান্য সন্দেহ বা ঘৃণাটুকুও জন্মায়নি!

বরং তাদের প্রতি শ্রদ্ধাবোধ জন্মানোর পাশাপাশি একাত্মতা ঘোষণা করতেও পিছপা হয়নি অনেকে। অথচ মুনাফিকদের মোটেও এমন কিছু প্রাপ্য ছিল ন্য। ওপরে যাদের আলোচনা করা হয়েছে তাদের নাম লক্ষ করুন।

প্রথম দুজন 'আব্দুল্লাহ'! তৃতীয় ও চতুর্থজন 'মুহাম্মাদ'!! শুধুই কি মুহাম্মাদ? মুহাম্মাদ বিন মুহাম্মাদ! অথচ তারা সকলেই আল্লাহ ও তাঁর রাসূল মুহাম্মাদ ♣-এর শক্র।

ইসলামী খিলাফত কায়েমের শুরুলগ্ন থেকে চলে আসা নিফাক ও মুনাফিকচক্র সর্বশেষ উসমানী খিলাফতের পতনেও মূল ভূমিকায় অবতীর্ণ ছিল। খিলাফতের পতন ঘটিয়ে তারা আজ অসহায় মুসলমানদেরকে বিশ্বব্যাপী খলনায়ক চরিত্রে উপস্থাপন করছে।

অতীত ও বর্তমানের বিভিন্ন জিহাদের ময়দানে মুসলমানদের অবস্থান বিশ্লেষণ করলে দেখা যায়, মুসলমানগণ তাদের মুষ্টিমেয় শক্তি নিয়ে যখনই শত্রুপক্ষের ওপর বিজয় লাভের নিকটে পৌঁছেছে ঠিক তখনই মুনাফিকদের বিশ্বাসঘাতক হাত পেছন হতে ছুরিকাঘাত করে কাফিরদের চক্ষু শীতল করেছে।

১৭. নাসিক্ষমিন আৰু জাফর মুহাম্মাদ বিন মুহাম্মাদ বিন হাসান তৃসী (৫৯৭-৬৭২ হি.)। ধর্মীয় জ্ঞানের শাশাশাশি জ্যোতির্বিজ্ঞান, দর্শন ও গণিতে পারদর্শী ছিলেন। ইসমাইলী শিয়া ছিলেন। হালাকু খান বাগদাদ দশলের পর প্রথমে পালিয়ে গোলেও পরবর্তীকালে হালাকু খানের হয়ে কাজ করেন। সূত্র : উইকিপিডিয়া

প্রকাশ্য কুফরি শক্তি যখনই ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে নিজেদের অবস্থানকে বুঁকিপূর্ণ মনে করেছে। তখনই তারা মুসলমানদের ঐক্য বিনষ্টে 'পঞ্চম বাহিনী'র আশ্রয় নিয়েছে। ''

মুসলিম নামধারী এই বিশ্বাসঘাতক শ্রেণি মুসলিম দেশগুলোতে বসে তাদের কাফির মিত্রদের সহযোগিতা করেছে। তাদের পক্ষে সাফাই গেয়ে বেড়িয়েছে। তাদের বিরুদ্ধাচরণের ব্যাপারে সতর্কবাণী শুনিয়েছে। এবং পরিশেষে কুফরি শক্তির জন্য নিজেদের দুয়ার খুলে দিয়েছে।

বর্তমান চেচনিয়া, আফগানিস্তান, ইরাক ও ফিলিস্তিনসহ সকল মুসলিম ভূমিতে সেই পুরোনো নাটকেরই নতুন নতুন সংস্করণ দেখতে পাচ্ছি।

মুনাফিকদের অস্তিত্ব না থাকলে ইয়াহুদ ও ক্রুসেডারদের জন্য মুসলমানদের বিরুদ্ধে নিজেদের চক্রাস্ত বাস্তবায়ন করা প্রায় অসম্ভব।

#### तिकात्कव आनका ७ এव वाखवण : या अधिकाः भ मातूष जात्तरे ता

নিফাকের মতো ঈমান, ইসলাম ও মুসলমান বিধ্বংসী একটি আত্মার ব্যাধি হতে বাঁচতে হলে সর্বপ্রথম এর পরিচয়, উপসর্গ ও লক্ষণগুলো জেনে নিতে হবে। কারণ, রোগ সম্পর্কে ভালো ধারণা না থাকলে তার থাবা হতে রক্ষা পাওয়া মুশকিলই বটে। শ্বভাবজাতভাবেই মানুষ নিজেদের মধ্যে শুধু ভালো কিছুই খুঁজে পায়। যার ফলে সে তার মধ্যে নিফাক থাকার বিষয়টি অস্বীকার করে থাকে। কিন্তু দেখা গেছে তার অজ্ঞাতসারেই নিফাক তাকে গ্রাস করে বসে আছে। আর এর ধাপও মাত্র একটি নয়, বরং নিফাক একটি শাখা-উপশাখায় বিস্তৃত্ত মারায়্মক ব্যাধি। প্রথমদিকে মানুষ তার ঈমানের শক্তি দিয়ে লুকিয়ে থাকা নিফাকের মোকাবিলা হয়তো করতে পারে। কিন্তু ধীরে ধীরে তা শক্তিশালী হতে থাকলে একসময় বিপর্যয় ঘটে। এবং একপর্যায়ে তার ঈমান নিফাকে পরিণত হয়। আর

كه. পদ্ম বাহিনী বা Fifth Column মূলত একটি বাজনৈতিক পরিভাষা। এর অর্থ হলো 'রাষ্ট্রের মধ্যে লুকিয়ে থাকা এমন একটি শক্তি, যা মূলত বহিঃশক্তর জন্য কাজ কবে যায়। এব উৎপত্তি স্পেনে। ১৯৩৬ সালে স্পেনের জাতীয়তাবাদী নেতা 'এমিলিও মোলা' এক বেডিও ভাষণে 'Quinta columna' পদ্ম বাহিনী' পরিভাষা ব্যবহার করেন। আরবিতে একে 'المارر الخاص' 'তবৃক্জ শামিস' বলে। সূত্র : উইকিপিডিয়া।

অজ্ঞতার দরুন সে নিফাকের বিষয়গুলোকে পছন্দ করতে শুরু করে আর ভাবে, 'আমার মধ্যে নিফাক থাকলে তো আমি অবশ্যই তা উপলব্ধি করতাম'। অথচ সে যে ইতিমধ্যে মুনাফিকে পরিণত হয়ে গেছে তাও সে জানে না। এ সবই অজ্ঞতার পরিণাম।

নিফাকের আশচ্চা কখনোই উড়িয়ে দেওয়ার মতো নয়। এমনকি সাহাবায়ে কেরাম এত নিফাকের ব্যাপারে এত বেশি শঙ্কায় ভূগতেন যে, প্রায়ই নিজেদের অন্তরে
নিফাক ঢুকে গেছে কি না তা নিয়ে শঙ্কিত হয়ে পড়তেন।

মুনাফিক বলতে মানুষ সাধারণত এমন কারও কথা ভাবে, যার মধ্যে কোনো ভালো গুণ নেই, বিন্দু পরিমাণ ঈমান নেই, ইসলামের বিরোধিতা ও শত্রুতাই যার কাজ ইত্যাদি। কিন্তু বাস্তবতা হলো এ রকম নিফাক বা মুনাফিক সংখ্যায় খুবই নগণ্য যাদেরকে খুব সহজেই সাধারণ মানুষ চিনতে পারে।

আসলে নিফাকের চিত্রটা প্রকাশ্যে খুব কমই বোঝা যায়। তবে এর বিস্তার ও ভয়াবহতা মারাত্মক আকার ধারণ করে বসে আছে। আর তা এতটাই মারাত্মক যে সাহাবায়ে কেরাম 🚁 ও এর ভয়ে ভীত ছিলেন। কুরআনে বর্ণিত নিফাক সম্পর্কিত আয়াতসমূহে সাহাবায়ে কেরামের কথা বলা হয়নি। এটা তারা জানতেন। তাদের ব্যাপারে যেসব আয়াত নাযিল হয়েছে তাও তারা জানতেন। তারপরেও নিফাকের আশহা তাদের এসব কিছু ভাবার সুযোগ দিত না।

তাই আমি আমার বন্ধুদের সামনে মুনাফিকদের স্বভাব-চরিত্র তুলে ধরার আগে এর কিছু ভয়াবহতা তুলে ধরার চেষ্টা করছি। আর তা হলো :

- ১. নিফাক একটি অবিচ্ছেদ্য ব্যাধি। এর কোনো সুনির্দিষ্ট অবস্থান নেই।
- ২. কখনো কখনো মানুষ ঈমান আর নিফাকের মাঝে পাল্টাপাল্টি করে ফেলে, অর্থাৎ ঈমান ও নিফাক ওঠানামা করে।
- ৩. কখনো এমনও হয় যে, মানুষ মুনাফিক হয়ে গেছে। অথচ সে নিজেই তা জানে না।
- ৪. সাহাবায়ে কেরাম 🚁-ও নিফাকের আশঙ্কায় সদা শক্ষিত থাকতেন।

বিষয়গুলো একটু খুলে বলা যাক:

#### ১. নিফাক একটি অবিচ্ছেদ্য ব্যাধি

মানুষের মাঝে একই সাথে ঈমান ও নিফাক থাকতে পারে।

ক) অহুদ যুদ্ধের দিন মুনাফিকদের অবস্থান বর্ণনা করতে গিয়ে আল্লাহ তাআলা বলেন:

هُمْ لِلْحُفْرِ يَوْمَئِذِ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَانِ

'সেদিন তারা ঈমানের তুলনায় কুফরির কাছাকাছি ছিল।'<sup>৯</sup>

আয়াতের এই অংশের তাফসীরে আল্লামা ইবনুল কাসির 🙈 বলেন,

اسْتَدَلُوا به علة أَنَّ الشَّخْصَ قَدْ تَتَقَلَّبُ بِهِ الْأَخْوَالُ، فَيَكُونُ فِي حَالٍ أَقْرَبَ إِلَى الْكُفْرِ، وَفِي حَالٍ أَقْرَبَ إِلَى الْإِيمَانِ

এ কথা দ্বারা প্রমাণিত হয় যে, মানুষের অবস্থার পরিবর্তন হতে থাকে। কখনো তার অবস্থান কুফরের কাছাকাছি হয়। আবার কখনো ঈমানের কাছাকাছি। <sup>২০</sup>

ইমাম ইবনু তাইমিয়া 🙉 বলেন,

فَقَدْ جَعَلَ هَوُلَاءِ إِلَى الْكُفْرِ أَقْرَبَ مِنْهُمْ لِلْإِيمَانِ فَعُلِمَ أَنَّهُمْ مخلطون وَكُفْرُهُمْ أَقْوَى وَغَيْرُهُمْ يَكُونُ مُخَلِّطًا وَإِيمَانُهُ أَقْوَى

'সেদিনের ঘটনা মুনাফিকদেরকে ঈমানের তুলনায় কুফবির অধিক নিকটবতী করে দেয়। এতে বোঝা যায় যে, তাদের মাঝে ঈমান ও কুফরির সংমিশ্রণ ছিল। তবে এক শ্রেণির মধ্যে কুফরির পরিমাণ বেশি ছিল। অন্য শ্রেণির মাঝে ঈমান শক্তিশালী ছিল।'

১৯, সূরা আলে-ইমরান ৩ : ১৬৭

২০, তাফসীরে ইবনে কাসীর : ২/১৪১।

উল্লেখিত আয়াতের ব্যাখ্যায় আরও কিছু আলোচনার পর তিনি বলেন, فَيِّنَ سُبْحَانَهُ وَتَعَالَى أَنَّ الشَّخْصَ الْوَاحِدَ قَدْ يَكُونُ فِيهِ قِسْطٌ مِنْ وَلَايَةٍ اللهِ بِحَسَبِ إِيمَانِهِ ؛ رَقَدُ يَكُونُ فِيهِ قِسْطٌ مِنْ عَدَاوَةِ اللهِ بِحَسَبِ كُفْرِهِ ويفاقه

'আল্লাহ তাআলা এ কথা বুঝিয়েছেন যে, কখনো কখনো মানুষ তার ঈমানের দ্বারা আল্লাহর নৈকট্যলাভের দিকে ঝুঁকে যায়। আবার কখনো কখনো নিজের কুষরি ও নিফাকের দরুন আল্লাহর সাথে শত্রুতার দিকে ঝুঁকে যায়।'৺

খ) রাসূল 🎡 বলেছেন,

أَرْبَعُ خِلاَلٍ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِصًا: مَنْ إِذَا حَدَّثَ كَذَبَ، وَإِذَا وَعَدَ أَخْلَفَ، وَإِذَا عَاهَدَ غَدَرَ، وَإِذَا خَاصَمَ فَجَرَ، وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةُ مِنْهُنَّ كَانَتْ فِيهِ خَصْلَةً مِنَ النَّفَاقِ حَتَّى يَدَعَهَا

'চারটি স্বভাব যার মধ্যে পাওয়া যাবে, সে খালিস মুনাফিক বলে গণ্য হবে। যে ব্যক্তি কথা বলার সময় মিখ্যা বলে, আর অঙ্গীকার করলে ভঙ্গ করে, প্রতিশ্রুতি দিলে বিশ্বাসঘাতকতা করে, যখন ঝগড়া করে গালাগালি করে। যার মধ্যে এগুলোর কোনো একটি শ্বভাব পাওয়া যাবে, তার মধ্যে নিফাকের একটি স্বভাব পা*ভ*য়া গেল, যতক্ষণ না সে তা পরিত্যাগ কবে।'<sup>২২</sup>

দেবুন, রাসৃল 🎡 নিজেই বলছেন যে পুরোপুরি মুনাফিক না হলেও মানুষের মাঝে কিছু নিফাক অর্থাৎ মুনাফিকির দু-একটি স্বভাব থাকতে পারে।

এখন এই হাদীসের বিভিন্ন ব্যাখ্যা দাঁড় করিয়ে আমরা হয়তো বলতে পারি যে, কখনো কখনো আন্তরিকভাবে ও মৌখিক দাবিতে মুসলিম ব্যক্তির মাঝেও এসব অভ্যাস দেখা দিতে পারে। এতে করে তাকে এমন মুনাফিকের কাতারে হয়তো রাখা যাবে না যাদেরকে জাহান্নামের সর্বনিমু স্তরে নিক্ষেপ করা হবে।

২১. আল ফুবজান বাইনা আওলিয়াইর রহমানি ওয়া আওলিয়াইশ শাইডান : ১/২৮

২২. সহীহ বুশারী : ৩১৭৮। আব্দুরাহ বিন আমর 🥮 হতে, অধ্যায় : জিযিয়া। অনুচ্ছেদ : যারা অঙ্গীকার করে তা ডঙ্গ করে তাদের গুলাই।

আর বিভিন্ন ব্যাখ্যার মাধ্যমে এটা প্রমাণ করা খুব সহজ যে, তার এই নিফাক আসলে কাজেকর্মেই সীমাবদ্ধ। বিশ্বাস ও চেতনায় সে মোটেও মুনাফিক নয়। আর উন্মাহর মূলধারা থেকে সে বিচ্যুতও নয়।

তবে আমরা এখানে চিন্তা–চেতনায় বা কাজেকর্মে ঢুকে পড়া নিফাকের মাঝে পার্থক্য টানতে চাই না। কেননা, এ ধরনের আলোচনায় একজন নিফাকের ফাঁদে পা দেয়া মুসলমানকে কাফির সাব্যস্ত করার মতো বাড়াবাড়ি হয়ে যেতে পারে।

আমরা এখানে নিফাকের সাথে ঈমান ও কুফরের বাহ্যিক বা মৌলিক পার্থক্যের প্রসঙ্গ টানতে চাই না। এ ধবনের আলোচনার জন্য আরও বিস্তৃত ও জ্ঞানগর্ভ আলোচনার প্রয়োজন।

এখানে আমরা নিফাক সম্পর্কে সে সকল মৌলিক সতর্কবাণীসমূহ তুলে ধরার চেষ্টা করব, যে সকল সতর্কবার্তা আল্লাহ তাআলা ও তাঁর রাসূল ﴿ এর পক্ষ থেকে এসেছে। যাতে আমাদের অস্তর নিফাকের কোনো অংশকে এমন ক্ষুদ্র ভেবে না বসে যে, 'আরে এ তো নিফাকের সামান্য একটি অংশ মাত্র। এ ধরনের নিফাকের দরুন উম্মাহ হতে বেরিয়ে যাওয়ার কিছু নেই!'

গ) ইমাম আহমাদ বিন হাম্বল 🚌 সাহাবী আবু সাঈদ খুদরী 🚓 এর সূত্রে রাসূল ্ক্র-এর বাণী তুলে ধরেছেন। তিনি বলেছেন,

'অন্তর চার প্রকার। (১) পরিষ্কার অন্তর, যা উল্জ্বল প্রদীপের ন্যায় ঝলমল করে। (২) আচ্ছাদিত অন্তর। যা কোনো কিছু দিয়ে ঢাকা রয়েছে। (৩) উল্টো অন্তর, যা বিগড়ে গেছে। এবং (৪) মিশ্রিত অন্তর, যাতে একাধিক বিষয় মিশ্রিত রয়েছে। প্রথমটি হচ্ছে মুমিনের অন্তর যা নৃরে পরিপূর্ণ। দ্বিতীয়টি হচ্ছে কাফিরের অন্তর যা কুফরির অন্ধকারে ঢাকা পড়ে গেছে। তৃতীয়টি খাঁটি মুনাফিকের অন্তর গেলেনবুঝে সবকিছু অশ্বীকার কবে। আর চতুর্থটি হচ্ছে সেই মুনাফিকের অন্তর যার মধ্যে ইমান ও নিফাক দুটিই রয়েছে। ইমানের উদাহরণ এমন সবুজ উদ্ভিদের ন্যায় যা নির্মল পানি দ্বারা বেড়ে ওঠে। আর নিফাকের উদাহরণ এমন ফোড়ার ন্যায় যার মধ্যে রক্ত ও পুঁজ বাড়তে থাকে। আর শ্বাভাবিকভাবেই যে জিনিসের মূল বৃদ্ধি পায় তা অন্যের ওপর প্রভাব বিস্তার করে। '''

এ জন্যই তাফসীরে ইবনে কাসীরে সূরা বাকাবার শুরুর দিকে ইবনে কাসীর 🙈 বলেন

وَمُنَافِقُونَ وَهُمْ قِسْمَانِ: خُلِّصٌ وَهُمُ الْمَضْرُوبُ لَهُمُ الْمَثَلُ النَّارِيُّ، وَمُنَافِقُونَ يَتَرَدَّدُونَ تَارَةً يَظْهَرُ لَهُمْ لُمَعُ الْإِيمَانِ وَتَارَةً يَخْبُو، وَهُمْ أَصْحَابُ الْمَثَلِ الْمَائِئَ وَهُمْ أَخَفُ حَالًا مِنَ الَّذِينَ قَبْلَهُمْ.

'মৃনাফিক দুই প্রকার। প্রথম প্রকার হচ্ছে খাঁটি মৃনাফিক, এদের উদাহরণ দেয়া হয়েছে আগুনের আলো দ্বারা। দ্বিতীয় হচ্ছে সেই মুনাফিক, যে সন্দেহের মধ্যে রয়েছে। কখনো ঈনানের আলো দ্বলে, কখনো নিভে যায়। এদের উদাহরণ দেওয়া হয়েছে বৃষ্টির সাথে। এরা প্রথম প্রকার মুনাফিকদের চাইতে কিছুটা কম দোষী।'

আন্তনের উদাহরণ দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহ তাআলার বাণী :

مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِي اسْتَوْقَدَ نَاراً فَلَمَّا أَضَاءتُ مَا حَوْلَهُ ذَهَبَ الله بِنُورِهِمْ وَتَرَكَهُمْ فِي ظُلْمَاتٍ لاَّ يُبْصِرُونَ

২০. মুদনাদে আহমাদ : ১১১২৯। সনদ মুনকাতি' তথা বিচ্ছিত্র। শুআইব আবনাউত্ব 🕮 যঈফ বলেছেন তবে ইবনে কাসীর : ৩/৫৬ তবে ইবনে কাসীর : ৩/৫৬ সূরা নূর ২৪ : ৩৫ এর ব্যাখ্যায়। সূরা ব্যকারা ২ : ১৯, ২০ এর ব্যাখ্যাতেও এই হাদীস ও তার সনদের বিশ্বস্থার কথা উল্লেখ্ রয়েছে।

ও. তাদদীরে ইবনে কাসীর : ১/১০১। সুধা ব্যকারা ২ : ১৯, ২০ এর ব্যাখ্যায়।

'তাদের অবস্থা সে ব্যক্তির মতো, যে লোক কোখাও আগুন ঘালাল এবং তার চার্রদিককার সবকিছুকে যখন আগুন স্পষ্ট করে তুলল, ঠিক এমনই সময় আল্লাহ তার চারদিকের আলোকে উঠিয়ে নিলেন এবং তাদেরকে অঞ্চকারে ছেড়ে দিলেন। ফলে, তারা কিছুই দেখতে পায় না।'\*

আর বৃষ্টির পানির দ্বারা উদ্দেশ্য অপর আয়াত :

أَوْ كَصَيِّبٍ مِّنَ السَّمَاء فِيهِ ظُلُمَاتُ وَرَعْدٌ وَبَرْقٌ يَجْعَلُونَ أَصَابِعَهُمْ فِي آذَانِهِم مِّنَ الصَّوَاعِقِ حَذَرَ الْمَوْتِ واللَّهُ مُحِيطٌ بِالْكَافِرِينَ

'আর তাদের উদাহরণ সেসব লোকের মতো যারা দুর্যোগপূর্ণ ঝড়ো রাতে পথ চলে, যাতে থাকে আঁধার, গর্জন ও বিদ্যুৎচমক। মৃত্যুর ভয়ে গর্জনের সময় কানে আঙুল দিয়ে রক্ষা পেতে চায়। অথচ সমস্ত কাফিরই আল্লাহ কর্তৃক পরিবেষ্টিত।'\*

ঈমানের আলোয় পথ দেখা যাওয়ার বর্ণনা এসেছে পরের আয়াতে :

يَكَادُ الْبَرْقُ يَخْطَفُ أَبْصَارَهُمْ كُلَّمَا أَضَاء لَهُم مَّشَوْأُ فِيهِ وَإِذَا أَظْلَمَ عَلَيْهِمْ قَامُواْ وَلَوْ شَاء اللَّهُ لَذَهَبَ بِسَمْعِهِمْ وَأَبْصَارِهِمْ إِنَّ اللَّهِ عَلَى كُلُّ شَيْءٍ قَدِيرٌ

'বিদ্যুৎচমক তাদের দৃষ্টি কেড়ে নেয়ার উপক্রম হয়। যখনই তা তাদের জন্য আলো দেয়, তারা তাতে চলতে থাকে। আর যখন তা তাদের ওপর অন্ধকার করে দেয়, তারা দাঁড়িয়ে পড়ে। আর আল্লাহ যদি চাইতেন, অবশ্যই তাদের শ্রবণ ও চোখসমূহ নিয়ে নিতেন। নিশ্চয় আল্লাহ সবকিছুর ওপর ক্ষমতাবান।'

আমরা আমাদের বিভিন্ন সমাজব্যবস্থার দিকে তাকালেই বিষয়টা বুঝতে পারি। সেখানে একাধিক বিয়ে, শরীয়তের দণ্ডবিধি ও নারীর উত্তরাধিকারসহ ইসলামের নানা বিধিবিধান নিয়ে লোকজন নানা রকম মন্তব্য করে থাকে।

২৫. সূরা বাকারা ২ : ১৭

২৬. সুরা বাকারা ২ : ১৯

২৭. সূরা বাকারা ২ : ২০ মৃলত সূরা বাকারা ২ : ১৭–২০ এ বিষয়ক আলোচনা রয়েছে। তাফসীরে ইবনে কাসীবেও মুমিন, কাফির ও মুনাফিকের আলোচনা টানা হয়েছে।

কিছ উশ্বাহর ওপর কুফরি শক্তির জুলুম-নিপীড়ন বৃদ্ধি পেলে তাদের ঈমানী চেতনা প্রবল হয়ে ওঠে। তারা এর বিরুদ্ধে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করে। এটা অবশ্যই ঈমানের শক্তি যা তার দীনি আত্মমর্যাদাবোধকে জাগিয়ে তোলে। কিছ এতটুকুন ঈমানী শক্তি তাকে তার নিজের দীনের ব্যাপারে পুষে রাখা সংশয় হতে ফেরাতে পারে না।

## সাবধান। কুরআন আদনাকেই সম্বোধন করে বলছে

এখানে একটি বিষয়ে সকলকে সতর্ক করতে চাই: এ কথা ভাবার কোনো সুযোগ নেই যে, কুবআন-সুন্নাহতে বর্ণিত নিফাকের সকল আলামত আমাদের কারও মাঝে একসাথে পাওয়া না গেলে কোনো সমস্যা নেই। অর্থাৎ নিফাকের সব আলামত যেহেতু পাওয়া যাচ্ছে না, তাই তাকে মুনাফিক বা নিফাকে আক্রান্ত বলার কোনো সুযোগ নেই। বরং যার মধ্যে সামান্য পরিমাণ ঈমান রয়েছে। তার জন্য নিফাকের আশঙ্কাও রয়েছে। আর কুরআনে নিফাকের ব্যাপারে যত শুমিক ধর্মিক রয়েছে, সে এর কোনোটি থেকেই শঙ্কামুক্ত নয়।

ওপরের কথার স্বপক্ষে আমরা সাহাবায়ে কেরামের উদাহরণ টানতে পারি। বিখ্যাত হাদীসগ্রন্থ *মুসতাদরাকু হাকিমে*র একটি বর্ণনা,

اسْتَأْذَنَ سَعُدُّ عَلَى ابْنِ عَامِرٍ وَتَحُتَهُ مَرَافِقُ مِنْ حَرِيرٍ، فَأَمَرَ بِهَا فَرَفَعْتُ فَدَخَلَ عَلَيْهِ وَعَلَيْهِ مُظْرَفُ خَزِّ فَقَالَ لَهُ: اسْتَأْذَنْتَ عَلَى وَتَحْيِي مَرَافِقُ مِنْ حَرِيرٍ، فَأَمَرُتُ بِهَا فَرُفِعَتْ فَقَالَ لَهُ: نِعْمَ الرَّجُلُ أَنْتَ يَا ابْنَ عَامِرٍ إِنْ لَمْ تَكُنْ مِتَنْ قَالَ اللّهُ عَزَّ وَجَلَّ: {أَذْهَبُتُمْ طَيِّبَاتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا} [الأحقاف: ١٠] وَاللّهِ لَأَنْ أَضْطَجِعَ عَلَى جَمْرِ الْغَضَا أَحَبُ إِلَيْ مِنْ أَنْ أَضْطَجِعَ عَلَيْهَا

'একবার সাদ বিন আবী ওয়াক্কাস 🚓 ইবনে আমের" দামেশকীর সাথে দেখা করতে এসে তার ঘরে প্রবেশের অনুমতি চাইলেন। ইবনে আমের তখন রেশমি

২৮. আব্দুল্লাহ বিন আনের বিন ইয়াজিদ আঙ্গ-ইয়াহসুবিয়া 🕸 (২১-১১৮ হি.)। তাবেয়ী এবং দামেশকের গভর্নর ছিলেন। সাহাবায়ে কেরাম 🤲 হতে ইশম শিখেছেন এবং কিছু হাদীস ও বর্ণনা করেছেন। ইমাম নাসায়ী 🙈 তাঁর বর্ণনাকে গ্রহণযোগ্য বলেছেন। সিয়ারু অ্যুলামিন নুবালা : ৫/২৯২,২৯৩। জীবনী : ১৩৮।

কাপড়ে মোড়ানো গদিতে হেলান দিয়ে বসে ছিলেন। তিনি তৎক্ষণাৎ সকল রেশমি কাপড় সরিয়ে নেয়ার আদেশ দিলেন। আদেশমতো রেশমি কাপড় সরিয়ে নেয়ার পর সাদ ্রু তার ঘরে প্রবেশ করলেন। তখন ইবনে আনেরের গায়ে রেশমি নকশাদার চাদর জড়ানো ছিল। তিনি সাদ ্রু কে বললেন, আপনি আসার আগে আমি রেশমি কাপড়ের গদিতে হেলান দিয়ে বসে ছিলাম। আপনি আসতে চাওয়ায় আমি সকল রেশমি কাপড় সরিয়ে দেয়ার নির্দেশ দিয়েছি। সাদ হ্র বললেন, 'হে ইবনে আমের, কতই-না ভালো হতো, তুমি যদি সেসব লোকের অন্তর্ভুক্ত না হতে যাদের ব্যাপারে এই আয়াত নাযিল হয়েছে, 'ক্রিড়ান্ট্র ভূরিন তামাদের সুখ পার্থিব জীবনেই নিঃশেষ করেছ।' (সূরা আহকাফ ৪৬: ২০)। আল্লাহর কসম, রেশমি কাপড় পরিধানের চেয়ে ঝাউগাছের জ্বান্ত লাকড়ির ওপর শুয়ে থাকা আমার নিকট অধিক পছন্দনীয়।'৺

চলুন দেখে নিই উল্লেখিত আয়াতে আল্লাহ তাআলা আসলে কাদেরকে সম্বোধন করে এই কথা বলেছেন। আল্লাহ তাআলা বলেন :

وَيَوْمَ يُعْرَضُ الَّذِينَ حَقَرُوا عَلَى النَّارِ أَذْهَبْتُمْ طَيِّبَاتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُم بِهَا فَالْيَوْمَ تُجُزَوْنَ عَذَابَ الْهُونِ بِمَا كُنتُمْ تَسْتَكْبِرُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحُقِّ وَبِمَا كُنتُمْ تَفْسُقُونَ

'আর যেদিন কাফিরদেরকে জাহান্নামের কাছে উপস্থিত করা হবে সেদিন বলা হবে, তোমরা তোমাদের সুখ পার্থিব জীবনেই নিঃশেষ করেছ এবং সেগুলো ভোগ করেছ সুতরাং আজ তোমাদেরকে অপমানজনক আযাবের শাস্তি দেয়া হবে; কারণ, তোমরা পৃথিবীতে অন্যায়ভাবে অহংকার করতে এবং পাপাচার করতে।'\*°

আয়াতটিতে সুস্পষ্টভাবে কাফিরদেরকে সম্বোধন করা হয়েছে। আর ইবনে আমের মোটেও কাফির ছিলেন না। তারপরেও সাদ 🦚 কাফিরদের জন্য নাযিল হওয়া আয়াতের অংশ দ্বারা ইবনে আমেরকে সতর্ক করতে পিছপা হননি।

২৯. মুসতাদরাকু হাকিম আলাস সহীহাইন : ৩৬৯৭। অধ্যায় : সূবা আহকাফেব তাফসীর। বুখাবী ও মুসলিমের শর্তানুযায়ী হাদীসটি সহীহ। তবে বুখারী বা মুসলিমে হাদীসটি বর্ণিত হয়নি।

৩০, সূরা আহ্কাফ ৪৬ : ২০

আহলুস-সুন্নাহ ওয়াল জামাআতের আকীদা এটাই। যেমন, আল্লাহ তাআলা বলেন:

مَا سَلَكَكُمْ فِي سَقَرَ (٤٢) قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّينَ

'তোমাদেরকে কিসে জাহাল্লামে নীত করেছে? তারা বলবে, আমরা নামাজ পড়তাম না।'°

উপর্যুক্ত আয়াত দ্বারা বে-নামাজি ব্যক্তিকে সতর্ক করা হয়ে থাকে। অথচ আমরা জ্বানি যে এর সাথে আরও কিছু শর্ত রয়েছে। সব মিলিয়েই আয়াতসমূহের উদ্দেশ্য পূরণ হয়। যেমন, এর দু-আয়াত পরেই বলা হয়েছে :

وَكُنَّا نُكَدِّبُ بِيَوْمِ الدِّينِ

'এবং আমরা প্রতিফল দিবসকে অস্বীকার করতাম।'°<sup>২</sup>

অথচ অধিকাংশ বে-নামাজি ব্যক্তির মধ্যেই এই স্বভাবটি পাওয়া যাবে না।

এতসব আলোচনার মূল বক্তব্য হলো, কুরআনে যেসব কাজ বা স্বভাবের জন্য বিভিন্ন শব্দে ও বাক্যে মানুষকে সতর্ক করা হয়েছে তার সবগুলো একজনের মধ্যে পাওয়া যাওয়া জরুরি নয়। বরং যার মধ্যে যে বদ স্বভাবটি পাওয়া যাবে তাকে সেদিক থেকেই আক্রান্ত মনে করা চাই।

#### ২. ঈমান ও নিফাকের মাঝে ওঠানামা

আহলুস–সুন্নাহ ওয়ালা জামাআতের আক্রীদা অনুযায়ী ঈমান যেমন বাড়ে-কমে, ঠিক তেমনি নিফাকও বাড়ে-কমে।

ক) মুনাঞ্চিকদের স্বভাব বর্ণনা করতে গিয়ে আল্লাহ তাআলা বলেন :

مُّذَبْذَبِينَ بَيْنَ ذَٰلِكَ لَا إِلَىٰ هَٰؤُلَاءِ وَلَا إِلَىٰ هَٰؤُلَاءِ، وَمَن يُضْلِلِ اللهُ فَلَن تَجِدَ لَهُ سَبِيلً

৩১. স্থা মুদ্দাসসির ৭৪ : ৪৩, ৪৪

৩২, সূরা মুদ্দাসসির ৭৪:৪৬

৪২ নিকাক থেকে বাঁচন

'এরা দোদুল্যমান অবস্থায় ঝুলস্ত; এদিকেও নয় ওদিকেও নয়। বস্তুত যাকে আল্লাহ গোমরাহ করে দেন, তুমি তাদের জন্য কোনো পথই পাবে না কোথাও।'°° ইবনে কাসীর 🙉 বলেন,

وَمِنْهُمْ مَنْ يَغْتَرِيهِ الشَّكُ، فَتَارَةً يَمِيلُ إِلَى هُوُلَاءِ وَتَارَةً يَمِيلُ إِلَى أُولَئِكَ 'তাদের মধ্যে কেউ আবার দোটানায় পড়ে যায়। একবার এদিকে (ঈমানদারদের) দিকে ভিড়ে তো আবার ওদের (কাফিরদের) দিকে ভিড়ে।'"

আর তারা মুমিনদের কাছে দু–কারণে ভিড়তে পারে। এক. হঠাৎ কোনো কারণে তার ঈমান বৃদ্ধি পাওয়ার দরুন। দুই. মুসলমান ও কাফিরদের মাঝে দ্বন্দ সৃষ্টি করার হীন মানসে।

রাসূল 🃸 বলেন,

مَثَلُ الْمُنَافِقِ، كَمَثَلِ الشَّاةِ الْعَائِرَةِ بَيْنَ الْغَنَمَيْنِ تَعِيرُ إِلَى هَذِهِ مَرَّةً وَإِلَى هَذِهِ مَرَّةً 'মুনাফিকের উপমা ওই বকরির ন্যায়, যা দুই পালের মাঝে উদ্ভ্রান্তের ন্যায় যুরতে থাকে। একবার এ দিকে আবার ওই দিকে।'"

খ) সফজ্য়ান ইবনু আমের ﴿ সুলাইম ইবনু আমের ﴿ -এর স্ত্রে বর্ণনা করেন, করিনু ﴿ -এর স্ত্রে বর্ণনা করেন, করিনু ﴿ -এর স্ত্রে বর্ণনা করেন, করিনু ﴿ -এই কুটু ﴿

'জুবাইর বিন নুফাইর 🕾 বর্ণনা করেন যে, তিনি আবু দারদা 🚓 কে নামাজের শেষ রাকাতে তাশাহহুদের পর নিফাক হতে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা

৩৩, সুরা নিসা ৪ : ১৪৩

৩৪. তাফসীরে ইবনে কাসীর : ২/৩৮৯। সূরা নিসা ৪ : ১৪৩ এব ব্যাখ্যায়।

৩৫, সহীহ মুসলিম : ২৭৮৪। আব্দুল্লাহ ইবনু উমর 🚓 হতে। অধ্যায় : মুনাফিকদের স্বভাব ও তাদের বিধান।

করে দুআ করতে শোনেন। তিনি খুব বেশি বেশি দুআ করছিলেন। জুবাইর এ বললেন, 'হে আবু দারদা, আপনার কী হলো বলুন তো? আপনি আর নিফাক?' (আপনার আর নিফাকের মধ্যে কী সম্পর্ক? এও কি সম্ভব?) তিনি বললেন, আরে আমাদের কথা বাদ দাও, আল্লাহর কসম, মানুষ এক মুহূর্তে তার দীন খেকে সরে যেতে পারে। তখন তার নিকট হতে তা ছিনিয়ে নেয়া হয়।'°

৩. কখনো এমন হয় যে, মানুষ মুনাফিক হয়ে গেছে; অথচ সে নিজেই তা জানে না

#### ক) আল্লাহ তাআলা বলেন :

وَلَيْن سَأَلْتَهُمْ لَيَقُولُنَّ إِنَّمَا كُنَّا نَخُوضُ وَنَلْعَبُ قُلْ أَبِاللَّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنتُمْ نَسْتَهْزِئُونَ (٦٥) لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُم بَعْدَ إِيمَانِكُمْ إِن نَّعْفُ عَن طَائِفَةٍ مُنكُمْ نُعَذَّبْ طَائِفَةً بِأَنَّهُمْ كَانُوا مُجُرِمِينَ

'আর যদি তুমি তাদের কাছে জিজ্ঞেস করো, তবে তারা বলবে, আমরা তো কথার কথা বলছিলাম এবং কৌতুক করছিলাম। আপনি বলুন, তোমরা কি আল্লাহর সাথে, তাঁর হকুম-আহকামের সাথে এবং তাঁর রাস্লের সাথে ঠাটা করছিলে? ছলচাতুরি কোরো না, তোমরা যে কাফির হয়ে গেছো ঈমান প্রকাশ করার পর।'°

এই আয়াত দুটিতে মুনাফিকদের ব্যাপারেও ধারাবাহিক আলোচনার প্রসঙ্গই টানা হয়েছে। এর ব্যাখ্যায় ইমাম ইবনু তাইমিয়া 🙉 বলেন,

فَدَلَّ عَلَى أَنَّهُمْ لَمْ يَكُونُوا عِنْدَ أَنْفُسِهِمْ قَدْ أَتَوْا كُفْرًا بَلْ ظَنُوا أَنَّ ذَلِكَ لَيْسَ بِكُفْرِ فَبَيَّنَ أَنَّ الإسْتِهْزَاءَ بِاللهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُفْرٌ يَكُفُرُ بِهِ صَاحِبُهُ بَعْدَ إيمَانِهِ فَدَلَّ عَلَى أَنَّهُ كَانَ عِنْدَهُمْ إيمَانُ ضَعِيفٌ فَفَعَلُوا هَذَا الْمُحَرَّمُ الَّذِي عَرَفُوا أَنَّهُ مُحَرَّمٌ وَلَكِنْ لَمْ يَظُنُّوهُ كُفْرًا وَكَانَ كُفْرًا كَفْرُوا بِهِ

৩৯. সিয়ারু আলামীন নুবালা : ৬/৩৮২। পঞ্জ অধ্যায় - সফওয়ান বিন আমরের আলোচনায়। ইমাম জাহাবীর মতে সনদ সহীহ।

৩৭, সুৱা ভাতবা ৯ : ৬৫, ৬৬

'এতে বোঝা যায় যে, তাদের অন্তরে কুফরি ছেয়ে যাওয়া সত্ত্বেও তারা তা জানত না। তারা মনে করেছিল এসব বুঝি কুফরি নয়। অতঃপর আল্লাহ তাআলা এ কথাও প্রকাশ করে দিয়েছেন যে, আল্লাহ, তাঁর রাস্ল 🍰 ও তাঁর আয়াতসমূহ নিয়ে ঠাট্টা মশকরা করা কুফরি। যারা এসব করে তারা ঈমান থাকা সত্ত্বেও কুফরি কবে। এ থেকে প্রতীয়মান হয় যে তাদের ঈমান ছিল দুর্বল। যদক্ষন তারা হারাম জানা সত্ত্বেও এসব করেছে। তবে তারা এসবকে হারাম জানলেও কুফরি মনে করত না। অথচ এ সবই স্পষ্ট কুফরি যা তারা করেছে।' তা

খ) সহীহ বুখারীতে ঈমান অধ্যায়ে "অজ্ঞাতসারে মুমিনের আমল নষ্ট হওয়ার আশক্ষা" শিরোনামে আলাদা একটি অনুচ্ছেদই রয়েছে। (পাঠকের সুবিধার্থে অনুচ্ছেদের হাদীস দুটি তুলে ধরা হচ্ছে)।

ইবরাহিম তাইমী 🕮 বলেন, আমার আমলের সাথে যখন আমার কথা তুলনা করি, তখন আশক্ষা হয়, আমি না মিথ্যাবাদী হই।

ইবনু আবী মুলাইকা 🙈 বলেন, আমি নবী করীম 🌦 এর এমন ত্রিশজন সাহাবীকে প্রয়েছি, যারা সবাই নিজেদের সম্পর্কে নিফাকের ভয় করতেন। তাঁরা কেউ এ কথা বলতেন না যে, তিনি জিবরীল 🎕 ও মীকাঙ্কল 🕸 এর তুল্য ঈমানের অধিকারী।

হাসান বসরী এ থেকে বর্ণিত, নিফাকের ভয় মুমিনই করে থাকে। আর কেবল মুনাফিকই তা থেকে নিশ্চিন্ত থাকে। তাই তাওবা না করে পরস্পর লড়াই (দোষচর্চা ও কাঁদা ছোড়াছুড়ি) করা এবং পাপাচারে লিপ্ত থাকা হতে সতর্ক থাকা চাই। কারণ আল্লাহ তাআলা বলেন:

'এবং তাঁরা (মুত্তাকিরা) যা করে ফেলে, জেনেশুনে তার (গুনাহর) পুনরাবৃত্তি করে না।'<sup>10</sup>

৩৮. মাজমুউল ফাতাওয়া · ৭/২৭৩। অধ্যায় : ঈমানুল কাবীব। অনুচ্ছেদ : আল্লাহ তাজালাব শক্ষ হতে পবিপূর্ণরূপে ইসলামে প্রবেশ কবার নির্দেশ।

৩৯, সূরা আলে ইমরান ৩ : ১৩৫

১। আব্দুল্লাহ বিন মাসউদ 🚓 বর্ণনা কবেন যে, রাসূল 🦽 বলেছেন,

## سِبَابُ المُسْلِمِ فُسُوقٌ، وَقِتَالُهُ كُفْرٌ

'মুসলিমকে গালি দেওয়া ফাসিকী এবং তার সাথে লড়াই করা কুফরি।'

২। উবাদাহ ইবনু সামিত 🚓 বলেন,

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ يُخْبِرُ بِلَيْلَةِ القَدْرِ، فَنَلاَحَى رَجُلانِ مِنَ المُسْلِمِينَ فَقَالَ: ﴿إِنِّي خَرَجْتُ لِأُخْبِرَكُمْ بِلَيْلَةِ القَدْرِ، وَإِنَّهُ رَجُلانِ مِنَ المُسْلِمِينَ فَقَالَ: ﴿إِنِّي خَرَجْتُ لِأُخْبِرَكُمْ بِلَيْلَةِ القَدْرِ، وَإِنَّهُ وَلَانَ مِنَ المُسْلِمِينَ فَقَالَ: ﴿إِنِّي خَرَجْتُ لِأُخْبِرَكُمْ بِلَيْلَةِ القَدْرِ، وَإِنَّهُ وَلَانَ مِنَ المُسْلِمِينَ فَقَالَ: ﴿إِنِي خَرَجْتُ لِأَخْبِرَكُمْ بِلَيْلَةِ القَدْرِ، وَإِنَّهُ وَلَانَ مِنَ السَّمْ وَالْحَمْسِ وَالْمَسْعِ وَالْحَمْسِ

'রাসূল 
ক্র লায়লাতুল কদ্র সম্পর্কে খবর দেওয়ার জন্য বের হলেন। তখন দুজন মুসলমান পরস্পর বিবাদ করছিল। তিনি বললেন, আমি তোমাদের লায়লাতুল কদ্র সম্পর্কে খবর দেওয়ার জন্য বেরিয়েছিলাম; কিন্তু তখন অমুক অমুক বিবাদে লিপ্ত থাকায় তা (নির্দিষ্ট তারিখ সম্পর্কিত জ্ঞান) উঠিয়ে নেওয়া হয়েছে। আর হয়তো-বা এটাই তোমাদের জন্য কল্যাণকর হবে। তোমরা তা অনুসন্ধান করো ২৭, ২৯ ও ২৫ তম রাতে।'<sup>80</sup>

গ) আল্লামা ইবনুল কাইয়্যিম 🙈 বলেন,

رَأَمًا النِّفَاقُ: فَالدَّاءُ الْعُضَالُ الْبَاطِنُ، الَّذِي يَكُونُ الرَّجُلُ مُمْتَلِئًا مِنْهُ، وَهُوَ لَا يَشْعُرُ

'নিফাক হলো এমন এক গোপন ও দুরারোগ্য ব্যাধি, যাতে আক্রাস্ত ব্যক্তি নিজেও তা বুঝতে পারে না।'<sup>85</sup>

মুখগহুরে রোগাক্রান্ত মানুষ যেমন খাবারের স্বাদ অনুভব করতে পারে না। অনুরূপ অন্তরের ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিও ফিতনা ফাসাদকে সংস্কার মনে করে।

৪০. পুরো অনুচ্ছেদটি সহীহ বুখারীর ঈমান অধ্যায়ে রয়েছে। এতে থাকা হাদীস দুটির নম্বর যথাক্রমে ৪৮ ও ৪৯।

৪১. মাদারিজুস সালিকীন : ১/৩৫৪। নিফাক অধ্যায়।

আল্লাহ তাআলা বলেন:

وَإِذَا قِبلَ لَهُمْ لَا تُفْسِدُوا فِي الْأَرْضِ قَالُوا إِنَّمَا نَحْنُ مُصْلِحُونَ (١١) أَلَا إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ وَلُكِن لَّا يَشْعُرُونَ

'আর যখন তাদেরকে বলা হয় যে, দুনিয়ার বুকে দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি কোরো না, তখন তারা বলে, আমরা তো মীমাংসার পথ অবলম্বন করেছি। মনে রেখো, তারাই হাঙ্গামা সৃষ্টিকারী, কিন্তু তারা তা উপলব্ধি করে না।'<sup>১২</sup>

ঘ) ওপরের আয়াতসমূহ এ কথাই প্রমাণ করে যে, মানুষ কখনো কখনো ফিতনা ফাসাদ সৃষ্টি করে মনে করে যে সে মীমাংসা করছে। যেমন, আল্লাহ তাআলা বলেন :

وَمَن يَعْشُ عَن ذِكْرِ الرَّحْمَٰنِ نُقَيِّضْ لَهُ شَيْطَانًا فَهُوَ لَهُ قَرِينٌ (٣٦) وَإِنَّهُمْ لَيَصُدُّونَهُمْ عَنِ السَّبِيلِ وَيَحْسَبُونَ أَنَّهُم مُّهْتَدُونَ

'যে ব্যক্তি দয়াময় আল্লাহর স্মরণ খেকে চোখ ফিরিয়ে নেয়, আমি তার জন্যে এক শয়তান নিয়োজিত করে দিই, অতঃপর সে–ই হয় তার সঙ্গী। শয়তানরাই মানুষকে সৎপথে বাধা দান করে, আর মানুষ মনে করে যে, তারা সৎপথে রয়েছে।'°°

অনুরূপভাবে আল্লাহ তাআলা আরও বলেন :

أَفَمَن زُيِّنَ لَهُ سُوءُ عَمَلِهِ فَرَآهُ حَسَنًا

'যাকে মন্দকর্ম শোভনীয় করে দেখানো হয়, সে তাকে উত্তম মনে করে।'<sup>≊</sup>

ঙ) মুনাফিকের স্বভাবের দিকে ইঙ্গিত কবে রাস্ল 🃸 বলেন,

آيَةُ الْمُنَافِقِ ثَلَاثُ، وَإِنْ صَامَ وَصَلَّى وَزَعَمَ أَنَّهُ مُسْلِمُ

'মুনাফিকের চিহ্ন তিনটি (মিথ্যা বলা, প্রতিশ্রুতি ভঙ্গ করা ও খিয়ানত করা), যদিও সে বোজা পালন কবে এবং নামাজ আদায় কবে আর মনে করে যে সে মুসলমান।'

৪২, সুরা বাকারা ২: ১১, ১২

৪৩. সূর যুখক্ষা ৪৩: ৩৬, ৩৭

৪৪. সূরা ফাতিব ৩৫ : ৮

৪৫. সহীহ মুসলিম : ৫৯। আবু হুরাইরা 🦓 হতে। অধ্যায় : ঈমান। অনুচেছদ : মুনাফিকেব স্বভাব।

অতএব এটা পরিষ্কার যে কিছু মানুষ নিজেদেরকে নামাজ–রোজার কারণে মুসলমান দাবি করে থাকলেও তাদের এ খবর নেই যে তারা নিফাকে আক্রাস্ত।

#### ৪. সাহাবায়ে কেরামের নিফাকভীতি

ক) ইমাম বুখারী 🕾 প্রখ্যাত তাবেয়ী ইবনু মূলাইকা হতে বর্ণনা করেন যে, তিনি বলেন,

أَذْرَكُتُ ثَلاَ ثِينَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، كُلُّهُمْ يَخَافُ النَّفَاقَ عَلَى نَفْسِهِ،

'আমি এমন ত্রিশজন সাহাবীর সাক্ষাৎ লাভ করেছি যারা প্রত্যেকেই নিজেদের ব্যাপারে নিফাকের ভয় করতেন।'<sup>১৬</sup>

ৰ) রাস্ল 🎂-এর গোপন তথ্যের ভান্ডার হুজাইফা 🧠 বলেন,

دُعِيَ عُمَرُ لِجِنَازَةِ، فَخَرَجَ فِيهَا أَوْ يُرِيدُهَا، فَتَعَلَّقْتُ بِهِ فَقُلْتُ: اجْلِسْ يَا أُمِيرَ الْمُؤْمِنِينَ فَإِنَّهُ مِنْ أُولَئِكَ، فَقَالَ: نَشَدْتُكَ بِاللّهِ أَنَا مِنْهُمْ؟ قَالَ: لَا، وَلَا أُبَرِّئُ أَحَدًا بَعْدَكَ

'একটি জানাযায় হাযির হওয়ার জন্য ওমর ্ঞ্চ-কে ডাকা হয়। তিনি তাতে অংশ নেয়ার উদ্দেশ্যে যাত্রা করেন। আমি তখন তাঁকে আঁকড়ে ধরে বললাম, হে আমীরুল মুমিনীন, আপনি বসুন। কেননা, এই মৃত লোকটা ওদের অর্থাৎ মুনাফিকদের অন্তর্ভুক্ত। আমার কথা শুনে ওমর ্ঞ্চ বললেন, তোমাকে আল্লাহর কসম করে বলছি, আমি কি তাদের একজন? আমি বললাম, না। অবশ্য আপনার জীবনাবসানের পর আমি আর কাউকে নির্দোষ আখ্যায়িত করব না।'<sup>69</sup>

সাহাবায়ে কেরামের বিভিন্ন অবস্থা শুনে আমরা নিশ্চয় জানতে পারছি যে, তারা নিফাককে কী পরিমাণ ভয় পেতেন এবং তা হতে বেঁচে থাকার চেষ্টা করতেন। কিন্তু তা বোঝা হয়তো পুরোপুরি সম্ভব না। কারণ, সাহাবায়ে কেরাম ছিলেন

৪৬. সহীহ বুগারী: ১/১৮। ঈমান অধ্যয়ঃ ঈমান। অনুচেছদ : অঞ্জাতসাবে মুমিনের আমল নষ্ট হওয়ার আশক্ষা। ৪৭. মজমাউল জাওয়াইল : ৪২২৫। ইমান বাজ্জার এ৯–এর সূত্রে বর্ণনাকারীগণ নির্ভর্যোগ্যঃ অধ্যায় : জানাবা। অনুচেছদ : মুনাফিকের জানাবা পড়তে নিষেধ প্রসঙ্গ।

এই উন্মতের মধ্যে সবচেয়ে বিচক্ষণ। তাই তাঁরাও এর যথার্থতা আন্দাজ করতে পেরেই বিষয়টি নিয়ে ব্যাপকভাবে শঙ্কিত ছিলেন। তাঁরা তাঁদের ঈমানের স্তর অনুযায়ী বিষয়টিকে নিয়ে ভেবেছেন এবং ভয় কবেছেন।

তাঁদের সময়কার নিফাকের ক্ষেত্র ও সম্ভাবনা নিয়ে তারা শক্ষিত ছিলেন। আমাদেরকে আমাদের সময়কার বিষয়গুলো নিয়ে সতর্ক থাকতে হবে। তা ছাড়া নিফাকের প্রতি ঘৃণা ও ভয় ঈমান ও ঈমানী বিচক্ষণতা অনুযায়ী বাড়বে বা কমবে।

গ) নিফাকের ব্যাপারে হাসান বসরী 🙈 হতে বণিত আছে যে,

'নিফাকের ভয় মুমিনই করে থাকে। আর কেবল মুনাফিকই তা থেকে নিশ্চিন্ত থাকে।'<sup>৪৮</sup> অর্থাৎ মুমিন মাত্রই নিফাককে ভয় করে থাকে আর মুনাফিক নিফাকের ভয় হতে নিজেকে মুক্ত ভাবে।

য) তাবেয়ীন উলামায়ে কেরামের বক্তব্য :

মুহাম্মাদ ইবনু সিরীন 🙈 বলেন, 'কুরআনের মধ্যে আমার নিকট সবচেয়ে ভীতিজাগানিয়া আয়াত হলো :

'আর মানুষের মধ্যে কিছু লোক এমন রয়েছে যারা বলে, আমরা আল্লাহ ও পরকালের প্রতি ঈমান এনেছি অথচ আদৌ তারা ঈমানদার নয়।"

আইয়ৃব সখতিয়ানী 🙉 বলেন, 'কুরআনের প্রতিটি আয়াতে আমি নিজের জন্য নিফাকের আশঙ্কা অনুভব করি।'

মুআবিয়া বিন কুরাতা 🙉 বলেন, 'উমর 🚓 যেখানে নিফাকের ভয়ে ভীত ছিলেন সেখানে আমি কীভাবে নিরাপদ থাকি?'

৪৮. সহীহ বুখারী : ১/১৮। অধ্যায় : ঈমান। অনুচ্ছেদ : অজ্ঞাতসাবে যুমিনের আমল নষ্ট হওয়ার আশক্ষা।

৪৯, সুরা বাকারা ২ : ৮

৫০, ফতহুল বারী: ১/১৭৮। গ্রন্থকার: ইবনু রজব হাম্বলী 🕸। অধ্যায়: ঈমান। অনুচ্ছেদ: অঞ্জাতসারে মুমিনের আমল নষ্ট হওয়ার আশকা।

মুনাফিকের স্বভাব-চরিত্র তুলে ধরার আগে উপর্যুক্ত চার বিষয়ে আলোচনা করাট্র জরুরি ছিল। তাই আলোচনাকে এতদূর টেনে আনতে চেয়েছি।

### মুনাফিকদের স্বভাব

- ০১। দীনের ব্যাপারে সংশয়বাদী হওয়া।
- ০২। কুরআন-সুন্নাহর বিধান পরিহার করা।
- ০৩। ইয়াহুদী, খ্রিষ্টান ও কাফিরদের সাথে বন্ধুত্ব করা।
- ০৪। শক্তিমত্তার বিচারে পক্ষ পরিবর্তন করা।
- ০৫। মিখ্যা বলা।
- ০৬। জিহাদ হতে পিছু হটা।
- ০৭। নিজের জন্য ইবাদাত কষ্টকর মনে হওয়া।
- ০৮। এমন কাজের প্রশংসা ও কৃতিত্ব চাওয়া যা তারা করে না।
- ০৯। আনুগত্যের প্রতি মানুষকে নিরুৎসাহিত করা ও উপহাস করা।
- ১০। আল্লাহ তাআলার সাহায্য ও দীন প্রতিষ্ঠার ব্যাপারে কৃত প্রতিশ্রুতির প্রতি সন্দেহ পোষণ করা।
- ১১। দুনিয়ার প্রতি লোভ ও বিপদাপদে ক্ষোভ প্রকাশ করা।
- ১২। কাপুরুষতা ও অপমানের জীবন মেনে নেওয়া।
- ১৩। ক্ষমতাসীনদের তোষামোদ করা।
- ১৪। আল্লাহ ও তাঁর রাসৃল 🏇-এর প্রতি আদবস্বল্পতা।
- ১৫। মুমিনগণকে ঘৃণা করা এবং তাদের খ্যাতিতে নাক সিটকানো।
- ১৬। ফিতনা ফাসাদ সৃষ্টিতে আগ্রহী হওয়া।
- ১৭। কুরআনের ব্যাপারে কঠোর মনোভাব পোষণ করা।
- ১৮। গুনাহকে সামান্য মনে করা এবং আমলকে কঠিন মনে করা।
- ১৯। তাওবা করতে অনীহা প্রকাশ করা।
- ২০। শ্বেচ্ছায় ফিতনা ফাসাদে জড়ানো।
- ২১। ঝগড়া-বিবাদের সময় অন্যায় পথ অবলম্বন করা।
- ২২। আল্লাহ তাআলার সাথে কৃত প্রতিশ্রুতি ভঙ্গ করা।
- ২৩। কথাবার্তায় চতুর হওয়া।
- ২৪। আল্লাহ তাঞালাকে ভুলে যাওয়া।

#### সংশয়বাদ

মুনাফিকমাত্রই আল্লাহ তাআলা, তাঁর রাস্ল ﴿ বা ইসলানের যথার্থতা নিয়ে সংশয়ে ভূগে থাকে। বর্তমান যুগের ধর্মনিরপেক্ষবাদের শ্লোগান তোলা পণ্ডিতগণ তাদের মতামতের মাধ্যমে মূলত এ ধরনের সংশয়বাদই প্রচার করে চলেছেন। আর এই সংশয়বাদই মুনাফিকেব সবচেয়ে ভয়াবহ স্বভাব। কেননা, এটাই নিফাকের মূল শেকড়। আর এটাই অন্যান্য সমস্যাগুলোর কারণ। সামনের আলোচনাতেই তা পরিষ্কার হয়ে যাবে।

### মুনাফিকদের সংশয়বাদী হওয়ার প্রমাণ

আল্লাহ তাআলা মুনাফিকদের স্বভাব বর্ণনা করতে গিয়ে বলেন:

فِي قُلُوبِهِم مَّرَضٌ فَزَادَهُمُ اللَّهُ مَرَضاً وَلَهُم عَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْذِبُونَ

'তাদের অন্তঃকরণ ব্যাধিগ্রস্ত আর আল্লাহ তাদের ব্যাধি আরও বাড়িয়ে দিয়েছেন। বস্তুত তাদের জন্য নির্ধাবিত রয়েছে ভয়াবহ আযাব, তাদের মিথ্যাচারের দরুন।'

ইবনে কাসীর ﷺ সাহাবায়ে কেরাম ﷺ এর এক জামাআতের পক্ষ হতে আয়াতে উল্লেখিত 'مَرَضٌ' অর্থাৎ 'ব্যাধি' র তাফসীর করেছেন 'সন্দেহ'।'

আল্লাহ তাআলা মুমিন ও মুনাফিকদের মাঝে পার্থক্যের প্রাচীর তোলার উদাহরণ দিতে গিয়ে বলেন :

يُنَادُونَهُمْ أَلَمْ نَكُن مَّعَكُمْ قَالُوا بَلَى وَلَكِنَّكُمْ فَتَنتُمْ أَنفُسَكُمْ وَتَرَبَّصْتُمْ وَارْتَبْتُمْ وَغَرَّتُكُمْ الْأَمَانِيُّ حَتَّى جَاء أَمْرُ اللَّهِ وَغَرَّكُم بِاللَّهِ الْغَرُورُ

৫১, সুরা বাকারা ২ : ১০

৫২, তাফসীরে ইবনে কাসীর : ১/৮৯ সূরা বাকারা ২ : ১০ এব ব্যাখ্যায় আপুল্লাহ ইবনু মাসউণ, আনাস বিন মালিক ও আপুল্লাহ ইবনু আববাস 🚓 প্রমুখ সাহাবী 🚓 হতে বর্ণনা করেছেন।

'আরা মুমিনদেরকে ডেকে বলবে, আমরা কি তোমাদের সাথে ছিলাম না? তারা বলবে, হাাঁ, কিন্তু তোমরা নিজেরাই নিজেদেরকে বিপদগ্রস্ত করেছ প্রতীক্ষা করেছ, সন্দেহ পোষণ করেছ এবং অলীক আশার পেছনে বিভ্রান্ত হয়েছ, অবশেষে আল্লাহর আদেশ পৌছেছে। এই সবই তোমাদেরকে আল্লাহ সম্পর্কে প্রতারিত করেছে।''

এখানে 'زَيْبًا' বা 'رَيْبًا' শন্দের অর্থ সন্দেহ প্রকাশ করা। একেই বলে সংশয়বাদ।

রাসূল 🎂 বলেছেন,

رَثَلَاثَةٌ لَا تَسْأَلُ عَنْهُمْ: رَجُلُ نَازَعَ اللّهَ رِدَاءَهُ، فَإِنَّ رِدَاءَهُ الْكِبْرِيَاءُ وَإِزَارَهُ الْعِزَّةُ، وَرَجُلُ شَكَ فِي أَمْرِ اللّهِ وَالْقَنُوطُ مِنْ رَحْمَةِ اللّهِ

'তিন ব্যক্তিকে কোনোরূপ জিজ্ঞাসাবাদ করা হবে না। (সোজা জাহারামে নিক্ষেপ করা হবে) ১। যে ব্যক্তি আল্লাহর চাদর নিয়ে টানাহেঁচড়া করে। আর তাঁর চাদর হচ্ছে অহংকার এবং তাঁর পরিধেয় হচ্ছে তাঁর ইজ্জত। ২। যে ব্যক্তি আল্লাহর হকুনের মধ্যে সন্দেহ পোষণ করে। ৩। যে ব্যক্তি আল্লাহর রহমাত থেকে নিরাশ হয়।'"

এখানে 'তাদেরকে কোনোরূপ জিজ্ঞাসা করা হবে না' বাক্য দ্বারা এটা সুস্পষ্ট যে, তারা ধ্বংস।

৫৩, সুরা হানীদ ৫৭ : ১৪

৫৪ আদাবৃদ মুক্রাদ : ৫৯০। ফুনালা বিন উবাইদ ॐ হতে। অনুছেদ : বিদ্রোহ। শুআইব আরনাউর ৣ-এর মতে সন্দ সহাহ। তার্বরিয়ে মুসনাদ : ২৩৯৪৩। অধ্যায় : মুসনাদে ফুবালা বিন উবাইদ আনসাবী ॐ। মুনজিরী ৣ-এর সূত্রে শাইখ আলবানীব মতেও সহাহ। সহাহত তার্বনীব ওয়াত তারহীব : ২৯০০।

### সংশয়বাদ থেকেই অন্যান্য সমস্যার উৎপত্তি

ক) এই সংশয়বাদের কারণেই তারা শরীয়ত হতে মুখ ফিরিয়ে নিয়ে তা প্রত্যাখ্যান করে থাকে। আল্লাহ তাআলা বলেন:

وَإِذَا دُعُوا إِلَى اللَّهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ إِذَا فَرِيقٌ مَّنْهُم مُّعْرِضُونَ (٤٨) وَإِذَا دُعُوا إِلَى اللَّهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ إِذَا فَرِيقٌ مَّنْهُم مُّعْرِضُونَ (٤٩) وَإِن يَكُوبِهِم مَّرَضٌ أَمِ ارْتَابُوا أَمْ يَخِافُونَ أَنْ يَجِيفَ اللَّهُ عَلَيْهِمْ وَرَسُولُهُ بَلْ أُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ (٥٠)

'তাদের মধ্যে ফয়সালা করার জন্য যখন তাদেরকে আল্লাহ ও রাস্লের দিকে আহ্বান করা হয় তখন তাদের একদল মুখ ফিরিয়ে নেয়। সত্য তাদের স্থপক্ষে হলে তারা বিনীতভাবে রাস্লের কাছে ছুটে আসে। তাদের অন্তরে কি রোগ আছে? না তারা ধোঁকায় পড়ে আছে? না তারা ভয় করে যে, আল্লাহ ও তাঁর রাস্ল তাদের প্রতি অবিচার করবেন? বরং তারাই তো অবিচারকারী?'

খ) জিহাদ হতে পিছু হটে। আল্লাহ তাআলা বলেন:

إِنَّمَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ لاَ يُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ وَارْتَابَتْ قُلُوبُهُمْ فَهُمْ فِي رَيْبِهِمْ يَتَرَدَّدُونَ

'নিঃসন্দেহে তারাই আপনার কাছে (জিহাদ হতে) অব্যাহতি চায়, যারা আল্লাহ ও রোজ কেয়ামতে ঈমান রাখে না এবং তাদের অন্তর সন্দেহগ্রস্ত হযে পড়েছে, সুতবাং সন্দেহের আবর্তে তাবা ঘুরপাক খেযে চলেছে।''

গ) দীনের প্রতি সংশয় থাকায় কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করে। আল্লাহ তাআলা বলেন :

وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِالله والنَّبِيِّ وَمَا أُنزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيّاء وَلَكِنَّ كَثِيراً مِّنْهُمْ فَاسِقُونَ

ee. সুরা নুর ২৪ : ৪৮-৫০

৫৬, সুবা তাএবা ৯ : ৪৫

'যদি তারা আল্লাহর প্রতি ও রাস্লের প্রতি অবতীর্ণ বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করত, তবে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকেই দুরাচার।'<sup>25</sup>

ষ) আল্লাহ তাআলা ও তাঁর রাসূল ঞ্ক্র-এর প্রতিশ্রুতির প্রতি সন্দিহান হওয়ায় মুনাফিকরা ইবাদাতে অলসতা করে। রাসূল ঞ্ক্র বলেছেন,

لَيْسَ صَلاَةً أَثْقَلَ عَلَى المُنَافِقِينَ مِنَ الفَجْرِ وَالعِشَاءِ، وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لَئِسَ صَلاَةً أَثْقَلَ عَلَى المُنَافِقِينَ مِنَ الفَجْرِ وَالعِشَاءِ، وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لَأَتُوهُمَا وَلَوْ حَبْوًا، لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ المُؤَذِّنَ، فَيُقِيمَ، ثُمَّ آمُرَ رَجُلًا يَوْمُ لَا يَعْهُمَ أَمُر رَجُلًا يَوْمُ النَّاسَ، ثُمَّ آخُذَ شُعَلًا مِنْ نَارٍ، فَأُحَرِّقَ عَلَى مَنْ لاَ يَخْرُجُ إِلَى الصَّلاَةِ بَعْدُ

"মুনাফিকদের জন্য ফজর ও 'ইশার সালাত অপেক্ষা অধিক ভারী সালাত আর নেই। এ দ্-সালাতের কী ফথীলাত, তা যদি তারা জানত, তবে হামাগুড়ি দিয়ে হলেও তারা উপস্থিত হতো। (রাসূলুল্লাহ 🎡 বলেন) আমি ইচ্ছে করেছিলাম যে, মুয়াযিখনিকে ইকামাত দিতে বলি এবং কাউকে লোকদের ইমামত করতে বলি, আর আমি নিজে একটি আগুনের মশাল নিয়ে গিয়ে অতঃপর যারা সালাতে আসেনি, তাদের ওপর আগুন ধরিয়ে দিই।"

অথচ সংশয়ে পড়ে থাকার দরুন মুনাফিকেরা এত পুণ্যময় একটি কাজে আলসেমি করে থাকে।

ছ) সংশয়বাদ মুনাফিককে পার্থিব বস্তুবাদের দিকে ঠেলে দেয়।

বস্তুবাদ ও পার্থিব চিন্তাধারার মাধ্যমে তার সংশয়বাদী অন্তরে আল্লাহ তাআলার প্রতি ভরসা ও আস্থ্য দুর্বল হতে থাকে। নেক আমলের সাওয়াব ও আথিরাতের ভরাবহ পরিণতির বিশ্বাস দুর্বল হতে শুরু করে। তখন মানুষ তার পার্থিব জীবনের সূব-স্বাচ্ছন্যের জন্য হালাল–হারামের বাছবিচার করে না। সুদ, ঘুষ আর ধোঁকাবাজির মতো অনৈতিক কাজে জড়িয়ে পড়ে অবলীলায়।

৫৭. সুরা মারেলা ৫ : ৮১

৫৮. সহীয় বুদারী : ৬৫৭। আৰু ভরতিরা 🚓 হতে। অধ্যায় : আযান। অনুজ্জেদ : ইশার নামাজ জামাআতে পড়ার করীলত।

### কথা হলো, মুনাফিক হলে সমস্যা কোখায়?

বর্তমানে আমাদের সমাজের লোকজন ইসলামকে অশ্বীকার করা বা নাস্তিকতা নিয়ে পড়ে থাকার মধ্যে খুব দোষের কিছু দেখেন না। এবং একে শাস্তিযোগ্য কোনো অপরাধও মনে করেন না।

অধিকাংশই এই প্রশ্ন ছুড়ে দেন যে, কেউ যদি ইসলাম নিয়ে মাথা খাটিয়ে তাতে আল্লাহর অস্তিত্ব, রাসূল ্র্রা—এর নবুওয়াতের বাস্তবতা এবং দীন ইসলামের যথার্থতা উপলব্ধি করতে না পারে। কিন্তু নিজ থেকে সে সং ও শুদ্ধ থাকার চেষ্টা করে। তবে সমস্যাটা কোথায়?

এর উত্তর হলো আল্লাহ তাআলা প্রতিটি সুস্থ-সজ্ঞান মানুষকে একটি সুস্থ-সুন্দর বিবেচনাবোধ দান করছেন। এমন উত্তম বিবেচনাবোধ নিয়ে কেউ আল্লাহ তাআলার নিয়োক্ত বাণীকে অপছন্দ করতে পারেন না। আল্লাহ তাআলা বলেন :

إِنَّ الله يَأْمُرُ بِالْعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاء ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاء وَالْمُنكرِ وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ

'আল্লাহ ন্যায়পরায়ণতা, সদাচরণ এবং আগ্মীয়-স্বজনকে দান করার আদেশ দেন এবং তিনি অশ্লীলতা, অসংগত কাজ এবং অবাধ্যতা করতে বারণ করেন। তিনি তোমাদের উপদেশ দেন যাতে তোমরা স্মরণ রাখো।'<sup>৫৯</sup>

কারও সুস্থ বিবেচনাবোধ এই আয়াতকেও অপছন্দ করতে পারে না :

إِنَّ اللَّهِ يَأْمُرُكُمْ أَن تُؤدُّواْ الأَمَانَاتِ إِلَى أَهْلِهَا وَإِذَا حَكَمْتُم بَيْنَ النَّاسِ أَن تَحْكُمُواْ بِالْعَدُلِ إِنَّ الله نِعِمَّا يَعِظُكُم بِهِ إِنَّ الله كَانَ سَمِيعًا بَصِيرًا

'নিশ্চয়ই আল্লাহ তোমাদিগকে নির্দেশ দেন যে, তোমরা যেন প্রাপ্য আমানতসমূহ প্রাপকদের নিকট পৌঁছে দাও। আর যখন তোমরা মানুম্বের কোনো বিচার-মীমাংসা করতে আরম্ভ করো, তখন মীমাংসা করো ন্যায়ভিত্তিক। আল্লাহ তোমাদিগকে সদুপদেশ দান করেন। নিশ্চয়ই আল্লাহ প্রবণকারী, দর্শনকারী।'

৫৯, সুরা নাহল ১৬:১০

৬০. সূবা নিসা ৪ : ৫৮

অতএব যে অন্তর দীনের ব্যাপারে পরিকৃপ্ত হতে পারেনি, তা মারাত্মক ব্যাধিগ্রস্ত অন্তর। বৃঝতে হবে এর মালিক অবিরত পাপাচারের মাধ্যমে তার অন্তরকে নষ্ট করে ফেলেছে। আঘাতে আঘাতে মানুষ যেমন জ্ঞান হারায় বা পক্ষাঘাতগ্রস্ত হয়ে অনুভূতি হারিয়ে ফেলে। ঠিক তেমনি সে তার গুনাহের কারণে ভালোমন্দ পার্থক্যবোধ হারিয়ে ফেলেছে।

বিখ্যাত আরব কবি আবু তাইয়্যিব আল–মুতানাব্বী বলেছেন,

وَمَنْ يَكُ ذَا فَمِ مُرِّ مَرِيضٍ \*\*\* يَجِدْ مُرَاً بِهِ المَاءَ الزُلْأَلَا মুখের ভেতর তিক্ত রোগে কী হবে তা জানি, লাগবে তেতো যতই দাও মিষ্টি মধুর পানি।"

সূতরাং আল্লাহ তাআলার দীনের মধ্যে কোনো ক্রটি নেই। কোনো ক্রটি নেই এর যৌক্তিকতায়। আল্লাহ তাআলা বলেন :

قُلْ فَلِللهِ الْحُجَّةُ الْبَالِغَةُ فَلَوْ شَاء لَهَدَاكُمْ أَجْمَعِينَ

'আপনি বলে দিন, অতএব, পরিপূর্ণ যুক্তি আল্লাহরই। তিনি ইচ্ছা করলে তোমাদের সবাইকে পথপ্রদর্শন করতেন।'\*

আর আল্লাহ তাআলা প্রতিটি মানুষকে দীনের প্রতি আকৃষ্ট হওয়ার যোগ্যতা দিয়েই সৃষ্টি করেছেন। তিনি বলেন :

وَإِذْ أَخَذَ رَبُّكَ مِن بَنِي آدَمَ مِن ظُهُورِهِمْ ذُرِّيَّتَهُمْ وَأَشْهَدَهُمْ عَلَىٰ أَنفُسِهِمْ أَلَّهُ مَا خَذَا أَن تَقُولُوا يَوْمَ الْقِيَامَةِ إِنَّا كُنَّا عَنْ هَٰذَا أَلَّ تَقُولُوا يَوْمَ الْقِيَامَةِ إِنَّا كُنَّا عَنْ هَٰذَا



७১, निज्यान् मूटानान्ती : ১৪১

শ্বিব আবু তাইয়িব আহমাদ ইবনুল হসাইন আল মুতানাববী আল কিন্দী হিজরি চতুর্থ শতকের একজন আলোচিত-সমালোচিত আরব কবি। ইরাকের কুফায় ৩০৩ হিজবিতে জন্ম নেওয়া প্রতিভাবান এই কবি জীবনের বিচিত্র বাকৃপথে চলতে চলতে একসময় মিখ্যা নবুওয়াতের দাবি করে বসেন। পরবর্তী সময়ে অবশ্য তিনি তাওবা করে ইসলাম কবৃল করেন। তার মেধা ও ধী-শক্তির নানা গল্প শোনা যায়। ৩৫৪ হিজরিতে ৫০ বছর বয়সে ইবাকের নুমানিয়া নামক স্থানে অঞ্জাত কারণে মারা যান। তার মৃত্যুরহস্য উন্মোচিত হয়নি। তার বিখ্যাত কবিতার বই হলো 'দিওয়ান এ মৃতানাববী। সূত্র : উইকিপিডিয়া ও শরহ দিওয়ান এ মৃতানাববী। ৬২ সূরা আনআম ৬ : ১৪৯

غَافِلِينَ (١٧٢) أَوْ تَقُولُوا إِنَّمَا أَشْرَكَ آبَاؤُنَا مِن قَبْلُ وَكُنَّا ذُرِّيَّةً مِّن بَعْدِهِمْ أَفَتُهْلِكُنَا بِمَا فَعَلَ الْمُبْطِلُونَ (١٧٣)

'আর যখন তোমার পালনকর্তা বনী আদমের পৃষ্ঠদেশ থেকে বের করলেন তাদের সস্তানদেরকে এবং নিজের ব্যাপারে তাদেরকে প্রতিজ্ঞা করালেন, আমি কি তোমাদের পালনকর্তা নই? তারা বলল, অবশ্যই, আমরা অঙ্গীকার করছি। আবার না কেয়ামতের দিন বলতে শুরু করো যে, এ বিষয়টি আমাদের জানা ছিল না। অথবা বলতে শুরু করো যে, অংশীদারত্বের প্রথা তো আমাদের বাপ-দাদারা উদ্ভাবন করেছিল আমাদের পূর্বেই। আর আমরা হলাম তাদের পশ্চাদ্বতী সন্তানসন্ততি। তাহলে কি সে কর্মের জন্য আমাদেরকে ধ্বংস কববেন, যা পথভ্রম্বরা করেছে?'\*

যে অন্তর আল্লাহ তাআলার দীনের প্রতি বিরূপ ধারণা ও অসন্তোষ প্রকাশ করবে, ক্রটি তো মূলত তার।

### গুনাহের পরিণাম হলো অন্তরের ব্যাধি

অন্তরের ব্যাধি মূলত মানুষের সীমাহীন পাপাচারের ভয়াবহ কুফল। কুরআন ও সুন্নাহতে এর অনেক প্রমাণ রয়েছে। যেমন, আল্লাহ তাআলা বলেন :

فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُم بِمَا كَسَبُوا أَثُرِيدُونَ أَن تَهْدُوا مَنْ أَضَلَ اللَّهُ وَمَن يُصْلِلِ اللَّهُ فَلَن تَجِدَ لَهُ سَبِيلًا

'অতঃপর তোমাদের কী হলো যে, মুনাফিকদের সম্পর্কে তোমরা দুদল হয়ে গেলে? অথচ আল্লাহ তাআলা তাদেরকে ঘুরিয়ে দিয়েছেন তাদের মন্দ কাজের কারণে! তোমরা কি তাদেরকে পথপ্রদর্শন করতে চাও, যাদেরকে আল্লাহ পথস্রষ্ট করেছেন? আল্লাহ যাকে পথপ্রাস্ত করেন, তুমি তার জন্য কোনো পথ পাবে না।'\*

৬৩. সূরা আরাফ ৭ : ১৭২, ১৭৩

৬৪. সূরা নিসা ৪ : ৮৮

শাশ্বত দীনকে প্রত্যাখ্যান করে বিভ্রাম্ভি ও কৃফরির আঁধারে হুমড়ি খেয়ে পড়ার নেপথ্যে রয়েছে সীমাহীন পাপাচার। আল্লাহ তাআলা বলেন:

'এটা এ জন্য যে, তারা বিশ্বাস করার পর পুনরায় কাফির হয়েছে। ফলে তাদের অন্তরে মোহর মেরে দেয়া হয়েছে। অতএব তারা বোঝে না।'\*°

অতএব বোঝা গেল যে, কুফরি সবচেয়ে বড় গুনাহ, যা তাদেরকে অন্তরের ব্যাধিতে আক্রান্ত করে তার অনুগামী বানিয়ে ছেড়েছে।

আল্লাহ্ তাআলা আরও বলেন:

كَيْفَ يَهْدِي الله قَوْمًا كَفَرُواْ بَعْدَ إِيمَانِهِمْ وَشَهِدُواْ أَنَّ الرَّسُولَ حَقَّ وَجَاءهُمُ الْبَيِّنَاتُ وَاللهُ لاَ يَهْدِي الْقَوْمَ الظَّالِيينَ

'কেমন করে আল্লাহ এমন জাতিকে হেদায়েত দান করবেন, যারা ঈমান আনার পর এবং রাস্লকে সত্য বলে সাক্ষ্য দেয়ার পর এবং তাদের নিকট প্রমাণ এসে যাওয়ার পর কাফির হয়েছে। আর আল্লাহ জালেম সম্প্রদায়কে হেদায়েত দান করেন না।'

আল্লাহ তাআলা মানুষেব সামনে সত্যকে শুধু যে স্পষ্ট করে দিয়েছেন তাই নয়;
ববং স্পষ্ট করে দেওয়ার পাশাপাশি মানুষকে তার যাবতীয় সীমাবদ্ধতা কাটিয়ে
সত্যকে গ্রহণ করার সামর্থ্যও দিয়ে দিয়েছেন। এরপরেও যাদেরকে পার্থিব
জীবনের মোহ, সচ্ছলতা আর আত্ম-অহংকার অন্ধ বানিয়ে রেখেছে, তারা
অন্তরের ব্যাধিতে আক্রান্ত হয়ে এই বাস্তবতাকে ভুলে বসে আছে। এ কথার
দিকে ইন্নিত করে আল্লাহ তাআলা বলেন:

رَنُقَلِّبُ أَفْتِدَتَهُمْ وَأَبْصَارَهُمْ كَمَا لَمْ يُؤْمِنُواْ بِهِ أَوَّلَ مَرَّةٍ وَنَذَرُهُمْ فِي طُغْيَانِهِمْ بَعْمَهُونَ

৬৫, সুরা মুনাফিব্রুন ৬৩: ৩

৬৬, সূরা আলে ইনরান ৩ : ৮৬

'আমি ঘুরিয়ে দেবো তাদের অন্তর ও দৃষ্টিকে, যেমন তারা এর প্রতি প্রথমবার বিশ্বাস স্থাপন করেনি এবং আমি তাদেরকে তাদের অবাধ্যতায় উদ্ভ্রাস্ত ছেড়ে দেবো।'<sup>৯৭</sup>

তাই প্রত্যেকের এমন অন্ধের ভাগ্যবরণ হতে প্রতি মুহূর্তে সতর্ক থাকা উচিত যা তার নিকট হতে হক বা সত্যকে উপলব্ধি করার যোগ্যতা ছিনিয়ে নিতে উদ্গ্রীব। সতর্ক না হলে গুনাহের বাঁধভাঙা স্রোত তাকে সত্যের পথ ভুলিয়ে দিতে পারে বাকি জীবনের জন্য।

উল্লেখিত আয়াতসমূহ এটাই প্রমাণ করে যে গুনাইই এ সকল অন্তরের ব্যাধির মূল কারণ। আর এই ব্যাধি মানুষকে কোন পথে ঠেলে দেয় তা আল্লাহ তাআলাই বলে দিচ্ছেন:

'অতঃপর তারা যখন বক্রতা অবলম্বন করল, তখন আল্লাহ তাদেব অস্তরকে বক্র করে দিলেন। আল্লাহ পাপাচারী সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।'

আল্লাহ তাআলা অন্যত্রে বলেন:

أَفَرَأَيْتَ مَنِ اتَّخَذَ إِلَهَهُ هَوَاهُ وَأَضَلَّهُ اللهُ عَلَى عِلْمٍ وَخَتَمَ عَلَى سَمْعِهِ وَقَلْبِهِ وَجَعَلَ عَلَى بَصَرِهِ غِشَاوَةً فَمَن يَهْدِيهِ مِن بَعْدِ اللهِ أَفَلَا تَذَكَّرُونَ

'আপনি কি তার প্রতি লক্ষ করেছেন, যে তার খেযাল-খুশিকে শ্বীয় উপাস্য স্থির করেছে? আল্লাহ জেনেশুনে তাকে পথভ্রম্ভ করেছেন, তার কান ও অস্তরে মোহব এঁটে দিয়েছেন এবং তার চোখের ওপর রেখেছেন পর্দা। অতএব, আল্লাহর পর কে তাকে পথপ্রদর্শন করবে? তোমরা কি চিন্তাভাবনা করো নাং?'

৬৭, সুরা আনআম ৬ : ১১০

৬৮. সুরা সফ ৬১ : ৫

৬৯. সুরা যাসিয়া ৪৫ : ২৩

তিনি আরও বলেন:

অর্থাৎ মুনাফিকরা যখন মসজিদে যিরাব নির্মাণ করল। তখন থেকেই এই গুনাহ তাদেরকে সংশয়বাদ আব নিফাকের উত্তরাধিকার দিয়ে রেখেছে। তাই প্রতিটি মানুষকেই অন্তরের ব্যাধি বৃদ্ধি পাওয়ার মতো গুনাহগুলো নির্ণয় করে তা থেকে বেঁচে থাকতে হবে। তা না হলে একসময় হয়তো গুনাহগার ব্যক্তি তার গুনাহের কথা ভুলে যাবে। কিছু অন্তরের ব্যাধি ও তার মূল কারণগুলো সম্পর্কে সতর্ক না থাকার দক্রন সেই গুনাহের প্রভাবে অন্তরে ও সমাজে যে ব্যাধি সৃষ্টি হয়েছে তা রয়ে যাবে।

যেমন মনে করুন কেউ একটি বই লিখল। যে বইতে সে এমন জাতির কথা তুলে ধবল যাদেব অনুসবদের মধ্যে কোনো কল্যাণ নেই, অথবা ইসলামবিরোধী গোষ্টার প্রশংসা করল। এই বইটি যখন ছাপা হবে। প্রচার হবে। সমাজে এর একটি প্রভাব পড়বে। যদকেন মুসলিম যুবসমাজ বিভ্রান্ত হবে। এখন এই বইয়ের প্রকাশনা ও প্রচারণা যতদিন চলবে, এর প্রভাবও ততদিন বহাল থাকবে। গ্রন্থকার হয়তো একসময় তার দেখানো 'মন্দ পথ'টির কথা ভুলে যাবে। কিংবা মারা যাবে। কিন্তু তার লেখা গ্রন্থ মানুষকে বিভ্রান্ত করেই চলবে। তাই বৃদ্ধিমান ব্যক্তিমাত্ররই নিজের ব্যাপারে সতর্ক থাকা উচিত।

রাসূল 🎂-এর হাদীস দ্বারাও প্রতীয়মান হয় যে, গুনাহ মানুষের মাঝে অস্তরের ব্যাধি এবং নিফাক সৃষ্টি করে। রাসূল 🌞 বলেছেন,

مَنْ سَمِعَ النَّدَاءَ يَوْمَ الجُمُعَةِ فَلَمْ يَأْتِهَا ، ثُمَّ سَمِعَهُ فَلَمْ يَأْتِهَا ، ثُمَّ سَمِعَهُ فَلَمْ يَأْتِهَا طَبَعَ اللَّهُ عَلَى قَلْبِهِ ، وَجَعَلَ قَلْبَهُ قَلْبَ مُنَافِقٍ

'যে ব্যক্তি জুমআর আযান শুনে (জুমআয়) এল না। (পরের সপ্তাহে) পুনরায়

৭০, সূবা ভাওবা ১ - ১১০

জুমআর আযান শুনে এল না। তারপরে আবারও জুমআর আযান শুনে এল না, আল্লাহ তার অস্তরে মোহর মেরে দেন এবং তার অস্তরকে মুনাফিকের অস্তর বানিয়ে দেন।<sup>১৬</sup>

এমনিভাবে অস্তরে গুনাহর ফিতনা ছড়িয়ে যাওয়া সম্পর্কে আরও দুটি বিখ্যাত হাদীস রয়েছে। ফিতনা সম্পর্কিত এক দীর্ঘ হাদীসে রাসূল 🙊 বলেছেন,

تُعْرَضُ الْفِتَنُ عَلَى الْقُلُوبِ كَالْحَصِيرِ عُودًا عُودًا، فَأَيُّ قَلْبٍ أُشْرِبَهَا، نُكِتَ فِيهِ نُكْتَةً بَيْضَاءُ ، حَتَى فِيهِ نُكْتَةً بَيْضَاءُ ، حَتَى فِيهِ نُكْتَةً بَيْضَاءُ ، حَتَى تَصِيرَ عَلَى قَلْبَيْنِ، عَلَى أَبْيَضَ مِثْلِ الصَّفَا فَلَا تَضُرُّهُ فِتْنَةً مَا دَامَتِ السَّمَاوَاتُ تَصِيرَ عَلَى قَلْبَيْنِ، عَلَى أَبْيَضَ مِثْلِ الصَّفَا فَلَا تَضُرُّهُ فِتْنَةً مَا دَامَتِ السَّمَاوَاتُ وَالْأَرْضُ، وَالْآخِرُ أَسُودُ مُرْبَادًا كَالْكُوزِ، مُجَحِّيًا لَا يَعْرِفُ مَعْرُوفًا، وَلَا يُنْكِرُ مُنْكَرًا، إِلَّا مَا أُشْرِبَ مِنْ هَوَاهُ مَنْ هَوَاهُ

'চাটাই বুননের মতো এক এক করে ফিতনা মানুষের অন্তরে আসতে থাকে। যে অন্তর তা গেঁথে যায় তাতে একটি করে কালো দাগ পড়ে। আর যে অন্তর তা প্রত্যাখ্যান করবে তাতে একটি উজ্জ্বল দাগ পড়বে। এমনি করে দুটি অন্তব দু-ধরনের হয়ে যায়। একটি সাদা পাথরের ন্যায়; আসমান ও জমিন যতদিন থাকবে ততদিন কোনো ফিতনা তার কোনো ক্ষতি করতে পারবে না। আর অপরটি হয়ে যায় উল্টানো সাদা মিশ্রিত কালো কলসির ন্যায়, তার প্রবৃত্তির মধ্যে যা গেছে তা ছাড়া ভালো-মন্দ বলতে সে কিছুই চেনে না।"

আরেক হাদীসে রাসূল 🏨 বলেন,

إِنَّ العَبْدَ إِذَا أَخْطَأَ خَطِيئَةً نُكِتَتْ فِي قَلْبِهِ نُكْتَةٌ سَوْدَاءُ، فَإِذَا هُوَ نَزَعَ وَاسْتَغْفَرَ وَتَابَ سُقِلَ قَلْبُهُ، وَإِنْ عَادَ زِيدَ فِيهَا حَتَّى تَعْلُوَ قَلْبَهُ، وَهُوَ الرَّالُ الَّذِي ذَكَرَ اللَّهُ ''كَلاَّ بَلْ رَانَ عَلَى قُلُوبِهِمْ مَا كَانُوا يَكْسِبُونَ"

আত তারগীব ওয়াত তাবহহীব · ৭৩৫। উয়ব ইবনুল খাত্তাব 🚓 হতে। সনদ সহীহ। অধ্যায় : জৄয়আ।
 অনুচ্ছেদ : বিনা অজুহাতে জুয়আর নামাজ পবিত্যাগের ব্যাপারে সতর্কতা।

৭২ সহীহ মুসলিম : ১৪৪। হ্যাইফা 🚓 হতে। সনদ সহীহ। অধ্যায় : ঈমান। অনুচ্ছেদ : ইসলাম অপ্রিচিত হিসেবে শুরু হয়েছে এবং পুনরায় অপ্রিচিত হয়ে যাবে। আব তা দুই মসজিদের মাঝে আশ্রয় নেবে।

'বান্দা যখন কোনো গুনাই করে তখন তার হৃদয়ে একটি কালো দাগ পড়ে। পরে যখন সে গুনাই থেকে বিরত হয় এবং ক্ষমা প্রার্থনা করে ও তাওবা করে তখন তার হৃদয় উজ্জ্বল হয়ে যায়। কিন্তু সে যদি পুনরাবৃত্তি করে তবে কালো দাগ বৃদ্ধি পায়। এমনকি তার হৃদয়ের ওপর তা প্রবল হয়ে ওঠে। এই অবস্থাটিকেই আল্লাহ তাআলা রা'ন (মরচে পড়া) বলে উল্লেখ করেছেন : (کائوا پَکَشِیْنُونَ ) - 'কখনো নয়, বরং এদের কৃতকর্মের দরুন এদের হৃদয়ে জং ধরেছে।' (সূরা মুতাফ্ফিফীন ৮৩ : ১৪)।' ১°

এ সকল আয়াত ও হাদীস থেকে বোঝা যায় যে, প্রবৃত্তির ফিতনা মানুষকে সংকটাপন্ন পরিস্থিতির মুখে ঠেলে দেয়। গুনাহ মানুষের ধর্মীয় বিশ্বাসে আঁচড় কাটতে থাকে। তাই কেউ যেন এ কথা মনে না করে যে, আকণ্ঠ গুনাহে ডুবে থাকলেও তার ঈমান ঠিকই আছে! আর যে ব্যক্তি মনে করে যে, সম্ভাব্য সব অর্থহীন গুনাহে লিপ্ত থাকা সত্ত্বেও তার ঈমানের মধ্যে এর খারাপ প্রভাব না পড়া সম্ভব। তার এমন উদ্ভট ধারণা তাকে মারাত্মক এক নতুন আপদে গ্রেফতার করে রেখেছে। এ ধরনের লোকেরা আসলে আল্লাহর দেওয়া ইহকালীন ছাড় ভোগ করছে। যদকেন আপাত দৃষ্টিতে তারা আল্লাহর কৌশল বা ধরপাকড় হতে নিরাপদ রোধ করছে। এই ব্যাপারে আল্লাহ তাআলা স্বয়ং সতর্ক করে বলছেন:

قُلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَن تُصِيبَهُمْ فِتْنَةً أَوْ يُصِيبَهُمْ عَذَابُ أَلِيمُ 'অতএব যারা তাঁর আদেশের বিরুদ্ধাচরণ করে, তারা এ বিষয়ে সতর্ক হোক যে, বিপর্যায় তাদেরকে স্পর্শ করবে অথবা যন্ত্রণাদায়ক শাস্তি তাদেরকে গ্রাস করবে।'"

ফিতনার সবচেয়ে মন্দ দিক হলো আল্লাহ তাআলা ও তাঁর রাসূল ঞ্জ-এর বিরুদ্ধাচরণ এদেরকে নিফাক ও কৃষরি পর্যন্ত পৌঁছে দেয়।

আর আল্লাহর ধরপাকড় হতে নিরাপদ থাকার অর্থ হলো, আপনি গুনাহে লিপ্ত থেকেও এই ভয় করছেন না যে, আল্লাছ আযযা ওয়া জাল্লা দুনিয়া ও আথিবাতে আপনাকে শান্তি দেবেন। আর এই আশক্ষাও করছেন না, গুনাহের

৭৩. সুনানে তির্মিষি - ৩০০৪। আৰু হরাইরা 😩 হতে। সনদ হাসান সহীহ। অধ্যায় : তাফসীর অনুচ্ছেদ : সূরা ওয়াইলুল লিল মুভাফফিফীন।

৭৪. সুরা নুর ২৪: ৬০

অন্তভ পরিণামে আল্লাহ তাআলা আপনার অন্তর্দৃষ্টি কেড়ে নিতে পারেন। অর্থাৎ ভালোমন্দ বোঝার ক্ষমতা ছিনিয়ে নিতে পারেন। যেমন : কেউ তাঁর দুচোখ আল্লাহর নির্ধারিত হারাম কাজে লিপ্ত রেখে এই কথা বলে যে, এতে আমার ঈমানের ওপর কোনো খারাপ প্রভাব পড়ে না। অর্থাৎ গুনাহ করলে কী হবে, আমার ঈমান ঠিক আছে। তাদের জন্য আব্দুল্লাহ বিন মাসউদ 🚓 এর বাণী,

الْكَبَائِرُ: الْإِشْرَاكُ بِاللَّهِ وَالْأَمْنُ مِنْ مَكْرِ اللهِ وَالْقُنُوطُ مِنْ رَحْمَةِ اللَّهِ وَالْيَأْسُ مِنْ رَوْجِ اللَّهِ

'কবীরা গুনাহ হলো, আল্লাহর সাথে শিরক করা, আল্লাহর ধরপাকড় হতে নিজেকে নিরাপদ মনে করা (নির্ভয় থাকা), আল্লাহর রহমত হতে হতাশ হওয়া এবং তাঁর প্রশস্ততা হতে নিরাশ হওয়া।'°

মোদ্দাকথা হলো গুনাহ মানুষের অস্তরে ব্যাধি সৃষ্টি করে। অন্তরের ব্যাধি মানুষকে দীনের ব্যাপারে সংশয়ে ফেলে দেয়। আর সংশয়বাদ মানুষের মাঝে নিফাকের প্রথম বীজ। যা থেকে নিফাকের অন্যান্য আলামতগুলো প্রকাশ পেতে থাকে।

আর বক্ষ্যমাণ গ্রন্থের বহু জায়গায় ধারাবাহিকভাবে আমরা তার প্রমাণ দেবো ইনশাআল্লাহ।

## গুনাহ কীজাবে মানুষের অন্তরে ব্যাধি এবং সংশয় সৃষ্টি করে?

গুনাহগার ব্যক্তি তার অন্তরে তিনবার ঈমানের আহ্বান উপলব্ধি করে থাকে। গুনাহে লিপ্ত হওয়ার আগে, যখন সে গুনাহের ইচ্ছা করে। গুনাহ করার সময়। এবং গুনাহের পরে কৃতকর্মের জন্য অনুতাপ বোধ করে। তবে ঈমানের আহ্বান ও বাধা উপেক্ষা করে মানুষ যখন গুনাহ করতে থাকে, তখন তার ঈমান অন্তঃসারশূন্য হয়ে পড়ে। আর এই সুযোগে গুনাহ তার অন্তরে আত্বার ব্যাধি আর সংশয়ের বীজ বুনে দেয়।

৭৫, মজমাউজ জাওয়াইদ : ৩৯২ , সনদ সহীহ। এ ছাড়াও তাফসীরে ইবনে কাসীর ২/২৪৪ পৃষ্ঠার সূবা নিসা ৪ : ৩১ এর ব্যাখ্যায় সহীহ সনদে ভিন্ন মতনে একই বজবা রয়েছে।

যেমন: দেখা যায় যায় যে একজন গুনাহগার ব্যক্তি প্রথম প্রথম গুনাহের দর্কন আল্লাহর পক্ষ হতে কোনো আযাব বা শাস্তি না আসায় আল্লাহ রহমানুর রহীমের দয়া ও অনুগ্রহের প্রশংসা করে থাকে। কিন্তু বারবার গুনাহ করার পরেও যখন আল্লাহ তাকে ছাড় দেন। আল্লাহ তাআলার পক্ষ হতে কোনো আযাব-গযব আসে না। তখন তার মধ্যে সাওয়াব ও শাস্তির বাস্তবতা ও সত্যতা নিয়ে সংশয় জাগতে শুকু করে।

আপনি কি খেয়াল করে দেখেছেন, যখন শিশুকে তার ভূলের জন্য ধমক দেয়া হয় তখন সে প্রথম প্রথম ভয় পায়। কিন্তু কিছুদিন পরে যখন সে লক্ষ্ণ করে যে, তার বাড়াবাড়ির জন্য শুধু ধমকই দেওয়া হয়। কার্যত কোনো শাস্তি তাকে পেতে হচ্ছে না। তখন তার সাহস বেড়ে যায়। এবং সে ধমকের মধ্যে যেসব শাস্তির কথা বলা হয়, তার প্রতি সন্দিহান হয়ে প্রঠে। যার ফলাফলস্বরূপ তার দৌরাব্যা বাড়তে থাকে।

রাসূল ্ব্রু-এর সাথে ইয়াহদীদের প্রহসনমূলক সালামের হাদীসটি নিশ্চয়ই আপনার জানা আছে। একজন ইয়াহদী এসে নিয়মমাফিক সালাম না দিয়ে বলল, 'এই বিটা' যার অর্থ 'আপনার অমঙ্গল হোক'। প্রথম, দ্বিতীয় ও তৃতীয়জনের এ রকম বেয়াদবির পরে আশ্মাজান আয়িশা 🚓 সমুচিত জবাব দেন।"

এ ধরনের বেয়াদবির পরও আল্লাহ তাআলার পক্ষ হতে আযাব বা শাস্তি না আসায় তাদের মনে রাসূল ্রী-এর নবুওয়াত সম্পর্কে সংশয় সৃষ্টি হয়। অথচ দ্বমান না আনলেও এর আগে তারা তার নবুওয়াতের ব্যাপারে দৃঢ় বিশ্বাস পোষণ করত। এদিকে ইন্ধিত করে আল্লাহ তাআলা বলেন:

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نُهُوا عَنِ النَّجُوى ثُمَّ يَعُودُونَ لِمَا نُهُوا عَنْهُ وَيَتَنَاجُونَ بِالْإِثْمِ وَالْعُدُوانِ وَمَعْصِيَتِ الرَّسُولِ وَإِذَا جَاؤُوكَ حَيَّوْكَ بِمَا لَمْ يُحَبِّكَ بِهِ اللهُ وَيَقُولُونَ في أَنفُسِهِمْ لَوْلَا يُعَدِّبُنَا اللهُ بِمَا نَقُولُ حَسْبُهُمْ جَهَنَّمُ يَصْلَوْنَهَا فَبِئْسَ الْمَصِيرُ في أَنفُسِهِمْ لَوْلَا يُعَدِّبُنَا اللهُ بِمَا نَقُولُ حَسْبُهُمْ جَهَنَّمُ يَصْلُونَهَا فَبِئْسَ الْمَصِيرُ على الله الله على الله الله على ا

৭৬, মুসনাদে আহনাদ : ২৫০২৯। আয়িশা 🚓 হতে। সনদ সহীহ। অধ্যায় - মুসনাদে আয়িশা 🚓 ।

রাস্লের অবাধ্যতার বিষয়েই কানাঘুষা করে। তারা যখন আপনার কাছে আসে, তখন আপনাকে এমন ভাষায় সালাম করে, যদ্ধারা আল্লাহ আপনাকে সালাম করেননি। তারা মনে মনে বলে, আমরা যা বলি, তজ্জন্যে আল্লাহ আমাদেরকে শাস্তি দেন না কেন? জাহালামই তাদের জন্যে যথেষ্ট। তারা তাতে প্রবেশ করবে। কতই-না নিকৃষ্ট সেই জায়গা।'<sup>19</sup>

অর্থাৎ তারা নিজেরা বলাবলি করত যে, তিনি যদি আসলেই নবী হয়ে থাকেন তবে তার উদ্দেশ্যে এমন বেয়াদকিমূলক কথা বলার পরেও আল্লাহ আমাদের ওপর আ্যাব পাঠালেন না কেন?

## পক্ষান্তরে ইবাদাত ও আনুগত্য মানুষের মাঝে দৃঢ় বিশ্বাস তৈরি করে

গুনাহ ও গুনাহগারের বিপরীতে একজন অনুগত বান্দা তার ঈমানের ডাকে সাড়া দিয়ে নেক আমলের প্রতি ঝুঁকে যায়। অতঃপর সে তা বাস্তবে আমল করে দেখায়। এবং নেক আমল করতে পারায় নিজেকে ধন্য মনে করে।

আল্লাহু মালিকুত তাওফীক বলেন :

وَمَثَلُ الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمُ ابْتِغَاء مَرْضَاتِ اللهِ وَتَثْبِيتًا مِّنْ أَنفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ أَصَابَهَا وَابِلُ فَآتَتْ أَكُلَهَا ضِعْفَيْنِ فَإِن لَمْ يُصِبْهَا وَابِلُ فَطَلُّ وَالله بِمَا تَعْمَلُونَ بَصِيرً

'যারা আল্লাহর রাস্তায় স্থীয় ধন-সম্পদ ব্যয় কবে আল্লাহর সম্বৃষ্টি অর্জনের লক্ষ্যে এবং নিজের মনকে সুদৃঢ় করার জন্যে তাদের উদাহরণ টিলায় অবস্থিত বাগানের মতো, যাতে প্রবল বৃষ্টিপাত হয়; অতঃপর দ্বিগুণ ফসল দান করে। যদি এমন প্রবল বৃষ্টিপাত নাও হয়, তবে হালকা বর্ষণই যথেষ্ট। আল্লাহ তোমাদের কাজকর্ম যথার্থই প্রত্যক্ষ করেন।"

৭৭. স্বা মুজাদালাহ ৫৮:৮

৭৮, সূরা বাকারা ২ : ২৬৫

আল্লাহর রাস্তায় সম্পদ ব্যয় তাদের ঈমানকে মজবুত করে। তিনি আরও বলেন :

وَلَوْ أَنَّا كَتَبْنَا عَلَيْهِمْ أَنِ اقْتُلُواْ أَنفُسَكُمْ أَوِ اخْرُجُواْ مِن دِيَارِكُم مَّا فَعَلُوهُ إِلاَّ قَلِيلٌ مِّنْهُمْ وَلَوْ أَنَّهُمْ فَعَلُواْ مَا يُوعَظُونَ بِهِ لَكَانَ خَيْرًا لَهُمْ وَأَشَدَّ تَثْبِيتًا

'আর যদি আমি তাদের নির্দেশ দিতাম যে, নিজেদের প্রাণ ধ্বংস করে দাও কিংবা নিজেদের নগরী ছেড়ে বেরিয়ে যাও, তবে তারা তা করত না; অবশ্য তাদের মধ্যে অল্প কয়েকজন। যদি তারা তা-ই করে যা তাদের উপদেশ দেয়া হয়, তবে তা অবশ্যই তাদের জন্য উত্তম এবং তাদেরকে নিজের ধর্মের ওপর সুদৃঢ় রাখার জন্য তা উত্তম হবে।'

উমান ও নিফাক উভয় ক্ষেত্রেই বান্দা আল্লাহ তাআলার মুখাপেক্ষী। তিনি যার অন্তরে ইচ্ছা উমানের নূর দান করেন। আর যাকে ইচ্ছা বিভ্রান্তির আঁধারে ছুড়ে ফেলে দেন।

আম্লাহ তাআলা বলেন:

وَيَزِيدُ اللّٰهُ الَّذِينَ اهْتَدَوْا هُدًى وَالْبَاقِيَاتُ الصَّالِحَاتُ خَيْرٌ عِندَ رَبِّكَ ثَوَابًا وَخَيْرٌ مَرَدًّا

'যারা সংপথে চলে আল্লাহ তাদের পথপ্রাপ্তি বৃদ্ধি করেন এবং স্থায়ী সংকর্মসমূহ তোমার পালনকর্তার কাছে সাওয়াবের দিক দিয়ে শ্রেষ্ঠ এবং প্রতিদান হিসেবেও শ্রেষ্ঠ।'

আমরা আমাদের কর্মফল অনুযায়ী নিজেদের অস্তরে হিদায়াতের পরশ বা শুমরাহীর ঘনঘটা অনুভব করে থাকি। তবে হিদায়াত ও বিভ্রান্তির শুরু এবং শেষ পুরোটাই আল্লাহ তাআলার হাতে।

৭৯, সূরা নিসা ৪ : ৬৬

৮০, সরা বাবঈয়য় ১৯ : ৭৬

আল্লাহ তাআলা বলেন:

## لَا يُسْأَلُ عَمَّا يَفْعَلُ وَهُمْ يُسْأَلُونَ

'তিনি যা করেন, তৎসম্পর্কে তিনি জিজ্ঞাসিত হবেন না এবং তাদেরকে জিজ্ঞেস করা হবে।'''

গুনাহ এবং সংশয়ের মধ্যে ওতপ্রোত সম্পর্ক বুঝতে পারার পর গুনাহগার ব্যক্তি যখন বলে, 'গুনাহ করার পরও তার অস্তরে পূর্ণ ঈমান রয়েছে'; তখন আমরা সহজেই ধরতে পারি যে, তার এই দাবি একেবারেই অমূলক।

আমি এক সংশয়বাদীকে চিনি। যিনি ভালোমন্দ মিলিয়ে কঠিন ফিতনার গ্যাঁড়াকলে আটকা পড়ে আছেন। তাকে এসব উল্টাসিধা কাজকর্ম ছেড়ে দেওয়ার উপদেশ দিলাম। তিনি আমার উপদেশ উপেক্ষা করে যা জানালেন তা হলো, বর্তমান সমাজে সম্মানজনক জীবনব্যবস্থা সামলে চলতে যে বিপুল পবিমাণ অর্থের প্রয়োজন; তার জোগান দেওয়ার স্বার্থে হলেও তার পক্ষে চলমান অবস্থা থেকে বেরিয়ে আসা সম্ভব নয়। এর অল্পদিন পরেই তিনি ই-মেইল মারফত আমাকে অবহিত করেন যে, তার ঈমান চরম সংকটপূর্ণ অবস্থায় রয়েছে। তিনি নিজেকে খাঁটি মুনাফিক বলে উপলব্ধি করতে শুরু করেছেন। এখন সে সংশয়বাদ নিয়ে রাস্ল ্ক্র—এর সতর্কবাণীগুলো শুনে শুনে নিজের সমস্যার সমাধানের চেষ্টা করছেন।

আপনি কি বেপর্দা ও অঙ্গসজ্জা দেখিয়ে বেড়ানো নারীদের বিষয়টা লক্ষ করেছেন? প্রথম প্রথম তারা নিজেদের গুনাহকে শ্বীকার করে এবং এর থেকে ফিরে আসার ব্যাপারে সবার কাছে দুআ চেয়ে থাকে। এর কিছুদিন পরে তারা বলে বেড়ায় যে, হিজাব বা পর্দা আসলে কিছুই না। আর পর্দা না করে আমি কোনো ফরজ ছেড়ে দিছি না। অর্থাৎ এটা ফরজ বা জরুরি কিছু নয়। এর কিছুদিন পর তারা পর্দারতী নারীদের নানা দোষক্রটি খুঁজে বের করে সেসব উল্লেখ করে হিজাব বা পর্দার সমালোচনা শুরু করে। আর নিজেকে তাদের চেয়ে ভালো বলে ঘোষণা দিয়ে বেড়ায়। তার কিছুদিন পর শুরু হয় নতুন কথা। এবার তারা হিজাব ও পর্দা এবং এর বিধানকে অবজ্ঞা করে বলে বেড়ায় যে, 'আপনারা কি আমাদের 'চলমান তাঁব্' বানিয়ে রাখতে চান?'

৮১. সূরা আম্বিয়া ২১ : ২৩

পাঠক, আপনি এই সকল নারীর দীনের বিধানকে অবজ্ঞা করার স্তর পর্যন্ত আসার পর্যায়ক্রম অবস্থাগুলো আবার কল্পনা করে দেখুন। একসময় সে গুনাহকে গুনাহ বলে শ্বীকার করে দুআ চাইত। আর এখন সে শরীয়তের হুকুমকে অশ্বীকার ও অবজ্ঞা কবে তার বিৰুদ্ধে কথা বলছে! এ সবই তার গুনাহের মধ্যে ডুবে থাকার কুফল। যা তার অন্তর্দৃষ্টিকে সংশয় ও নিফাকের কালো চাদর দিয়ে ঢেকে দিয়েছে। অতএব বুদ্ধিমান পুরুষ ও বৃদ্ধিমতী নারীমাত্রই সাবধান!

### যে তার সংশয় দূর করতে চায়

যে ব্যক্তি তার অন্তরের সন্দেহ-সংশয় দূর করতে চায়, তার প্রথম কাজ হলো
দূআ করা। কারণ, মানুষের অন্তর আল্লাহ তাআলার দু-আঙুলের মাঝে। তিনি
যেতাবে ইচ্ছা তা পরিবর্তন করতে পারেন। এক হাদীসে কুদসীতে এসেছে,
আল্লাহ তাআলা বলেন,

# يًا عِبَادِي كُلُّكُمْ ضَالًا إِلَّا مَنْ هَدَيْتُهُ، فَاسْتَهْدُونِي أَهْدِكُمْ

'হে আমার বান্দাগণ, আমি যাকে হিদায়াত দান করি সে ব্যতীত তোমরা সকলেই পথভ্রষ্ট। তোমরা আমার কাছে হিদায়াত চাও। আমি তোমাদের হিদায়াত দান করব।'<sup>১২</sup>

ঘিতীয় কর্তব্য হলো বিচক্ষণ উলামায়ে কেরামের দ্বারস্থ হওয়া। বিখ্যাত তাবেয়ী আবু যহহাক বিন ফাইরুয় আদ–দাইলামী 🚇 বলেন,

وَقَعَ فِي نَفْسِي شَيْءٌ مِنْ هَذَا الْقَدَرِ، خَشِيتُ أَنْ يُفْسِدَ عَلَيَّ دِينِي وَأَمْرِي، فَأَتَيْتُ أَنْ يُفْسِدَ عَلَيَّ دِينِي وَأَمْرِي، فَأَتَيْتُ أَبِيَ بُنَ كَعْبٍ، فَقُلْتُ: أَبَا الْمُنْذِرِ، إِنَّهُ قَدْ رَقَعَ فِي نَفْسِي شَيْءً مِنْ هَذَا الْقَدَرِ، فَخَشِيتُ عَلَى دِينِي وَأَمْرِي، فَحَدَّثْنِي مِنْ ذَلِكَ بِشَيْءٍ، لَعَلَّ اللّهَ هَذَا الْقَدَرِ، فَخَشِيتُ عَلَى دِينِي وَأَمْرِي، فَحَدَّثْنِي مِنْ ذَلِكَ بِشَيْءٍ، لَعَلَّ اللّهَ أَنْ يَنْفَعَنِي بِهِ

৮২, সঙ্গীত মুসলিম : ২৫৭৭। আবু যর গিফারী 😩 হতে। অধ্যায় : সদ্মবহার, আর্মীয়তা রক্ষা ও শিষ্টাচার। অনুচ্ছেদ : জুসুম হারাম।

'আমার মনে এই তাকদীর সম্পর্কে কিছুটা সন্দেহ দানা বাঁধে। তাই আমি এই ভেবে শক্ষিত হই যে, তা আমার দীন ও অন্যান্য কার্যক্রম নষ্ট করে দেয় কি না। তাই আমি উবাই ইবনু কাব ﷺ –এব নিকট উপস্থিত হয়ে বললাম, হে আবৃল মুন্যির! আমার মনে এই তাকদীর সম্পর্কে কিছুটা সন্দেহ দানা বেঁধেছে, তাই আমি এই ভেবে শক্ষিত হই যে, তা আমার দীন ও অন্যান্য কার্যক্রমকে নষ্ট করে দেয় কি না। অতএব এ সম্পর্কে আমাকে কিছু বলুন। আশা করি আল্লাহ তা দারা আমার উপকার করবেন। ১৮০

এখানে লক্ষণীয় বিষয় ইবনু দাইলামী এ নিজের অন্তরে সংশয় দেখা দেওয়ার পর তাকে অন্তরের ক্ষতি করার সুযোগ দেননি। বরং একজন সাহাবীর কাছে ছুটে গিয়েছেন। যেন রাসূল ্ক্র-এর অহীর ইলম শুনে নিজের সন্দেহ দূর করতে পারেন।

## ঈমানদারের অন্তরে বিভিন্ন ধারণার উদ্রেক হওয়া স্থায়ী সংশয় নয়

এতক্ষণ যে বিষয় নিয়ে আলোচনা হলো তা হলো, গুনাহের কারণে দীন ও দীনি বিষয়ে অন্তরে সংশয় সৃষ্টি হওয়া। শয়তানের কুমন্ত্রণা বা ওয়াসওয়াসা এই আলোচনার বিষয় নয়। কেননা, শয়তানের পক্ষ হতে মুমিনের মনে ঢেলে দেওয়া এসব কুমন্ত্রণা আল্লাহ তাআলা দূর করে দেন।

আল্লাহ তাআলা বলেন,

إِنَّ الَّذِينَ اتَّقُواْ إِذَا مَسَّهُمْ طَائِفٌ مِّنَ الشَّيْطَانِ تَذَكَّرُواْ فَإِذَا هُم مُّبْصِرُونَ 'যাদের মনে ভয় রয়েছে, তাদের ওপর শয়তানের আগমন ঘটার সাথে সাথেই তারা সতর্ক হয়ে যায় এবং তখনই তাদের বিবেচনাশক্তি জাগ্রত হয়ে ওঠে।'\*'

৮৩ সুনানে ইবনে মাজাহ : ৭৭। সনদ সহীহ। অধ্যায় : ভূমিকা। অনুচ্ছেদ : তাকদীর ৮৪. সুরা আরাফ ৭ : ২০১

আবু হুরাইরা 🚓 বলেন :

جَاءَ نَاسٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَسَأَلُوهُ: إِنَّا نَجِدُ فِي أَنْهُ سِنَا مَا يَتَعَاظُمُ أَحَدُنَا أَنْ يَتَكُلَّمَ بِهِ، قَالَ: "وَقَدْ وَجَدْنُمُوهُ؟ قَالُوا: نَعَمْ، قَالَ: ذَاكَ صَرِيحُ الْإِيمَانِ

'নবী ্ক্ল-এর কতিপয় সাহাবী তাঁর সমীপে এসে বললেন, আমাদের অন্তরে এমন কিছু সংশয়ের উদয় হয়, যা আমাদের কেউ মুখে উচ্চারণ করতেও মারাত্মক মনে করে। রাস্লুলাহ ক্লু উত্তরে বললেন, সত্যই তোমাদের তা হয়? তারা জবাব দিলেন, জি, হ্যাঁ। রাস্লুলাহ ক্লু বললেন, এটাই স্পষ্ট ঈমান। (কারণ, ঈমান আছে বলেই সে সম্পর্কে ওয়াসওয়াসা ও সংশয়কে মারাত্মক মনে করা হয়।)'"

আব্দুল্লাহ ইবনু আব্বাস 🚓 বলেন,

جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللهِ، إِنِّي أُحَدَّثُ نَفْسِي بِالشَّيْءِ، لَأَنْ أَخِرَ مِنَ السَّمَاءِ أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أَتَكَلَم بِهِ، قَالَ: فَفْسِي بِالشَّيْءِ، لَأَنْ أَخِرَ مِنَ السَّمَاءِ أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أَتَكَلَم بِهِ، قَالَ: فَقَالَ النَّهِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: « الله أَكْبَرُ، اللهُ الْمَسْوَسَةِ

'রাসূল এএর কাছে একজন লোক আগমন করে বলল, আমার মনে কখনো এমন কথার উদয় হয়, যা উচ্চারণ করার চেয়ে আগুনে পুড়ে কয়লা হয়ে যাওয়া আমার কাছে বেশি ভালো মনে হয়। রাসূল এ বললেন, আল্লাহু আকবার, আল্লাহু আকবার, আল্লাহু আকবার, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য যিনি এই বিষয়টিকে নিছক একটি মনের ওয়াসওয়াসা (কুমন্ত্রণা) হিসাবে নির্ধারণ করেছেন।'

৮৫. সহীহ মুসলিম · ১৩২। অধ্যায় : ঈমান। অনুচ্ছেদ : ঈমানের মধ্যে কুমশ্রণা সৃষ্টি হওয়া এবং যে তা টেব পাবে সে যা বলবে।

৮৬, মুসনাদে আহমাদ : ২০১৭। সন্দ সহীহ। অধ্যায় : মুসনাদে আব্দুল্লাহ ইবনু আব্বাস 🚓।

আরেক হাদীসে রাসূল 🐞 বলেন,

لَا يَزَالُ النَّاسُ يَتَسَاءَلُونَ حَتَّى يُقَالَ: هَذَا خَلَقَ اللهُ الْخُلْقَ، فَمَنْ خَلَقَ الله؟ فَمَنْ وَجَدَ مِنْ ذَلِكَ شَيْئًا، فَلْيَقُلْ: آمَنْتُ بِاللهِ

'মানুষের মনে নানা প্রশ্নের উদয় হয়। একপর্যায়ে এমন প্রশ্নেরও সৃষ্টি হয় যে, এ সৃষ্টিজগৎ তো আল্লাহ সৃষ্টি করেছেন, তাহলে কে আল্লাহকে সৃষ্টি করেছে? রাস্লুল্লাহ 🅸 বলেন, যার অন্তরে এমন প্রশ্নের উদয় হয়, সে যেন বলে, "আমি আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করেছি।" 😭

#### উদসংহার

যারা এমন বন্ধুবান্ধবের সাথে চলেন যাদের মন্দভাগ তার দীনের মধ্যে সংশয় তৈরি করে আর উত্তমভাগ হিদায়াতের দিকে আহ্বান করে; তাদের জন্য ইবনুল জারীর তাবারী ও ইবনুল মুনজির এ—এর পক্ষ থেকে একটি হাদীস তুলে ধরলাম। হাদীসটি তারা কাতাদা এ হতে বর্ণনা করেছেন,

وَذُكِرَ لَنَا أَنَ نَبِيَ اللهِ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ كَانَ يَضْرِبُ مَثَلًا لِلْمُؤْمِنِ وَالْمُنَافِقِ وَالْكَافِرِ ، كَمَثَلِ رَهْطٍ ثَلَاثَةٍ دَفَعُوا إِلَى نَهْرٍ ، فَوَقَعَ الْمُؤْمِنُ فَقَطَعَ ، ثُمَّ وَقَعَ الْمُنَافِقُ حَتَى إِذَا كَادَ يَصِلُ إِلَى الْمُؤْمِنِ ، نَادَاهُ الْكَافِرُ: أَنْ هَلُمَّ إِلَيَّ فَإِنَّ عِنْدِي وَعِنْدِي , غَطْمِي فَإِنِّ أَخْشَى عَلَيْكِ ، وَنَادَاهُ الْمُؤْمِنُ: أَنْ هَلُمَّ إِلَيَّ فَإِنَّ عِنْدِي وَعِنْدِي , يُحْصِي لَهُ مَا عِنْدَهُ وَمَا زَالَ الْمُنَافِقُ يَتَرَدَّدُ بَيْنَهُمَا حَتَى أَنَى عَلَيْهِ الْمَاءُ فَعَرَّقَهُ ، وَإِنَّ الْمُنَافِقُ يَتَرَدَّدُ بَيْنَهُمَا حَتَى أَنَى عَلَيْهِ الْمَاءُ فَعَرَّقَهُ ، وَإِنَّ الْمُنَافِقُ يَتَرَدَّدُ بَيْنَهُمَا حَتَى أَنَى عَلَيْهِ الْمَاءُ فَعَرَّقَهُ ، وَإِنَّ الْمُنَافِقُ لَمْ يَزَلْ فِي شَكً وَشُبْهَةٍ حَتَى أَتَى عَلَيْهِ الْمَوْتُ وَهُو كَذَلِكَ

'আমাদেবকে বলা হয়েছে যে রাসূল 🌦 মুমিন, মুনাফিক ও কাফিরের একটি দৃষ্টান্ত দিতেন। যেমন : তিন ব্যক্তি একটি নদীর তীরে এসে পৌঁছল। মুমিন ব্যক্তি নদীতে নামল এবং অপর তীরে গিয়ে পৌঁছল। এবপর মুনাফিক নদীতে

৮৭, সহীহ মুসলিম : ১৩৪। আবু হুবাইরা 🦚 হতে। অধ্যায় : ঈমান অনুচ্ছেদ , ঈমানের মধ্যে কুমন্ত্রণা সৃষ্টি হওয়া এবং যে তা টের পাবে সে যা বলবে।

নামল এবং মুমিন ব্যক্তির কাছাকাছি পৌঁছে গোল। তখন অপর পার হতে কাফির লোকটি তাকে ডেকে বলল, 'আমার নিকট ফিরে আসো, আমার নিকট ফিরে আসো, আমি তোমার জন্য আশন্ধা করছি।' অপর তীর থেকে মুমিন তাকে ডেকে বলছিল, 'আমার নিকট আসো, আমার নিকট সুখ–শাস্তি আছে।' সে মুমিনের জন্য প্রতিশ্রুত নিআমতের কথা বলে তাকে ডাকছিল। মুনাফিক ব্যক্তি দিধাদন্দে ভূগতে লাগল। এমন সময় পানির স্রোত এসে তাকে ডুবিয়ে দিলো। মুনাফিক সব সময়ই দ্বিধাদন্দে ভোগে। আর এই অবস্থায়ই তার মৃত্যু হয়।'

#### 2

### কুরআন-সুনাহর বিধান পরিহার করা

মূল কারণ : নিফাকের আলামত বা মুনাফিকের স্বভাবগুলোর যে ধারাবাহিক আলোচনা আমরা করছি, তার অন্যতম একটি হচ্ছে আল্লাহ ও তাঁর রাসূল ্ক্র-এর বিধিবিধানকে পরিত্যাগ করা। এর মূলে রয়েছে পূর্বে বর্ণিত সংশয়। রয়েছে গুনাহের দরুন অন্তরে বাসা বাঁধা ব্যাধির প্রভাব।

আল্লাহ তাআলা বলেন:

أَفَحُكُمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ

'তারা কি জাহিলিয়াত আমলের ফয়সালা কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্যে উত্তম ফয়সালাকারী কে?'৮

এভাবেই তাদের বিশ্বাস ক্ষয় হয়। সন্দেহ সৃষ্টি হয়। আর জাহিলী যুগের নিয়মকানুনের প্রতি তাদের আগ্রহ সৃষ্টি হয়।

৮৮. তাফসীরে তাবারী: ৭/৬১৬। সূরা নিসার ৪: ১৪৩ এর ব্যাখ্যায়। তাফসীরে ইবনে কাসীর: ২/৩৯০। একই আয়াতের খ্যাখ্যায়। তাফসীরে তাবারীর সনদ সহীহ। কাতাদা 🚵 এর দিকে সনদের ইঙ্গিত থাকলে আব্দুল্লাহ ইবনু মাসউদ 😂 -এর পক্ষ হতে হাদীসটি মুরসাল। উমদ্যকৃত তাফসীর: ১/৫৯১। ৮৯. সুরা মায়েদা ৫: ৫০

আল্লাহ তাআলা বলেন :

وَإِذَا دُعُوا إِلَى اللَّهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ إِذَا فَرِيقٌ مِّنْهُم مُعْرِضُونَ (٤٨) وَإِن يَكُن لَهُمُ الْحُقُ يَأْتُوا إِنهِ مُذْعِنِينَ (٤٩) أَفِي قُلُوبِهِم مَّرَضٌ أَمِ ارْتَابُوا أَمْ يَخَافُونَ أَن يَجِيفَ اللَّهُ عَلَيْهِمْ وَرَسُولُهُ بَلْ أُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ (٥٠)

'তাদের মধ্যে ফয়সালা করার জন্য যখন তাদেরকে আল্লাহ ও রাস্লের দিকে আহ্বান করা হয় তখন তাদের একদল মুখ ফিরিয়ে নেয়। সত্য তাদের স্বপক্ষে হলে তারা বিনীতভাবে রাস্লের কাছে ছুটে আসে। তাদের অন্তরে কি রোগ আছে? না তারা ধোঁকায় পড়ে আছে? না তারা ভয় করে যে, আল্লাহ ও তাঁর রাস্ল তাদের প্রতি অবিচার করবেন? বরং তারাই তো অবিচারকারী?''

বোঝা গেল যে, তাদের এই শরীআহ-বিমুখ চিস্তাভাবনা তাদের মধ্যে থাকা সংশয় ও অস্তরের ব্যাধিরই পার্শ্বপ্রতিক্রিয়া।

আল্লাহ তাআলা বলেন:

وَأَنِ احْكُم بَيْنَهُم بِمَا أَنزَلَ اللّٰهُ وَلاَ تَتَبِعُ أَهْوَاءهُمْ وَاحْذَرْهُمْ أَن يَفْتِنُوكَ عَن بَعْضِ مَا أَنزَلَ الله إلَيْكَ فَإِن تَوَلَّوْاْ فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ الله أَن يُصِيبَهُم بِبَعْضِ دُنُوبِهِمْ وَإِنَّ كَثِيراً مِّنَ النَّاسِ لَفَاسِقُونَ

'আর আমি আদেশ করছি যে, আপনি তাদের পারস্পরিক ব্যাপারাদিতে আল্লাহ যা নাযিল করেছেন তদনুযায়ী ফয়সালা করুন; তাদের প্রবৃত্তির অনুসরণ করবেন না এবং তাদের থেকে সতর্ক থাকুন যেন তারা আপনাকে এমন কোনো নির্দেশ থেকে বিচ্যুত না করে, যা আল্লাহ আপনার প্রতি নাযিল করেছেন। অনন্তর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে নিন, আল্লাহ তাদেরকে তাদের গোনাহের কিছু শাস্তি দিতেই চেয়েছেন। মানুষের মধ্যে অনেকেই নাফরমান।'"

৯০, সুরা নুর ২৪ : ৪৮-৫০

भृता भारतमा द : 8%

এ থেকে স্পষ্ট হলো যে, তাদের এই অন্তরের রোগ তাদের ইতিপূর্বের গুনাহের কুফল ছাড়া আর কিছু নয়।

দীনের ব্যাপাবে সংশয় মুনাফিককে পুরোদন্তর পার্থিব জীবনমুখী ও বস্তবাদী বানিয়ে দেয়। তখন সে আল্লাহর হুকুম কিংবা আখিরাতমুখী জীবনের মাঝে ভালো কিছু দেখতে পায় না। শয়তান তাকে এই ধোঁকা দেয় যে, খাহিশাত তথা প্রবৃত্তির আনুগত্যে পার্থিব জীবনের যাবতীয় কল্যাণ নিহিত রয়েছে। মুনাফিকরা শৌভলিকদের সাথে সম্পর্ক রাখার কারণে তাদের বিরুদ্ধে আল্লাহ তাআলার দীনের পক্ষ নিয়ে যুদ্ধকে এড়িয়ে যেতে উদ্গ্রীব থাকে। শুধু তা–ই নয়; তারা তা এমনভাবে প্রকাশ করে যে, যেন আল্লাহ ও তাঁর রাস্লের বিধানের সাথে তাদের কোনো সম্পর্কই নেই। এটা অবশ্যই তাদের মুর্খতার একটি বড় পরিচয়।

# তাদের মিখ্যা অজুহাত

আল্লাহ তাআলা বলেন:

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنزِلَ إِلَيْكَ وَمَا أُنزِلَ مِن قَبْلِكَ مُو الْمُ تَعَالُوا بِهِ وَبُرِيدُ بُرِيدُونَ أَن يَحُفُرُوا بِهِ وَبُرِيدُ بُرِيدُونَ أَن يَحُفُرُوا بِهِ وَبُرِيدُ الشَّيْطَانُ أَن يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا (٦٠) وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالُوا إِلَى مَا أَنزَلَ الشَّيْطَانُ أَن يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا (٦٠) وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالُوا إِلَى مَا أَنزَلَ الشَّيْطَانُ أَن يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا (٦٠) وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالُوا إِلَى مَا أَنزَلَ اللهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا (٦١) فَكَيْفَ إِذَا أَصَابَتْهُم مُصِيبَةً بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ ثُمَّ جَاءُوكَ يَعْلِفُونَ بِاللّهِ إِنْ أَرَدْنَا إِلّا إِلَى مَا أَرْدُنَا إِلّا إِلَى مَا أَرْدُنَا إِلّا إِلَى مَا أَرْدُنَا إِلّا إِلَى اللّهُ وَتَوْفِيقًا (٦٢)

'আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবি করে যে, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে আমরা সে বিষয়ের ওপর ঈমান এনেছি এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে। তারা বিরোধী বিষয়কে (বিচারের জন্য) শয়তানের দিকে নিয়ে যেতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, যাতে তারা ওকে মান্য না করে। পক্ষান্তরে শয়তান তাদেরকে প্রতারিত করে পথভ্রষ্ট করে ফেলতে চায়। আর যখন আপনি তাদেরকে বলবেন, আল্লাহর নির্দেশের দিকে এসো যা তিনি রাস্কের প্রতি নাযিল করেছেন, তখন আপনি মুনাফিকদিগকে দেখনেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণভাবে সরে যাচ্ছে। এমতাবস্থায় যদি তাদের কৃতকর্মের দক্ষন বিপদ আরোপিত হয়, তবে তাতে কী হলো! অতঃপর তাবা আপনাব কাছে আল্লাহর নামে কসম খেয়ে খেয়ে ফিরে আসবে যে, মঙ্গল ও সম্প্রীতি ছাড়া আমাদেব অন্য কোনো উদ্দেশ্য ছিল না।"

উল্লেখিত আয়াতসমূহের ব্যাখ্যায় আল্লামা ইবনুল কাসীর 🙈 বলেন,

أَيْ يَعْتَذِرُونَ إِلَيْكَ وَيَحْلِفُونَ مَا أَرَدْنَا بِذَهَابِنَا إلى غيرك، وتحاكمنا إلى أَيْ يَعْتَذِرُونَ إِلَيْكَ وَيَحْلِفُونَ مَا أَرَدْنَا بِذَهَابِنَا إلى غيرك، وتحاكمنا إلى أعدائك إلّا الْإِحْسَانَ وَالتَّوْفِيقَ، أَيِ الْمُدَارَاةَ وَالْمُصَانَعَةَ لَا اعْتِقَادًا مِنَّا صِحَّةً تِلْكَ الْحُكُومَةِ

'(মুনাফিকের দল বিপদে পড়লে ও বাসূল 

—এর প্রয়োজন দেখা দিলে) তারা আপনার নিকট ফিরে আসে। ফিরে এসে শপথ করে বলে যে, আপনাকে ছেড়ে অন্য কোনো দিকে যাওয়ার কোনো ইচ্ছাই আমাদের নেই। আর আমবা যে অন্যদের কাছে ভিড়েছিলাম, তার উদ্দেশ্য ছিল শুধুই কল্যাণ আর সম্প্রতি। অর্থাৎ তাদের মধ্যস্থতা ও বাহ্যিক সম্পর্ক রক্ষা। তাদের প্রতি আমাদের মোটেও আন্তরিকতা নেই।'

এ ধরনের বিষয় নিয়ে মুনাফিকরা প্রায়ই তুচ্ছতাচ্ছিল্য করে। তাদের জানা আছে যে, মাথা ও চোখ অর্থাৎ সব বিষয়েই আল্লাহ্ম আহকামুল হাকিমীনের বিধিবিধান রয়েছে। তারপরও তারা কাফিরদের পক্ষ হতে রাজনৈতিক ও দাতব্য সুযোগসূবিধা আদায়ের লক্ষ্যে মুসলিম রাষ্ট্রে বিদেশি আইন প্রণয়ন ও প্রয়োগ করার পক্ষে সাফাই গেয়ে থাকে। আর যেখানে আগেই এসব আইন প্রণয়ন হয়েছে, সেখানে তা বহাল রাখতে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যায়।

ইমাম ইবনুত তাইমিয়্যাহ 🚕 বলেন,

فإذا كان النفاق يثبت ويزول الإيمان بمجرد الإعراض عن حكم الرسول

৯২ সূরা নিসা ৪ : ৬০-৬২

৯৬. তাফদীরে ইবনে কাদীর : ২/৩০৫। সূরা নিসা ৪ . ৬০-৬২ এর ব্যাখ্যায়।

وإرادة التحاكم إلى غيره مع أن هذا ترك محض وقد يكون سببه قوة الشهوة فكيف بالتنقص والسب ونحوه؟.

'যখন রাসূল ়্ঞ্র-এর নির্দেশ থেকে মুখ ফিরিয়ে নিয়ে অন্যদের বিধিবিধান গ্রহণ করার দ্বারা নিফাক প্রমাণিত হয় এবং ঈমান নস্ট হয়, তাহলে রাসূল ্ঞ্র-এর মর্যাদাহানি ও গালিগালাজ দ্বারা নিফাক হবে না কেন?'<sup>১8</sup>

এখানে তিনি বলেন যে, কোনো ব্যক্তি যদি শুধু আল্লাহ ও তাঁর রাস্লের বিধান পরিত্যাগ করে, তবে এটাই তার নিফাক বা মুনাফিকির প্রমাণ। চাই সে দীন ইসলামকে সঠিক মনে করুক, প্রবৃত্তিপূজারি না হোক, মিথ্যাবাদী না হোক কিংবা দীনের জন্য কষ্ট-মুজাহাদা করুক।

#### আল্লাহ তাআলা বলেন:

أُرلَٰئِكَ الَّذِينَ يَعْلَمُ اللَّهُ مَا فِي قُلُوبِهِمْ فَأَعْرِضْ عَنْهُمْ وَعِظْهُمْ وَقُل لَهُمْ فِي أَنفُسِهِمْ قَوْلًا بَلِيغًا (٦٣) وَمَا أَرْسَلْنَا مِن رَّسُولٍ إِلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللَّهِ وَلَوْ أَنْهُمْ إِذ ظَّلَمُوا أَنفُسَهُمْ جَاءُوكَ فَاسْتَغْفَرُوا اللَّهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُولُ لَوَجَدُوا اللَّهَ تَوَّابًا رَّحِيمًا (٦٤)

'এরা হলো সে সমস্ত লোক, যাদের মনের গোপন বিষয় সম্পর্কেও আল্লাহ তাআলা অবগত। অতএব, আপনি ওদেরকে উপেক্ষা করুন এবং ওদেরকে সদৃপদেশ দিয়ে এমন কোনো কথা বলুন যা তাদের জন্য কল্যাণকর। বস্তুত আমি একমাত্র এই উদ্দেশ্যেই রাসূল প্রেরণ করেছি, যাতে আল্লাহর নির্দেশানুযায়ী তাঁদের আদেশ-নিষেধ মান্য করা হয়। আর সেসব লোক যখন নিজেদের অনিষ্ট সাধন করেছিল, তখন যদি আপনার কাছে আসত অতঃপর আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করত এবং রাসূলও যদি তাদের জন্য ক্ষমা চাইতেন—অবশ্যই তারা আল্লাহকে ক্ষমাকারী, মেহেরবানরূপে পেত।'>

১৪ আস-সারিমুল মাসলূল আ'লা শাতিমির রাসূল: ১/৩৮।

৯৫. সূরা নিসা ৪ : ৬৩, ৬৪

আশ্চর্যের বিষয় হলো কিছু লোক রাসূল 🐞 এর প্রতি পূর্ণ ভক্তি ও শ্রদ্ধা প্রকাশ করে তার প্রণীত যুদ্ধ ও শাস্তি এবং অর্থনীতি ও অপরাধ-বিষয়ক বিস্তারিত বিধিবিধান থেকে মুখ ফিরিয়ে নেয়। এতে করে তার শ্রদ্ধা ও ভক্তির আর কী মূল্য রইল? সে তো বরং বিরোধী আর বিদ্রোহী হয়ে গেল!

মুনাফিক আল্লাহ তাআলা ও তাঁর রাসূল ্ক্র-এর নির্দেশ অপছন্দ করে। আল্লাহ তাআলা বলেন:

فَلاَ وَرَبَّكَ لاَ يُؤْمِنُونَ حَتَى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لاَ يَجِدُواْ فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمًّا قَضَيْتَ وَيُسَلِّمُواْ تَسْلِيمًا

'অতএব, তোমার পালনকর্তার কসম, তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক বলে মনে না করে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোনোরকম সংকীর্ণতা পাবে না এবং তা হাষ্টচিত্তে কবুল করে নেবে.'

অখানে আল্লাহ তাআলা ঈমানের জন্য তিনটি শর্ত বেঁধে দিয়েছেন। এর একটিও যদি কেউ ত্যাগ করে তবে তার ঈমান পূর্ণ হবে না। এখানে আল্লাহ তাআলা সুস্পাষ্ট বলে দিয়েছেন, "مُنْ بَنْ بَا الْمُ مِنْ الْمُ مُلَا مُرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَقَى يُحَكَّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ " অতএব, তামার পালনকর্তার কসম, তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক বলে মনে না করে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোনোরকম সংকীর্ণতা পাবে না এবং তা হাইচিত্তে কর্ল করে নেবে।" "

সে তার এই ঘৃণা বা অপছন্দ অভিযোগ আকারে প্রকাশ করে থাকে। যেমন কোনো কোনো নারীকে দেখবেন যে, সে একাধিক বিয়ে সম্পর্কে কুরআনের আয়াতের প্রতি অভিযোগের তির ছুড়ে বসে। কুরআনের এই ছকুমটিকে সে বিধান হিসেবে

৯৬. সুরা নিসা ৪ : ৬৫

৯৭. সূরা নিসা ৪ : ৬৫

মেনে নিতেই পাবে না। সে শুধু তার স্বামীর দ্বিতীয় বিয়েকে অপছন্দ কবে তা নায়; বরং সে একাধিক বিয়ের পুবো হুকুমকেই অপছন্দ করে। \*\*

আবার কেউ কেউ দেখবেন বলে যে, 'নারী হিসেবে কি ইসলামে আমার কোনো সমান বা মানবিক অবস্থান নেই? অবশ্যই আছে। তাহলে কুরআন কেন বলে যে, "وَاللاَّتِي شَخَافُونَ نُشُوزَهُنَّ فَعِظُوهُنَّ وَاهْجُرُوهُنَّ فِي الْمَضَاجِعِ وَاضْرِبُوهُنَّ ' যার অর্থ "আর যাদের মধ্যে অবাধ্যতার আশদ্ধা করো তাদের সদুপদেশ দাও, তাদের শ্যা ত্যাগ করো এবং প্রহার করো?"

আবার কেউ বলে যে, 'আমি একজন ডক্টর। উচ্চশিক্ষিতা নারী। কিন্তু শুধু নারী হয়ে জমেছি বলে ইসলাম আমার সাক্ষ্যদান ক্ষমতাকে পুরুষের অর্ধেক করে দিয়েছে। এটা কোন ধরনের ইনসাফ ? ১০০

এ সবই নিফাক। তাদের এসব 'ইসলাম বনাম সভ্যতা ও আধুনিকতা বনাম পশ্চাংপদ কর্মকাণ্ড' বিতর্কে আমরা ঈমান বিল গায়িব তথা অদৃশ্যের প্রতি ঈমান দ্বারাই নিজেদেরকে রক্ষা করতে পারি।

মৃহাদ্দিসগণ উল্লেখিত আয়াতসমূহ অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপট বা শানে নুযুল হিসেবে মুনাফিকদের আচার-স্বভাবে থাকা অভ্যাস দুটির (গুনাহের দরুন অন্তরের ব্যাধি ও সংশয়বাদ) কথা উল্লেখ করেছেন।

৯৮. সুরা নিসা ৪ : ৩ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। আরাত ও তার অর্থ নিয়রূপ :

نَإِنْ خِفْتُمْ أَلاَ تُفْسِطُواْ فِي الْيَتَاتَى فَاسِحِحُواْ مَا طَاتَ لَكُم مِّنَ النِّسَاء مَثْنَى وَثَلاَثَ رَرُنَاعَ قَإِنْ خَفْتُمُ أَلاَ تَغْسِلُواْ فَوَاجِمَةَ أَوْ مَا مَلَكُتُ أَيْسَاتُكُمْ ذَلِكَ أَذِنَى أَلاَ تَعُولُواْ

আর যদি তোমরা ভয় করো যে, এতীম মেয়েদের হক যথাথভাবে পূরণ করতে পাববে না, তবে সেসব মেয়েদের মধ্যে থেকে যাদের ভালো লাগে তাদের বিয়ে করে নাও দুই, তিন, কিংবা চারটি পর্যস্ত। আর যদি এরপ আশহা করো যে, তাদের মধ্যে ন্যায়সংগত আচরণ বজায় রাখতে পারবে না, তবে, একটিই অথবা তোমাদের অধিকারভুক্ত দাসীদেরকে; এতেই পক্ষপাতিত্বে জড়িত না হওয়ার অধিকতর সম্ভাবনা।

৯৯. সূরা নিসা ৪ : ৩৪

১০০. मृता वाकावा २ : २৮२ आग्राएक প্রতি ইঞ্জিত করা হয়েছে। आग्राएक উল্লেখিত অংশ ও অনুবাদ নিমুরাণ : وَاشْتَشْهِدُواْ شَهِيدَيْنَ مِن رَّجَالِحُكُمْ فَإِن لَمْ يَكُونًا رَجُلُونِ فَرَجُلٌ وَامْرَأَتَانِ

দুজন সাক্ষী করো, তোমাদের পুরুষদের মধ্যে থেকে। যদি দুজন পুরুষ না হয়, তবে একজন পুরুষ ও দুজন মহিলা।

অস্তরের ব্যাধিই মুনাফিকের মধ্যে আল্লাহ তাআলার হুকুমের প্রতি অনীহা সৃষ্টি করে। যদ্দরুন সে আল্লাহ তাআলার বিধিবিধানকে পরিত্যাগ করে।

আল্লাহ তাআলা কাফিরদের ব্যাপারে বলেন:

'এটা এ জন্যে যে, আল্লাহ যা নাযিল করেছেন, তারা তা পছন্দ করে না। অতএব, আল্লাহ তাদের কর্ম ব্যর্থ করে দেবেন।''°

আর যুনাফিকদের ব্যাপারে আল্লাহ তাআলা বলেন:

إِنَّ الَّذِينَ ارْتَدُوا عَلَىٰ أَدْبَارِهِم مِّن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمْلَىٰ لَهُمْ (٥٥) ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ (٢٦)

'নিশ্চয় যারা সোজা পথ ব্যক্ত হওয়ার পর তৎপ্রতি পৃষ্ঠপ্রদর্শন করে, শয়তান তাদের জন্যে তাদের কাজকে সুন্দর করে দেখায় এবং তাদেরকে মিথ্যা আশা দেয়। এটা এ জন্য যে, তারা তাদেরকে বলে, যারা আল্লাহর অবতীর্ণ কিতাব অপছন্দ করে, আমরা কোনো কোনো ব্যাপারে তোমাদের কথা মান্য করব। আল্লাহ তাদের গোপন পরামর্শ অবগত আছেন।''

অতএব মুনাফিকের দল যখন আল্লাহর হুকুমের প্রতি অনীহা প্রকাশে কাফিরদের সাথে ঐকমত্য পোষণ করে এবং কাফিরদের প্রতি আনুগত্যের প্রতিশ্রুতি ঘোষণা দিয়ে বসে, তখন স্বাভাবিকভাবেই তাদের অন্তরে ওহীবিবোধী রোগ বাসা বাঁধতে থাকে।

এর বিপরীতে প্রকৃত মুমিন আল্লাহ তাআলা ও তাঁর রাসূল মুহাম্মাদুর রাসূলুল্লাহ

১০১, সূবা মুহাম্মাদ ৪৭ : ৯

১০২ স্বা মুহান্মাদ ৪৭ : ২৫,২৬

আল্লাহ তাআলা বলেন :

رَاعْلَمُوا أَنَّ فِيكُمْ رَسُولَ اللَّهِ لَوْ يُطِيعُكُمْ فِي كَثِيرٍ مِّنَ الْأَمْرِ لَعَيْتُمْ وَلَٰكِنَّ اللَّهَ حَبَّبَ إِلَيْكُمُ الْإِيمَانَ وَزَيِّنَهُ فِي قُلُوبِكُمْ وَكَرَّهَ إِلَيْكُمُ الْكُفْرَ وَالْفُسُوقَ وَالْعِصْيَانَ أُولِّنِكَ هُمُ الرَّاشِدُونَ (٧) فَضْلًا مِّنَ اللَّهِ وَيَعْمَةٌ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ (٨)

'ভোমরা জেনে রাখো, তোমাদের মধ্যে আল্লাহর রাসূল রয়েছেন। তিনি যদি অনেক বিষয়ে তোমাদের আবদার মেনে নেন, তবে তোমরাই কষ্ট পাবে। কিম্ব আল্লাহ তোমাদের অন্তরে ঈমানের মহব্বত সৃষ্টি করে দিয়েছেন এবং তা হৃদয়গ্রাহী করে দিয়েছেন। পক্ষান্তরে কুফর, পাপাচার ও নাফরমানীর প্রতি ঘৃণা সৃষ্টি করে দিয়েছেন। তারাই সংপথ অবলম্বনকারী। এটা আল্লাহর কুপা ও নিয়ামত, আল্লাহ সর্বজ্ঞ প্রজানয়।">
০০

## भूतांकिक तिष्जव पर्क्ष थाका आन्नारव विधातक प्रात्त तिश

অনেক সময় দেখবেন মুনাফিকের দল কুরআন ও সুন্নাহ খেকে তাদের কথার ইপক্ষে দলিল প্রমাণ উপস্থাপন করে থাকে। এই কাজটি তারা তখনই করে থাকে যবন কুরআন ও সুন্নাহর বিধান তাদের পক্ষে যায়। আর এর মাধ্যমেও তারা মূলত আল্লাহ ও তাঁর মুমিন বান্দাদের সাথে ধোঁকাবাজি করতে চায়। যদিও বাস্তবতা ইলো এসব ধোঁকাবাজির খেলা সে নিজের সাথেই খেলছে।

#### আল্লাহ তাআলা বলেন :

بًا أَيُّهَا الرَّسُولُ لاَ يَحْزُنكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ مِنَ الَّذِينَ قَالُواْ آمَنَّا بِأَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِن قُلُوبُهُمْ وَمِنَ الَّذِينَ هِادُواْ سَمَّاعُونَ لِلْكَذِبِ سَمَّاعُونَ لِقَوْمِ آخَرِينَ لَمْ يَأْتُوكَ يُحَرِّفُونَ الْكَلِمَ مِن بَعْدِ مَوَاضِعِهِ يَقُولُونَ إِنْ أُوتِيتُمْ هَـذَا فَخُذُوهُ وَإِن لَّمْ تُؤْتُوهُ فَاحْذَرُواْ وَمَن يُرِدِ اللَّهُ فِتُنَتَّهُ فَلَن تَمْلِكَ لَهُ مِنَ

১০৩. সুরা হজুরাত ৪৯ : ৭,৮

اللهِ شَيْمًا أُولَـئِكَ الَّذِينَ لَمْ يُرِدِ اللهُ أَن يُطَهِّرَ قُلُوبَهُمْ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيُ وَلَهُمْ فِي الآخِرَةِ عَذَابٌ عَظِيمً

'হে রাসূল, তাদের জন্যে দুঃখ করবেন না, যারা দৌড়ে গিয়ে কুফরে পতিত হয়; যারা মুখে বলে আমরা মুসলমান, অথচ তাদের অন্তর মুসলমান নয় এবং যারা ই্যান্থদী; মিথ্যা বলার জন্যে তারা গুপ্তচরবৃত্তি করে। তারা অন্যদলের শুপ্তচর, যারা আপনার কাছে আসেনি। তারা বাক্যকে স্বস্থান থেকে পরিবর্তন করে। তারা বলে, যদি তোমরা এ নির্দেশ পাও, তবে কবুল করে নিয়ো এবং যদি এ নির্দেশ না পাও, তবে বিরত থেকো। আল্লাহ যাকে পথভ্রম্ভ করতে চান, তার জন্যে আল্লাহর কাছে আপনি কিছু করতে পারবেন না। এরা এমনই যে, আল্লাহ এদের অন্তরকে পবিত্র করতে চান না। তাদের জন্যে রয়েছে দুনিয়াতে লাগ্ছনা এবং পরকালে বিরাট শাস্তি।'১০৪

এই আয়াতের তাফসীরে ইবনে কাসীর 🙈 বলেছেন,

قَالُوا فِيمَا بَيْنَهُمْ: تَعَالُوا حَتَى نَتَحَاكَمَ إِلَيْهِ، فَإِنْ حَكَمَ بِالْجِلْدِ وَالتَّحْمِيْمِ فَخُذُوا عَنْهُ وَاجْعَلُوهُ حُجَّةً بَيْنَكُمْ وَبَيْنَ اللهِ، وَيَكُونُ نَبِيُّ مِنْ أَنْبِيَاءِ اللهِ قَدْ حَكَمَ بَيْنَكُمْ بِذَلِكَ، وَإِنْ حَكَمَ بِالرَّجْمِ فَلَا تَتَبِعُوهُ فِي ذَلِكَ

(ইয়াহুদীদের মধ্যে দুজন নারী-পুক্ষ ব্যভিচার করলে বিচারের উদ্দেশ্যে) 'তারা পরম্পর বলাবলি করল যে, 'চলো, আমরা তাঁর (মুহাম্মদ 👙) কাছে বিচারের আবেদন করি। তিনি যদি রক্তপণ ও জরিমানা ধার্য করেন, তবে তোমরা তা মেনে নেবে। আর তখন এই রায় তোমাদের মধ্যে এবং আল্লাহ তাআলাব মধ্যে একটি প্রমাণ হয়ে থাকবে। কেননা, তোমাদের এই বিচার একজন নবী 🍰 করেছেন। আর যদি তিনি রজম তথা পাথর মেরে হত্যার নির্দেশ দেন, তবে তোমরা তা মেনো না।''

১০৪. সূরা মায়েদা ৫: ৪১

১০৫. তাঞ্সীরে ইবনে কাসীর : ৩/১০২,১০৩। সূবা মায়েদা ৫ : ৪১ এব ব্যাখ্যায়।

আল্লাহ তাআলা বলেন:

يُخَادِعُونَ اللهَ وَالَّذِينَ آمَنُوا وَمَا يَخْدَعُونَ إِلاَّ أَنفُسَهُم وَمَا يَشْعُرُونَ

'তারা আল্লাহ এবং ঈমানদারগণকে ধোঁকা দেয়। অথচ এতে তারা নিজেদেরকে ছাড়া অন্য কাউকে ধোঁকা দেয় না; অথচ তারা তা অনুভব করতে পারে না।'১০১

আল্লাহ তাআলা বলেন:

يَا أَيُّهَا الرَّسُولُ لاَ يَحْزُنكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ مِنَ الَّذِينَ قَالُواْ آمَنَا فِأَوْاهِهِمْ وَلَمْ تُؤْمِن قُلُوبُهُمْ وَمِنَ الَّذِينَ هِادُواْ سَمَّاعُونَ لِلْكَذِبِ سَمَّاعُونَ لِقَوْمِ آخَرِينَ لَمْ يَأْتُوكَ يُحَرِّفُونَ الْكَلِمَ مِن بَعْدِ مَوَاضِعِهِ يَفُولُونَ إِنْ أُوثِيتُمْ لِقَوْمٍ آخَرِينَ لَمْ يَأْتُوكَ يُحَرِّفُونَ الْكَلِمَ مِن بَعْدِ مَوَاضِعِهِ يَفُولُونَ إِنْ أُوثِيتُمْ لَقَوْمٍ آخَرِينَ لَمْ يَأْتُوكَ يُحَرِّفُونَ الْكَلِمَ مِن بَعْدِ مَوَاضِعِهِ يَفُولُونَ إِنْ أُوثِيتُمْ هَذَا فَحُدُوهُ وَإِن لَمْ يُؤْتَوْهُ فَاحْذَرُواْ وَمَن يُرِدِ اللّهُ فِتُنْتَهُ فَلَن تَمْلِكَ لَهُ مِن اللّهِ شَيْئًا أُولَ مِنْ لَمْ يُرِدِ اللّهُ أَن يُطَهّرَ قُلُوبَهُمْ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيُ اللهُ أَن يُطَهّرَ قُلُوبَهُمْ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيُ وَلَهُمْ فِي الاَّنْيَا خِزْيُ

'হে বাসূল, তাদের জন্যে দুঃখ করবেন না, যারা দৌড়ে গিয়ে কৃষরে পতিত হয়; যারা মুখে বলে আমরা মুসলমান, অথচ তাদের অন্তর মুসলমান নয় এবং যারা ইয়াহদী; মিথ্যা বলার জন্যে তারা গুপ্তচরবৃত্তি করে। তারা অন্যদলের গুপ্তচর, যারা আপনার কাছে আসেনি। তারা বাক্যকে স্বস্থান থেকে পরিবর্তন করে। তারা বলে, যদি তোমরা এ নির্দেশ পাও, তবে কবুল করে নিয়ো এবং যদি এ নির্দেশ না পাও, তবে বিরত থেকো। আল্লাহ যাকে পথস্রষ্ট করতে চান, তার জন্যে আল্লাহর কাছে আপনি কিছু করতে পারবেন না। এরা এমনই যে, আল্লাহ এদের অন্তর্রক পবিত্র করতে চান না। তাদের জন্যে রয়েছে দুনিয়াতে লাগ্র্না এবং পরকালে বিরটি শাস্তি।''

দীনের মধ্যে তাদের এমন যাচাই-বাছাই ও পছন্দ-অপছন্দ এসবই অস্তরে ডালপালা মেলা ব্যাধির বহিঃপ্রকাশ।

১০৬, সূরা বাকারা ২ : ১

১০৭, সূরা মামেদা ৫ : ৪১

আল্লাহ তাআলা বলেন:

سَمَّاعُونَ لِلْكَذِبِ أَكَّالُونَ لِلسُّحْتِ فَإِن جَآؤُوكَ فَاحْكُم بَيْنَهُم أَوْ أَعْرِضْ عَنْهُمْ وَإِن تُعْرِضْ عَنْهُمْ فَلَن يَضُرُّوكَ شَيْئًا وَإِنْ حَكَمْتَ فَاحْكُم بَيْنَهُمْ بِالْقِسْطِ إِنَّ اللهَ يُحِبُّ الْمُقْسِطِينَ

'এরা মিথ্যা বলার জন্যে গুপ্তচরবৃত্তি করে, হারাম ভক্ষণ করে। অতএব, তারা যদি আপনার কাছে আসে, তবে হয় তাদের মধ্যে ফয়সালা করে দিন, না হয় তাদের ব্যাপারে নির্লিপ্ত থাকুন। যদি তাদের থেকে নির্লিপ্ত থাকেন, তবে তাদের সাধ্য নেই যে, আপনার বিন্দুমাত্র ক্ষতি করতে পারে। যদি ফয়সালা করেন, তবে ন্যায়তাবে ফয়সালা করুন। নিশ্চয় আল্লাহ সুবিচারকারীদেরকে ভালোবাসেন।''

আর অস্তরের ব্যাধির মূল কারণ হলো ওপরে বর্ণিত গুনাহ। পাপাচার। বাতিলের কথামতো ওঠাবসা আর সুদ–ঘুষ ইত্যাদি হারাম মাল ভক্ষণ।

মুনাঞ্চিকদের এই যাচাই-বাছাইয়ের বদ স্বভাব নিয়ে আল্লাহ তাআলা বলেন :

رَإِذَا دُعُوا إِلَى اللهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ إِذَا فَرِيقٌ مِّنْهُم مُّعْرِضُونَ (٤٨) وَإِن يَكُن لَهُمُ الْحُقُّ يَأْتُوا إِلَيْهِ مُذْعِنِينَ (٤٩)

'তাদের মধ্যে ফয়সালা করার জন্য যখন তাদেরকে আল্লাহ ও রাস্লের দিকে আহ্বান করা হয় তখন তাদের একদল মুখ ফিরিয়ে নেয়। সত্য তাদের স্বপক্ষে হলে তারা বিনীতভাবে রাস্লের কাছে ছুটে আসে।''

মুসলিমবিশ্বের ইসলামপন্থী ক্ষমতাসীনদের দিকে তাকান। তারা বিভিন্ন জাতীয় সমস্যা সমাধানে গলদ্ঘর্ম। কুরআন ও হাদীসকে ব্যানার আর ফেস্টুনের বাহারি স্রোগানে লটকে দিয়ে এর বাস্তবায়নকে তারা হিমাগারে পাঠিয়ে দিয়েছে। ইসলাম ও তার মর্মকথাকে তারা গরিব-দুঃখীর মাঝে ত্রাণ বিতরণ আর দুস্থ মানুষের মুখে খাদ্য তুলে দেওয়ার মধ্যেই সীমাবদ্ধ রেখেছে। অথচ এই দরিদ্রতা ও অন্নের সংকট তাদের অনাচার আর দুনীতির ফসল।

১০৮. সুরা মায়েদা ৫ : ৪২

১০৯. স্রান্র ২৪ : ৪৮-৫০

কিম্ব এর বিপরীতে কুরআন ও হাদীসের দলিল দিয়ে যখন তাদেরকে আল্লাহর রাস্তায় জিহাদ ও ইয়াহদ-নাসারার সঙ্গ ত্যাগের আহ্বান জানানো হয়, তখন তারা এর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে বসে!

সাইয়িদ কুতুব শহীদ এ বলেন, "সেবক বা হুকুমের গোলামের ভূমিকায় থেকে আল্লাহ তাআলার দীন কোনো সংশোধন করতে পারবে না। মানুষের জীবনে দীন ইসলামেব ভূমিকা সেবক বা পবিচারকের মতো নয়। দীন এমন ভূত্য নয়, যে মনিবের আদেশেব অপেক্ষায় দাঁড়িয়ে থাকবে। আদেশ করলে 'যথাজ্ঞা' বলে পিছিয়ে এসে তা পালন করবে। এবং এক আদেশ পালন করার পর পরবতী আদেশে 'জি হুজুর' বলে সাড়া দেয়ার অপেক্ষায় দাঁড়িয়ে থাকবে। যেমনটা বিভিন্ন ধর্মের ধর্মীয় ব্যক্তিদের করতে দেখা যায়া!

দীন ইসলান কিছুতেই শুকুমের গোলাম হতে পারে না। বরং আল্লাহ তাআলার মনোনীত দীন তো আদেশদাতার ভূমিকা পালন করবে। এই দীন হবে অমিত শক্তিধর, নির্দেশ দানকারী এবং অনন্য মর্যাদার অধিকারী। এই দীন সকলকে শাসন করবে।শাসিত হবেনা। সকলকে পরিচালনা করবে। পরিচালিত হবে না।""

আর ব্যক্তিপর্যায়ে তাকালে দেখবেন যে, কেউ কেউ 'নারীকে শাসন কবার' আয়াতকে ক্ষতিকর ভাবছে। কেউ 'দুই, তিন বা চার বিয়ের' আয়াত নিয়ে প্রশ্ন তুলছে। আবার তাব সামনেই যখন আপনি তিলাওয়াত করবেন :

وَقَضَى رَبُكَ أَلاَّ تَعْبُدُواْ إِلاَّ إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِخْسَانًا إِمَّا يَبْلُغَنَّ عِندَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلاَهُمَا فَلاَ نَقُل لَهُمَا أُفَّ وَلاَ تَنْهَرْهُمَا وَقُل لَهُمَا قَوْلاً كَرِيمًا

'হোমার পালনকর্তা আদেশ করেছেন যে, তাঁকে ছাড়া অন্য কারও ইবাদত কোরো না এবং পিতা-মাতার সাথে সদ্মবহার করো। তাদের মধ্যে কেউ অথবা উভয়েই যদি তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হয়; তবে তাদেরকে 'উহ' শব্দটিও বোলো না এবং তাদেরকে ধমক দিয়ো না এবং তাদের সাথে শিষ্টাচারপূর্ণ কথা বলো।'"

১১০, আৰু মুসতাকবিলু লি হাজাদ-দীন : ৭৬। অধ্যায় : সতৰ্ববাৰ্তা।

১১১, সরা বনী-ইসরাঈল ১৭: ২৩

তখন একজন মা বা বাবা হিসেবে সে এই আয়াতকে খুব গুৰুত্ব দেবে। আল্লাহ তাআলা বলেন :

قُلْ كُلُّ مِّنْ عِندِ اللهِ فَمَا لِهَـ وُلاء الْقَوْمِ لاَ يَكَادُونَ يَفْقَهُونَ حَدِيثًا

'বলে দাও, এ সবই আল্লাহর পক্ষ থেকে। পক্ষান্তরে তাদের পরিণতি কী হবে, যারা কখনো কোনো কথা বুঝতে চেষ্টা করে না।'"

আপনি সেসব সাংস্কৃতিক কর্মী বা শিল্পীদের বিষয়টাই লক্ষ করুন, যারা ইসলামের পরমত সহিষ্ণুতা বা সৌন্দর্য নিয়ে বুলি আওড়ায়। কিন্তু তার বাস্তব বেশভূষা এবং কাজকর্ম সম্পূর্ণ ইসলাম-বিরোধী। নিত্যই সে মানুষকে গুনাহ ও অবাধ্যতার দিকে ডেকে বেড়াচ্ছে!

বিচারব্যবস্থায় বুক চিতিয়ে ঘুরে বেড়ানো নিফাকের অবস্থাই বা দেখুন! 'মুসলিম পার্সোনাল ল' নামে ইসলামী আইনব্যবস্থার কিছু মুলো এরা জনগণের নাকের ডগায় ঝুলিয়ে দিয়ে বলছে যে, আমরা মদীনা সনদে দেশ চালাচ্ছি বা কুরআন-বিরোধী আইন করছি না। অথচ এ সবই তারা নিজেদের স্বার্থে করছে। তা ছাড়া এই আংশিক ইসলাম প্রতিষ্ঠা কিংবা কিছু ক্ষেত্রে আল্লাহর সম্বন্তি লাভের চেষ্টা সার্বিকভাবে কোন কল্যাণ বয়ে আনবে না।

জনৈক মার্কিন ভদ্রলোক একবার আমাকে তাদের গণতন্ত্র সম্পর্কে বলতে গিয়ে বলেন, 'আমি মনে করি যে, আমাদের জীবনব্যবস্থায় আমাদের ইচ্ছেমতো আল্লাহর বিধান থাকতে পারে। অর্থাৎ আমরা যতটুকু চাই ততটুকুই। এর বেশি না'। "وَمَا قَدَرُوا اللّهَ حَقَّ قَدْرِهِ" "তারা আল্লাহকে যথার্থরূপে বোঝেনি"।"

একজন উদারপন্থী যখন মার্কিন ভদ্রলোকের কথাটি পড়বেন, তখন তিনি এই ভেবে চমকে উঠবেন যে, আরে! এ তো দেখি আমাদের কথারই সুন্দব বিশ্লেষণ।

এ সকল নিফাক-জাতীয় স্বভাবের কারণেই মানুষ ইসলাম-বিরোধী মতবাদকে সমর্থন করে। গণতন্ত্রের মতবাদকে সমর্থন করে। যেখানে খুবই সীমিত আকারে

১১২, সুরা নিসা ৪ : ৭৮

১১৩, সূরা যুমার ৩১ : ৬৭

তার জন্য কিছু ইসলামী বিধান থাকে। কিছু বাকি পুরোটাই ইসলাম-বিরোধী। যেমন: কোনো বিষয়ে আল্লাহ তাআলার পূর্ণ নির্দেশ থাকা সত্ত্বেও সেখান থেকে আংশিক বিধিবিধান প্রয়োগ করা। উদাহরণস্বরূপ খ্রিষ্টানদের সাথে বন্ধুত্বের বিষয়টা ভেবে দেখুন।

# আন্নাহ ও তাঁর রাসূল 🛞 – এর নির্দেশকে গুরুত্বহীন মনে করা

অনেক মহিলা আছে যারা দেবরের সাথে পর্দা করে না। বরং দেখা-সাক্ষাৎ করে। এ ব্যাপারে তাদের কিছু বললে তারা বলে, 'ও তো আমার ভাইয়ের মতো'! অথচ আল্লাহ তাআলা দেবরের সাথে সাক্ষাৎ করা তার জন্য হারাম করে দিয়েছেন। আবার দেখবেন বিয়েশাদিতে এমন অনেকে পাত্রী দেখতে যায় যাদের জন্য পাত্রী দেখা জায়িজ না। এ ব্যাপারে তাদের কিছু বললে তারা বলে, এটা তো পুরোনো রেওয়াজ বা কালচার ইত্যাদি'!

আন্নাহ তাআলা বলেন :

رَإِذَا قِيلَ لَهُمُ اتَّبِعُوا مَا أَنزَلَ اللهُ قَالُوا بَلْ نَتَّبِعُ مَا وَجَدُنَا عَلَيْهِ آبَاءنَا أَوَلُو كَانَ الشَّيْطَانُ يَدْعُوهُمْ إِلَى عَذَابِ السَّعِيرِ

তাদেরকে যখন বলা হয়, আল্লাহ যা নাযিল করেছেন, তোমরা তার অনুসরণ করো, তখন তারা বলে, বরং আমরা আমাদের পূর্বপুরুষদের যে বিষয়ের ওপব পেয়েছি, তারই অনুসরণ করব। শয়তান যদি তাদেরকে জাহান্নামের শাস্তির দিকে দাওয়াত দেয়, তবুও কি?''

অতএব প্রত্যেকেরই সতর্ক থাকা উচিত। নিজের অজান্তেই আমরা যেন নিফাকে জড়িয়ে না পড়ি। আল্লাহ হিফাজত করুন।

১১৪, সুরা সুক্ষান ৩১ : ২১

নিম্রোক্ত আয়াতদ্বয় নাথিল করে আল্লাহ তাআলা মুনাফিকদের অধিকাংশ স্বভাবের কথাই বলে দিয়েছেন। তিনি বলেন :

تَرَىٰ كَثِيرًا مِّنْهُمْ يَتَوَلَّوْنَ الَّذِينَ كَفَرُوا لَيِثْسَ مَا قَدَّمَتْ لَهُمْ أَنفُسُهُمْ أَن سَخِطَ اللهُ عَلَيْهِمْ وَفِي الْعَذَابِ هُمْ خَالِدُونَ (٨٠) وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِاللهِ وَالنَّبِيِّ وَمَا أُنزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيَاءَ وَلَٰكِنَّ كَثِيرًا مِّنْهُمْ فَاسِقُونَ (٨١)

'আপনি তাদের অনেককে দেখবেন, কাফিরদের সাথে বন্ধুত্ব করে। তারা নিজেদের জন্য যা পাঠিয়েছে তা অবশ্যই মন্দ। তা এই যে, তাদের প্রতি আল্লাহ ক্রোধান্বিত হয়েছেন এবং তারা চিরকাল আযাবে থাকবে। যদি তারা আল্লাহর প্রতি ও রাস্লের প্রতি অবতীর্ণ বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করত, তবে কাফিরদের বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকেই দুরাচারী।"

মুজাহিদ 🚇 বলেন, 'তাদের অনেককে বলতে মুনাফিকদের বোঝানো হয়েছে'।<sup>>>></sup>

এখানে আয়াতের উদ্দেশ্য যদি ইয়াহুদী বলে মেনে নেয়া হয়, তারপরও সাধারণ বিবেচনা বলে যে ইয়াহুদী বা কাফিরদের সাথে বন্ধুত্ব রক্ষাকারী ব্যক্তির ঈমান বলতে কিছু নেই। আর এটা তো সত্য যে, মুনাফিকমাত্রই তার সংশয় আর অস্তরের ব্যাধির কারণে কাফিরদের সাথে বন্ধুত্ব করে থাকে।

এদিকে ইঙ্গিত কবেই আল্লাহ তাআলা বলেন:

لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللهَ وَرَسُولَهُ وَلَوْ كَانُوا آبَاءهُمْ أَوْ أَبْنَاءهُمْ أَوْ إِخْوَانَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ أُوْلَنِكَ كَتَبَ فِي قُلُوبِهِمُ

५५४, जूबा मारमना ६ : ४०, ४५

১১৬. ভাফসীরে ইবনে কাসীব: ৩/১৪৮। সূরা মায়েদা ৫:৮০, ৮১ এব ব্যাখ্যায়।

الإيمَانَ وَأَيَّدَهُم بِرُوجٍ مِّنْهُ وَيُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْنِهَا الْأَنْهَارُ يَهُ الدِينَ فِيهَا رَضِيَ اللهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ أُولَتِكَ حِزْبُ اللهِ أَلَا إِنَّ حِزْبَ اللهِ هُمُ الْمُفْلِحُونَ

'যারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাদেরকে আপনি আল্লাহ ও তাঁর রাস্লের বিরুদ্ধাচরণকারীদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন না, যদিও তারা তাদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা জ্ঞাতি-গোষ্ঠী হয়। তাদের অন্তরে আল্লাহ ঈমান লিবে দিয়েছেন এবং তাদেরকে শক্তিশালী করেছেন তাঁর অদৃশ্য শক্তি দ্বারা। তিনি তাদেরকে জাল্লাতে দাখিল করবেন, যার তলদেশে নদী প্রবাহিত। তারা তথায় চিরকাল থাকবে। আল্লাহ তাদের প্রতি সম্বন্ত এবং তারা আল্লাহর প্রতি সম্বন্ত। তারাই আল্লাহর দল। জেনে রাখো, আল্লাহর দলই সফলকাম হবে।'"

মুনাফিকের দল যখন আল্লাহ ও কিয়ামতের দিনের ব্যাপারে সন্দিহান হয়ে ওঠ তখন সে পুরোদন্তর বস্তুবাদী বনে যায়। আর বস্তুবাদের দৃষ্টিতে যখন দুনিয়াকে দেখে, তখন স্বাভাবিকভাবেই পার্থিব শক্তি–সামর্থ্যের পুরোটাই কাফিরদের দখলে রয়েছে বলে মনে হয়। আর তখন এটাও মনে হয় যে, কাফিরদের সাথে বন্ধৃত্ব রক্ষার মধ্যেই ইচ্জত–সম্মান রয়েছে।

অথচ আল্লাহ ভাআলা বলেন:

بَشِّرِ الْمُنَافِقِينَ بِأَنَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا (١٣٨) الَّذِينَ يَتَّخِذُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ أَيَبْتَغُونَ عِندَهُمُ الْعِزَّةَ فَإِنَّ الْعِزَّةَ لِلهِ جَمِيعًا (١٣٩)

'সেসব মুনাফিককে সুসংবাদ শুনিয়ে দিন যে, তাদের জন্য নির্ধারিত রয়েছে বেদনাদায়ক আযাব। যারা মুসলমানদের বর্জন করে কাফিরদেরকে নিজেদের বর্জ বানিয়ে নেয় এবং তাদেরই কাছে সম্মান প্রত্যাশা করে, অথচ যাবতীয় সম্মান শুধু আল্লাহরই জন্য।""

১১৭, ज्या भुक्षानामाड २৮ : ३३

১১৮, সুরা নিসা ৪ : ১৩৮

আমরা অবশ্য ইতিপূর্বেই তাদেব এসব রোগের মূল কারণ হিসেবে সংশয়বাদের কথা উল্লেখ করেছি।

আল্লাহ তাআলা বলেন :

فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَى أَن تُصِيبَنَا دَآئِرَةً فَعَسَى اللهُ أَن يَأْتِيَ بِالْفَتْحِ أَوْ أَمْرٍ مِّنْ عِندِهِ فَيُصْبِحُواْ عَلَى مَا أَسَرُّواْ فِي أَنْفُسِهِمْ نَادِمِينَ

'বস্তুত যাদের অন্তরে রোগ রয়েছে, তাদেরকে আপনি দেখবেন, দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে। তারা বলে, আমরা আশদ্ধা করি, পাছে না আমরা কোনো দুর্ঘটনায় পতিত হই। অতএব, সেদিন দূরে নয়, যেদিন আল্লাহ তাআলা বিজয় প্রকাশ করবেন অথবা নিজের পক্ষ থেকে কোনো নির্দেশ দেবেন ফলে তারা শ্বীয় গোপন মনোভাবের জন্যে অনুতপ্ত হবে।'"

এই আয়াত প্রমাণ করে, মুনাফিকরা যে কুফফার শক্তির সাথে বন্ধুত্ব রক্ষা করে, এটাও তাদের অন্তরের ব্যাধির ফলাফল।

## এ ব্যাপারে তাদের যুক্তি

ক) উদারপস্থার নামে কুফফার ঘেঁষা মুনাফিকের দল তাদের শরীয়াহ-বিবোধী বন্ধুত্বের পক্ষে সাফাই গাইতে গিয়ে বলে থাকে যে, তারা যদি কুফরি শক্তির সাথে বন্ধুত্ব বা সখ্য ত্যাগ করে তবে তাদের ওপর বিপদের ঘনঘটা দেখা দেবে। এমন সংকটাপন্ন পরিস্থিতির মুখে পড়তে হবে যা কল্পনাতীত। ওপরে উল্লেখিত স্রামায়েদার মধ্যে যে বলা হয়েছে:

১১৯, সূরা মায়েদা ৫ : ৫২

এক বর্ণনামতে এই আয়াতটি মদীনার ইয়াহুদী গোত্র 'বনু কাইনুকার' বিরুদ্ধে পরিচালিত অভিযান চলাকালে মুনাফিক সর্দার 'আব্দুল্লাহ ইবনু উবাই বিন সাল্লের' ব্যাপারে অবতীর্ণ হয়। এই সময় সে বলে, "إِنِّي أَخْشَى الدَّوَائِرَ" "আমি সময়ের পরিবর্তনে বিপদের আশঙ্কা করছি"। "

আরও তাজ্জ্ব বনে যাওয়ার মতো কথা, যা আমি এক পাকিস্তানির মুখে শুনেছি। সে তার দেশের মুনাফিকি আচরণকে সমর্থন করে বলছিল যে, বর্তমান প্রতিকৃত্ত পরিস্থিতিতে ক্রুসেডার তথা কৃষ্ফার শক্তির সাথে মৈত্রী রক্ষা করতে না পারলে তার দেশের পারমাণবিক বোমা প্রকল্প হুমকির মুখে পড়ে যাবে!

স্তুনে যারপরনাই বিস্মিত হলাম! ভেবে দেখুন, মুসলিমবিশ্বের পরমাণু প্রকল্প কী পরিমাণ দুর্বল, কাপুরুষ আর চরিত্রহীনদের হাতে পড়ে রয়েছে!

খ) কুফফার শক্তির সাথে সখ্যের সুবাদে এরা মুমিন ও কাফিরদের মাঝে সম্বি ছাপন করে। অতঃপর এর ফায়েদা লুট্টে নিজেদের মিত্রদের নিয়ে ভোগবিলাদে মন্ত থাকে। আল্লাহ তাআলা বলেন:

'আর যখন তাদেরকে বলা হয় যে, দুনিয়ার বুকে দাঙ্গা–হাণ্ডামা সৃষ্টি কোরো না, তখন তারা বলে, আমরা তো নীমাংসার পথ অবলম্বন করেছি।''

'আমরা মীমাংসার পথ অবলম্বন করছি' এই কথার ব্যাখ্যায় ইবনুল কাসীর 🏯 আকুল্লাহ্ ইবনু আব্বাস 🚓 -এর উদ্ধৃতি দিয়ে বলেন,

أَيْ إِنَّمَا نُرِيدُ الْإِصْلَاحَ بَيْنَ الْفَرِيقَيْنِ مِنَ الْمُؤْمِنِينَ وَأَهْلِ الْكِتَابِ

'অর্থাং আমরা মুমিন এবং আহলুল কিতাব (ইয়াছ্দী ও প্রিষ্টান) এর মাঝে মীমাংসা করতে চাই।'<sup>১১১</sup>

১২০ সীরাতে ইবনে ধিশান : ২/৪৯। তাক্ষ্পালা ইবনে কাষ্ট্রাব : ৩/১১১।

১০১, সুরা বাকারা ২ : ১১

১১১, ভাষ্পিরে ইবনে কাসির : ১/১১। উল্লেখিত আয়াতের ভাষ্ঠারে।

কিন্তু আল্লাহ তাআলা তাদের এই কুফফার ঘেঁষা স্বভাবকে জমিনের বুকে বিশৃশ্বলার কারণ হিসেবে উল্লেখ করেছেন।

অন্য এক আয়াতে মুমিনদের জন্য একে অপরকে বন্ধু হিসেবে গ্রহণের দায়িত্ব বর্ণনা করে আল্লাহ তাআলা বলেন :

وَالَّذِينَ كَفَرُواْ بَعْضُهُمْ أَوْلِيَاء بَعْضٍ إِلاَّ تَفْعَلُوهُ تَكُن فِتْنَةً فِي الأَرْضِ وَفَسَادُ كَبِيرُ

'আর যারা কাফির তারা পরস্পর সহযোগী, বন্ধু। তোমরা যদি এমন ব্যবস্থা না করো, তবে দাঙ্গা–হাঙ্গামা বিস্তার লাভ করবে এবং দেশময় বড়ই অকল্যাণ হবে।' ২০

# মুনাফিক নেতৃবৃন্দ কুফফার শক্তির সাথে হাত মিলিয়ে মুসলমানদের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে

মুনাফিকদের স্বভাব বর্ণনা প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন :

رَإِذَا لَقُواْ الَّذِينَ آمَنُواْ قَالُواْ آمَنَا رَإِذَا خَلَواْ إِلَى شَيَاطِينِهِمْ قَالُواْ إِنَّا مَعَكُمْ إِنَّمَا نَحْنُ مُسْتَهْزِئُونَ

'আর তারা যখন ঈমানদারদের সাথে মিশে, তখন বলে, আমরা ঈমান এনেছি। আবার যখন তাদের শয়তানদের সাথে একান্তে সাক্ষাৎ করে, তখন বলে, আমরা তোমাদের সাথে রয়েছি। আমরা তো (মুসলমানদের সাথে) উপহাস করি মাত্র।''

আল্লাহ তাআলা আরও বলেন :

يَا أَيُّهَا الرَّسُولُ لاَ يَخُزُنكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ مِنَ الَّذِينَ قَالُواْ آمَنَا بِأَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِن قُلُوبُهُمْ وَمِنَ الَّذِينَ هِادُواْ سَمَّاعُونَ لِلْكَذِبِ سَمَّاعُونَ لِقَوْمِ آخَرِينَ لَمْ يَأْتُوكَ يُحَرِّفُونَ الْكَلِمَ مِن بَعْدِ مَوَاضِعِهِ يَقُولُونَ إِنْ أُوتِبَتُمُ

১২৩, সুরা আনফাল ৮ : ৭৩

১২৪, সুরা বাকারা ২ : ১৪

هَـذَا فَخُذُوهُ وَإِن لَّمْ تُؤْتَوْهُ فَاحْذَرُواْ وَمَن يُرِدِ اللَّهُ فِتْنَتَهُ فَلَن تَمْلِكَ لَهُ مِنَ اللهِ شَيْنًا أَوْلَــئِكَ الَّذِينَ لَمْ يُردِ اللَّهُ أَن يُطَهِّرَ قُلُوبَهُمْ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيُّ وَلَهُمْ فِي الآخِرَةِ عَذَابٌ عَظِيمٌ

'হে রাসূল, তাদের জন্যে দুঃখ করবেন না, যারা দৌড়ে গিয়ে কুফরে পতিত হয়: যারা মুখে বলে আমরা মুসলমান, অথচ তাদের অন্তর মুসলমান নয় এবং যারা ইয়াহদী: মিথ্যা বলার জন্যে তারা গুপ্তচরবৃত্তি করে। তারা অন্যদলের গুপ্তচর যারা আপনার কাছে আসেনি। তারা বাক্যকে স্বস্থান থেকে পরিবর্তন কবে। তারা বলে, যদি তোমরা এ নির্দেশ পাও, তবে কবুল করে নিয়ো এবং যদি এ নির্দেশ না পাও, তবে বিরত থেকো। আল্লাহ যাকে পথভ্রস্ট করতে চান, তার জন্যে আল্লাহ্য কাছে আপনি কিছু করতে পারবেন না। এরা এমনই যে, আল্লাহ এদেব অন্তর্ক পবিত্র করতে চান না। তাদের জন্যে রয়েছে দুনিয়াতে লাঞ্ছনা এবং পরকালে বিরাট শান্তি।<sup>†১৯৫</sup>

মুনাক্ষিকের দল যখন তাদের বন্ধু বরং প্রভু শ্রেণির কৃষ্ফার ও আহলুল কিতারের সাথে সাক্ষাং করে তখন তারা মুমিনদের সাথে ধোঁকাবাজির জন্য গর্ব করে থাকে। পাশাপাশি প্রভুদেরকে ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে নিত্যনতুন ফন্দি আঁটার শ্বাপরামর্শ দেয়।

আল্লাহ তাআলা মুনাফিকদের মসজিদে যিরার নির্মাণের উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে বলেন :

وَالَّذِينَ اتَّخَذُواْ مَسْجِدًا ضِرَارًا وَكُفْرًا وَتَفْرِيقًا بَيْنَ الْمُؤْمِنِينَ وَإِرْصَادًا لِّمَنْ حَارَبَ اللَّهَ وَرَسُولَهُ مِن قَبْلُ وَلَيَحْلِفَنَّ إِنْ أَرَدُنَا إِلاَّ الْحُسْنَى وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

'আর যারা মসজিদ নির্মাণ করেছে জিদের বশে এবং কুফরির তাড়নায় মুমিনদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এবং এই লোকের জন্য ঘাঁটিম্বরূপ যে পূর্ব থেকে আল্লাহ ও তাঁর রাসুলের সাথে যুদ্ধ করে আসছে, আর তারা অবশ্যই শপথ করবে

১৯৫, সূরা মারেল ৫ : ৪১

যে, আমরা কেবল কল্যাণই চেয়েছি। পক্ষান্তরে আল্লাহ সাক্ষী যে, তারা সবাই যিথাক। '<sup>১২৬</sup>

অর্থাৎ আবু আমের রাহিবের মিথ্যা প্রতিশ্রুতিতে বিশ্বাস করে মুসলমানদের বিরুদ্ধে রোমান সৈন্যদের সহযোগিতার আশ্বাস পেয়ে তাদেরকে অভ্যর্থনা ও আশ্রয় দেয়ার উদ্দেশ্যে তারা মসজিদে যিরার নির্মাণ করে।<sup>১২</sup>

বরং তারা তো তাদের কথিত প্রভূদের কামনার চেয়ে বেশি আনুগত্য দেখিয়ে থাকে। বাতিলের ভূত্য হয়ে মুসলমানের বিরুদ্ধে লড়াই করার শক্তি খুঁজে ফিরে এ সকল আত্মমর্যাদাহীন কাপুরুষের দল।

ড. আলী আল করনী বলেন, 'কুফফার শক্তি মুনাফিকের দলকে ভাইরাস হিসেবে ব্যবহার করে মুসলমানদের মাঝে এক ধ্বংসাত্মক মহামারি সৃষ্টি করতে চায়। এই অপকৌশলে তারা মুনাফিকদের নিজেদের মুখপাত্র হিসেবে ব্যবহার করতে চায়। অথচ মুনাফিকের দল তাদের জিহ্বা, চোখ, কান, হাত, পা, করাত, কুঠার আর হাতুড়িসহ সৰ হয়ে বসে আছে!

পার্থিব জীবনে তারা ঐক্যবদ্ধ হচ্ছে। আল্লাহ তাআলা তাদের আখিরাতেও একত্র করবেন। এ প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন :

'নিশ্চয়ই আল্লাহ দোযখের মাঝে মুনাফেক ও কাফিরদেরকে একই জায়গায় সমবেত করবেন। 15%

দুনিয়াতে তারা যেভাবে ইসলামের বিরুদ্ধে শত্রুতা ও উপহাসের ব্যাপারে ঐকমত্যে পৌঁছাচ্ছে। অতিসত্ত্বর আখিরাতেও আল্লাহ তাআলা তাদের একত্র করবেন। সেখানে তারা একে অপরকে অভিসম্পাত করবে আর একে অন্যের বিরোধিতা করবে।

১২৯. স্বা ভারবা ৯ : ১০৭

১২৭, সংক্রিপ্ত বিবরণ। বিস্তারিত রয়েছে তাফসীরে ইবনে কাসীর : ৪/১৮৪-১৮৬। সূবা তাওবা ৯ : ১০৭ अब वाभाग्र।

১২৮. স্রা নিসা ৪ : ১৪০

কাফিরদেরকে বন্ধু বানানোর ব্যাপারে আল্লাহ তাআলা মুমিনদেরকে সতর্ক করে দিয়েছেন। আল্লাহ তাআলা বলেন :

يَا أَيُهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَتَّخِذُواْ الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاء بَعْضُهُمْ أَوْلِيَاء بَعْضٍ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللهَ لاَ يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ

'হে মুমিনগণ, তোমরা ইয়াহুদী ও খ্রিষ্টানদেরকে বন্ধু হিসাবে গ্রহণ কোরো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অস্তর্ভুক্ত। আল্লাহ জালেমদেরকে পথপ্রদর্শন করেন না।'>

আল্লাহ্ তাআলা আরও বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَتَّخِذُواْ الْكَافِرِينَ أَوْلِيَاء مِن دُونِ الْمُؤْمِنِينَ أَتُرِيدُونَ أَن تَجْعَلُواْ يِلْهِ عَلَيْكُمْ سُلْطَانًا مُّبِينًا

'হে ঈমানদারগণ, তোমরা কাফিরদের বন্ধু বানিয়ো না মুসলমানদের বাদ দিয়ে। তোমরা কি এমনটি করে নিজের ওপর আল্লাহর প্রকাশ্য দলিল কায়েম করে দেবে?'<sup>১৯</sup>°

অন্যত্র তিনি বলেন :

বিদ্দিন্দ্র নির্দ্ধি নির্দ্ধ

১২৯. সুরা মায়েদা ৫ : ৫১

১৩০, সুরা নিসা ৪ : ১৪৪

১০১. স্রা আলে ইমরান ৩ : ২৮

অতএব যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব করবে আল্লাহ তাআলা তার দায়িত্ব হতে মুক্ত ও পবিত্র। আল্লাহ তাআলা মুনাফিকদের এসব অপবিত্র বন্ধুত্ব হতে আলাদা ও সুউচ্চ মর্যাদার অধিকারী।

মুমিনের মধ্যে দীনের প্রতি যে আন্তরিক ভালোবাসা রয়েছে, তাতে আল্লাহ তাআলা এই উদ্দীপনাও দান করেছেন যে, মুমিনমাত্রই জানে আল্লাহ তাআলা ও দীনের প্রতি ভালোবাসা আর এই দীন নিয়ে ঠাট্টা মশকরাকারীদের প্রতি ভালোবাসা এক অন্তরে জমা হতে পারে না। আল্লাহ তাআলা বলেন:

يَا أَيُهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الَّذِينَ اتَّخَذُوا دِينَكُمْ هُزُوًا وَلَعِبًا مِّنَ الَّذِينَ أُولِيَاءَ وَاتَّقُوا اللهَ إِن كُنتُم مُّؤْمِنِينَ أُولِيَاءَ وَاتَّقُوا اللهَ إِن كُنتُم مُّؤْمِنِينَ (٥٧) وَإِذَا نَادَبْتُمْ إِلَى الصَّلَاةِ اتَّخَذُوهَا هُزُوًا وَلَعِبًا ذَٰلِكَ بِأَنَّهُمْ قَوْمُ لَا يَعْقِلُونَ (٥٨)

'হে মুমিনগণ, আহলে কিতাবদের মধ্য থেকে যারা তোমাদের ধর্মকে উপহাস ও খেলা মনে করে, তাদেরকে এবং অন্যান্য কাফিরকে বন্ধুরূপে গ্রহণ কোরো না। আল্লাহকে ভয় করো, যদি তোমরা ঈমানদার হও।

আর যখন তোমরা নামাজের জন্যে আহ্বান করো, তখন তারা একে উপহাস ও খেলা বলে মনে করে। কারণ, তারা নির্বোধ।'১°২

বরং আল্লাহ তাআলা তো যে কাফিরদের সাথে বন্ধুত্ব করেছে তার সাথেও বন্ধুত্ব করতে নিমেধ করেছেন। তিনি বলেন :

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَتَّخِذُواْ بِطَانَةً مِّن دُونِكُمْ لاَ يَأْلُونَكُمْ خَبَالاً وَدُواْ مَا عَنِتُمْ قَدْ بَدَتِ الْبَغْضَاء مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَا لَكُمُ الآيَاتِ إِن كُنتُمْ تَعْقِلُونَ

'হে ঈমানদারগণ, তোমরা মুমিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ কোরো না। তারা তোমাদের অমঙ্গল সাধনে কোনো ক্রটি করে না। তোমরা কষ্টে থাকো,

১৩২ সূরা মারেদা ৫: ৫৭, ৫৮

তাতেই তাদের আনন্দ। শত্রুতাপ্রসূত বিদ্বেষ তাদের মুখেই ফুটে বেরোয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে, তা আরও অনেকগুণ বেশি জঘন্য। তোমাদের জন্যে নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেয়া হলো, যদি তোমরা তা অনুধারন করতে সমর্থ হও।'>

ত

#### আর তারা হলো মুনাফিক।

এখন যারা 'আহলে কিতাবদের' 'আমাদের খ্রিষ্টান ভাই' বলে থাকেন তাদের কী হবে? খ্রিষ্টান জাতি তো বাস্তবে আল্লাহ তাআলার শরীকবিহীন একত্বদ ও মুহাম্মাদ 🏇 এর নবুওয়াতকৈ অস্বীকার করে থাকে। আর আল্লাহ তাআলা মুমিনকে কখনোই কাফিরের ভাই বানাননি। এমনটা বরং মুনাফিকরাই করে থাকে। আল্লাহ তাআলা বলেন:

أَلَمْ تَر إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا وَإِن قُوتِلْتُمْ لَنَصُرَنَّكُمْ وَاللّٰهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

'আপনি কি মুনাফিকদেরকে দেখেননি? তারা তাদের কিতাবধারী কাফির ভাইদেরকে বলে, তোমরা যদি বহিষ্কৃত হও, তবে আমরা অবশ্যই তোমাদের সাথে দেশ থেকে বের হয়ে যাব এবং তোমাদের ব্যাপারে আমরা কখনো কারও কথা মানব না। আর যদি তোমরা আক্রান্ত হও, তবে আমরা অবশ্যই তোমাদেরক সাহায্য করব। আল্লাহ তাআলা সাক্ষ্য দেন যে, ওরা নিশ্চয়ই মিথ্যাবাদী।''

ইদানীং আবার বৃদ্ধিজীবী নামের জ্ঞানপাপীদের মাঝে একটি ব্যাপক প্রবণতা দেখা যাছে যে, তারা ক্রুসেডারদের দেশে থাকা মুসলমানদেরকে ইসলাম ও মুসলমানবিরোধী যুদ্ধে তাদের সেনাবাহিনীতে যোগদানের ফতোয়া দিয়ে বেড়াচ্ছেন। যাওে দেশের প্রতি তার নিঃসন্দেহ ভালোবাসা ও আনুগত্যের প্রমাণ মিলে। এবং তার দেশপ্রেম নিয়ে কোনোপ্রকার সন্দেহের অবকাশ না থাকে। রাসূল 🎄 যথার্থ এবং সত্য কথাই বলেছেন,



১৩৩, সূরা আলে ইমরান ৩ : ১১৮

১৩৪. সূরা হাশর ৫১ : ১১

# إِنَّ أَخْوَفَ مَا أَخَافُ عَلَى أُمَّتِي كُلُّ مُنَافِقٍ عَلِيمِ اللِّسَانِ

'আমি আমার উন্মতের ব্যাপারে যেসব বিষয়ের আশক্ষা করি, তন্মধ্যে সবচেয়ে বেশি ভয়ের কারণ হলো এমন মুনাফিক যে জবানের আলিম হয় (যার ইলম তার মুখের ভাষাতেই সীমাবদ্ধ; আমলে নয়)।''

ইমাম বুখারী 🙈 বর্ণনা করেন,

أَنَّ نَاسًا مِنَ المُسْلِمِينَ كَانُوا مَعَ المُشْرِكِينَ يُكَثِّرُونَ سَوَادَ المُشْرِكِينَ، عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَأْتِي السَّهُمُ فَيُرْمَى بِهِ فَيُصِيبُ أَحَدَهُمْ، فَيَقْتُلُهُ ء أَوْ يُضْرَبُ فَيُقْتَلُ فَأَنْزَلَ اللهُ :إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلاَيْكَةُ ظَالِمِي فَيَقْتُلُهُ ء أَوْ يُضْرَبُ فَيُقْتَلُ فَأَنْزَلَ اللهُ :إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلاَيْكَةُ ظَالِمِي فَيَقْتُلُ فَأَنْزَلَ اللهُ :إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلاَيْكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُواْ فِيمَ كُنتُمْ قَالُواْ كُنَا مُسْتَضْعَفِينَ فِي الأَرْضِ قَالُواْ أَلَمْ تَكُن أَلُوا كُنَا مُسْتَضْعَفِينَ فِي الأَرْضِ قَالُواْ أَلَمْ تَكُن أَنْفُسِهِمْ قَالُواْ فِيمَ كُنتُمْ قَالُواْ كُنَا مُسْتَضْعَفِينَ فِي الأَرْضِ قَالُواْ أَلَمْ تَكُن أَوْلُولُ اللهِ وَاسِعَةً فَتُهَا جِرُواْ فِيهَا فَأُولَـ يُكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءت مَصِيرًا أَرْضُ اللهِ وَاسِعَةً فَتُهَا جِرُواْ فِيهَا فَأُولَـ يُكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءت مَصِيرًا

আবৃল আসওয়াদ মুহাম্মাদ ইবনু আবদুর রহমান এ হতে বর্ণিত। তিনি বলেছেন যে, একদল সৈন্য পাঠানোর জন্যে মদীনাবাসীদের ওপর নির্দেশ দেয়া হলে আমাকেও তাতে অন্তর্ভুক্ত করা হলো। আমি ইবনু আববাস এ-এর মুক্ত গোলাম ইকরামাহ এ-এর সঙ্গে দেখা করলাম এবং তাঁকে এ ব্যাপারে জানালাম। তিনি আমাকে এ ব্যাপারে কঠোরভাবে নিষেধ করলেন, তারপর বললেন,) কিছুসংখ্যক মুসলিম মুশরিকদের সঙ্গে থেকে রাস্লুল্লাহ এ-এর বিরুদ্ধে মুশরিকদের দল ভারী করেছিল, তির এসে তাদের কারও ওপর পড়ত এবং তাকে মেরে ফেলত অথবা তাদের কেউ মার খেতো এবং নিহত হতো তখন আল্লাহ তাআলা অবতীর্ণ করলেন:

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَآئِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُواْ فِيمَ كُنتُمْ قَالُواْ كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الأَرْضِ قَالُواْ أَلَمْ تَكُنْ أَرْضُ اللهِ وَاسِعَةً فَتُهَاجِرُواْ فِيهَا فَأُولَـ ثِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءتْ مَصِيرًا

১০৫. মুসনাদে আহমাদ : ১৪৩। উমর ইবনুল খাতাব 🚓 হতে। সনদ নির্ভরযোগ্য। স্তুআইব আরনাউত্ব 🚕। ভাষবীজুল মুসনাদ : ১৪৩।

"যারা নিজের অনিষ্ট করে, ফেরেশতারা তাদের প্রাণ হবণ করে বলে, তোমরা কী অবস্থায় ছিলে? তারা বলে, এ ভূখণ্ডে আমরা অসহায় ছিলাম। ফেরেশতারা বলে, আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যে, তোমরা দেশ ত্যাগ করে সেখানে চনে যেতে? অতএব, এদের বাসস্থান হলো জাহান্নাম এবং তা অত্যস্ত মন্দ স্থান। (সূর্ নিসা 8 : ৯৭)" 130%

আল্লামা ইবনুল কাসীর 🙈 বলেন,

نَنْزَلَتْ هَذِهِ الْآيَةُ الْكَرِيمَةُ عَامَّةً فِي كُلِّ مَنْ أَقَامَ بَيْنَ ظَهَرَانِي الْمُشْرِكِينَ، وَهُو نَادِرُ عَلَى الْهِجْرَةِ وَلَيْسَ مُتَمَكِّنًا مِنْ إِقَامَةِ الدِّينِ فَهُوَ ظَالِمُ لِنَفْسِهِ مُرْتَكِبُ حَرَامًا بِالْإِجْمَاعِ، وَبِنَصِّ هَذِهِ الْآيَةِ

'এই আয়াতটি মুশরিক রাষ্ট্রে অবস্থানকারী এমন ব্যক্তির জন্য প্রযোজ্য যে সেখন থেকে হিজরত করতে সক্ষম। সেখানে অবস্থানের দরুন সে দীন কায়িম করতে পারছে না। এমতাবস্থায় সেখানে অবস্থানের কারণে সর্বসম্মতভাবে সে নিজের ওপর জুলুম করছে এবং হারামে লিপ্ত রয়েছে। এই আয়াতই তার অকাট্য প্রমাণ।""

অতএব এটা পরিষ্কার হয়ে গেল যে, কুফফার রাষ্ট্রে অবস্থান করার কারণে যাদের দীন-ধর্ম হুমকির মুখে রয়েছে তাদের জন্য নিজের ব্যক্তিজীবন থেকে শুরু করে পরিবারে, অর্থনীতিতে এবং মাতৃভূমিতে দীন কায়িমের লক্ষ্যে হিজরত কর ফরজ। বিশেষ করে মুশরিক বাহিনীর সাথে যোগ দিয়ে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে জড়ানোর বাধ্যবাধকতা এড়ানোর জন্য হলেও হিজরত করা চাই। যেমন্টা বদরের যুদ্ধে হয়েছে।<sup>১৩৮</sup> সেখানে তো নিজেদের ওপর জুলুমের কারণে যার নিহত হওয়ার হয়েছে।

১৩৬, সহীহ বৃখারী : ৪৫৯৬। অধ্যার : তাফসীর। অনুচ্ছেদ : সূবা নিসা ৪ : ৯৭ এর ব্যাখ্যায়।

১৩৭, তাফসীরে ইবনে কাসীর : ২/৩৪৪। সূরা নিসা ৪ : ৯৭ এর ব্যাখ্যায়।

১৩৮. বদরের যুদ্ধে 'আলী ইবনে উমাইয়া ইবনে খলফ, আবু কায়েস ইবনে ওয়ালিদ ইবনে মুগীরা, আৰু আস ইবনে মুনাব্দিহ ইবনে হাজ্জাজ এবং হারিস ইবনে জামতা' প্রমুখ ব্যক্তিগণ কালিমা পড়া সত্ত্বেও হিজ্ঞ না করার দক্তন বাধ্য হয়ে মুশবিক বাহিনীর সাথে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে উপস্থিত হন। তাদের 🚳 কেউ মুসলমানদের হাতেই নিহত হন। তাফসীরে ইবনে কাসীর : ২/৩৪৪। সূরা নিসা ৪ : ৯৭ এর ব্যাখ্য

আর ওইসব জ্ঞানপাপীদের জন্য শত ধিক্কার! যারা মার্কিন মুসলমানদেরকে তাদের সৈন্যদলে যোগ দিয়ে মুসলমানদের বিরুদ্ধে লড়াই ও আমেরিকা রক্ষায় জীবনদানের ফাতওয়া দিয়ে থাকে। আল্লাহ তাআলা বলেন:

أَفَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَتَكُونَ لَهُمْ قُلُوبٌ يَعْقِلُونَ بِهَا أَوْ آذَانٌ يَسْمَعُونَ بِهَا فَإِنَّهَا لَا تَعْمَى الْأَبْصَارُ وَلَكِن تَعْمَى الْقُلُوبُ الَّتِي فِي الصُّدُورِ

'তারা কি এই উদ্দেশ্যে দেশ ভ্রমণ করেনি, যাতে তারা বিচক্ষণ হৃদয় ও শ্রবণশক্তিসম্পন্ন কর্ণের অধিকারী হতে পারে? বস্তুত চক্ষু তো অন্ধ হয় না, কিন্তু বক্ষস্থিত অন্তরই অন্ধ হয়।'১°°

এই অবস্থায় এসে প্রত্যেকেরই নিজ নিজ অবস্থানের প্রতি লক্ষ করা উচিত। আমি যদি মনে করি যে, আমি কাফির, মুশরিক আর জালিম অত্যাচারীদের আশ্রয়ে নিরাপদ বোধ করছি। তবে আমাকে এটাও বুঝে নিতে হবে যে, আমি একজন মুনাফিক! আসল ইজ্জত–সম্মান আল্লাহ তাআলার কাছে। তিনি বলেন :

يَقُولُونَ لَئِن رَّجَعْنَا إِلَى الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَ وَلِلهِ الْعِزَّةُ وَلِرَسُولِهِ وَلِلْمُؤْمِنِينَ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لَا يَعْلَمُونَ

'তারাই বলে, আমরা যদি মদীনায় প্রত্যাবর্তন করি তবে সেখান থেকে সবল অবশ্যই দুর্বলকে বহিষ্কৃত করবে। শক্তি তো আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনদেরই; কিন্তু মুনাফিকরা তা জানে না।''<sup>১৪</sup>°

এরপরেও যার এই দৃঢ় বিশ্বাস নেই যে, ইজ্জত সম্মান আল্লাহ তাআলার হাতে। কুফফার শক্তির হাতে নয়; সে তো স্পষ্ট মুনাফিক।

শাইখ আলী আল করনী বলেন,

ٱلْعِزُّ فِي كُنْفِ الْعَزِيْزِ وَمَنْ \*\* عَبَدَ الْعَبِيْدَ أَذَلَّهُ اللَّهُ

১৩৯. সূরা হাচ্ছ ২২ : ৪৬

১৪০, স্রা মুনাফিকুন ৬৩ : ৮

'মান রয়েছে আজীজ রবের ছায়ায়, বান্দা পুঁজে মান খোয়াবে রবের অবহেলায় (সম্মান একমাত্র সম্মানের মালিক আল্লাহর হাতেই রয়েছে। আর যে ব্যক্তি মানুষের গোলামি করে, আল্লাহ তাকে অপদস্থ করেন)।'১৪১

আল্লাহ তাআলা বলেন:

إِنْمَا وَلِيُّكُمُ اللهُ وَرَسُولُهُ وَالَّذِينَ آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاة وَهُمْ رَاكِعُونَ (٥٥) وَمَن يَتَوَلَّ اللهَ وَرَسُولَهُ وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللهِ هُمُ الْغَالِبُونَ (٥٦)

তোমাদের বন্ধু তো আল্লাহ, তাঁর রাসূল এবং মুমিনবৃন্দ যারা নামাজ কায়েম করে, যাকাত দেয় এবং বিনম্র। আর যারা আল্লাহ, তাঁর রাসূল এবং বিশ্বাসীদেরকে বন্ধুরূপে গ্রহণ করে, তারাই আল্লাহর দল এবং তারাই বিজয়ী। ১৪২

8

### শক্তিমতার বিচারে পক্ষ পরিবর্তন করা

মুনাফিকদের নীচু মানসিকতা ও সস্তা চরিত্রের অন্যতম একটা দিক হলো 'শক্তের ভক্ত নরমের যম'। বস্তুবাদী এবং পার্থিব জীবনে বিশ্বাসী হওয়ার কারণে তারা স্ব সময়ই অর্থনৈতিক শক্তির প্রতি লালায়িত থাকে। যদি ঘুণাক্ষরেও তাবা এটা টের পায় যে তাদের মিত্রদের অর্থনৈতিক অবস্থা ভালো নয়, তবে তৎক্ষণাৎ এতদিনের মিত্রদের পিঠ দেখিয়ে সরে যেতে দ্বিধা করে না। আর এই মুখ ফিরিয়ে নেয়াও এমনভাবে নেয়, যেন এদের মাঝে কোনোকালে কোনো সম্পর্কই ছিল না। কেউ যদি মনে করে থাকেন যে, কুফফার শক্তির সাথে মুনাফিকদের এই সম্পর্ক খুবই ঘনিষ্ঠ সূত্রে বাঁধা! তবে তা ভুল। বরং এই সম্পর্কের পুরোটাই দুনিয়াবী স্বার্থের জন্য। তহবিল সংগ্রহ আর উদরপূর্তি। মুনাফিকের দল আসলে বন্ধুত্বের মর্যাদা, উদারতা, মাহায়্মা, গুরুত্ব এবং আন্তরিকতা ইত্যাদির গভীরতাই উপলব্ধি করতে

১৪২, সূরা মায়েদা ৫ : ৫৫, ৫৬



১৪১, मूत्रসून निन-नारैय यानी यान-कतनी : ১০/১১।

পারে না। আর কেউ যদি এ ব্যাপারে মুনাফিকের দলকে পরামর্শ দিতে চায় তবে তো তার সে চেষ্টার পুরোটাই 'অরণ্যে রোদন'। কোনো কাজেই দেবে না।

স্বয়ং আল্লাহ তাআলা বলেন:

أَلَمْ تَر إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أَخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا وَإِن قُوتِلْتُمْ لَنَنصُرَنَّكُمْ وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

'আপনি কি মুনাফিকদের দেখেননি? তারা তাদের কিতাবধারী কাফির ভাইদেরকে বলে, তোমরা যদি বহিষ্কৃত হও, তবে আমরা অবশ্যই তোমাদের সাথে দেশ থেকে বের হয়ে যাব এবং তোমাদের ব্যাপারে আমরা কখনো কারও কথা মানব না। আর যদি তোমরা আক্রান্ত হও, তবে আমরা অবশ্যই তোমাদেরকে সাহায্য করব। আল্লাহ তাআলা সাক্ষ্য দেন যে, ওরা নিশ্চয়ই মিথ্যাবাদী।'> १०००

এই হলো তাদের বড় বড় প্রতিশ্রুতির ফুলঝুরি। তবে আল্লাহ তাআলা তাদের এসব প্রতিশ্রুতিকে মিথ্যা বলে আখ্যা দিয়েছেন। আল্লাহ তাআলা অন্যত্রে বলেন :

لَئِنْ أَخْرِجُوا لَا يَخْرُجُونَ مَعَهُمْ وَلَئِن قُوتِلُوا لَا يَنصُرُونَهُمْ وَلَئِن نَصَرُوهُمْ لَيُوَلَّنَّ الْأَذْبَارَ ثُمَّ لَا يُنصَرُونَ

'যদি তারা বহিষ্কৃত হয়, তবে মুনাফিকবা তাদের সাথে দেশত্যাগ কববে না আর যদি তারা আক্রান্ত হয়, তবে তারা তাদেরকে সাহায্য করবে না। যদি তাদেরকে সাহায্য করে, তবে অবশ্যই পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করবে। এরপর কাফিররা কোনো সাহায্য পাবে না।<sup>2388</sup>

শুধু কুফফার শক্তির মর্যাদাহানিই মুনাফিকদের এই স্বভাব ও অধঃপতন প্রকাশ করে দেয়ার জন্য যথেষ্ট। এর কারণ হিসেবে আল্লাহ তাআলা বলেন:

১৪৩, সুরা হাশর ৫৯ : ১১

১৪৪. সুরা হাশর ৫৯ : ১২

# لَأَنتُمْ أَشَدُّ رَهْبَةً فِي صُدُورِهِم مِّنَ اللهِ ذَلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُونَ

'নিশ্চয় তোমরা তাদের অন্তরে আল্লাহ তাআলা অপেক্ষা অধিকতর ভয়াবহ। এটা এ কারণে যে, তারা এক নির্বোধ সম্প্রদায়।''

মুনাফিক যখন কাফিরের বন্ধুত্ব গ্রহণ করে তখন যেমন আল্লাহ তাআলার আদেশনিষেধের পরোয়া করে না। তেমনিভাবে যখন সে কাফিরদের সঙ্গ ত্যাগ করে
তখনো তা আল্লাহর ভয়ে করে না। বরং মুমিনদের ভয়ে করে থাকে। মোদ্দাকথা
হলো মুনাফিক কোনো অবস্থাতেই আল্লাহকে স্মরণ করে না। এ জন্যই আল্লাহ
তাআলা তাদেরকে 'নির্বোধ সম্প্রদায়' বলে অভিহিত করেছেন।

মুনাফিকদের এই দল বদলের স্বভাবটি কৃফরির চেয়েও মারাত্মক। বনু কুরাইযার যুদ্ধে 'হুয়াই ইবনু আখতাবের' বিষয়টি চিন্তা করে দেখুন। সে বনু কুরাইযাকে এই প্রতিশ্রুতি দিলো যে, তাদের বিপদাপদে পাশে থাকবে। তাদের দুর্গে অবস্থান করবে। কিন্তু যখন বনু কুরাইযার বিরুদ্ধে অভিযান ও তাদেরকে দমনের আয়াত নায়িল হলো। তখন মুনাফিকের দল আর প্রতিশ্রুতি রক্ষা করেনি। ১৪১

মুনাফিকের দল অতিশয় ধূর্ততার সাথে বাতাসের সাথে সাথে নিজেদের পক্ষ পরিবর্তনে বরাবরই সিদ্ধহস্ত। আল্লাহ তাআলা তাদের এই স্বভাব বর্ণনা করে বলেন:

الَّذِينَ يَتَرَبَّصُونَ بِكُمْ فَإِن كَانَ لَكُمْ فَتْحُ مِّنَ اللهِ قَالُواْ أَلَمْ نَكُن مَّعَكُمْ وَاللهِ وَالُواْ أَلَمْ نَصْحُهُ وَإِن كَانَ لِلْكَافِرِينَ نَصِيبٌ قَالُواْ أَلَمْ نَسْتَحْوِذْ عَلَيْكُمْ وَنَمْنَعْكُم مِّنَ اللهُ لِلْكَافِرِينَ عَلَى اللهُ لِللهِ لِللهِ لللهِ اللهِ لِللهِ لِللهِ لِللهِ اللهِ لَهُ اللهُ لِللهِ لَهُ اللهُ لِللهِ لِللهِ اللهِ لَهُ اللهُ لِللهِ اللهِ لَهُ اللهُ لِللهِ لِللهِ لَهُ اللهِ لَهُ اللهُ لِللهِ لَهُ اللهُ لِللهُ لِللهِ لَهُ اللهُ لِللهِ لَهُ اللهِ لَهُ لِللهِ لَهُ لِللهِ لَهُ لِللهُ لللهُ لِللهُ لِلللهِ لَهُ لِلللهُ لِللهُ لَهُ لِللهُ لِللهُ لِللهِ لَهُ لِلللهُ لِللهُ لِللهُ لِللهِ لَهُ لِلللهُ لِينَ لَهُ لِللللهُ لِللهُ لَهُ لِللهُ لِلْلَهُ لِللهُ لِلللهُ لِللهُ لَهُ لِللهُ لِلللهِ لِينَ لَلهُ لِلللهُ لِلللهِ لِينَ لَلهُ لِللهُ لِلللهِ لِلللهِ لَهُ لِللهِ لَهُ لِلللهِ لَهُ لِللهُ لِلللهِ لِلللهِ لللهِ لِللللهِ لِلللهِ لِلللهِ لِللْهُ لِلللهِ لِلللهِ لَهُ لِلللهِ لِلللهِ لِلللهِ لِللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لَهُ لِللهِ لِلللهِ لَهُ لِلللهِ لِلللهِ لِلللهِ لِللللهِ لِلللهِ لَهُ لِلللهِ لِلللهِ لِلللهِ لِلللهِ لِللللهِ لِلللهِ لِللللهِ لِلللهِ لِللللهِ لِللللهِ لِلللللللهِ لَهُ لِللللهِ لِلْمُ لِلللهِ لِلللللهِ لَهُ لِلللهِ لِلللهِ لِللللهِ لِللللهِ لِلْمُ لِللللهِ لِللللهِ لِلللهِ للللهِ لللللللهِ للللهِ للللهِ للللهِ للللهِ لللللهِ للللهِ للللهِ للللهِ للللهِ للللهِ لللللهِ للللهِ لللل

১৪৫. সূরা হাশর ৫১ : ১৩

১৪৬. হরাই বিন আখতাব (মৃ : ৫ম হি ) মদীনার ইয়াহদী গোত্র বনু নাজীরের সর্দার। খন্দকের যুদ্ধে ইসলাম-বিরোধী শক্তির পক্ষে সমন্বয়ের ভূমিকার জন্য বিখ্যাত। মদীনা থেকে বাসুল ্ট্রে-এর বিরুদ্ধে হতাচেট্রাই অভিযোগে ইতিপূর্বেই গোত্রটি নির্বাসিত হয়ে বাইবারে অবস্থান করছিল। খন্দক যুদ্ধের সময় মন্ধার কুরাইশন্দেই প্ররোচিত করার পাশাপাশি মদীনায় অবস্থানকারী অপর ইয়াহদী গোত্র "বনু কুরাইয়া'কেও মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে মুসলমানদের সাথে চুক্তি ভঙ্ক করতে প্ররোচিত করে পরে অবশ্য সে তার প্রতিশ্রুতি রক্ষা করেনি। ৫ম হিজবিটে তাকে হত্যা করা হয়। বিস্তারিত সীরাতে ইবনে হিশাম : ২/২২০। তার মৃত্যুর ঘটনা রয়েছে ২/২৪১ এ।

'যারা তোমাদের কল্যাণ–অকল্যাণের প্রতীক্ষায় ওত পেতে থাকে। অতঃপর আল্লাহর ইচ্ছায় তোমাদের যদি কোনো বিজয় অর্জিত হয়, তবে তারা বলে, আমরাও কি তোমাদের সাথে ছিলাম না? পক্ষান্তরে কাফিরদের যদি আংশিক বিজয় হয়. তবে বলে, আমরা কি তোমাদেরকে ঘিরে রাখিনি এবং মুসলমানদের কবল থেকে রক্ষা করিনি? সুতরাং আল্লাহ তোমাদের মধ্যে কেয়ামতের দিন মীমাংসা করবেন এবং কিছুতেই আল্লাহ কাফিরদেরকে মুসলমানদের ওপর বিজয় দান করবেন না।<sup>'১৪৭</sup>

মূলকথা মুনাফিকমাত্রই তাকে যে সাহায্য করে তার পাশে দাঁড়ায়। এবার সে যে-ই হোক না কেন?

আমি তো বলি যে, মুনাফিকের উদাহরণ হলো লালা ঝরতে থাকা উন্মাদের মতো। যে হাতে একটি শূন্য থালা নিয়ে সাহায্যের আশায় দাতাগোষ্ঠীর দ্বারে দ্বারে ঘুরে বেড়ায়। এই আশায় যে, তারা তার পাত্র পূর্ণ করে দেবে। আপনি যদি তাকে 'আল্লাহর সম্ভৃষ্টি রয়েছে জান্নাতে' বা 'দীনী মর্যাদাবোধের' কথা বলেন, তখন সে জড়তাভরা কণ্ঠে মুখ খুলবে (তোতলাবে) আর আপনার দিকে এমনভাবে তাকাবে যেন সে আপনার কথার আগামাথা কিছুই বুঝতে পারেনি। এরপর আপনার দিক হতে মুখ ফিরিয়ে নিয়ে বলবে, 'আমার এই থালা কি তুমি ভরে দেবে?'

রাসূল 🕸 বলেন,

مَثَلُ الْمُنَافِقِ، كَمَثَلِ الشَّاةِ الْعَائِرَةِ بَيْنَ الْغَنَمَيْنِ تَعِيرُ إِلَى هَذِهِ مَرَّةً وَإِلَى هَذِهِ مَرَّةً 'মুনাফিকের উপমা ওই বকরির ন্যায়, যা দুই পালের মাঝে উদ্ভ্রান্তের ন্যায় 

সুনানে নাসায়ীর বর্ণনায় অতিরিক্ত রয়েছে 'ইট্রাইড়া ইট্রেড়' 'সে বুঝতে পারে না, সে কোন দলের সাথে থাকবে'।<sup>১৪৯</sup>

১৪৭, সুরা নিসা ৪ : ১৪১

১৪৮. সহীহ যুসলিম : ২৭৮৪। আন্দুল্লাহ ইবনু উমর 🤲 হতে। অধ্যায় : মুনাফিকদের স্বভাব ও বিধান ১৪৯, সুনানে নাসায়ী : ৫০৩৭। ইবনু উমর 🚓 হতে। অধ্যায় · ঈমান ও এর বিধানাবলি। অনুছেদ : মূনাফিকের উদাহরণ।

আল্লাহ তাআলা বলেন:

نَانَ مِنكُمْ لَمَن لَيُبَطِّئَنَ فَإِنْ أَصَابَتْكُم مُّصِيبَةً قَالَ قَدْ أَنْعَمَ اللهُ عَلَيَّ إِذْ لَمْ أَنْ مَعُهُمْ شَهِيدًا

'আর তোমাদের মধ্যে এমনও কেউ কেউ রয়েছে, যারা অবশ্য বিলম্ব করবে এবং তোমাদের ওপর কোনো বিপদ উপস্থিত হলে বলবে, আল্লাহ আমার প্রতি অনুগ্রহ করেছেন যে, আমি তাদের সাথে যাইনি।'<sup>১৫০</sup>

অর্থাৎ মুনাফিকের দল তাদের এই অবক্ষয়কে হিকমত বা বিচক্ষণতা মনে করে এমনকি তারা একে আল্লাহর নিআমতও ভেবে থাকে!

পরের আয়াতেই আল্লাহ তাআলা বলেন:

رَلَئِنْ أَصَابَكُمْ فَضْلُ مِّنَ الله لَيَقُولَنَّ كَأَن لَمْ تَكُن بَيْنَكُمْ وَبَيْنَهُ مَوَدَّةٌ يَا لَتَنِي كُنتُ مَعَهُمْ فَأَفُورَ فَوْرًا عَظِيمًا

'পক্ষান্তরে তোমাদের প্রতি আল্লাহর পক্ষ থেকে কোনো অনুগ্রহ এলে তারা এমনভাবে বলতে শুরু করবে যেন তোমাদের মধ্যে এবং তাদের মধ্যে কোনো মিত্রভাই ছিল না। (বলবে) হায়, আমি যদি তাদের সাথে থাকতাম, তাহনে আমিও যে সফলতা লাভ করতাম।''<sup>23</sup>

দোদুল্যমান অবস্থায় থাকতে থাকতে যখন তারা দেখে যে, মুমিনদের প্রতি আল্লাহ তাআলার সাহায্য চলে এসেছে। ইজ্জত ও সম্মান শুধু আল্লাহ, তাঁর রাস্ল প্র আর মুমিনদের জন্য। তখন অনুতাপ ও হতাশা প্রকাশ করে। নিজেদের তুল পর্ব ও ল্রান্ত মতের দিকে ছুটে চলা ধ্বংসাত্মক অতীত নিয়ে পরিতাপ করে বেড়ায়। তবে তাদের হাতড়ে বেড়ানো সম্মান নিতান্তই সীমিত। তাই তো আফসোস করে বলে বেড়ায়। ইন্ট্রিই ভিট্টে তাহলে আমিও যে সফলতা লাভ করতাম'। অর্থাৎ গনীমতের কিছু মাল, কিছু অর্থ ও সম্পদ লাভ করতাম!

১৫০. সূরা নিসা ৪ : ৭২

১৫১, সূরা নিসা ৪ : ৭৩

নাতিদীর্য এই আলোচনার পর আমাদের বুদ্ধিজীবী মহলের উচিত আল্লাহকে ভয় করা। সেই সাথে নিজেদের বিদ্যাবৃদ্ধিকে আল্লাহ ও তাঁর রাসূল ্ঞ-এর দীনের প্রতি নিবেদন করা উচিত।

মুনাফিকদের ধর্মই হলো দীনের নামে শক্তিশালীর আনুগত্য ও বন্ধুত্ব গ্রহণ করা। পক্ষাস্তরে আল্লাহ তাআলা তাদের এসব কর্মকাণ্ড হতে পবিত্র ও মুক্ত। রাসূল 🎡 ভদ্র ও বিশ্বস্ত লোকদের নেতা। আর মুমিনগণই প্রকৃত সত্যবাদী।

8

#### মিথ্যা বলা

নিফাক আর মিথ্যা সমার্থক শব্দ : আপনাকে যদি এক শব্দে মুনাফিকদের স্বভাবচরিত্র তুলে ধরতে বলা হয়, আপনি বলতে পারেন 'মিথ্যাবাদী'।

আন্নাহ তাআলা বলেন :

لِيَجْزِيَ اللهُ الصَّادِقِينَ بِصِدْقِهِمْ وَيُعَذَّبَ الْمُنَافِقِينَ إِن شَاءَ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ إِنَّ اللهَ كَانَ غَفُورًا رَّحِيمًا

'এটা এ জন্য যাতে আল্লাহ, সত্যবাদীদেরকে তাদের সত্যবাদিতার কারণে প্রতিদান দেন এবং ইচ্ছা করলে মুনাফিকদেরকে শাস্তি দেন অথবা ক্ষমা করেন। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।'<sup>১২২</sup>

আল্লাহ তাআলা মুনাফিকের দলকে সত্যবাদীদের বিপরীত অবস্থানে ছুড়ে দিয়েছেন। তাদের ব্যাপারে রাসূল ঞ্জ-এর বিখ্যাত বাণী,

أَرْبَعُ خِلاَلٍ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِصًا: مَنْ إِذَا حَدَّثَ كَذَبَ، وَإِذَا وَعَدَ أَخُلَفَ، وَإِذَا عَاهَدَ غَدَرَ، وَإِذَا خَاصَمَ فَجَرَ، وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةُ مِنْهُنَّ كَانَتْ فِيهِ خَصْلَةً مِنَ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا

১৫২, সূর৷ আহ্যাব ৩৩ : ২৪

'চারটি স্বভাব যার মধ্যে পাওয়া যাবে, সে খালিস মুনাফিক বলে গণ্য হবে। যে ব্যক্তি কথা বলার সময় মিথ্যা বলে, আর অঙ্গীকার করলে ভঙ্গ করে, প্রতিশ্রুতি দিলে বিশ্বাসঘাতকতা করে, যখন ঝগড়া করে গালাগালি করে। যার মধ্যে এগুলোর কোনো একটি স্বভাব পাওয়া যাবে, তার মধ্যে নিফাকের একটি স্বভাব পাওয়া গেল, যতক্ষণ না সে তা পরিত্যাগ করে।'<sup>১৫</sup>°

গভীরভাবে চিম্ভা করলে দেখা যাবে উল্লেখিত চাবটি স্বভাবই মিথ্যার ফসনা প্রথমে তো মিথ্যার কথা বলাই হয়েছে। দ্বিতীয়তে অঙ্গীকার করে ভঙ্গ করাও একপ্রকার মিথ্যা। তৃতীয়তে বিশ্বাসঘাতকতা একধরনের মিথ্যা। চতুর্থ নম্বরে ঝগড়াঝাঁটির সময় যে গালিগালাজ করা হয়, তার অধিকংশই মিথ্যা হয়ে থাকে। মূল কথা হলো, কথা ও কাজে অমিল পাওয়া গেলেই তা মিথ্যা।

আমরা জানি যে, আল্লাহ তাআলা কথা ও কাজের অমিলকে অপছন্দ করে। এমনকি তিনি তাঁর পবিত্র কালামে মুমিনগণকে এ ধরনের বদ অভ্যাস এবং মুনাফিকি স্বভাবের ব্যাপারে নিজের অসম্ভোষ প্রকাশ করে সতর্ক করেছেন। আল্লাহ তাআলা বলেন:

بَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ (٢) كَبُرَ مَقْتًا عِندَ اللهِ أَن نَقُولُوا مَا لَا تَفْعَلُونَ (٣)

'মুমিনগণ, তোমরা যা করো না, তা কেন বলো? তোমরা যা করো না, তা বলা আল্লাহর কাছে খুবই অসম্ভোষজনক।'<sup>১৫৪</sup>

বর্তমান সময়ের কী বিপুল পরিমাণ মুসলমানের মধ্যে আমরা এই কথা ও কাজের অমিল দেখতে পাই বলুন! বিপুল পরিমাণ মানুষকে দেখা যায় যে, তারা এমন গঠিত কাজের নিন্দা করে বেড়াচ্ছেন অথচ তারা নিজেরাই এর মধ্যে ডুবে আছেন!

১৫৩. সহীহ বুখারী : ৩১৭৮। আব্দুল্লাহ বিন আনর 🚓 হতে। অধ্যায় : জিযিয়া। অনুচ্ছেদ : যারা অঙ্গীকর করে তা ডঙ্গ করে তাদের গুনাহ।

১৫৪, সূরা সফ ৬১ : ২, ৩

# ফিলিস্তিনি কবি ইবরাহীম তৃক্কান বলেন,

كم قلت أمراض البلاد وأنت من أمراضها والشؤم علتها فهل فتشت عن أعراضها يا من حملت الفأس تهدمها على أنقاضها اقعد فما أنت الذي يسعى إلى إنهاضها وانظر بعينيك الذئاب تعب في أحواضها আর কতকাল বলবে তুমি দেশটা গেছে পচে? এই পচনে তুমি কি ভাই খুব গিয়েছ বেঁচে? এই বিপাকের মূলে যে কী তা কি তুমি জানো? হতাশা যে খাচ্ছে কুড়ে এই কথা কি মানো? কুঠার হাতে কে হে তুমি রুদ্রমূর্তি ধরে? হানছো আঘাত শেকডে দেশের কিসের নেশায় পড়ে? বসেই তুমি ঝিমুচ্ছো যে কিসের অলক্ষণে? দেশটি যখন চাচ্ছে খানিক সামনে এগিয়ে যেতে! তাকিয়ে দেখো জায়নগুলো খাটছে কেমনতর, ষ্বপ্ন বুঝি দেখেছে তারাই ভীষণ বড়সড়?\*\*

কত মুসলমানকে দেখবেন নিজ দেশের দুনীতির নিন্দা করে শক্ররাষ্ট্রের গুণগান গাইছে। নিজ দেশের শাসকশ্রেণিকে তুলোধুনো করছে। যদি বলেন আপনি এদের বিরুদ্ধে সংগ্রাম করতে চান? সাথে সাথে সে এ ধরনের চিম্ভাভাবনাকে প্রত্যাখ্যান

১৫৫. কবিডাংশটি ফিলিস্তিনী কবি ইবরাহীম তৃকানের 'কাফকাফ দমউকা' কবিতা থেকে নেওয়া। ইবরাহীম তৃকান (১৯০৫–১৯৪১) ফিলিস্তিনের নাবলুসে জন্ম নেওয়া বিখ্যাত একজন আরব কবি। দিওয়ানে ইবরাহীম নামে তার কবিতার সংকলন বমেছে। তিনি মাত্র ৩৬ বছর বমসে ফিলিস্তিনের আল-কুদসে ইপ্তিকাল করেন। তার এই কবিতাটি সহ বিভিন্ন লেখা আরববিশ্বের পাঠাপুস্তকে জায়গা করে নিয়েছে। সৃত্র : শরহ কাফকাফ দমউকা ও উইকিপিডিয়া।

করবে। নিজের দেশের দুর্নীতি বা শক্ররাষ্ট্রের বিরুদ্ধে লড়াই-সংগ্রাম তো দূরের কথা, এরা বরং শক্র ও কুসেডারদের দেশ থেকে আমদানিকৃত সিগারেট ফুঁকে ফুঁকে নিজের দেহের কোষগুলোর বিরুদ্ধে লড়াইয়ে ব্যস্ত! আর সিগারেটের ধোঁয়ায় ধোঁয়ায় তাদের এসব গালভারী করা স্লোগান বাতাসে মিলিয়ে যায়। বড় বড় কথা বলে বেড়ালেও এরা কখনোই জিহাদ বা সংগ্রামের চিন্তাও করে না। বরং যা বলে বেড়ায় বাস্তবে তার বিপরীত কাজ করে। আল্লাহ তাআলা এ ধরনের মানুষজনকে হিদায়াত দান করুন। তাদের কাজকর্ম শুধরে দিন। আমীন!

মুনাফিক সর্বপ্রথম নিজের সাথে মিথ্যা বলে থাকে। আল্লাহ তাআলা বলেন:

'দেখো তো, কীভাবে মিথ্যা বলছে নিজেদের বিপক্ষে? এবং যেসব বিষয় ভারা আপনার প্রতি মিছেমিছি রচনা করত, তা সবই উধাও হয়ে গেছে।'<sup>১৫৬</sup>

এই আয়াতের তাফসীরে ইমাম কুরতৃবী 🕾 বলেন,

'আর মুনাফিকদের অজুহাতের কারণ হলো বাতিলের সাথে সঙ্গ দেয়ার ব্যাগার তাদের মিথ্যাচার এবং তা অশ্বীকার করা তাদের নিফাক।'<sup>১৫৭</sup>

মুনাফিক আসলে নিজের বাতিলঘেঁষা অবস্থানের জন্য নিজের মধ্যে নানা অজুহাত তৈরি করে, নিজেকে নিফাক থেকে মুক্ত মনে করে, সত্যের ব্যাপারে নিজেকে অন্ধকারে নিমজ্জিত রাখে, অন্যায় অপকর্ম দিয়ে নিজেকে সুসজ্জিত করে, নিজের ভেতরে জেগে ওঠা ঈমানের ডাক অবহেলা করে আর নিজেকে এই বলে সাম্বনা দেয় যে, নিফাকের পথে শাস্তি ও সমৃদ্ধি রয়েছে। নিফাককে গে নিফাকই মনে করে না। সে অস্তরকে এমন অসাড় অনুভৃতিহীন করে রাখে আর নিজেকে এই প্রবোধ দেয় যে, তার মধ্যে অনেক প্রশংসনীয় গুণাবলি রয়েছে। আর সে ভালো পথেই আছে!

১৫৬, সূরা আনআম ৬ : ২৪

১৫৭, ভাফসীরে কুরতৃথী : ৬/৪০২।

মুনাফিক তার অপকর্মের বৈধতা দিতে মিখ্যা বলে : নিজের সাথে মিখ্যাচারের পরপরই মুনাফিকের আরেক মিথ্যাচারের শিকার হলো মুমিন মুসলমানগণ। মুনাফিকের দৃষ্টিতে মুমিনমাত্রই সাদাসিধা সহজ সরল মানুষ। মুমিনের মধ্যে তার মতো বিচক্ষণতা নেই। তাই সস্তা যুক্তিতর্ক বা প্রতারণার মাধ্যমে মুমিনের সাথে মিথ্যা বলাকে সে জরুরি মনে করে। নিজেকে রক্ষায় তারা মুমিনগণের সাদাসিধে আবেগকে পুঁজি করতে পিছপা হয় না। আর তাই মুনাফিকের দল মুমিনের সাথে মিথ্যা শপথ করতে দ্বিধা করে না। আল্লাহ তাআলা বলেন :

اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَن سَبِيلِ اللهِ إِنَّهُمْ سَاء مَا كَانُوا يَعْمَلُونَ

'তারা তাদের শপথসমূহকে ঢালকপে ব্যবহার করে। অতঃপর তারা আল্লাহর পথে বাধা সৃষ্টি করে। তারা যা করছে, তা খুবই মন্দ।''

তারা সব ধরনের অপকর্ম আর ভণ্ডামিতে লিপ্ত থাকে। আবার আল্লাহর নামে শপথ করে বলে যে. সে ভালো কাজ ছাড়া মন্দ কিছুই করেনি!

সহজ সরল মুমিন হয়তো কল্পনাও করতে পারে না যে, কেউ মিখ্যা শপথ করতে পারে! সাধারণ মানুষের এই সত্য মনে করার সুযোগে মুনাফিক তার পাপাচারপূর্ণ ভণ্ডামি চালিয়ে যায়।

দেখুন আল্লাহ তাআলা তাদের এহেন নোংরা অপকর্মকে কীভাবে বাতিল করে দিচ্ছেন। তারা যখন আল্লাহর রাস্তায় জান ও মাল খরচে বাধা দেয়, আল্লাহ তাআলা বলেন:

اشْتَرَوْاْ بِآيَاتِ اللهِ ثَمَنًا قَلِيلاً فَصَدُّواْ عَن سَبِيلِهِ إِنَّهُمْ سَاء مَا كَانُواْ يَعْمَلُونَ 'তারা আল্লাহর আয়াতসমূহ নগণ্য মূল্যে বিক্রয় করে, অতঃপর লোকদের নিবৃত্ত রাখে তাঁর পথ থেকে, তারা যা করে চলছে, তা অতি নিকৃষ্ট।'<sup>১১৯</sup>

১৫৮, সুরা মুনাফিকুন ৬৩ : ২

১৫৯, সুবা ভাওবা ৯ : ১

আল্লাহ তাআলা আরও বলেন:

اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَن سَبِيلِ اللهِ فَلَهُمْ عَذَابٌ مُّهِينً

'তারা তাদের শপথকে ঢাল করে রেখেছে, অতঃপর তারা আল্লাহর পথ থে<sub>কৈ</sub> মানুষকে বাধা প্রদান করে। অতএব, তাদের জন্য রয়েছে অপমানজনক শাস্তি।"

অতএব বোঝা গেল এসব মিথ্যাবাদীর ঈমান হলো দুনিয়ার জীবনে নিজেরে রক্ষার জন্য ঢালমাত্র। পাশাপাশি নিজের অপকর্মগুলো ঢেকে রাখার পর্ণামাত্র। তবে আধিরাতে চিরস্থায়ী জাহান্নামের বিভীষিকা নিশ্চিত।

এবার চলুন জানা যাক, মুনাফিক কীভাবে মিথ্যা দিয়ে নিজের নিফাককে গোগন রাখে।

ক) দীনের ব্যাপারে মুনাফিকের সংশয় : আল্লাহ তাআলা বলেন :

وَمِنَ النَّاسِ مَن يَقُولُ آمَنًا بِاللهِ وَبِالْيَوْمِ الآخِرِ وَمَا هُم بِمُؤْمِنِينَ 'আর মানুষের মধ্যে কিছু লোক এমন রয়েছে যারা বলে, আমরা আল্লাই । পরকালের প্রতি ঈমান এনেছি অথচ আদৌ তারা ঈমানদার নয়।''

আরও বলেন :

إِنَّا جَاءِكَ الْمُنَافِقُونَ قَالُوا نَشْهَدُ إِنَّكَ لَرَسُولُ اللهِ وَاللهُ يَعْلَمُ إِنَّكَ لَرَسُولُهُ وَاللهُ يَعْلَمُ إِنَّكَ لَرَسُولُهُ وَاللهُ يَشْهَدُ إِنَّ الْمُنَافِقِينَ لَكَاذِبُونَ

'মুনাফিকরা আপনার কাছে এসে বলে, আমরা সাক্ষ্য দিচ্ছি যে আপনি নিশ্চর্ট্র আল্লাহর রাসূল। আল্লাহ জানেন যে, আপনি অবশ্যই আল্লাহর রাসূল এবং আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, মুনাফিকরা অবশ্যই মিথ্যাবাদী।''

১৬০. স্রা মুজাদালাহ ৫৮ : ১৬

১৬১, সূরা বাকারা ২ : ৮

১৬২ সূরা মুনাফিকুন ৬৩ : ১

খ) কুরআন ও সুন্নাহর বিধান অনুযায়ী বিচারে অস্বীকৃতি : আল্লাহ তাআলা বলেন : أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنزِلَ إِلَيْكَ وَمَا أُنزِلَ مِن قَبْلِكَ يُرِيدُونَ أَن يَتَحَاكُمُوا إِلَى الطَّاعُوتِ وَقَدْ أَمِرُوا أَن يَكُفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَن يُضِلُّهُمْ ضَلَالًا بَعِيدًا (٦٠) وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالُوا إِلَىٰ مَا أَنزَلَ اللهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا (٦١) فَكَيْفَ إِذَا أَصَابَتْهُم مُّصِيبَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ ثُمَّ جَاءُوكَ يَحْلِفُونَ بِاللهِ إِنْ أَرَدْنَا إِلَّا إحسانًا وَتُوفِيقًا (٦٢)

'আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবি করে যে, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে আমরা সে বিষয়ের ওপর ঈমান এনেছি এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে। তারা বিরোধী বিষয়কে (বিচারের জন্য) শয়তানের দিকে নিয়ে যেতে চায়. অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, যাতে তারা ওকে মান্য না করে। পক্ষান্তরে শয়তান তাদেরকে প্রতাবিত করে পথভ্রষ্ট করে ফেলতে চায়। আর যখন আপনি তাদেরকে বলবেন, আল্লাহর নির্দেশের দিকে এসো যা তিনি রাসলের প্রতি নাথিল করেছেন, তখন আপনি মুনাফিকদিগকে দেখবেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণভাবে সরে যাচ্ছে। এমতাবস্থায় যদি তাদের কৃতকর্মের দরুন বিপদ আরোপিত হয়, তবে তাতে কী হলো! অতঃপর তারা আপনার কাছে আল্লাহর নামে কসম খেয়ে খেয়ে ফিরে আসবে যে, মঙ্গল ও সম্প্রীতি ছাড়া আমাদের অন্য কোনো উদ্দেশ্য ছিল না।'>>>

তারা তাগুতের বিধান মেনে নেয়ার ব্যাপারে মুসলমানদের সাথে মিখ্যা শপথের আশ্রয় নেয়।

গ) ইয়াহুদী, খ্রিষ্টান ও বিধর্মীদের সাথে বন্ধুত্ব রক্ষা : আল্লাহ তাআলা বলেন : أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ تَوَلَّوا قَوْمًا غَضِبَ اللَّهُ عَلَيْهِم مَّا هُم مِّنكُمْ وَلَا مِنْهُمْ وَيَعُلِفُونَ عَلَى الْكَذِبِ وَهُمْ يَعْلَمُونَ

১৬৩. সুরা নিসা ৪ : ৬০-৬২

'আপনি কি তাদের প্রতি লক্ষ করেননি, যারা আল্লাহর গযবে নিপতিত সম্প্রদায়ের সাথে বন্ধুত্ব করে? তাবা মুসলমানদের দলভুক্ত নয় এবং তাদেরও দলভুক্ত নয়। তারা জেনেশুনে মিথ্যা বিষয়ে শপথ করে।'১৯৪

ঘ) জিহাদের বিরোধিতা : আল্লাহ তাআলা বলেন :

رُلِيَعْلَمَ الَّذِينَ نَافَقُوا وَقِيلَ لَهُمْ تَعَالَوْا قَاتِلُوا فِي سَبِيلِ اللهِ أَوِ ادْفَعُوا قَالُوا وَنَعْلَمُ قِتَالًا لَّا تَّبَعْنَاكُمْ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَانِ يَقُولُونَ إِلْوَاهِهِم مَّا لَيْسَ فِي قُلُوبِهِمْ وَاللهُ أَعْلَمُ بِمَا يَكْتُمُونَ

'এবং তাদেরকে যাতে সনাক্ত করা যায় যারা মুনাফিক ছিল। আর তাদেরকে ক্লা হলো এসো, আল্লাহর রাহে লড়াই করো কিংবা শক্রদিগকে প্রতিহত করো। তার বলেছিল, আমরা যদি জানতাম যে লড়াই হবে, তাহলে অবশ্যই তোমাদের সাথে থাকতাম। সে দিন তারা ঈমানের তুলনায় কুফরির কাছাকাছি ছিল। যা তাদের অস্তরে নেই তারা নিজের মুখে সে কথাই বলে। বস্তুত আল্লাহ ভালোভাবে জানে তারা যা কিছু গোপন করে থাকে।'>

অন্যত্রে বলেন:

بُمْلِفُونَ لَكُمْ لِتَرْضَوْاْ عَنْهُمْ فَإِن تَرْضَوْاْ عَنْهُمْ فَإِنَّ اللَّهَ لاَ يَرُضَى عَنِ الْقَوْمِ الْفَاسِقِينَ

'তারা তোমার সামনে কসম খাবে যাতে তুমি তাদের প্রতি রাজি হয়ে যাগ্র অতএব, তুমি যদি রাজি হয়ে যাও তাদের প্রতি তবু আল্লাহ তাআলা রাজি হকে না, এ নাফরমান লোকদের প্রতি।''

ঙ) আল্লাহ ও তার রাসূল 🏇 এর সাথে অভদ্র আচরণ করে : আল্লাহ তামান বলেন :

১৬৬, সুরা তাওবা ৯ : ১৬





১৬৪, সুরা মুজাদালাহ ৫৮ : ১৪

১৬৫. সূরা আলে ইমরান ৩ : ১৬৭

يَعْلِفُونَ بِاللهِ مَا قَالُواْ وَلَقَدْ قَالُواْ كَلِمَةَ الْبِكُفْرِ وَكَفَرُواْ بَعْدَ إِسْلاَمِهِمْ وَهُمُواْ بِمَا لَمْ يَنَالُواْ وَمَا نَقَمُواْ إِلاَّ أَنْ أَعْنَاهُمُ اللهُ وَرَسُولُهُ مِن فَضْلِهِ فَإِن يَتُوبُواْ يَكُ خَيْرًا لَهُمْ وَإِن يَتَوَلَّوْا يُعَذِّبُهُمُ اللهُ عَذَابًا أَلِيمًا فِي الدُّنْيَا وَالآخِرَةِ وَمَا لَهُمْ فِي الأَرْضِ مِن وَلِيَّ وَلاَ نَصِيرٍ

'তারা কসম খায় যে, আমরা বলিনি, অথচ নিঃসন্দেহে তারা বলেছে কুফরি বাক্য এবং মুসলমান হবার পর অস্বীকৃতিজ্ঞাপনকারী হয়েছে। আর তারা কামনা করেছিল এমন বস্তুর যা তারা প্রাপ্ত হয়নি। আর এসব তারই পরিণতি ছিল যে, আল্লাহ ও তাঁর রাসূল তাদেরকে সম্পদশালী করে দিয়েছিলেন নিজের অনুগ্রহের মাধ্যমে। বস্তুত এরা যদি তাওবা করে নেয়, তবে তাদের জন্য মঙ্গল। আর যদি তা না মানে, তবে তাদেরকে আযাব দেবেন আল্লাহ তাআলা, বেদনাদায়ক আযাব দুনিয়া ও আখেরাতে। অতএব, বিশ্বচরাচরে তাদের জন্য কোনো সাহায্যকারী-সমর্থক নেই।'১৬ণ

মুনাফিকের দল রাসূল 🐞 -কে গালিগালাজ করে এবং নবী হিসেবে অশ্বীকৃতি জানায়। পরবর্তী সময় এ বিষয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করা হলে তারা পরিষ্কার শপথ করে বলে দেয় যে, তারা এমন কিছুই করেনি!

আব্দ্লাহ ইবনু আববাস 🕮 বলেন,

كَانَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسًا فِي ظِلِّ حُجْرَتِهِ: قَدْ كَادَ يَقْلِصُ عَنْهُ فَقَالَ لِأَصْحَابِهِ: يَجِيئُكُمْ رَجُلُ يَنْظُرُ إِلَيْكُمْ بِعَيْنِ شَيْطَانِ، فَإِذَا رَأَيْتُمُوهُ فَلَا تُكَلِّمُوهُ فَجَاءَ رَجُلُ أَزْرَقُ، فَلَمَّا رَآهُ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ دَعَاهُ، فَقَالَ: عَلَامَ تَشْتُمُنِي أَنْتَ وَأَصْحَابُكَ؟ قَالَ: كَمَا أَنْتَ حَقَّ وَسَلَّمَ دَعَاهُ، فَقَالَ: عَلَامَ تَشْتُمُنِي أَنْتَ وَأَصْحَابُكَ؟ قَالَ: كَمَا أَنْتَ حَقَّ آتِيكَ بِهِمْ، قَالَ: فَذَهَبَ، فَجَاءَ بِهِمْ، فَجَعَلُوا يَحْلِفُونَ بِاللهِ مَا قَالُوا، وَمَا فَعَلُوا، وَأَنْزَلَ اللهُ عَزَ وَجَلَّ: يَوْمَ يَبْعَثُهُمُ اللهُ جَمِيعًا فَيَحْلِفُونَ لَهُ كَمَا يَخْلِفُونَ لَكُمْ وَيَحْسَبُونَ أَنَهُمْ عَلَى شَيْءٍ أَلَا إِنَّهُمْ هُمُ الْكَاذِبُونَ (المجادلة: ١٨)

১৬৭. সূরা তাওবা ১: ৭৪

'রাসূল 🌉 নিজের কোনো এক হুজরার (কক্ষ) ছায়ায় বসে ছিলেন। তার পাশে কিছু লোকজনও ছিল। তিনি সাহাবায়ে কেরামকে বললেন, 'তোমাদের নিকট একজন লোক আসবে যে তোমাদের শয়তানের দৃষ্টিতে দেখবে। তোমরা যখন তাকে দেখবে, তার সাথে কোনো কথা বলবে না। কিছুক্ষণেব মধ্যেই নীলাভ বর্ণের এক ব্যক্তি এল। রাসূল 🏨 তাকে দেখতেই ডাক দিয়ে বললেন, 'তুমি আর তোমার সাথিরা আমাকে গালমন্দ করলে কেন? সে বলল, 'তাদেরকে নিয়ে আসার আগেই আপনার কাছে এ খবর কীভাবে পৌঁছল?' এই বলে সে চলে গোল। কিছুক্ষণ পর নিজের সঙ্গীসাথি নিয়ে এল। এসেই তারা শপথ করে বলতে লাগল যে, 'তারা এমন কিছু বলেনি বা করেনি।' এই ঘটনার দিকে ইঙ্গিত করে আল্লাহ তাআলা এই আয়াত নাযিল করেন:

يَوْمَ يَبْعَثُهُمُ اللَّهُ جَمِيعًا فَيَحْلِفُونَ لَهُ كَمَا يَحْلِفُونَ لَكُمْ وَيَحْسَبُونَ أَنَّهُمْ عَلَى شَيْءٍ أَلَا إِنَّهُمْ هُمُ الْكَاذِبُونَ

'যেদিন আল্লাহ তাদের সকলকে পুনরুখিত করবেন। অতঃপর তারা আল্লাহর সামনে শপথ করবে, যেমন তোমাদের সামনে শপথ করে। তারা মনে করবে যে, তারা কিছু সংপথে আছে। সাবধান, তারাই তো আসল মিথ্যাবাদী। (সূরা মুজাদালাহ ৫৮ : ১৮) 1364

হাদীসে উল্লেখিত লোকটির কথা চিস্তা করুন। রাসূল 🤲 এর সামনে সত্য স্পষ্ট হয়ে যাওয়ার পরও সে কসম কেটে মিথ্যা বলছে। শুধু সে একা নয়, তার সঙ্গীসাথি নিয়ে এসে শপথ করে বলছে যে, তারা গালিগালাজ করেনি! তারা জানে যে, একজনের মিথ্যার চেয়ে দলবদ্ধ মিথ্যায় হয়তো কাজ হবে। তাই পুরো দল চলে এসেছে মিথ্যা শপথ করতে।

রাসূল 🎡 শান্তচিত্তে তাদের এই নিকৃষ্ট প্রতিযোগিতা শেষ হওয়ার অপেক্ষা করতে লাগলেন।

১৬৮. মুসনাদে আহমাদ : ৩২৭৭। হাইছামী রহ ও শুআইব আরন্ডিত্ব 🚵 -এর মতে সনদ সহীহ। মধ্যার্ম : মুসনাদে ইবনে আববাস।

কল্পনা করুন যে, রাসূল ঞ্জ-এর মতো মীমাংসাকারী ব্যক্তির সামনে তাদের যাবতীয় কীর্তিকলাপ স্পষ্ট হয়ে যাওয়ার পরেও, তার ভয়ে ভীত হওয়া সত্ত্বেও তারা নিজেদের কৃতকর্ম নিয়ে শপথ করে মিথ্যা বলতে শুরু করল !

তাদের একজন আসমানের দিকে আঙুল তুলে আল্লাহর কসম খায় তো আরেকজন তাঁর দুহাত ধরে নিজের দিকে সম্প্রসারিত করে নিজের কৃতকর্মকে অহ্বীকার করে। তৃতীয়জন আবার নিজের কলুষিত বুকের দিকে ইঞ্চিত করে তার অন্তরে কী আছে সে ব্যাপারে আল্লাহ তাআলাকে সাক্ষী হিসেবে উপস্থাপন করার অভিনয় করে। কসম শপথের এই অভিনয় দিয়ে তারা বোঝাতে চায় যে, তারা আল্লাহ ও তাঁর রাসূল 🃸-কে ভালোবাসে এবং তাদেরকে সম্মান করে। অথচ এর পুরোটাই মিখ্যা।

চ) মুমিনদের মাঝে বিভেদ সৃষ্টি করে : আল্লাহ তাআলা বলেন :

وَالَّذِينَ اتَّخَذُواْ مَسْجِدًا ضِرَارًا وَكُفْرًا وَتَفْرِيقًا بَيْنَ الْمُؤْمِنِينَ وَإِرْصَادًا لَّمَنْ حَارَبَ اللَّهَ وَرَسُولَهُ مِن قَبْلُ وَلَيَحُلِفَنَّ إِنْ أَرَدْنَا إِلاَّ الْحُسْنَى وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

'আর যারা নির্মাণ করেছে মসজিদ জিদের বশে এবং কুফরির তাড়নায় মুমিনদেব মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এবং ওই লোকের জন্য ঘাঁটিশ্বরূপ যে পূর্ব থেকে আল্লাহ ও তাঁর রাসূলের সাথে যুদ্ধ করে আসছে, আর তারা অবশ্যই শপথ করবে যে, আমরা কেবল কল্যাণই চেয়েছি। পক্ষাস্তরে আল্লাহ সাক্ষী যে, তারা সবাই মিথ্যক।"১৬৯

তারা এমনই। ঘৃণ্য মানসিকতা, বিকৃত চাহিদা আর অপকর্মের মাধ্যমে ব্যাপক বিশৃঙ্খলা সৃষ্টি করাই এদের উদ্দেশ্য। আল্লাহ তাআলা বলেন :

وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ لَئِنْ أَمَرْتَهُمْ لَيَخْرُجُنَّ قُل لَّا تُقْسِمُوا طَاعَةً مَّعْرُوفَةُ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ

১৬৯, সূরা তাওবা ৯ : ১০৭

'তারা দৃঢ়ভাবে আল্লাহর কসম খেয়ে বলে যে, আপনি তাদেরকে আদেশ করাল তারা সবকিছু ছেড়ে বের হবেই। বলুন, তোমরা কসম খেয়ো না। নিয়মানুযায়ী তোমাদের আনুগত্য, তোমরা যা কিছু করো নিশ্চয় আল্লাহ সে বিষয়ে জ্ঞাত।''

মুনাফিকের দল মুমিনদের ভয়ে মিথ্যা বলে। অথচ আল্লাহকেই সবচেয়ে রেশি জ্য করা উচিত। আল্লাহ তাআলা বলেন :

مَيْخُلِفُونَ بِاللَّهِ لَكُمْ إِذَا انقَلَبْتُمْ إِلَيْهِمْ لِتُعْرِضُواْ عَنْهُمْ فَأَعْرِضُواْ عَنْهُمْ إِلَيْهِمْ لِتُعْرِضُواْ عَنْهُمْ إِلَيْهِمْ لِتُعْرِضُواْ عَنْهُمْ إِلَيْهِمْ لِتُعْرِضُونَ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ جَزَاء بِمَا كَانُواْ يَكْسِبُونَ

'এখন তারা তোমার সামনে আল্লাহর কসম খাবে, যখন তুমি তাদেব কছে ফিরে যাবে, যেন তুমি তাদের ক্ষমা করে দাও। সুতরাং তুমি তাদের ক্ষমা করে নিঃসন্দেহে এরা অপবিত্র এবং তাদের কৃতকর্মের বদলা হিসাবে তাদের চিকানা হলো দোযখ।'<sup>১১</sup>

অন্যত্র তিনি বলেন :

جُولِفُونَ بِاللهِ لَكُمْ لِيُرْضُوكُمْ وَاللهُ وَرَسُولُهُ أَحَقُّ أَن يُرْضُوهُ إِن كَانُواْ مُؤْمِنِينَ 'তোমাদের সামনে আল্লাহর কসম খায় যাতে তোমাদের রাজি করতে পারে অবশ্য তারা যদি ঈমানদার হয়ে থাকে, তবে আল্লাহকে এবং তাঁর রাস্লকে রাজি করা অত্যন্ত জরুরি।'"

তিনি আরও বলেন :

بِخْذَرُ الْمُنَافِقُونَ أَن تُنَزَّلَ عَلَيْهِمْ سُورَةٌ تُنَبِّنُهُمْ بِمَا فِي قُلُوبِهِم قُلِ اسْتَهْزِئُوا إِنَّ اللهَ مُخْرِجٌ مَّا تَحْذَرُونَ

'মুনাফিকরা এ ব্যাপারে ভয় করে যে, মুসলমানদের ওপর না এমন কোনো সূর্যা নাযিল হয়, যাতে তাদের অন্তরের গোপন বিষয় অবহিত করা হবে। সুত্রাং

১৭২ সুরা তাওবা ১ : ৬২



১৭০, সূরা নুর ২৪ : ৫৩

১৭১, সূরা ভাওবা ১ : ৯৫

আপনি বলে দিন, ঠাট্টা-বিদ্রুপ করতে থাকো; আল্লাহ তা অবশ্যই প্রকাশ করবেন যার ব্যাপারে তোমরা ভয় করছ।'<sup>১৭০</sup>

তারা আসলে মানুষজন ছাড়া অন্য কাউকেই ভয় করে না। তাদের মধ্যে এবং আল্লাহ তাআলার মধ্যে যে নীরব নির্জন সাক্ষাতের ব্যাপার রয়েছে তার কোনো পরোয়াই এরা করে না। এসব করে করে তাদের চেহারা বিকৃত হয়ে গেছে অন্তর্দৃষ্টি হারিয়ে গেছে।

আমরা মহান আল্লাহু রহমানুর রহীমের দরবারে অস্তরের বক্রতা হতে আশ্রয় প্রার্থনা করি। আমরা যেন পথভ্রষ্ট না হই। আত্মতৃপ্তিতে ভূগে নিজেদেরকে যেন নিশ্চিত হিদায়াতপ্রাপ্ত বলে মনে না করি। আমীন!

কখনো কখনো মুমিন মুনাফিককে সত্যবাদী মনে করে বসে থাকে:

মুমিন সাধারণত তার পবিত্র মানসিকতা ও আল্লাহু আযযা ও জাল্লার সম্মানের দরুন এ কথা ধারণাও করতে পারে না যে, কেউ আল্লাহর নামে শপথ করে মিথ্যা বলতে পারে! যেমনটা এই আয়াতে আল্লাহ তাআলা বলেন:

وَمِنَ النَّاسِ مَن يُعْجِبُكَ قَوْلُهُ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللهَ عَلَى مَا فِي قَلْبِهِ وَهُوَ أَلَدُّ الْخِصَامِ

'আর এমন কিছু লোক রযেছে যাদের পার্থিব জীবনের কথাবার্তা তোমাকে চমংকৃত করবে। আর তারা সাক্ষ্য স্থাপন করে আল্লাহকে নিজের মনের কথার ব্যাপারে। প্রকৃতপক্ষে তারা কঠিন ঝগড়াটে লোক।'<sup>১৭৪</sup>

কেউ যখন বলে যে, 'আমি আল্লাহর একত্ববাদের সাক্ষী দিই, আমি তাঁর প্রতি ঈমান রাখি, তাঁর রাসূল ﷺ –কে সত্য বলে মানি এবং তাঁর দীনকে পছন্দ করি'; এর পরে কারও পক্ষে কি এই ধারণা করা সম্ভব যে, লোকটি আল্লাহর দুশমন এবং তাঁব দীনের প্রতি ঘৃণা পোষণকারী?

১৭৩, সূরা তাওবা ১ : ৬৪

১৭৪, সূবা বাকারা ২:২০৪

তার 'আল্লাহ তাআলাকে' মেনে নেয়ার পেছনে মুমিনদের পক্ষ হতে কঠোর পদক্ষেপ থেকে রক্ষা পাওয়ার ভয় কাজ করেছে। এটা কি কেউ জানে? অথচ তার ঠিকই জানা আছে যে তার অন্তর অপবিত্রতা আর নিফাকের কালিমায় কালিমাছল। অর্থাৎ তার এই ঈমান মূলত আল্লাহ তাআলার প্রতি উপহাসমাত্র। এর জবাবে আল্লাহ তাআলা বলেন:

'বরং আল্লাহই তাদের সাথে উপহাস করেন। আর তাদেরকে তিনি ছেড়ে দিয়েছেন যেন তারা নিজেদের অহংকার ও কুমতলবে হয়রান ও পেরেশান থাকে।'<sup>১৯</sup>ং

তারা আসলে কেমন তা আল্লাহ তাআলাই বলে দিচ্ছেন:

'তারা মুখে তোমাদের সম্বষ্ট করে, কিন্তু তাদের অন্তরসমূহ তা অস্বীকার করে, আর তাদের অধিকাংশ প্রতিশ্রুতি ভঙ্গকারী।'<sup>১৭৬</sup>

তাই মুমিন কখনো কখনো মুনাফিকদের কপট অভিনয় বুঝতে না পেরে তাদের মুখের মিষ্টি কথায় খুশি হয়ে যায়। আল্লাহ তাআলা বলেন :

'আগনি যখন তাদেরকে দেখেন, তখন তাদের দেহাবয়ব আপনার কাছে প্রীতিকর মনে হয়। আর যদি তারা কথা বলে, তবে আপনি তাদের কথা শুনেন।'"

রাসূল 🚔-এর কবি হাসসান বিন সাবিত 🧠 বলেন,

لَا بَأْسَ بِالْقَوْمِ مِنْ طَوْلٍ وَمِنْ عَظْمٍ \*\*\* جِسْمُ الْبِغَالِ وَأَخْلَامُ الْعَصَافِيرِ

চর্মচোখে ফারাক কিসের দৈর্ঘ্যে কিবা হাড়ে ? গাধাও যা, চড়ুইও তা ফারাক কর্মভারে

১৭৭, সূরা মুনাফিকুন ৬৩ : ৪



১৭৫. সূরা বাকারা ২ : ১৫

১৭৬. সূরা তাওবা ১ : ৮

(সাধারণ দৃষ্টিতে মুনাফিক ও মুমিনদের মধ্যে বাহ্যিক কোনো পার্থক্য নেই। দেখতে একই রকম। একই সাথে নামাজ রোজা ইত্যাদি করছেন। কিন্তু পার্থক্য তাদের মানসিকতায়। গাধা বা খচ্চরের মতো দেহ নিয়ে ঘুরলেও মুনাফিকদের মানসিকতা আসলে চড়ুই পাখির চেয়েও ছোট এবং অস্থির) ১৮৮

অতএব যখন এ সকল লোকের নিফাক এবং কথা ও কাজের অমিল প্রকাশ পেয়ে যায়, তখন আমাদের জন্য আল্লাহ তাআলার নির্দেশ হলো, আমরা যেন তাদেরকে বিশ্বাস না করি এবং তাদেরকে সত্য মনে না করি। তিনি বলেন :

'তুমি বলো, ছল কোরো না, আমি কখনো তোমাদের কথা শুনব না; আমাকে আল্লাহ তাআলা তোমাদের অবস্থা সম্পর্কে অবহিত করে দিয়েছেন।''

মুনাফিক কখনোই আল্লাহ তাআলার নাম, মর্যাদা ও তাঁর রাজত্বের নামে কসম খেতে দ্বিধা করে না। আর সে এ কথাও স্বীকার করে না যে, সে আল্লাহ তাআলার প্রতি ঈমান রাখে না। তবে তার বাস্তবতা থেকে সবই বোঝা যায়। আর বাস্তবতা মুখের ভাষার চেয়েও বেশি গুরুত্ব রাখে। জনৈক কবি বলেন,

مَنْ يَدَّعِي حُبُّ الْحَبِيْبِ وَلَمْ يَفِدْ مِنْ هَدْيِهِ فَسَفَاهَةً وَهِرَاءً

فَالْخُبُّ أُوّلُ شَرْطِهِ وَفُرُوضِهِ إِنْ كَانَ صِدْقًا طَاعَةً رَوِفَاءً

مَا الْخُبُ أُوّلُ شَرْطِهِ وَفُرُوضِهِ إِنْ كَانَ صِدْقًا طَاعَةً رَوِفَاءً

مَا اللّهِ مَا اللّهِ مَا اللّهِ مَا اللّهِ مَا اللّهِ مَا اللّهِ اللّهِ اللّهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ الهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ الهُ اللهِ اللهُ اللهِ اللهُ الهُ ا

(যে ব্যক্তি রাসূল 🏨 -কে ভালোবাসে বলে দাবি করে, কিন্তু নবীজির সুন্নাত অনুসরণ করে না। তার এ দাবি মিথ্যা এবং ভিত্তিহীন। কেননা, ভালোবাসার

১৭৮. তাফসীরে রুহুল বয়ান : ৩/৩৫৫। সূরা আনফাল ৮ : ৪৮ এব ব্যখ্যায়।

১৭৯, সূরা তাওবা ৯ : ১৪

দাবিতে যে সত্যবাদী, অনুগত ও প্রতিশ্রুতি রক্ষাকারী হয়, তার জন্য প্রথম শর্ত ও কর্তব্য হলো রাসূল 🏨 এর আদর্শ গ্রহণ করা।) শ

আমাদের সময়ের মুনাফিকদের দস্তোক্তি:

মুসলমানদের গৌরব ও মর্যাদাপূর্ণ সময়ে মুনাফিকের দল তাদের মন্দাচার প্রকাশ করেনি। বরং তাদের সব কার্যক্রম ছিল গোপন। যেমন, আল্লাহ তাআলা বলেন:

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نُهُوا عَنِ النَّجْوَى ثُمَّ يَعُودُونَ لِمَا نُهُوا عَنْهُ وَيَتَنَاجَوْنَ بِالْإِثْمِ وَالْعُدُوانِ وَمَعْصِيَتِ الرَّسُولِ

'আপনি কি ভেবে দেখেননি, যাদেরকে কানাঘুষা করতে নিষেধ করা হয়েছিল অতঃপর তারা নিষিদ্ধ কাজেরই পুনরাবৃত্তি করে এবং পাপাচার, সীমালভ্যন এবং রাসূলের অবাধ্যতার বিষয়েই কানাঘুষা কবে।'<sup>১৮১</sup>

তখনকার দিনের মুনাফিকদের উদাহরণ হলো উচ্চবিদ্যালয়ের ছাত্রদের মতো, যাদের নতুন নতুন ধূমপানে অভ্যস্ত হয়ে পড়া ছেলেরা রমজান মাসে শৌচাগারে লুকিয়ে লুকিয়ে ধূমপান করে।

বর্তমানে আমাদের সময়ে এসে কুফফার শক্তির অপচ্ছায়া বহু চেষ্টা ও সাধনার পর মুসলমানদের বিরুদ্ধে মুনাফিকেব দল এবং তাদের বিশিষ্ট নেতৃবর্গ আত্মপ্রকাশ করতে সমর্থ হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই তারা এখন আর নিজেদের অপকর্ম গোপন রাখা প্রয়োজন মনে করছে না।

অধিকাংশ মুসলিম জনগোষ্ঠীর শীর্ষস্থান দখল করে, সার্বভৌমত্ব রক্ষার নামে এরা দীনের বিরুদ্ধে দান্তিক আচরণ, শরীয়তের বিধিবিধানকে প্রত্যাখ্যান, কুফফার শক্তির সাথে সখ্য আর জিহাদকে প্রশ্নবিদ্ধ করতে উঠেপড়ে লেগেছে এ ছাড়াও মুনাফিকের দল মুসলমানদের ক্ষোভ-বিক্ষোভ হতে গা বাঁচানের প্রয়োজনে মিথ্যা বলতে পরোয়া করে না। এ জন্য তারা দীনের প্রতি দরদমাখ কিছু তোষামোদি কথা বলে বেড়ায়। অথচ বাস্তবতা হলো তারা সুস্পষ্ট নিফাকের শ্রোতে গা ভাসিয়ে রেখেছে। যা অন্তর্দৃষ্টিসম্পন্ন ব্যক্তিমাত্রই বুঝতে পারেন।

১৮০, সিলসিলাতু ঈমানিয়াত : ৭/৩। অধ্যায় , রাসূল 🏥-এর সত্য হওয়ার প্রমাণাদি। অনুচ্ছেদ : রাসূর ্শ্র-এর প্রতি ভালোবাসার দাবির বাস্তবতা।

১৮১. সূরা মুজাদালাহ ৫৮ : ৮

এ কারণেই মুনাফিকের দল 'সুফী ও সাধক' শ্রেণির লোকদের রাগাতে চায় না। তারা তাদের সাদাসিধা চিস্তা ও নূরানী আবেগকে বিগড়ে দিয়ে নিজেদের বিপদ ডেকে আনতে চায় না। তাদের দৃষ্টিতে এরা খুবই সহজ সরল। এদের আবেগকে সহজেই পূঁজি বানানো যায়।

### মুনাফিকমাএই আল্লাহ তাআনার বিরুদ্ধে নিৰ্নজ্জ মিখ্যাচাৱে অভ্যস্ত

মানবতার সবচেয়ে বিস্ময়কর অধঃপতন হলো 'মহামহিম আল্লাহর' মর্যাদাকে সামান্য মনে করা। ব্যাপারটা আমার কোনোভাবেই বুঝে আসে না! বিশেষ করে যখন রোজ হাশরের ময়দানের কথা আলোচনা করি। সেদিন সব রহস্যের পর্দা খুলে যাবে, দৃষ্টি হয়ে যাবে লোহার মতো জড় পদার্থ। গোপন থাকবে না আর কিছুই। মুনাফিকের দল তাদের সন্দেহের বিষয়গুলোর সত্যতা দেখতে পাবে। জানতে পারবে যে, আল্লাহ তাআলা সুস্পষ্ট সত্য এক সত্তা। এতকিছুর পরও কি কেউ মিথ্যা বলতে পারে? কিন্তু এতসবের পরেও তারা মিথ্যা বলবে! মিথ্যা কসম খাবে। কিম্ব কাকে ধোঁকা দেয়ার জন্য আজকের মিথ্যাচার? আল্লাহ তাআলাকে ধোঁকা দিতে চায়? আল্লাহ তাআলা বলেন:

يَوْمَ يَبْعَثُهُمُ اللهُ جَمِيعًا فَيَحْلِفُونَ لَهُ كَمَا يَخْلِفُونَ لَكُمْ وَيَحْسَبُونَ أَنَّهُمْ عَلَى شَيْءٍ أَلَا إِنَّهُمْ هُمُ الْكَاذِبُونَ

'যেদিন আল্লাহ তাদের সকলকে পুনরুখিত করবেন। অতঃপর তারা আল্লাহর সামনে শপথ করবে, যেমন তোমাদের সামনে শপথ করে। তারা মনে করবে যে, তারা কিছু সৎপথে আছে। সাবধান, তারাই তো আসল মিথ্যাবাদী।''

কত নীচু ও হীন মানসিকতার প্রকাশ! এমন এক সন্তার সামনে দাঁড়িয়ে আত্মরক্ষার বিশ্বাস নিয়ে শপথ করে যাবে, যিনি সকল গোপন রহস্যের খবর জানেন!

ইহকালীন জীবনে মাত্রাতিরিক্ত ও নির্বিচার মিখ্যাচারই সেদিন তার এমন দৈন্যদশার কারণ হয়ে দাঁড়াবে। মৃত্যুর পব পুনরুত্থানের পূর্বে হাজার হাজার

১৮২ সুরা মুজাদালাহ ৫৮ : ১৮

বছর সে কবরের জগতে থাকবে। তারপরেও হাশরের ময়দানে তার মিথ্যাচারিত্র থামবে না। এ সবই পার্থিব জীবনে মিথ্যা কথা ও মিথ্যা শপথে তার সাবনীন অভ্যাস গড়ে তোলার কুফল। দুনিয়ার জীবনে তারা কেমন ছিল তা আল্লাহ তাআলা বলে দিয়েছেন:

وَإِذَا لَقُواْ الَّذِينَ آمَنُواْ قَالُواْ آمَنَا وَإِذَا خَلاَ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ قَالُواْ أَتَحَدُّنُونَهُم بِمَا فَنَحَ اللهُ عَلَيْكُمْ لِيُحَاجُوكُم بِهِ عِندَ رَبِّكُمْ أَفَلاَ تَعْقِلُونَ

'যখন তারা মুসলমানদের সাথে মিলিত হয়, তখন বলে আমরা ঈমান এনেছি। আর যখন পরস্পরের সাথে নিভূতে অবস্থান করে, তখন বলে, পালনকর্ত্ত তোমাদের জন্যে যা প্রকাশ করেছেন, তা কি তাদের কাছে বলে দিচ্ছ? তাহলে যে তারা এ নিয়ে পালকর্তার সামনে তোমাদেরকে মিথ্যা প্রতিপন্ন করবে। তোমা কি তা উপলব্ধি করো না?' ৮৩

ইয়াহদীদের মধ্য হতে একদল মুনাফিক তাওরাতের বর্ণনা অনুষায়ী রাসৃষ 🚜 এর নবুওয়াত ও তাতে বর্ণিত তাঁর প্রশংসার কথা স্বীকার করে নেয়। তফ অনা একদল ইয়াহুদী এই বলে তাদের গালমন্দ করে যে, 'এসব বোলোনা। কেননা, তোমাদের এসব শ্বীকারোক্তি হাশরের ময়দানে আল্লাহ তাআলা সামনে মুনাফিকদের বিরুদ্ধে মুমিনদের শক্তিশালী প্রমাণ হয়ে দাঁড়াবে।' দ্বিতীয় দলটি রাসূল 🎡-এর নবুওয়তের বিষয়টি উড়িয়ে দিয়ে প্রথম দলকে বলে 'র্ম্টা টু 'তোমরা কি বোঝো না'?

কথাগুলো তারা এমনভাবে বলাবলি করে যেন তাদের এই সংলাপ শোনার মতো কোনো উপাস্য নেই! বা কিয়ামতের দিন তাদের অন্তরে থাকা কথাগুলো তুলে ধরার মতো কেউ নেই! তারা কিয়ামতের দিন দীনের ব্যাপারে মিথ্যাচার 6 মুসলমানদের যুক্তিতর্ককে দুর্বল করার ব্যাপারেও চিন্তিত! অথচ এক অবিনংর সন্তা যে সব শোনেন এবং জানেন তাঁর পরোয়া নেই! এই হলো তাদের জ্ঞান. বুদ্ধি ও বিচক্ষণতার নমুনা! আল্লাহ তাআলা তাদের নির্লজ্জ বোকামির কথা হুল ধরতে গিয়ে বলেন:

১৮৩, সূরা বাকারা ২ : ৭৬

## أَوَلاَ يَعْلَمُونَ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ

'তারা কি এতটুকুও জানে না যে, আল্লাহ সেসব বিষয়ও পরিজ্ঞাত যা তারা গোপন করে এবং যা প্রকাশ করে?" ১৮৪

তাদের এই নৈতিক অবক্ষয় দীর্ঘমেয়াদি মিথ্যাচারের কুফল। প্রথমে নিজের সাথে প্রতারণা, এরপরে মানুষের সাথে, তারপর পার্থিব জীবনে আল্লাহু আলিমূল গাইবি ওয়াশ শাহাদাহর সাথে এবং সর্বশেষ হাশরের ময়দানে দাঁড়িয়ে আল্লাহ ভাআলার সামনে ! এ সবই চিস্তাচেতনা ও অনুভূতি খুইয়ে বসার পরিণাম। আন্নাহ তাআলা বলেন:

## يُخَادِعُونَ اللَّهَ وَالَّذِينَ آمَنُوا وَمَا يَخْدَعُونَ إِلاَّ أَنفُسَهُم وَمَا يَشْعُرُونَ

'তারা আল্লাহ এবং ঈমানদারগণকে ধোঁকা দেয়। অথচ এতে তারা নিজেদের ছাড়া অন্য কাউকে ধোঁকা দেয় না; অথচ তারা তা অনুভব করতে পারে না।">১৫

আল্লাহ রহমানুর রহীম আমাদেরকে এ ধরনের নৈতিক অবক্ষয় হতে রক্ষা করুন। আমীন!

## দীনের প্রতি সত্যায়ন মানেই আমল করা চাই। আর এর শীর্ষ চূড়া হলো জিহাদ

মানুষ যে যে বিষয়ের দাবি করে তা বাস্তবায়ন করে দেখানোব চেষ্টা করে। কেননা, সত্যবাদী মানুষমাত্রই নিজের দাবি অনুযায়ী কাজ করে থাকেন। বিশেষ করে যখন তাঁর দাবিকৃত বিষয়টিতে জান ও মাল কুরবানী করার ব্যাপার থাকে। যেমন : জিহাদ। এ জন্যই সূরা তাওবাতে দেখবেন আল্লাহ তাআলা মুনাফিকদের সমালোচনা করে তাদের জিহাদবিদ্বেধী মনোভাব বর্ণনা করে দিয়েছেন। আল্লাহ তাআলা বলেন:

১৮৪, সুরা বাকারা ২: ৭৭

১৮৫. সুরা বাকারা ২ : ১

بَا أَبُهَا الَّذِينَ آمَنُواْ اتَّقُواْ الله وَكُونُواْ مَعَ الصَّادِقِينَ (١١٩) مَا كَانَ لِأَهْلِ النّبِينَةِ وَمَنْ حَوْلَهُم مِّنَ الأَعْرَابِ أَن يَتَخَلَّفُواْ عَن رَّسُولِ اللهِ وَلاَ يَرْغَبُواْ بِأَنفُسِهِمْ عَن نَفْسِهِ ذَلِكَ بِأَنّهُمْ لاَ يُصِيبُهُمْ ظَمَأُ وَلاَ نَصَبُّ وَلاَ تَخْمَصَةً فِي بِأَنفُسِهِمْ عَن نَفْسِهِ ذَلِكَ بِأَنّهُمْ لاَ يُصِيبُهُمْ ظَمَأُ وَلاَ نَصَبُّ وَلاَ تَخْمَصَةً فِي بِأَنفُسِهِمْ عَن نَفْسِهِ ذَلِكَ بِأَنّهُمْ لاَ يُصِيبُهُمْ ظَمَأُ وَلاَ نَصَبُ وَلاَ تَخْمَصُةً فِي سَبِلِ اللهِ وَلاَ يَطَوُونَ مَوْطِئًا يَغِيظُ الْكُفّارَ وَلاَ يَنالُونَ مِنْ عَدُو ّنَيْلاً إِلاَ لَهُ وَلاَ يَعَلَقُونَ مِنْ عَدُو ّنَيْلاً إِلاَ كُنْ اللهُ لاَ يُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ (١٢٠)

'হেঈমানদারগণ, আল্লাহকে ভয় করো এবং সত্যবাদীদের সাথে থাকো। মদীনাবাদী ও পাশ্ববতী পল্লিবাসীদের উচিত নয় রাস্লুল্লাহর সঙ্গ ত্যাগ করে পেছনে থেকে যাওয়া এবং রাস্লের প্রাণ থেকে নিজেদের প্রাণকে অধিক প্রিয় মনে করা। এটি এ জন্য যে, আল্লাহর পথে যে তৃষ্ণা, ক্লান্তি ও ক্ষুধা তাদের স্পর্শ করে এবং তাদের এমন পদক্ষেপ যা কাফিরদের মনে ক্লোধের কারণ হয়, আর শক্রদের পক্ষ থেকে তারা যা কিছু প্রাপ্ত হয় তার প্রত্যেকটির পরিবর্তে তাদের জন্য লিখিত হয়ে নেক আমল। নিঃসন্দেহে আল্লাহ সৎকর্মশীল লোকদের হক নন্ত করেন না।' স্কি

তাই প্রত্যেক সত্যবাদী মুমিনই তাঁর সত্য ঈমানের প্রভাবে এ ধরনের কাজ থেকে নিবৃত্ত থাকে। এবং রাসূল ্লা—এর জন্য কন্টস্বীকারের পথ থেকে সরে যায় না। রাসূল ্লা—এব সাথে কাঁধে কাঁধ মিলিয়ে দুঃখ-কন্ট সহ্য করতে দ্বিধা করে না আর সত্যিকারের মুমিন মনে মনে এ কথাও বলে না যে, 'আমি কি বোকা নাকি? সহায়-সম্পত্তি, আভিজাত্য আর প্রতিভা রেখে যুদ্ধের বিভীষিকায় কেন জীক খোয়াতে যাক্ষি?' তাদের অবস্থা হলো : "وَلاَ يَرْغَبُولُ بِأَنفُسِهِمْ عَن نَفْسِهِمْ عَن نَفْسِهُمْ عَن نَفْسِهِمْ عَن نَفْسِهُمْ عَن نَفْسِهُمْ عَن نَفْسِهِمْ عَن نَفْسُومْ وَمَا عَنْ عَلَيْ هَمْ الْعَالَقُ عَلَيْ عَلَيْ عَلَى تَفْسُومُ وَالْعَلَمُ مُنْ يَعْمُسُومُ وَالْمُ عَلَيْ عَلَى اللَّهُ عَلَى اللْعَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ عَلَى اللَّهُ ع

যদি সত্যিই শরীয়তসম্মত জিহাদ হয়। তবে মুমিন কিছুতেই এ ব্যাপারে নিজেনে সংশয়ে ফেলতে পারে না। আল্লাহ তাআলা বলেন :

نَالَتِ الْأَعْرَابُ آمَنَا قُل لَمْ تُؤْمِنُوا وَلَكِن قُولُوا أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ وَإِن تُطِيعُوا اللهَ وَرَسُولَهُ لَا يَلِتْكُم مِّنْ أَعْمَالِكُمْ شَيْئًا إِنَّ

১৮৬. সূরা তাওবা ৯ : ১১৯, ১২০

الله غَفُورٌ رَّحِيمٌ (١٤) إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ فِي سَبِيلِ اللهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ (١٥)

'মরুবাসীরা বলে, আমরা বিশ্বাস স্থাপন করেছি। বলুন, তোমরা বিশ্বাস স্থাপন করোনি; বরং বলো, আমরা বশ্যতা স্থীকার করেছি। এখনো তোমাদের অন্তরে বিশ্বাস জন্মেনি। যদি তোমরা আল্লাহ ও তাঁর রাস্লের আনুগত্য করো, তবে তোমাদের কর্ম বিন্দুমাত্রও নিম্ফল করা হবে না। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, পরম মেহেরবান। তারাই মুমিন, যারা আল্লাহ ও তাঁর রাস্লের প্রতি ঈমান আনার পর সন্দেহ পোষণ করে না এবং আল্লাহর পথে প্রাণ ও ধন-সম্পদ দ্বারা জিহাদ করে। তারাই সত্যনিষ্ঠ।'
১৮৭

সূতরাং সততা হলো মুনাফিকদের মিথাচারী স্বভাবের বিপরীতে ঈমানের একটি মহং গুণ। যে ঈমানের মধ্যে জিহাদ আর সংশয়বাদ একত্রে থাকতে পারে না।

لَيْسَ الْبِرَّ أَن تُولُّواْ وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ الْبِسَ الْبِرَّ أَن الْمَالَ عَلَى حُبِّهِ بِاللّٰهِ وَالْبَيْنِينَ وَآتَى الْمَالَ عَلَى حُبِّهِ بِاللّٰهِ وَالْبَيْنِينَ وَالْمَالَ عَلَى حُبِّهِ وَالْمَوْمِ الْمَالَ عَلَى حُبِهِ وَالْمَالِينَ وَإِلْمَالَ عَلَى حُبِهِ ذَوِي الْقُرْبَى وَالْبَتَامَى وَالْمَسَاكِينَ وَابْنَ السَّبِيلِ وَالسَّآئِلِينَ وَفِي الرِّقَابِ وَأَقَامَ الصَّلاةَ وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُواْ وَالصَّابِرِينَ فِي الْبَأْسَاء الصَّلاةَ وَآتَى الزَّكَاةَ وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُواْ وَالصَّابِرِينَ فِي الْبَأْسَاء

والضَّرَّاء وَحِينَ الْبَأْسِ أُولَــثِكَ الَّذِينَ صَدَقُوا وَأُولَــثِكَ هُمُ الْمُتَّقُونَ

'সংকর্ম শুধু এই নয় যে, পূর্ব কিংবা পশ্চিম দিকে মুখ করবে; বরং বড় সংকাজ হলো এই যে, ঈমান আনবে আল্লাহর ওপর কিয়ামত দিবসের ওপর, ফেরেশতাদের ওপর এবং সমস্ত নবী-রাসূলের ওপর, আর সম্পদ ব্যয় করবে তাঁরই মহব্বতে আত্মীয়–স্বজন, এতীম–মিসকীন, মুসাফির–ভিক্ষুক ও মুক্তিকামী ফীতদাসদের জন্যে। আর যারা নামাজ প্রতিষ্ঠা করে, যাকাত দান করে এবং যারা কৃত প্রতিজ্ঞা সম্পাদনকারী এবং অভাবে, রোগে–শোকে ও যুদ্ধের সময় ধৈর্যধারণকারী তারাই হলো সত্যাশ্রয়ী, আর তারাই পরহেষগার।'

আল্লাহ তাআলা বলেন:

১৮৭. স্রা হজুরাত ৪৯ : ১৪, ১৫

১৮৮, সূরা বাকারা ২: ১৭৭

এখানে 'যুদ্ধের সময়' বলতে 'মুসলমানদের মাতৃত্মি রক্ষা' তথা জিহাদের কথা বোঝানো হয়েছে। এই আয়াত মিথ্যাবাদী মুনাফিকদের বিপরীতে সংগ্রামী মুসলমানদের সত্যবাদী হওয়ার অকাট্য প্রমাণ। আর সত্যবাদী তো তারাই যারা আয়াতে উল্লেখিত কার্যাবলি বাস্তবে করে থাকেন। তন্মধ্যে অন্যতম একটি হলো জিহাদ। আমরা সবাই জানি এবং লক্ষ করি যে, মুনাফিকের দল জিহাদসহ আয়াতে উল্লেখিত কাজের কোনোটিই করে না। এই আয়াতে উল্লেখিত বিষয়গুলো বিবেচনা করে দেখলে দেখা যায় যে, ঈমানের বিপরীত হলো সংশ্যবাদ। প্রতিশ্রুতি রক্ষার বিপরীত চুক্তিভঙ্গ। ধৈর্যের বিপরীতে অস্থিরতা ও কাপুরুষতা। আর জিহাদের বিপরীত হলো হাত-পা গুটিয়ে ঘরে বসে থাকা।

আল্লাহ তাআলা আনাদের সত্যের মিছিলে শরীক হওয়ার সৌভাগ্য দান করুন৷ আমীন!

6

# জিহাদ হতে পিছু হটা

মূল কারণ : দীনের ব্যাপারে সংশয়, অস্তরের ব্যাধি এবং পাপাচার।

মুনাফিকের মধ্যে অন্যান্য রোগের মতোই জিহাদবিমুখ মানসিকতার মূল কারণও 'সংশয়বাদ'। আর আমরা ইতিপূর্বেই জেনে এসেছি যে, 'সংশয়বাদের' উৎপত্তিস্থল হলো 'অস্তরের ব্যাধি'। আর গুনাহে ডুবে থাকার পরিণামেই অন্তবের ব্যাধি সৃষ্টি হয়।

গুনাহে লিপ্ত থাকার পরিণাম শুনুন আল্লাহ তাআলার কালামের ভাষায় :

فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِتَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُم بِمَا كَسَبُواْ أَتُرِيدُونَ أَن تَهْدُواْ مَنْ أَضَلَ اللهُ وَمَن يُضْلِل اللهُ فَلَن تَجِدَ لَهُ سَبِيلاً

'অতঃপর তোমাদের কী হলো যে, মুনাফিকদের সম্পর্কে তোমরা দুদল হয়ে গেলে? অথচ আল্লাহ তাআলা তাদেরকে ঘুরিয়ে দিয়েছেন তাদের মন্দ কাজের

কারণে! তোমরা কি তাদেরকে পথপ্রদর্শন করতে চাও, যাদেরকে আল্লাহ পথভ্রষ্ট করেছেন? আল্লাহ যাকে পথভ্রাস্ত করেন, তুমি তার জন্য কোনো পথ পাবে না।'১৮১ <mark>এই আয়াতের ব্যাখ্যায় ইমাম বুখারী 💩 বর্ণনা করেন.</mark>

لَمَّا خَرَجَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى أُحُدٍ، رَجَعَ نَاسٌ مِمَّنْ خَرَجَ مَعَهُ، وَكَانَ أَصْحَابُ النَّيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِرْقَتَيْنِ: فِرْقَةً تَقُولُ: نُقَاتِلُهُمْ، وَفِرْقَةُ تَقُولُ: لاَ نُقَاتِلُهُمْ، فَنَزَلَتْ: "فَمَا لَكُمْ فِي المُنَافِقِينَ فِثَتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُمْ بِمَا كُسَبُواا (النساء٤: ٨٨) وَقَالَ: "إِنَّهَا طَيْبَةُ، تَنْفِي الذُّنُوبَ، كَمَا تَنْفِي النَّارُ خَبَثَ الفِضَّةِ".

উহুদের উদ্দেশে রাসূলুল্লাহ 🏨 বের হলে যারা তাঁর সঙ্গে বের হয়েছিল, তাদের কিছুসংখ্যক লোক ফিরে এল। নবী 🕸 –এর সাহাবীগণ তাদের ব্যাপারে দুদলে বিভক্ত হয়ে পড়েন। এরপর বললেন, আমরা তাদের সঙ্গে যুদ্ধ করব। অপর দল বললেন, আমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করব না। এ সময় অবতীর্ণ হয় আয়াতটি, তোমাদের কী হলো "فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِيْنَ فِتْتَيْنِ وَاللَّهُ أَرْكَسَهُمْ بِمَا كَسَبُوا" যে, তোমরা মুনাফিকদের সম্বন্ধে দুদল হয়ে গেলে? অথচ আল্লাহ তাদেরকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিয়েছেন তাদের কৃতকর্মের দরুন"- (সূরা আন নিসা 8 : ৮৮)। এরপর নবী 🦀 বললেন, এটা পবিত্র স্থান। আগুন যেমন রূপার ময়লা দূর করে. তেমনি মদীনাও গুনাহকে দূর করে দেয়।<sup>১৯</sup>০

ম্নাফিকদের জিহাদে যেতে অস্বীকৃতির মূল কারণ ছিল 'গুনাহ'। আল্লাহ তাআলা বলেন:

إِنَّ الَّذِينَ تَوَلَّوْاْ مِنكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ إِنَّمَا اسْتَزَلَّهُمُ الشَّيْطَانُ بِبَعْضِ مَا كَسَبُواْ وَلَقَدْ عَفَا اللهُ عَنْهُمْ إِنَّ اللهَ غَفُورٌ حَلِيمٌ

'তোমাদের যে দুটি দল লড়াইয়ের দিনে ঘুরে দাঁড়িয়েছিল, শয়তান তাদেরকে বিদ্রান্ত করেছিল তাদেরই পাপের দরুন।""

১৮৯, সুরা নিসা ৪ : ৮৮

১৯০, সহীহ বুখারী : ৪০৫০। জায়িদ ইবনু ছাবিত 🦽 হতে। অধ্যায় : যুদ্ধ। অনুচ্ছেদ : উহদ যুদ্ধ।

১৯১. সুরা আলে ইমরান ৩ : ১৫৫

অতএব এটা স্পষ্ট পূর্বের গুনাহই মানুষকে জিহাদের সময় আল্লাহ তাআলার দীনের পথে কষ্ট-মুজাহাদা থেকে ফিরিয়ে রাখে।

## এবার দেখা যাক অন্তরের বগধি কীভাবে মানুষকে জিহাদবিমুখ করে দেয়

আল্লাহ তাআলা বলেন:

رَيْقُولُ الَّذِينَ آمَنُوا لَوْلَا نُزِّلَتْ سُورَةً فَإِذَا أُنزِلَتْ سُورَةً تُحُكَّمَةً وَذُكِرَ فِيهَا الْفِتَالُ رَأَيْتَ الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يَنظُرُونَ إِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْفَوْتِ فَأَوْلَى لَهُمْ (٢٠) طَاعَةً وقولً مَّعْرُوفٌ فَإِذَا عَزَمَ الْأَمْرُ فَلَوْ صَدَقُوا اللهَ لَكَانَ خَيْرًا لَهُمْ (٢٠) فَهَلُ عَسَيْتُمْ إِن تَوَلِّيْتُمْ أَن تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ (٢٠)

'যারা মমিন, তারা বলে, একটি সূরা নাযিল হয় না কেন? অতঃপর যখন কোন দ্বার্থহীন সূরা নাযিল হয় এবং তাতে জিহাদের উল্লেখ করা হয়, তখন যাদের অন্তরে রোগ আছে, আপনি তাদেরকে মৃত্যুভয়ে মূর্ছাপ্রাপ্ত মানুষের মতো আপনার দিকে তাকিয়ে থাকতে দেখবেন। সূতরাং ধ্বংস তাদের জন্যে। তাদের আনুগত্য ও মিষ্ট বাক্য জানা আছে, অতএব, জিহাদের সিদ্ধান্ত হলে যদি তারা আল্লাহর প্রতি প্রদত্ত অঙ্গীকার পূর্ণ করে, তবে তাদের জন্যে তা মঙ্গলজনক হবে। ক্ষমতা লাভ করলে, সম্ভবত তোমরা পৃথিবীতে অনর্থ সৃষ্টি করবে এবং আত্মীয়তা-বন্ধন ছিন্ন করবে।'<sup>১৯২</sup>

অন্তরের ব্যাধি মানুষকে যুদ্ধ-জিহাদের সময় কাপুরুষ বানিয়ে দেয়। আসন্ন পরিস্থিতি জানতেই সে নির্বাক হয়ে পড়ে। চেহারা ফ্যাকাশে হয়ে যায়, চোখে সর্ষে ফুল দেখতে শুরু করে। এ ছাড়াও গুনাহের দরুন অন্তরে সৃষ্টি হওয়া ব্যাধির আরও কুফল দেখুন। এই ব্যাধির দরুন জমিনে ফাসাদ সৃষ্টি করে। আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করে। আল্লাহ তাআলা বলেন:

১১২, সুরা মুহাম্মাদ ৪৭ : ২০

১৯৮ বিহাক থেকে বাঁচুন

وَ إِذَا أَنزِلَتْ سُورَةٌ أَنْ آمِنُوا بِاللَّهِ وَجَاهِدُوا مَعَ رَسُولِهِ اسْتَأْذَنَكَ أُولُو الطَّوْلِ مِنْهُمْ وَقَالُوا ذَرْنَا نَكُن مَّعَ الْقَاعِدِينَ (٨٦) رَضُوا بِأَن يَكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ عَلَىٰ قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ (٨٧)

'আর যখন নাযিল হয় কোনো সূরা যে, তোমরা ঈমান আনো আল্লাহর ওপর, তাঁর রাস্লের সাথে একাত্ম হয়ে; তখন বিদায় কামনা করে তাদের সামর্থ্যবান লোকেরা এবং বলে আমাদের অব্যাহতি দিন, যাতে আমরা (নিজ্ঞিয়ভাবে) বসে থাকা লোকদের সাথে থেকে যেতে পারি। তারা পেছনে পড়ে থাকা লোকদের সাথে থেকে যেতে পেরে আনন্দিত হয়েছে এবং মোহর এঁটে দেয়া হয়েছে তাদের অস্তরসমূহের ওপর। বস্তুত তারা বোঝে না।''<sup>১</sup>°

জিহাদ পরিত্যাগের সাথে অন্তরের ব্যাধির পারস্পরিক গভীরতা রয়েছে। অস্তরের ব্যাধি মানুষকে জিহাদ হতে হাত-পা গুটিয়ে বসিয়ে রাখে। আবার জিহাদ পরিত্যাগের দরুন তার অস্তরের ব্যাধি বাড়তে থাকে।

দীনের প্রতি সংশয় জিহাদের পথে বাধা হয়ে দাঁড়ায় : আল্লাহ তাআলা বলেন :

إِنَّمَا يَسْتَأَذِنُكَ الَّذِينَ لاَ يُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ وَارْتَابَتْ قُلُوبُهُمْ فَهُمْ فِي رَيْبِهِمْ يَتَرَدَّدُونَ

'নিঃসন্দেহে তারাই আপনার কাছে অব্যাহতি চায়, যারা আল্লাহ ও রোজ কেয়ামতে ঈমান রাখে না এবং তাদের অন্তর সন্দেহগ্রস্ত হয়ে পড়েছে; সুতরাং <mark>সন্দেহের আবর্তে তারা ঘুরপাক খেয়ে চলেছে।'>১</mark>

<mark>এটা খুবই স্বাভাবিক ব্যাপার। মানুষ এমন কিছুর জন্য কেন কন্ট করবে, যে</mark> <mark>ব্যাপারে তার ঈমান বা বিশ্বাস নেই? যদি কাঙিক্ষত বিষয়টি খুব সহজেই পাওয়া</mark> <mark>শায়, তবে মুনাফিকদের তাতে কোনো আপত্তি নেই। যেমন, বনী ইসরাঈলের এক</mark> **মুনাফিকের ঘটনাপ্রসঙ্গে কুরআনে এসেছে:** 

১৯৩, সুরা তাওবা ৯ : ৮৬, ৮৭

১৯৪, সুরা তাওবা 🔈 : ৪৫

্ত্রা أَظْنُ السَّاعَةَ قَائِمَةً وَلَئِن رُدِدتُ إِلَى رَبِّي لَأَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنقَلَبًا 'এবং আমি মনে করি না যে, কেয়ামত অনুষ্ঠিত হবে। যদি কখনো আমার পালনকর্তার কাছে আমাকে পৌঁছে দেয়া হয়, তবে সেখানে এর চাইতে উৎকৃষ্ট পাব।'"

মুনাফিকের দল মাঝে মাঝে সতর্কতামূলক কিছু কষ্ট-মুজাহাদা বা অর্থ ব্যয় করে থাকে। তাদের কেউ কেউ মনে করে, মৃত্যু-পরবর্তী জীবনে যদি সত্যিই আল্লাহ, আখিরাত, জাল্লাত ও জাহাল্লাম ইত্যাদি থেকে থাকে। তবে সে যেন সেখানেও মুক্তি পেয়ে যায়। আর যারা মনে করে এসব কিছুই নেই। তারা অর্থসম্পদ ব্যয় করাটাকে আর্থিক দণ্ড মনে করে খুব বেশি ক্ষতির বোঝা ওঠাতে চায় না। আর এ ধরনের চিস্তাচেতনাকে নিজেদের বিচক্ষণতা মনে করে আত্মপ্রসাদে ভোগে।

## মুনাফিক নানা অজুহাত দেখিয়ে জিহাদ হতে দিছু হটে থাকে

ক) বিশ্বব্যাপী ইসলামের বিরুদ্ধে কুফফার শক্তির পদক্ষেপকে লক্ষ করে মুনাফিকের দল বলে বেড়ায় যে, 'এটা তো আসলে ধর্ম হিসেবে ইসলামের বিরুদ্ধে যুদ্ধ নয়। আপনারা শুধু শুধুই ষড়যন্ত্র তত্ত্ব দাঁড় করাচ্ছেন। সবকিছুতেই শুধু কুসেডারদের ষড়যন্ত্র খুঁজে পান, এটা আসলে আপনাদের খুঁতখুঁতে মানসিক দীনতা ছাড়া আর কিছুই নয়।

পাঠক, শুনতে খুবই ভালো লাগে। কিন্তু জেনে রাখুন। বদরের যুদ্ধের দিন মুনাফিক সর্দার আব্দুল্লাহ বিন উবাই বিন সাল্ল ও তার সাঙ্গপাঙ্গরা এমনই বলেছিল। আল্লাহ তাআলা বলেন :

وَمَا أَصَابَكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ فَبِإِذْنِ اللهِ وَلِيَعْلَمَ الْمُؤْمِنِينَ (١٦٦) وَلِيَعْلَمَ اللّهِ عَلَمَ اللّهُ عَالَوْا فَاتِلُوا فِي سَبِيلِ اللهِ أَوِ ادْفَعُوا قَالُوا لَيْعَلَمَ اللّهِ اللهِ أَوِ ادْفَعُوا قَالُوا لَوْنَعْلَمُ اللّهِ اللهِ أَوْ ادْفَعُوا قَالُوا لَوْنَعْلَمُ قِتَالًا لَا تَبَعْنَاكُمْ هُمْ لِلْكُفْرِ يَوْمَثِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَانِ يَقُولُونَ لِوَنَعْلَمُ قِتَالًا لَا تَبَعْنَاكُمْ هُمْ لِلْكُفُو يَوْمَثِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَانِ يَقُولُونَ بِأَنْوَاهِهِم مَّا لَيْسَ فِي قُلُوبِهِمْ وَاللّهُ أَعْلَمُ بِمَا يَحْتُمُونَ (١٦٧)

১৯৫. সুরা কাহফ ১৮ : ৩৬

'আর যেদিন দুদল সৈন্যের মোকাবেলা হয়েছে, সেদিন তোমাদের ওপর যা আপতিত হয়েছে তা আল্লাহর হকুমেই হয়েছে এবং তা এ জন্য যে, তাতে দ্বানদারদিগকে জানা যায়। এবং তাদেরকে যাতে শনাক্ত করা যায় যারা মুনাফিক ছিল। আর তাদেরকে বলা হলো এসো, আল্লাহর রাহে লড়াই করো কিংবা শক্রদিগকে প্রতিহত করো। তারা বলেছিল, আমরা যদি জানতাম যে লড়াই হবে, তাহলে অবশ্যই তোমাদের সাথে থাকতাম। সেদিন তারা ঈমানের তুলনায় কুফরির কাছাকাছি ছিল। যা তাদের অন্তরে নেই তারা নিজের মুখে সে কথাই বলে। বস্তুত আল্লাহ ভালোভাবে জানেন তারা যা কিছু গোপন করে থাকে।""

এই আয়াতের ব্যাখায় মুজাহিদ 🙈 বলেন,

يَعْنُونَ لَوْ نَعْلَمُ أَنَّكُمْ تَلْقَوْنَ حَرْبًا لَجِئْنَاكُمْ، وَلَكِنْ لَا تَلْقَوْنَ قِتَالًا

'অর্থাৎ তারা এ কথা বলে যে, 'আমরা যদি জানতাম যে, তোমাদের যুদ্ধ করতে হবে, তাহলে আমরা অবশ্যই তোমাদের সাথে আসতাম। আমরা তো ভেবেছিলাম যে, তোমরা যুদ্ধে জড়াবে না'।'"

এ জন্য প্রায়ই দেখবেন মুনাফিকের দল ইসলামকে সমর্থনের নামে যুদ্ধ-জিহাদ নিয়ে কটুক্তি করে। বিশ্বব্যাপী ইসলামের বিরুদ্ধে চলা আগ্রাসনকে ভিন্ন খাতে প্রবাহিত করে উন্মাহকে জিহাদবিমুখ করতে উদ্গ্রীব হয়ে ওঠে। তারা জোর গলায় দাবি করে যে, যুদ্ধের নামে এ সবই আসলে অর্থনীতির মারপ্যাঁচ কিংবা কোনো চরমপন্থী গোষ্ঠীর নির্দিষ্ট লক্ষ্য হাসিলের উপলক্ষ মাত্র! এর সাথে ইসলামের মৌলিক কোনো সম্পর্ক নেই!

খ) কখনো কখনো তারা প্রতিকৃল পরিবেশ ও পরিস্থিতির অজুহাত দেখিয়ে জিহাদ হতে মুখ ফিরিয়ে নেয়। তাদের এই অজুহাত খুবই হাস্যকর! তারা চায় সুষ্ঠ-সুন্দর ও অনুকৃল পরিবেশ তৈরির আগ পর্যন্ত জিহাদ স্থগিত বা বিলম্বিত হোক। যেন জিহাদের পথে যাত্রা বনভোজনের মতো মনে হয়!

১৯৬. সূরা আলে-ইমরান ৩ : ১৬৬, ১৬৭

১৯৭, তাফসীরে ইবনে কাসীর : ২/১৪০। আলে-ইমবান ৩ : ১৬৫-১৬৯ এব ব্যাখায়।

তাদের এই রোগ আল্লাহ তাআলা প্রকাশ করে দিয়েছেন। তিনি বলেন :

نَرِحَ الْمُخَلِّفُونَ بِمَقْعَدِهِمْ خِلاَفَ رَسُولِ اللهِ وَكَرِهُواْ أَن يُجَاهِدُواْ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ فِي سَبِيلِ اللهِ وَقَالُواْ لاَ تَنفِرُواْ فِي الْحَرِّ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا لَوْ كَانُوا يَفْقَهُونَ

'পেছনে থেকে যাওয়া লোকেরা আল্লাহর রাসূল থেকে বিচ্ছিন্ন হয়ে বসে থাকতে পেরে আনন্দ লাভ করেছে; আর জান ও মালের দ্বারা আল্লাহর রাহে জিহাদ করতে অপছন্দ করেছে এবং বলেছে, এই গরমের মধ্যে অভিযানে বের হোয়ো না। বলে দাও, উত্তাপে জাহান্লামের আগুন প্রচণ্ডতম। যদি তাদের বিবেচনাশক্তি থাকত।'<sup>১৯৮</sup>

আল্লাহ তাআলা এক আয়াত দিয়ে তাদের এমন আবদার ও অজুহাত ফিরিয়ে দিয়েছেন। এমন ভাষায় ফিরিয়ে দিয়েছেন, যা অস্তিত্বকে নাড়া দেয় এবং চামড়া কুঁচকে দেয়। মালিকুল হাকীমের গুরুগম্ভীর ঘোষণা "বলে দাও, উত্তাপে জাহান্নামের আগুন প্রচণ্ডতম। যদি তাদের বিবেচনাশক্তি থাকত"।

তাদেরকে নিজের পাশে রেখে কল্পনা করে দেখুন। একদল লোক মুসলমানদের ঘোড়ার লাগাম টেনে ধরে এই বলে যুদ্ধে যেতে নিরুৎসাহিত করছে যে, "ঠু কুনুটো "এই গরমের মধ্যে অভিযানে বের হোয়ো না"!

যুরে যুরে মলিন চেহারার লোকগুলো সব একই কথা বলছে। এতকিছুর পরও মুমিনগণ জিহাদের উদ্দেশ্যে ধুলো উড়িয়ে তাদের দৃষ্টির আড়ালে চলে যায়। তখন তাদের চেহারায় বাঁকা হাসির রেখা ফুটে ওঠে। নির্বোধ অজুহাত দিয়ে বেঁচে যাওয়ার আত্মতৃপ্তি! আল্লাহ তাআলা বলেন:

فَلْيَضْحَكُواْ قَلِيلاً وَلْيَبْكُواْ كَثِيراً جَزَاء بِمَا كَانُواْ يَكْسِبُونَ

'অতএব, তারা সামান্য হেসে নিক এবং তারা তাদের কৃতকর্মের বদলাতে অনেক বেশি কাঁদবে।'\*\*

১৯৮, সুরা তাওবা ১ : ৮১

১৯৯, সূরা তাওবা ১ : ৮২

স্ত্রিই অনেক বেশি কাঁদবে। রাস্লুল্লাহ 🐞 বলেন,

إِنَّ أَهْوَنَ أَهْلِ النَّارِ عَذَابًا مَنْ لَهُ نَعْلَانِ وَشِرَاكَانِ مِنْ نَارٍ، يَغْلِي مِنْهُمَا دِمَاغُهُ كَمَّا يَغْلِ الْمِرْجَلُ، مَا يَرَى أَنَّ أَحَدًا أَشَدُّ مِنْهُ عَذَابًا وَإِنَّهُ لَأَهْوَنُهُمْ عَذَابًا

জাহান্নামীদের মধ্যে সবচেয়ে হালকা আযাব ওই ব্যক্তির হবে, যার দুটি জুতার ফিতা হবে আগুনের। ফলে তার দহনে (চুলার ওপরে রাখা) পাতিলের ন্যায় তার মগ্জ উথলাতে থাকবে। আর তার অনুভব হবে যে, সে বুঝি সর্বাপেক্ষা বেশি শাস্তি ভোগ করছে; অথচ এটি হচ্ছে সবচেয়ে হালকা আযাব। ২০০

সবচেয়ে হালকা আযাবের যদি এই অবস্থা হয়, তাহলে সবচেয়ে নিকৃষ্ট স্তরে থাকা মুনাফিকের সেদিন কী অবস্থা হবে? সেদিন তারা তাদের পরিণাম দেখে মোটেও খুণি হতে পারবে না! সেদিন মুমিন–মুজাহিদগণ তাদের কাছে গিয়ে হাসতে হাসতে বলবে, 'হ্যাঁ, তোমরাই তো বলেছিলে 'এই গরমের মধ্যে (আল্লাহর রাস্তায় জিহাদের জন্য) বের হোয়ো না'! এখন সেই গরম তো তোমাদেরকেই গ্রাস করে রেখেছে।'

नक করুন, আল্লাহ তাআলা বলেছেন "فَرحَ الْمُخَلِّفُونَ " অর্থাৎ "পিছনে রয়ে যাওয়া লোকেরা আনন্দিত"। এখানেই মুমিন ও মুনাফিকের মধ্যে পার্থক্য। মুমিন ষ্মতো কখনো কখনো নিজের প্রবৃত্তির ধোঁকায় পড়ে গুনাহের কাজ করে বসে। কিন্তু যখনই তার বোধোদয় ঘটে। ভুল বুঝতে পেরে সে নিজের ভুলের জন্য লজ্জিত ও অনুতপ্ত হয়। যেমন তাবুকের যুদ্ধে কাব বিন মালিক 🕮 সহ আরও দুজন সাহাবীর অনুপস্থিতির ঘটনা।<sup>২০১</sup>

২০০. সহীহ মুসলিম : ২১৩। নুমান বিন বাশীর 🧠 হতে। অধ্যায় : ঈমান। অনুচ্ছেদ : জাহান্নামে সবচেয়ে হালকা শান্তি।

২০১. ৯ম হিজরির রজব মাসে সংঘটিত 'তাবুক অভিযান' ছিল রাসূল 🌼 এর সশরীরে উপস্থিত থাকা শেষ অভিযান। দুই মাসের এই অভিযান নিয়ে মুনাফিকের দল নানা বিভ্রান্তি সৃষ্টি করে। তবে কোনোরকন নিফাক ও সংশয় ছাড়াই তিনজন সাহাবী এই অভিযানে যাই যাচ্ছি করে আর যেতে পারেননি। তারা হলেন কাব বিন মালিক, মুরারাহ ইবনুর রাবী এবং হিলাল বিন উমাইয়া 🚓 । অভিযান থেকে ফিরে এসে রাসূল 🦔 তাদের <mark>অজুহাত জানেন। তাদের সাথে সবার প্রায় ৫০ দিন কথোপকথন বন্ধ থাকে। একসময় আল্লাহ তাআলা</mark> তাদের তাওবা কবুল ফরমান। বিস্তাবিত, সীরাতে ইবনে হিশাম : ২/৫৩২-৫৩৭।

গ) কখনো কখনো মুনাফিকের দল এই অজুহাত দাঁড় করায় যে, সময়টা জিহাদের জন্য যথোপযুক্ত নয়। তার পার্থিব উচ্চাকাজ্ঞ্চা ও ভবিষ্যৎ পরিকল্পনার সামনে জিহাদের বাধার দেয়ালকে সে অত্যন্ত অপছন্দ করে। সে মনে করে তার মতো একজন মানবিক, বিচক্ষণ ও প্রতিভাবান ব্যক্তির জীবন তরবারির একটি আঘাত বা নিক্ষিপ্ত তিরের ফলায় বিদ্ধা হয়ে খামাখাই থেমে যেতে পারে না। এর কোনো মানে হয় না।

#### আল্লাহ তাআলা বলেন :

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ قِيلَ لَهُمْ كُفُواْ أَيْدِيَكُمْ وَأَقِيمُواْ الصَّلاَةَ وَآتُواْ الزَّكَاةَ فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ إِذَا فَرِيقُ مِّنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللهِ أَوْ أَشَدَّ خُشْيَةً وَقَالُواْ رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ لَوْلا أَخَرْتَنَا إِلَى أَجَلٍ قَرِيبٍ قُلْ مَتَاعُ الدَّنْيَا قَلِيلُ وَالآخِرَةُ خَيْرٌ لَمَنِ اتَّقَى وَلاَ تُظْلَمُونَ فَتِيلاً

'তুমি কি সেসব লোককে দেখোনি, যাদেরকে নির্দেশ দেয়া হয়েছিল যে, তোমরা নির্দেশের হাতকে সংযত রাখো, নামাজ কায়েম করো এবং যাকাত দিতে থাকো? অতঃপর যখন তাদের প্রতি জিহাদের নির্দেশ দেয়া হলো, তৎক্ষণাৎ তাদের মধ্যে একদল লোক মানুষকে ভয় করতে আরম্ভ করল, যেমন করে ভয় করা হয় আল্লাহকে। এমনকি তার চেয়েও অধিক ভয়। আর বলতে লাগল, হায় পালনকর্তা, কেন আমাদের ওপর যুদ্ধ ফরজ করলে! আমাদেরকে কেন আবও পালনকর্তা, কেন আমাদের ওপর যুদ্ধ ফরজ করলে! আমাদেরকে কেন আবও কিছুকাল অবকাশ দান করলে না। (হে রাসূল) তাদেরকে বলে দিন, পার্থিব ফায়দা সীমিত। আর আখেরাত পরহেষগারদের জন্য উত্তম। আর তোমাদের অধিকার একটি সুতা পরিমাণ ও থর্ব করা হবে না।

এই আয়াতের ব্যাখ্যায় *তাফসীরে ইবনে কাসীরে সুনানে নাসায়ী*র উদ্ধৃতি দিয়ে আব্দুল্লাহ ইবনু আব্বাস 🕮 এর একটি বর্ণনা উল্লেখ করা হয়েছে। যা নিমুরূপ :

أَنَّ عَبُدَ الرَّحْمَنِ بُنَ عَوْفٍ، وَأَصْحَابًا لَهُ أَتَوْا النَّيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةَ فَقَالُوا: يَا رَسُولَ اللهِ، إِنَّا كُنَّا فِي عِزِّ وَغَنُ مُشْرِكُونَ، فَلَمَّا آمَنَا صِرْنَا أَذِلَةً، فَقَالُوا: فَلَمَّا حَوَلَتَا اللهُ إِلَى الْمَدِينَةِ، أَذِلَةً، فَقَالَ: "إِنِّي أُمِرْتُ بِالْعَفْوِ، فَلَا تُقَاتِلُوا" فَلَمَّا حَوَلَتَا اللهُ إِلَى الْمَدِينَةِ،

২০২, সূরা নিসা ৪ : ৭৭

أَمَرَنَا بِالْقِتَالِ، فَكَفُوا، فَأَنْزَلَ اللهُ عَزَّ وَجَلَّ: "أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ قِيلَ لَهُمْ كُفُوا أَيْدِيَكُمْ وَأَقِيمُوا الصَّلَاةَ" (النساء: ٧٧)

আব্দুর রহমান ইবন আউক ্রু তার কয়েকজন বন্ধুসহ মকায় রাস্লুল্লাহ ক্রু-এর বিদমতে উপস্থিত হয়ে আর্য করলেন, ইয়া রাস্লালাহ, আমরা মুশরিক অবস্থায় সন্মানিত ছিলাম এখন যখন আমরা ঈমান এনেছি তখন অসন্মানিত হয়ে পড়লাম। তিনি বললেন, আমাকে ক্ষমা করার আদেশ করা হয়েছে, অতএব তোমরা যুদ্ধা করবে না। এরপর যখন আল্লাহ তায়ালা আমাদের মদীনায় নিয়ে গেলেন, তখন আমাদেরকে জিহাদের নির্দেশ দিলেন। কিন্তু তারা জিহাদ খেকে বিরত থাকলেন। তখন আল্লাহ তায়ালা আয়াত নাঘিল করলেন: "أَنْ يَلَ النَّذِينَ قِيلَ لَهُمْ كُفُوا" আপনি কি তাদের প্রতি লক্ষ্ক করেননি, যাদেরকে বলা হয়েছিল, তোমরা তোমাদের হস্ত সংবরণ করো, এবং সালাত কায়েম করো। (সূরা নিসা ৪: ৭৭)। ত্ত্ব

উল্লেখিত আয়াত ও এর তাফসীরে উদ্ধৃত হাদীস থেকে বোঝা যায় যে, আয়াতটি সাহাবায়ে কেরামের এক জামাআতের ব্যাপারে নাযিল হয়েছে। যারা জিহাদে শরীক হওয়ার তীব্র বাসনা থাকা সত্ত্বেও অন্যান্য দায়িত্ব পালনের দরুন এ ক্ষেত্রে তাদের দুর্বলতা প্রকট হয়ে দেখা দেয়। তবে তাদের মধ্যে এবং মুনাফিকদের মধ্যে পার্থক্য আছে। কখনো টুকটাক হোঁচট খেলেও সার্বিকভাবে সাহাবায়ে কেরাম রাসূল ্প্র-এর আহ্বানে বীরত্বের সাথে সাড়াদানেই অভ্যস্ত ছিলেন। জিহাদেব বিভিন্ন ময়দানে তাঁদের বীরত্ব ও আত্মদানের ইতিহাসের উজ্জ্বলতার সামনে এসব বিচ্ছিন্ন ঘটনা মলিন হয়ে যায়। এসব ঘটনা তাদের জীবনে কোনোরকম 'তবে, যদি, কিশ্ব' জাতীয় সংশয়ের জন্ম দিতে পারেনি। রাস্ল 🙊 বলেছেন,

كُلُّ ابْنِ آدَمَ خَطَّاءٌ وَخَبْرُ الْخَطَّائِينَ التَّوَّابُونَ

'আদমসন্তানদের প্রত্যেকেই গুনাহগার। আর গুনাহগারদের মধ্যে তাওবাকারী ব্যক্তিরা হলো উত্তম।'২০ঃ

২০৩. সুনানে নাসায়ী : ৩০৮৬। শাইখ আলবানীর মতে সমদ সহীহ। অধ্যায় : জিহাদ। অনুচ্ছেদ : জিহাদ গ্যাজিব। তাফসীবে ইবনে কাসীর : ২/৩১৬। সুরা নিসা ৪ : ৭৭ -৭১ এর ব্যাখ্যায়।

এ তো গেল সাহাবায়ে কেরামের কথা। আর মুনাফিকের দল? যখনই তারা যুদ্ধ ও সম্মুখসমরের কথা জানতে পারল। জিহাদ ফরজ মর্মে নির্দেশ শুনতে পেল। দুরুদুরু ভয়ে তাদের বুক কাঁপতে লাগল। আল্লাহ তাআলার চেয়ে তাদের মধ্যে মানুষের ভয়ই বেশি। আল্লাহ তাআলার আদেশ–নিষেধ হতে মুখ ফিরিয়ে মানুষের ভয়ে ভীত কাপুরুষের দল আল্লাহ তাআলার হুকুমের প্রতি ক্ষোভ ঝাড়ল এই বলে 'رَبَنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِمَالُ' হায় পালনকর্তা, কেন আমাদের ওপর যুদ্ধ ফরজ করলে"!

তাদের সবচেয়ে বড় উদ্বেগের বিষয় হলো মুমিনদের চোখে ফাঁকি দিয়ে কীভাবে জিহাদ থেকে সটকে পড়া যায়! অথচ তারা জানে না যে, অপছন্দ সত্ত্বেও জিহাদের ময়দানে অংশ নিলে তাদের খুব কমই ক্ষতি হতো। যেমন, যুদ্ধে ক্ষতি হলে তাদের ভাষ্য কী হয়, তা আল্লাহ তাআলা বলে দিয়েছেন :

# وَإِن تُصِبْهُمْ سَيِّئَةٌ يَقُولُواْ هَــذِهِ مِنْ عِندِكَ

'আর যদি তাদের কোনো অকল্যাণ হয়, তবে বলে, এটা হয়েছে তোমার পক্ষ থেকে।'<sup>২০2</sup>

অর্থাৎ নুহাম্মাদ 🚇 এর দীনের অনুসরণই আমাদের এই দুর্দশার কারণ!

আসলে মুনাফিকদের কাপুরুষতা ও জিহাদবিরোধী ক্ষুব্ধ মনোভাব আমৃত্যু রয়েই যাবে।

ঘ) কখনো কখনো তারা নিজের আবাসস্থল থেকে জিহাদের ভূমির দূরত্বকে অজুহাত হিসেবে উপস্থাপন করে। আল্লাহ তাআলা বলেন :

لُوْ كَانَ عَرَضًا قَرِيبًا وَسَفَرًا قَاصِدًا لِأَتَّبَعُوكَ وَلَكِن بَعُدَتْ عَلَيْهِمُ الشُّقَةُ وَسَيَحْلِفُونَ بِاللهِ لَوِ اسْتَطَعْنَا لِخَرَجْنَا مَعَكُمْ يُهْلِكُونَ أَنفُسَهُمْ وَاللهُ يَعْلَمُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

তিরমিঘির মতে হাসান গরীন। অধ্যায় : কিয়ামতের আলামত। তবে 'ইবনু' শব্দের পনিবর্তে 'বনী' শব্দ দ্বারা ইবনু মাজাসহ বিভিন্ন কিতাবে এর সমর্থনে এরচেয়েও শক্তিশালী সমদে বর্ণনা পাওয়া যায়। ২০৫. সূর্য় নিসা ৪ : ৭৮

থদি আশু লাভের সম্ভাবনা থাকত এবং যাত্রাপথও সংক্ষিপ্ত হতো, তবে তারা অবশ্যই আপনার সহযাত্রী হতো, কিন্তু তাদের নিকট যাত্রাপথ সুদীর্ঘ মনে হলো। আর তারা এমনিই শপথ করে বলবে, আমাদের সাধ্য থাকলে অবশ্যই তোমাদের সাথে বের হতাম, এরা নিজেরাই নিজেদের বিনষ্ট করছে, আর আল্লাহ জানেন যে, এবা মিথ্যাবাদী।'২০৯

মুনাফিক ব্যক্তির মধ্যে আসলে এতটুকু ঈমানী শক্তিও নেই যার সাহায্যে সে পৃথিবীর সামান্য দূরত্বকে অতিক্রম করবে। যদি সে পারত, তবে এটা তার ঈমানের রুসদকে সমৃদ্ধ করে দিত।

আহ! যদি চর্মচোখে আল্লাহর রাস্তায় বেরিয়ে পড়ার বিনিময়ে যে 'আসমান-জমিন বিস্তৃত জান্নাত রয়েছে' তা দেখা যেত! অবশ্য মুনাফিকের কাছে এসব কথার কানাকড়ি মূল্যও নেই।

ভ) কখনো এই অজুহাত দেখানো হয় য়ে, জিহাদের জন্য বাড়াবাড়ি হয়তো

ফিতনা ফাসাদ সৃষ্টি করবে। কিংবা জিহাদের জন্য চাপাচাপি করলে কেউ কেউ

দীন থেকে দূরেও সরে যেতে পারে।

আল্লাহ তাআলা বলেন :

وَمِنْهُم مَّن يَقُولُ ائْذَن لِي وَلاَ تَفْتِنِي أَلاَ فِي الْفِتْنَةِ سَقَطُواْ وَإِنَّ جَهَنَّمَ لَمُحِيطَةً بِالْكَافِرِينَ

'আর তাদের কেউ বলে, আমাকে অব্যাহতি দিন এবং পথভ্রষ্ট করবেন না। শুনে রাখো, তারা তো পূর্ব থেকেই পথভ্রষ্ট এবং নিঃসন্দেহে জাহান্লাম এই কাফিরদের পরিবেষ্টন করে রয়েছে।'<sup>২০</sup>

এই আয়াতের তাফসীরে মুফাসসিরগণ একটি হাদীস এনেছেন। যা নিম্নরূপ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ وَهُوَ فِي جِهَازِهِ لِلْجَدِّ بْنِ قَيْسٍ أَخِي بَنِي سَلَمَةَ: "هَلْ لَكَ يَا جَدُّ الْعَامَ فِي جِلَادِ بَنِي الْأَصْفَرِ؟" فَقَالَ: يَا رَسُولَ

২০৬, সূরা তাওবা ৯ : ৪২

২০৭, সূরা তাওবা ১ : ৪৯

اللهِ، أَوْ تَأْذَنُ لِي وَلَا تَفْتِنِي؟ فَوَاللهِ لَقَدْ عَرَفَ قَوْمِي مَا رَجُلُّ أَشَدُّ عَجَبًا اللهِ، أَوْ تَأْذَنُ لِي وَلَا تَفْتِنِي؟ فَوَاللهِ لَقَدْ عَرَفَ قَوْمِي مَا رَجُلُّ أَصْبِرَ عَنْهُنّ، وَالنِّسَاءِ مِنِي، وَإِنِّي أَخْشَى إِنْ رَأَيْتُ نِسَاءَ بَنِي الْأَصْفَرِ أَنْ لَا أَصْبِرَ عَنْهُنّ، وَأَعْرَضَ عَنْهُ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَالَ: "أَذِنْتُ لَكَ" ، فَفِي الجُدِّ أَعْرَضَ عَنْهُ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَالَ: "أَذِنْتُ لَكَ" ، فَفِي الجُدِّ أَعْرَضَ عَنْهُ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَالَ: "أَذِنْتُ لَكَ" ، فَفِي الجُدِّ إِنْ وَلَا تَفْتِنِي " (التوبة: ٤٩) إِنْ وَلَا تَفْتِنِي " (التوبة: ٤٩)

"রাস্ল ্রাক্ত (তাবুক যুদ্ধের) প্রস্তৃতি চলাকালীন বনী সালামা গোত্রের জাদু ইবন্
কাইসকে উদ্দেশ্য করে বললেন, 'তুমি কি এ বছর বনু আসফারের বিরুদ্ধে
আমাদের অভিযানে যাবে?' সে বলল, ইয়া রাস্লাল্লাহ, আপনি আমাকে ছেড়ে
দিন। ঝামেলায় ফেলবেন না। আল্লাহর কসম, আমার গোত্রের লোকেরা জানে,
'আমার চেয়ে মারাত্মক নারী আসক্ত আর কেউ নেই'। আমার ভয় হয় য়ে, বন্
আসফারের নারীদের দেখে আমি হয়তো নিজেকে নিয়ন্ত্রণ করতে পারব না।
এ কথা শুনে রাস্ল ক্র তার দিক হতে মুখ ফিরিয়ে নিয়ে বললেন, 'য়ঙ,
তোমাকে অনুমতি দিলাম।' জাদ্ধু ইবনু কাইসের ব্যাপারেই এই আয়াত নাফিল
হয়েছে "ত্র্রাক্তি দিন এবং পথত্রন্ত করবেন না।" (স্রা তাওবা ৯ : ৪৯ )।" ভামাকে অব্যাহতি দিন এবং পথত্রন্ত করবেন না।" (স্রা তাওবা ৯ : ৪৯ )।" ভামাকে অব্যাহতি দিন এবং পথত্রন্ত করবেন না।" (স্রা তাওবা ৯ : ৪৯ )।

আমাদের পরিচিত একজন জিহাদ থেকে গা বাঁচাতে নিজের গুনাহকে অজুহাত হিসেবে তুলে ধরে। বলে, আমি তো এই গুনাহ ছাড়তে পারছি না। এখন এই গুনাহ নিয়ে জিহাদের পথে পা বাড়িয়ে আবার কোন আপদ ডেকে আনি! সে মনে করে যে, জিহাদের মতো কঠিন ইবাদাতে জড়িয়ে আকীদা বিশ্বাসের দৃদ্ধে পড়ার চেয়ে এসব টুকটাক গুনাহ নিয়ে থাকাই ভালো! কখনো নিজেকে নিজে এসব বলে। কখনো হারাম ফাতওয়া দানকারীকে এসব বলে বেড়ায়। তবে আসল কথা আল্লাহ তাআলা জানেন। এবং তিনি বলেও দিয়েছেন। বলেছেন, "يَقَطُواً"।

২০৮. তাফসীরে তাবরানী : ১১/৪৯২। সূরা তাওবা ৯ : ৪৯ এব ব্যাখ্যায়। একই আয়াতের ব্যাখ্যায় তাফসিরে ইবনে কাসীর : ৪/১৪২। কাতাদা 🚵 প্রমুখ হতে। তাবরানীর সনদ ও মতন নিয়ে মতবিরোধ থাকলেও অন্যান্য সনদে ভিন্ন মতনে এর সমর্থন পাওয়া যায়, আলবানী 🚵 তার কিতাবে সনদ হাসান বলেছেন। সিলসিলাতুস সহীহাহ · ২৯৮৮। জাবির বিন আব্দুল্লাহ 🕮 হতে। উল্লেখ্য যে মূলগ্রন্থে হাদীসেব হবহু মতন দেয়া হয়নি।

এধরনের বানোয়াট ও ফাঁপা বুলিই এদের সমস্যার মূল। যেমন : আল্লাহ তাআলার হকুম ত্যাগ করাও একধরনের ফিতনা বা সমস্যা।

আবার কিছু জিহাদবিরোধী আছে রাষ্ট্রদ্রোহ ও গৃহযুদ্ধ ইত্যাদির আশচ্চা প্রকাশ করে জিহাদকে নিরুৎসাহিত করে থাকেন। এরা যৌবনের তাজা ও টগবগে রক্তই আল্লাহ তাআলার রাস্তায় দিতে পারল না! বৃদ্ধ বয়সে কী দেবে? বৃদ্ধকাল তো তারা প্রাকৃতিক দৃশ্য দেখে আর মনের অপূর্ণ ইচ্ছাগুলো পূরণ করার ফন্দিফিকিরেই শেষ করে দেবে। এভাবেই তারা নিজেদের দুনিয়া ও আখিরাতকে নিজের হাতে ধ্বংস করে ছাড়বে। এ জন্যই আল্লাহ তাআলা বলেছেন, "أَلاَ فِي الْفِتْنَةِ سَقَطُواً " <del>"স্তনে</del> রাখো, তারা তো পূর্ব থেকেই পথভ্রষ্ট"।

চ) কখনো এই অজুহাত দেখায় যে, জিহাদ অভ্যন্তরীণ নিরাপত্তাকে হুমকির মুখে ঠলে দেবে। আল্লাহ তাআলা বলেন:

وَيَسْتَأْذِنُ فَرِيقٌ مِّنْهُمُ النَّبِيَّ يَقُولُونَ إِنَّ بُيُوتَنَا عَوْرَةٌ وَمَا هِيَ بِعَوْرَةِ إِن يُريدُونَ إِلَّا فِرَارًا

'তাদেরই একদল নবীর কাছে অনুমতি প্রার্থনা করে বলেছিল, আমাদের বাড়ি-ঘর খালি, অথচ সেগুলো খালি ছিল না, পলায়ন করাই ছিল তাদের ইচ্ছা।'\*\*

মুনাফিকের দল শত্রু বাহিনীর অবস্থান নিজেদের জনপদের কাছাকাছি হলে পরিবার-পরিজন ও সম্পদের ক্ষতির আশঙ্কা প্রকাশ করে জিহাদ হতে বিরত থাকতে চায়।

এমনিভাবে কুফফার শক্তির হাতে বিধ্বস্ত হয়ে যখন কোনো মুসলিম দেশের নাগরিকগণ অন্য মুসলিম দেশে আশ্রয়ের আশায় ছুটে আসে, তখন মুনাফিকের দল নিজেদের বাস্তহারা মুসলমান ভাইবোনদের আশ্রয় না দিয়ে নিজ নিজ দেশের নিরাপত্তাব্যবস্থা নিয়ে গালে হাত দিয়ে বসে পড়ে।

২০৯, সূরা আহ্যাব ৩৩ : ১৩

ছ) আরেক অজুহাত হলো পরিবার ও সম্পদ। আল্লাহ তাআলা বলেন :

يَهَهُولُ لَكَ الْمُخَلَّفُونَ مِنَ الْأَعْرَابِ شَغَلَتْنَا أَمْوَالُنَا وَأَهْلُونَا فَاسْتَغْفِرْ لَنَا يَهُولُونَ بِأَلْسِنَتِهِم مَّا لَيْسَ فِي قُلُوبِهِمْ

'মরুবাসীদের মধ্যে যারা গৃহে বসে রয়েছে, তারা আপনাকে বলবে, আমরা আমাদের ধন–সম্পদ ও পরিবার–পরিজনের কাজে ব্যস্ত ছিলাম। অতএব, আমাদের পাপ মার্জনা করান। তারা মুখে এমন কথা বলবে, যা তাদের অন্তরে নেই।'"

তারা আসলে নিজের পিছু হটে যাওয়া নিয়ে কোনোরূপ অনুতাপ বা আল্লাহ তাআলার দরবারে খাঁটি মনে তাওবার ধার ধারে না। তারা মুখে মুখে যে ক্ষমা চায়, এটাও একধরনের লোক দেখানো তামাশা এবং নিফাক। তাবুকের অভিযানে তারা যে রোমান বাহিনীর বিরুদ্ধে লড়াইয়ে অংশ না নিয়ে ঘরে পড়ে রইল; যদি এই রোমান বাহিনী মদীনা আক্রমণ করে সব গুঁড়িয়ে দিত! তখন তাদের পরিবার-পরিজন আর সম্পদের কী হতো? তাহলে তারা যে বলে তারা পরিবার ও সহায়সম্পদ নিয়ে ব্যস্ত ছিল, এর বাস্তবতা ও গ্রহণযোগ্যতা আসলে কত্যুকু? আসল কথা হলো তারা সপরিবারে ধন-সম্পদসহ কুফরির দিকে এগিয়ে যেতেই স্বাচ্ছন্দাবোধ করে।

তো এই হলো তাদের জিহাদ না করার অজুহাতের নাতিদীর্ঘ ফিরিস্তি। একের পর এক অন্যায় অপকর্মে ভরা এই থলে। নির্বৃদ্ধিতা, আত্মমর্যাদাহীনতা, কাপুরুষতা, বৃঁতবুঁতে আর সীমাহীন অলসতায় ভরা তাদের অজুহাতের আমলনামা।

মুনাফিক কখনোই নিজের জন্য সুবিস্তৃত সুবিধা আদায়ের প্রতিশ্রুতি ছাড়া জিহাদের পথ মাড়িয়ে দেখবে না। যেমন : মনে করেন বসস্তকালে স্বল্প সময়ের জন্য অচেল অর্থ ও পশুসম্পদের লোভে এবং পরবর্তীকালে যথাযথ নিরাপদ জীবনব্যবস্থার শর্তে হয়তো সে জিহাদ করতে রাজি হতে পারে।

এ ছাড়াও পারিবারিক ঐশ্বর্য বৃদ্ধি, ব্যবসার সুযোগ হাতিয়ে নেওয়া সহ মুসলিম সেনাবাহিনীকে নিজের সুবিধা–অসুবিধায় ব্যবহারের শর্ত দিয়ে বসে থাকে।

২৯০, সুরা কাডাহ ৪৮ : ১১

আবার দেখা যায় জিহাদের মধ্যে নারীদের ব্যাপারে নানা রকম শর্ত দিয়ে বসে। এগুলো ছাড়া সে জিহাদের ময়দানে ত্যাগ স্থীকার করতে রাজি নয়।

সবচেয়ে মারাত্মক শর্ত হলো, শত্রুদের মুখ হতে সরাসরি এই ঘোষণা শুনতে চায় যে, আমরা ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করছি!

শর্তের বেড়াজালে আটকে থাকা তাদের আসল ফন্দি আল্লাহ তাআলা জানেন। তিনি বলেন :

وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ لَئِنْ أَمَرْتَهُمْ لَيَخْرُجُنَّ قُل لَّا تُقْسِمُوا طَاعَةُ مَّعْرُوفَةُ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ

'তারা দুঢ়ভাবে আল্লাহর কসম খেয়ে বলে যে, আপনি তাদেরকে আদেশ করলে তারা সবকিছু ছেড়ে বের হবেই। বলুন, তোমরা কসম খেয়ো না। নিয়মান্যায়ী ভোমাদের আনুগত্য, তোমরা যা কিছু করো নিশ্চয় আল্লাহ সে বিষয়ে জ্ঞাত।'<sup>১১১</sup> শর্তসাপেক্ষ আনুগত্যের বিষয়টি যেন জনৈক কবির রম্যকবিতার মতো

أَحَمِّسُ فِي الْوَغْيِ أَبْنَاءَ قَوْمِي \* \* وَأَحْمَى ظَهْرَهُمْ عِنْدَ الْقِتَالِ فَإِنْ فَرَوْا سَبَقَتْهُمْ جَمِيْعًا \*\*\* وَإِنْ كَرَوْا فَقَدْ دَبَرَتْ حَالِيْ وَلِيَ عَزْمٌ يَشُقُ الْمَاءُ شَقّاً \*\* وَيُكَسِّرُ بَيْضَتَيْنِ عَلَى التَّوَالِيُ

রণাঙ্গনে যখন দেখি মোদের সৈন্যদল,

উল্লাসেতে ফেটে পড়ি বাড়ে মনোবল

যুখন শুনি বীরের দল পিঠ দেখিয়ে মাঠছাড়া,

হতাশ মনে বিভবিভয়ে বলি সব মুখপোড়া

পিছিয়ে পড়ার সুযোগ নিয়ে এগিয়ে গেছে সব

অতীত খুঁড়ে লুট করেছে সকল কলরব

স্রোত কাটিয়ে এগিয়ে যাবার এই বেঁধেছি পণ

জোড়া ডিমের দেয়াল তেঙে গড়ব শখের ধন।

১১১, সূরা নুর ২৪ : ৫৩

আল্লাহ তাআলা বলেন:

## فَإِذَا ذَهَبَ الْخُوْفُ سَلَقُوكُم بِأَلْسِنَةٍ حِدَادٍ

'অতঃপর যখন বিপদ চলে যায় তখন তারা ধন-সম্পদ লাভের আশায় তোমাদের সাথে বাক্চাতুরীতে অবতীর্ণ হয়।'<sup>২১২</sup>

এই আয়াতের তাফসীরে ইবনে কাসীর 🙉 বলেন,

إِذَا كَانَ الْأَمْنُ تَكَلَّمُوا كَلَامًا بَلِيغًا فَصِيحًا عَالِيًا، وَادَّعُوا لِأَنْفُسِهِمُ الْمَقَامَاتِ الْعَالِيَةَ فِي ذلك النَّجُدةِ، وَهُمْ يَكْذِبُونَ فِي ذلك

'ভয় কেটে গিয়ে যখন নিরাপদ সময় আসে। তখন মুনাফিকেরা শব্দ ও বাক্যের অলংকার বেঁধে বীরত্ব ও সাহসিকতার মুখরোচক গল্প ফেঁদে বলে বেড়ায়। অথচ এ সবই মিথ্যাচার।'

## মুনাফিক নিজে ঘরে বসেই শ্বান্ত হয় না, অন্যকেও হতাশ বানিয়ে বসিয়ে রাখতে চায়

قَدْ يَعْلَمُ اللَّهُ الْمُعَوِّقِينَ مِنكُمْ وَالْقَائِلِينَ لِإِخْوَانِهِمْ هَلُمَّ إِلَيْنَا وَلَا يَأْتُونَ الْبَأْسَ إِلَّا قَلِيلًا

'আল্লাহ খুব জানেন তোমাদের মধ্যে কারা তোমাদেরকে বাধা দেয় এবং কারা তাদের ভাইদেরকে বলে, আমাদের কাছে আসো। তারা কমই যুদ্ধ করে।'<sup>৯৩</sup>

আল্লাহ তাআলা আরও বলেন:

## وَإِنَّ مِنكُمْ لَمَن لَّيُبَطِّئَنَّ

'আর তোমাদের মধ্যে এমনও কেউ কেউ রয়েছে, যারা অবশ্য বিলম্ব করুবে।'<sup>২১</sup>

২১২ সূরা আহ্যাব ৩৩ : ১৯

২১৩. সূরা আহ্যাব ৩৩ : ১৮

২১৪. সূরা নিসা ৪ : ৭২

তাবা নিজেরাও জিহাদের ব্যাপারে গড়িমসি করে, অন্যকেও পিছিয়ে দেয়ার চেষ্টা করে। বরং জিহাদের প্রতি ঘৃণা পোষণ করে এবং জিহাদের পথ এড়িয়ে যাওয়াকে হিকমত বা বিচক্ষণতা মনে করে। আল্লাহ তাআলা বলেন:

الَّذِينَ قَالُواْ لِإِخْوَانِهِمْ وَقَعَدُواْ لَوْ أَطَاعُونَا مَا قُتِلُوا قُلْ فَادْرَؤُوا عَنْ أَنفُسِكُمُ الْمَوْتَ إِن كُنتُمْ صَادِقِينَ

'ওরা হলো সেসব লোক, যারা বসে থেকে নিজেদের ভাইদের সম্পর্কে বলে, যদি তারা আমাদের কথা শুনত, তবে নিহত হতো না। তাদেরকে বলে দিন, এবার তোমাদের নিজেদের ওপর থেকে মৃত্যুকে সরিয়ে দাও, যদি তোমরা সত্যবাদী হয়ে থাকো।'<sup>১৯</sup>

তাদের মতে ঘরে বসে থাকাই নিরাপদ! কবি মুতানাব্বী বলেন,

يَرَى الْجَبْنَاءُ أَنَّ الْعَجْزَ عَقْلُ \*\*\* وَتِلْكَ خَدِيْعَةُ الطَّبْعِ اللَّئِيْمِ

ভিতুর দল পিঠ বাঁচাতে ফন্দি আঁটে দুর্বলতার কিন্তু এসব লজ্জাহীনের দোহাই কেবল পিঠ দেখাবার \*\*\*

কেউ কেউ তো আবার জিহাদবিরোধী চিস্তাভাবনায় সীমা ছাড়িয়ে যায়। জিহাদের প্রতি বিতৃষ্ণ ছড়িয়ে বলে বেড়ায়, 'যুদ্ধ-জিহাদের নামে হাঙ্গামা করেই আজকে মুসলমানের এই দুর্দশা!'

يَقُولُونَ لَوْ كَانَ لَنَا مِنَ الأَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هَاهُنَا

'তারা বলে আমাদের হাতে যদি কিছু করার থাকত, তাহলে আমরা এখানে নিহত হতাম না।'৺

আয়াতের এই অংশের তাফসীরে ইমাম বাগাওয়ী 🚕 মুফাসসিরগণের এক জামাআতের মত তুলে ধরেছেন। তাদের মতে মুনাফিকের দল বলে থাকে,

২১৫. সূরা আলে-ইমরান ৩ : ১৬৮

২১৬. শরহ দিওয়ানিল মুতানাব্বী : ১/১৭১।

২১৭, সূরা আলে-ইমরান ৩ : ১৫৪

### لَوْ كُنَّا عَلَى الْحُقِّي مَا قُتِلْنَا هَاهُنَا

'আমরা যদি হক তথা সত্যের ওপর থাকতাম, তাহলে এখানে এভাবে মারা পড়তাম না।'<sup>২৬</sup>

মুনাফিকের দল উহুদ যুদ্ধের সামান্য পরীক্ষামূলক ক্ষয়ক্ষতিকে দীন-ইসলামের অসারতার প্রমাণস্বরূপ ছড়িয়ে বেড়ায়। এটা আসলে তাদের চরম বস্তুবাদী চিন্তাভাবনার ফসল। তারা এটা বুঝে না যে, উহুদের ময়দানের পরীক্ষা দিয়ে আল্লাহ তাআলা মূলত তাদেরকে মুমিনগণের মর্যাদাপূর্ণ কাতার হতে ছুড়ে ফেলে দিয়েছেন। আর শহীদগণকে উচ্চ মর্যাদা ও শ্রেষ্ঠ পুরস্কারে ভূষিত করেছেন।

মুনাফিকের দল মনে করে যে, রাসূল ্ক্র-এর কথা মেনে মদীনা ছেড়ে বের হয়ে আসাটাই উহুদ যুদ্ধের ক্ষয়ক্ষতির আসল কারণ। অথচ ভুল করে রাসূল ্ক্র-এর নির্দেশনা থেকে সরে যাওয়াই উহুদের ক্ষয়ক্ষতির মূল কারণ। আল্লাহ তাআলা বলেন:

وَلَقَدْ صَدَقَكُمُ اللهُ وَعْدَهُ إِذْ تَحُسُّونَهُم بِإِذْنِهِ حَتَى إِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِي الأَمْرِ وَعَصَيْتُم مِّن بَعْدِ مَا أَرَاكُم مَّا تُحِبُّونَ مِنكُم مَّن يُرِيدُ الدُّنْيَا وَمِنكُم مَّن يُرِيدُ الدُّنْيَا وَمِنكُم مَّن يُرِيدُ الآئِنَيَا وَمِنكُم مَّن يُرِيدُ الآخِرَةَ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ وَلَقَدْ عَفَا عَنكُمْ وَاللهُ ذُو فَضْلٍ عَلَى الْمُؤْمِنِينَ

'আর আল্লাহ সে ওয়াদাকে সত্যে পরিণত করেছেন, যখন তোমরা তাঁরই নির্দেশে ওদের খতম করছিলে। এমনকি যখন তোমরা ছত্রভঙ্গ হয়ে পড়েছ ও কর্তব্য স্থির করার ব্যাপারে বিবাদে লিপ্ত হয়েছ। আর যা তোমরা চাইতে তা দেখার পর কৃতন্মতা প্রদর্শন করেছ, তাতে তোমাদের কারও কাম্য ছিল দুনিয়া আর কারও বা কাম্য ছিল আখেরাত। অতঃপর তোমাদিগকে সরিয়ে দিলেন ওদের ওপর থেকে যাতে তোমাদিগকে পরীক্ষা করেন। বস্তুত তিনি তোমাদিগকে ক্ষমা করেছেন। আর আল্লাহর মুমিনদের প্রতি অনুগ্রহশীল।'

২১৮, তাফসীরে ব্যগাওয়ী : ২/১২২। সূরা আলে-ইমরান ৩ : ১৫৪ এর ব্যখায়।

২১৯, সুরা আলে-ইমরান ৩ : ১৫২

এমনিভাবে মুনাফিকের দল মুসলমানদের সব সমস্যার জন্যই জিহাদ ও মুজাহিদগণকে দায়ী করে থাকে। আল্লাহ তাআলা বলেন:

'আর যদি তাদের কোনো অকল্যাণ হয়, তবে বলে. এটা হয়েছে তোমার পক্ষ থেকে। १२२०

আয়াতের এই অংশের তাফসীরে ইমাম আবুল আলিয়া ও সুদ্দী 🕮 বলেন,

يَقُولُوا هذِهِ مِنْ عِنْدِكَ أَيْ مِنْ قِبَلِكَ وَبِسَبَبِ اتِّبَاعِنَا لَكَ وَاقْتِدَاثِنَا بِدِينِكَ 'তারা বলে যে, আপনার (মুহাম্মাদ 🍓-এর) দ্বারা এই ক্ষয়ক্ষতি হয়েছে। অর্থাৎ <mark>আপনি এর মূল কারণ। পাশাপাশি আপনাকে ও আপনার দীনের অনুসরণের</mark> <mark>কারণে আমাদেরও ক্ষতির সম্মুখীন হতে হয়েছে।'\*</mark>

ইবনুল জারীর তাবারী 🕮 বলেন,

يَقُولُوا: مِنْ عِنْدِ مُحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ، أَسَاءَ التَّدْبِيرَ وَأَسَاءَ التَّظَرَ 'তারা বলে, এই আপদ মুহাম্মাদ 🃸-এর কারণেই এসেছে। তাদের চেষ্টা-তদবীর ও দৃষ্টিভঙ্গি খুবই মন্দ (নাউযুবিল্লাহ)।'\*\*

তারা বলে, মুহাম্মাদ 🛞 আমাদেরকে এমন কিছুর দিকে ঠেলে দিয়েছেন যার জন্য আমরা মোটেও প্রস্তুত ছিলাম না। রণক্ষেত্রে টেনে নিয়ে তিনি অন্যান্য জাতিকে আমাদের বিরুদ্ধে উসকে দিয়েছেন!

হায় আফসোস! আল্লাহ ও তাঁর রাসূল 🎡-এর আনুগত্য হতে আমাদের চেহারা যেন ঘুরে না যায়। জিহুা যেন অসাড় না হয়। আর আমরা যেন ব্যর্থ না হয়ে যাই। মুনাফিকদের ফিতনা-ফাসাদ, বিচ্ছিন্নতা, তিরস্কার ও শক্রভীতি যেন এই উম্মাহকে পেয়ে না বসে।

२२०, अता निमा 8 : ९৮

২২১, তাফসীরে ইবনে কাসীর : ২/৩১৯। সূরা নিসা ৪ : ৭৭-৭৯ এর ব্যাখ্যার।

২২২, তাফসীরে তাবারী : ৭/১৩৯। সুরা নিসা ৪ : ৭৮ এর ব্যাখ্যায়।

এ জন্যই আল্লাহ তাআলা জিহাদ ছেড়ে ঘরে বসে থাকাকে শান্তি ও সৌহার্দ্য মনে করার অযৌক্তিক চিস্তাভাবনার ব্যাপারে আমাদেরকে স্পষ্ট ভাষায় সতর্ক করে দিয়েছেন। তিনি স্পষ্ট ভাষায় বলে দিয়েছেন, 'এ সবই কুফফারদের রীতিনীতি।' আল্লাহ তাআলা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَكُونُواْ كَالَّذِينَ كَفَرُواْ وَقَالُواْ لِإِخْوَانِهِمْ إِذَا ضَرَبُواْ فِي الأَرْضِ أَوْ كَانُواْ غُزِّى لَوْ كَانُواْ عِندَنَا مَا مَاتُواْ وَمَا قُتِلُواْ لِيَجْعَلَ اللهُ ذَلِكَ حَسْرَةً فِي قُلُوبِهِمْ وَاللهُ يُحْيِي وَيُعِيتُ وَاللهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرً

'হে ঈমানদারগণ, তোমরা তাদের মতো হোয়ো না, যারা কাফির হয়েছে এবং নিজেদের ভাই-বন্ধুরা যখন কোনো অভিযানে বের হয় কিংবা জিহাদে যায়, তখন তাদের সম্পর্কে বলে, তারা যদি আমাদের সাথে থাকত, তাহলে মরতও না আহতও হতো না। যাতে তারা এ ধারণা সৃষ্টির মাধ্যমে সংশ্লিষ্টদের মনে অনুতাপ সৃষ্টি করতে পারে। অথচ আল্লাহই জীবন দান করেন এবং মৃত্যু দেন। তোমাদের সমস্ত কাজই, তোমরা যা কিছুই করো না কেন, আল্লাহ সবকিছুই দেখেন।'<sup>২২০</sup>

এসব কথাই তাদের জন্য প্রযোজ্য, যারা বলে :

#### لَوْ أَطَاعُونَا مَا قُتِلُوا

'যদি তারা আমাদের কথা শুনত, তবে নিহত হতো না।'<sup>২৯</sup>

এমনিভাবে যারা বলে:

لَوْ كَانَ لَنَا مِنَ الأَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هَاهُنَا

'তারা বলে আমাদের হাতে যদি কিছু করার থাকত, তাহলে আমরা এখানে নিহত হতাম না।'<sup>২২</sup>

২২৩, সুরা আলে-ইমরান ৩ : ১৫৬

২১৪, সুরা আলে-ইমরান ৩ : ১৬৮

২২৫, সুরা আলে-ইমরান ৩ : ১৫৪

যারা বলে:

#### لَّوْ كَانُواْ عِندَنَا مَا مَاتُواْ رَمَا قُتِلُو

'তারা যদি আমাদের সাথে থাকত, তাহলে মরতও না আহতও হতো না।' ২২

এ সকল ভিতু, কাপুরুষ ও নির্বোধের দল মহৎপ্রাণ মুমিনগণের বিরুদ্ধে যা কিছু বলে, আল্লাহ তাআলা তার সুন্দর ও সুস্পষ্ট উত্তর দিয়েছেন। তিনি বলেন :

قُلْ فَادْرَؤُوا عَنْ أَنفُسِكُمُ الْمَوْتَ إِن كُنتُمْ صَادِقِينَ

'বলে দিন, এবার তোমাদের নিজেদের ওপর থেকে মৃত্যুকে সরিয়ে দাও, যদি তোমরা সত্যবাদী হয়ে থাকো।'<sup>২২</sup>

قُل لَوْ كُنتُمْ فِي بُيُوتِكُمْ لَبَرَزَ الَّذِينَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ إِلَى مَضَاجِعِهِمْ 'বলে দিন, তোমরা যদি নিজেদের ঘরেও থাকতে তবুও তারা অবশ্যই বেরিয়ে আসত নিজেদের অবস্থান থেকে যাদের মৃত্যু লিখে দেয়া হয়েছে।'

তিনি আরও বলেন:

তুর্টিত ইন্দ্রান্টর ক্রিন্টর করে।
কর্মা তামরা যদি আল্লাহর পথে নিহত হও কিংবা মৃত্যুবরণ করো, তোমরা যা কিছু সংগ্রহ করে থাকো আল্লাহ তাআলার ক্ষমা ও করুণা সে সবকিছুর চেয়ে উত্তম।

আসল কথা হলো 'মৃত্যু বীরপুরুষ কিংবা কাপুরুষ কাউকেই ছাড়বে না'।

২২৬, সূরা আলে-ইমরান ৩ : ১৫৬

২২৭. সুরা আলে-ইমরান ৩: ১৬৮

২২৮, সুরা আলে-ইমরান ৩ : ১৫৪

২২৯. সূরা আলে-ইমরান ৩ : ১৫৭

কবি মৃতানাব্বী বলেন,

غَيرَ أَنَ الفَتَى يُلاقِ المَنَايَا \*\*\* كَالِجَاتِ وَلَا يُلاقِ الهَوَانَا وَلَوَ أَنَ الْحَيَاةَ تَبْقَى لِحَيِّ \*\*\* لَعَدَدُنَا أَضَلَنَا الشَّجْعَانَا وَإِذَا لَم يَكُنْ مِنَ المَوْتِ بُدُّ \*\*\* فَمِنَ العَجْزِ أَنْ تَكُونَ جَبَانَا بِهُ अधित शांत कांगिलांत तिशां य योवन,

তাকে ছাড়া মরণ পেয়ালা চুমে আর ক'জন? জীবন যদি রয়েই যায় একটুখানি বাকি,

দুঃসাহসের হিসেবটুকু তাতেই টুকে রাখি। মৃত্যু যদি নাই-বা আসে, নাই-বা থাকে ভয়, কাপুরুষের জীবন সেটা, হোক না তা অক্ষয়! \*°°

তবে মুমিন ও মুনাফিকের মৃত্যুর মধ্যে পার্থক্য আছে। পার্থক্য রয়েছে তাদের ছেড়ে যাওয়া বিষয়ের মধ্যে। পার্থক্য রয়েছে উভয়ের ইহকালীন ও পরকালীন জীবন ও সম্পদে।

সূখ-স্বাচ্ছন্দ্যের সময় মুনাফিকের ইসলামঘেঁষা মনোভাব তার জিহাদের পক্ষ নেওয়ার প্রমাণ নয়; অধিকাংশ সময় মুনাফিকদের দল এই অজুহাত দেখায় যে, তাদেরও জিহাদ করার খুব আগ্রহ। কিন্তু তারা সুযোগই পাচ্ছে না। এদিকে ইঞ্চিত করে আল্লাহ তাআলা বলেন:

#### وَلَوْ أَرَادُواْ الْخُرُوجَ لِأَعَدُواْ لَهُ عُدَّةً

'আর যদি তারা বের হবার সংকল্প নিত, তবে অবশ্যই কিছু সরঞ্জাম প্রস্তুত করত।'\*\*

২৩০, দিওয়ানুল মৃতানাকী : ৪৭৪।

২৩১, সূরা তাওবা ৯ : ৪৬

যদি তাদের এ ধরনের দাবিতে সত্যবাদী হয়ে থাকে তারপরেও দেখা যাবে জিহাদের ডাক আসামাত্রই তারা প্রবৃত্তির ডাকে সাড়া দিয়ে বসবে। অস্তরে গেঁথে বসা রোগের দক্ষন মুমিনদের বিরুদ্ধে তাদের আসল চেহারা বেরিয়ে আসবে। কারণ, মুনাফিকমাত্রই প্রবৃত্তি ও পার্থিব চাহিদার সামনে দুর্বল–অসহায়। সে গোলাগুলি, বোমাবর্ষণ বা আগুনের লেলিহান শিখার সামনে নিজেকে কল্পনাও <mark>ক্রতে পারে না। আর কোনো কারণ ছাড়াই শয়তান তাদেরকে নানা কুমন্ত্রণা দিয়ে</mark> মুমিনগণের কাতার হতে বিমুখ ও বিচ্যুত করে দেয়। এ কারণেই আল্লাহ তাআলা তাদের উত্থানকে অপছন্দ করেন। তিনি বলেন:

وَلَكِن كُرِهَ اللهُ انبِعَاثَهُمْ فَتَبَّطَهُمْ وَقِيلَ اقْعُدُواْ مَعَ الْقَاعِدِينَ 'কিন্তু তাদের উত্থান আল্লাহর পছন্দ নয়, তাই তাদের নিবৃত্ত রাখলেন এবং আদেশ হলো বসা লোকদের সাথে তোমরা বসে থাকো।' ২০২

এ জন্যই রাসূল 🎡 জিহাদের নিয়্যাত না থাকাকে নিফাক বলেছেন,

مَنْ مَاتَ وَلَمْ يَغْزُ، وَلَمْ يُحَدِّثْ بِهِ نَفْسَهُ، مَاتَ عَلَى شُعْبَةٍ مِنْ نِفَاقٍ 'যে ব্যক্তি মৃত্যুবরণ করল, অথচ কোনো দিন জিহাদ করল না বা জিহাদের কথা

তার মনে কোনো দিন উদিতও হলো না, সে যেন মুনাফিকের মৃত্যুবরণ করল।'\*°°

তাই মুমিন সব সময়ই জিহাদের ব্যাপারে নিজের অন্তরকে পবিত্র রাখে এবং জিহাদের প্রতি অকৃত্রিম ভালোবাসা পোষণ করে। পাশাপাশি সে আল্লাহ তাআলার কাছে জিহাদের পথে এগিয়ে যাওয়ার দুআ করে থাকে। জিহাদের পথে চলার নিয়্যাতকে অবিচল রাখতে সে গুনাহের পথ ত্যাগ করে। দুনিয়ার সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে যাওয়ার ব্যাপারে সজাগ থাকে। কারণ, সে জানে এভাবে চলে যদি সে সাধারণ মৃত্যুও বরণ করে, তবু তার নিয়্যাত ও আমল তাকে শাহাদাতের সুমহান মর্যাদায় পৌঁছে দেবে। রাসূল 🏨 বলেছেন.

২৩২, সূরা তাওবা ৯ : ৪৬

২৩৩. সহীহ মুসলিম : ১৯১০। আবু হুৱাইরা 🤐 হতে। অধ্যায় : রাষ্ট্রক্ষমতা ও প্রশাসন। অনুচ্ছেদ : জিহাদ না করে এমনকি জিহাদের নিয়াত না করে মারা যাওয়া।

مَنْ سَأَلَ اللهَ الشَّهَادَةَ بِصِدْقِ، بَلَّغَهُ اللهُ مَنَازِلَ الشُّهَدَاءِ، وَإِنْ مَاتَ عَلَى فِرَاشِهِ

'যে ব্যক্তি আন্তরিকতার সাথে আল্লাহর কাছে শাহাদাত প্রার্থনা করে, আল্লাহ তাআলা তাকে শহীদের মর্যাদায় অভিষিক্ত করবেন, যদিও বা সে আপন শয্যায় মৃত্যুবরণ করে।'<sup>২৩৪</sup>

আনাস বিন মালিক 🧠 বর্ণনা করেন,

أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجَعَ مِنْ غَزُوَةِ تَبُوكَ فَدَنَا مِنَ المَدِينَةِ، فَقَالَ: « إِنَّ بِالْمَدِينَةِ أَقْوَامًا، مَا سِرْتُمْ مَسِيرًا، وَلاَ قَطَعْتُمْ وَادِيًا إِلَّا كَانُوا مَعَكُمْ «، قَالُوا: يَا رَسُولَ اللهِ، وَهُمْ بِالْمَدِينَةِ؟ قَالَ: «وَهُمْ بِالْمَدِينَةِ، حَبَسَهُمُ العُذُرُ»

'রাসূলুল্লাহ 

তাবুক যুদ্ধ থেকে ফিরে মদীনার নিকটবর্তী হলেন, তখন তিনি বললেন, মদীনাতে এমন সম্প্রদায় রয়েছে যে, তোমরা এমন কোনো দূরপথ ভ্রমণ করোনি এবং এমন কোনো উপত্যকা অতিক্রম করোনি যেখানে তারা তোমাদেব সঙ্গে ছিল না। সাহাবায়ে কিরাম 

ক্র বললেন, হে আল্লাহর রাসূল, তারা তো মদীনাতে ছিল। তখন তিনি বললেন, তারা মদীনাতেই ছিল তবে যথার্থ ওয়ব তাদের আটকে রেখেছিল।' ২০০

এই হাদীস থেকে বোঝা যায় যে, যে সকল সত্যবাদী মুমিন ইচ্ছা থাকা সত্ত্বেও অসুস্থতা বা অর্থসংকটের কারণে তাবুকের যুদ্ধে অংশ নিতে পারেননি আল্লাহ তাআলা তাদেরকে নিয়্যাতের বরকতে মুজাহিদ বাহিনীর সমান সাওয়াব দান করেছেন। কেননা, আল্লাহর রাস্তায় জিহাদে অংশগ্রহণ বা অর্থ ব্যয় করতে না পারায় তারা খুবই কষ্ট পেয়েছেন এবং এই শোকে অশ্রুও ফেলেছেন।

২৩৪. সহীহ মুসলিম : ১৯০১। সাহল বিন হনষ্টিফ 🚜 হতে। অধ্যায় : বাষ্ট্রক্ষমতা ও প্রশাসন। অনুচ্ছেদ : আল্লাহর রাহে শাহাদাত প্রার্থনা করা মুস্তাহাব।

২০৫, সহীহ বুখারী : ৪৪২ ৩। অধ্যায় : যুদ্ধ।

পক্ষাস্তরে জিহাদে শরীক হওয়ার মতো শারীরিক ও আর্থিক সামর্থ্য থাকার পরেও মুনাফিকের দল নানা অজুহাত দাঁড় করিয়ে ঘরে বসে ছিল। তাদের এই কাজটি ছিল অত্যস্ত গর্হিত ও নিন্দনীয়। আল্লাহ তাআলা বলেন :

إِنَّمَا السَّبِيلُ عَلَى الَّذِينَ يَسْتَأْذِنُونَكَ وَهُمْ أَغْنِيَاء رَضُواْ بِأَن يَكُونُواْ مَعَ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لاَ يَعْلَمُونَ اللهُ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لاَ يَعْلَمُونَ

'অভিযোগের পথ তো তাদের ব্যাপারে রয়েছে, যারা তোমার নিকট অব্যাহতি কামনা করে অথচ তারা সম্পদশালী। যারা পেছনে পড়ে থাকা লোকদের সাথে থাকতে পেরে আনন্দিত হয়েছে। আর আল্লাহ মোহর এঁটে দিয়েছেন তাদের অন্তরসমূহে। বস্তুত তারা জানতেও পারেনি।'২০৯

আল্লাহু আয়যা ওয়া জাল্লা আমাদেরকে তাঁর রাস্তায় শাহাদাতের মর্যাদা নসীব ফরমান। তারও আগে আমাদের অস্তরে জিহাদের নিয়্যাত দান করে নিফাক থেকে রক্ষা করুন। আমীন!

#### 9

# মুনাফিকের জন্য ইবাদাত করা খুবই কঠিন

এই রোগের জন্যও তার অন্তরে বাসা বাঁধা সংশয়বাদই দায়ী। আল্লাহ তাআলা বলেন:

وَاسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ وَإِنَّهَا لَكَبِيرَةٌ إِلَّا عَلَى الْخَاشِعِينَ (٤٥) الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُم مُلَاقُو رَبِّهِمْ وَأَنَّهُمْ إِلَيْهِ رَاجِعُونَ (٤٦)

'ধৈর্যের সাথে সাহায্য প্রার্থনা করো নামাজের মাধ্যমে। অবশ্য তা যথেষ্ট কঠিন।
কিন্তু সে সমস্ত বিনয়ী লোকদের পক্ষেই তা সম্ভব। যারা এ কথা খেয়াল করে যে,
তাদেরকে সম্মুখীন হতে হবে শ্বীয় পরওয়ারদেগারের এবং তাঁরই দিকে ফিরে
যেতে হবে।'২°'

২৩৬. স্রা তাওবা ৯ : ১৩

২৩৭. সূরা বাকারা ২ : ৪৫, ৪৬

এটা তো পরিষ্কার কথা যে, যে ব্যক্তি কিয়ামতের দিন আল্লাহ তাআলার সাথে সাক্ষাৎ এবং নামাজ ইত্যাদি ইবাদাতের জন্য কন্ট ও মুজাহাদার প্রতিদান লাভের কথা বিশ্বাস করে তার জন্য ইবাদাত করা মোটেও কঠিন কিছু নয়। উল্লেখিত আয়াতে 'ধারণা করে' অর্থ দৃঢ় বিশ্বাস রাখে। আর মুনাফিকের অন্তরে দীনের কোনো বিষয়ে দৃঢ় বিশ্বাস থাকে না।

মুনাফিকমাত্রই কিয়ামতের দিনের ব্যাপারে হয় সংশয়ে ভোগে অথবা অবিশ্বাস করে বসে থাকে। এ কারণেই নামাজের মতো ইবাদাত তার পক্ষে কঠিন হয়ে দাঁড়ায়। তাই সে নামাজের সময় নিয়ে গড়িমসি করে। নামাজ শুদ্ধ হওয়ার শঠাবলির পরোয়া করে না। নামাজ ও আখিরাতের প্রতি বিশ্বাস না থাকায় দুনিয়ার সকল চিন্তাভাবনা ঝেড়ে ফেলে একাগ্রচিত্তে নামাজ পড়তে পারে না। রাসূল 🎂 বলেছেন,

إِنَّ أَثْقَلَ صَلَاةٍ عَلَى الْمُنَافِقِينَ صَلَاةُ الْعِشَاءِ، وَصَلَاةُ الْفَجْرِ، وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لَأَتَوْهُمَا وَلَوْ حَبُوا، وَلَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِالصَّلَاةِ، فَتُقَامَ، ثُمَّ آمُرَ رَجُلًا فَيُصَلِّي بِالنَّاسِ، ثُمَّ أَنْطَلِقَ مَعِي بِرِجَالٍ مَعَهُمْ حُزَمٌ مِنْ حَطَبٍ إِلَى قَوْمِ لَا يَشْهَدُونَ الصَّلَاةَ، فَأَحَرِّقَ عَلَيْهِمْ بُيُوتَهُمْ بِالنَّارِ

'মুনাফিকদের জন্য সবচাইতে ভারী সালাত হলো ঈশা ও ফজরের সালাত। তারা যদি এই দুই সালাতে কী মর্যাদা আছে জানতে পারত; তবে হামাগুড়ি দিয়ে হলেও এ দুই সালাতে উপস্থিত হতো। আমি মনস্থ করেছিলাম যে, আমি সালাত সম্পর্কে আদেশ করি যে, ইকামত দেওয়া হোক। এরপর একজনকে নির্দেশ করি যে, সে লোকদের নিয়ে সালাত কায়েম করুক। তারপর আমি লাকড়ির বোঝাসহ একদল লোক নিয়ে সেই সব লোকের ঘরে চলে যাই যারা সালাতে উপস্থিত হয় না। অতঃপর তাদের ঘর আগুন দিয়ে তাদের সহ জ্বালিয়ে দিই।'

দ্বশা ও ফজরের নামাজে জামাআতে হাজির হওয়া মুনাফিকদের জন্য কষ্টকর কেন? কারণ, এই দুই ওয়াক্ত নামাজের উপস্থিতি সাধারণত আল্লাহ তাআলা

২০৮. সহীহ মুসলিম : ৬৫১। আবু হরাইরা 🚓 হতে। অধ্যায় : মসজিদ ও নামাজের স্থান। অনুচ্ছেদ : জামাআত ও জুমঝার নামাজে পেছনে পড়া।

ব্যতীত অন্য কারও নজরে পড়ে না। মুনাফিকের দল অন্যান্য নামাজের সময় মমিনদের পাশে থেকে বিব্রতকর পরিস্থিতি থেকে আত্মরক্ষা করে। তা ছাড়া অন্যান্য নামাজের সময় বরাবরই তারা জাগ্রত থাকে। তাই জামাআতে শরীক হতেও তেমন বেগ পেতে হয় না। যদি তারা আখিরাত, জান্নাত ও জাহান্নাম ইত্যাদি পরকালীন বিষয়ে বিশ্বাস রাখত, তবে কোনো কিছুই তাদের নামাজ ও ইবাদাতকে নষ্ট করতে পারত না। কিন্তু তাদের তো এসবে তেমন বিশ্বাস নেই। আর ঈশা ও ফজরের নামাজের সময় দুটিও রাতের আঁধারে ঢাকা। সরলমনা মুমিনগণ সাধারণত কে এল কে এল না তা নিয়ে মাথাও ঘামায় না। তা ছাড়া উভয় নামাজের সময়ই ঘূমের সময়। মুনাফিকের কাছে এক ঘণ্টার ঘুম 'আসমান-জমিন বিস্তৃত জান্নাতের' চয়েও গুরুত্বপূর্ণ! জাল্লাত তার কাছে অলীক কল্পনার বস্তু। এর প্রতি তার এতটুকু বিশ্বাস জন্মেনি যে এর জন্য কন্ট স্বীকার করবে। অদৃশ্য ও সংশয়পূর্ণ বস্তুর জন্য বেগার খাটার চেয়েও সুন্দর স্বপ্নময় নিদ্রা তার কাছে অনেক প্রিয়।

খদীসে বলা হয়েছে "وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا" "তারা যদি জানত এই দুই নামাজে কী (বিনিময়) আছে?" অর্থাৎ তারা যদি চিরস্থায়ী পরকাল ও উত্তম বিনিময়ের বিশ্বাস রাখত; তাহলে হামাগুড়ি দিয়ে হলেও ফজর ও ঈশার জামাআতে হাজির হতো। যেমন নিজের দুনিয়ার ব্যাপারে করে থাকে। দুনিয়ার সামান্য বিষয়েও তারা শুধু হাত–পায়ে ভর দিয়ে হামাগুড়ি নয়, বরং এরচেয়ে নিচে নামতেও দ্বিধা করে না। আবু হুরাইরা 😩 বর্ণনা করেন, রাসূল 🎂 বলেছেন,

وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِحَطِّبٍ، فَيُحْطِّبَ، ثُمَّ آمُرَ بِالصَّلاَّةِ، فَيُؤَذَّنَ لَهَا، ثُمَّ آمُرَ رَجُلًا فَيَؤُمَّ النَّاسَ، ثُمَّ أُخَالِّفَ إِلَى رِجَالٍ، فَأُحَرِّقَ عَلَيْهِم بُيُونَهُمْ، وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ يَعْلَمُ أَحَدُهُمْ، أَنَّهُ يَجِدُ عَرْقًا سَمِينًا، أَوْ مِرْمَاتَيْنِ حَسَنَتَيْنِ، لَشَهدَ العِشَاءَ

'যাঁর হাতে আমার প্রাণ, তাঁর শপথ! আমার ইচ্ছা হয়, ত্বালানি কাঠ সংগ্রহ করতে আদেশ দিই, অতঃপর সালাত কায়েমেব আদেশ দিই, অতঃপর সালাতের আযান দেয়া হোক, অতঃপর এক ব্যক্তিকে লোকদের ইমামত করার নির্দেশ দিই। অতঃপর আমি লোকদের নিকট যাই এবং তাদের (যারা জামাআতে শামিল

হয়নি) ঘর জ্বালিয়ে দিই। যে মহান সত্তার হাতে আমার প্রাণ, তাঁর কসম! যদি তাদের কেউ জানত যে, একটি গোশতহীন মোটা হাড় বা ছাগলের ভালো দুটি পা পাবে, তাহলে অবশ্যই সে 'ঈশা'র নামাজের জামাআতেও হাযির হতো।'

হাদীসে স্পষ্ট বলে দেয়া হলো যে, ঈশার জামাআতে হাজির হওয়ার বিনিময়ে গোশতহীন মোটা হাড় বা ছাগলের তালো দুটি পা পাওয়ার সম্ভাবনা থাকলেও মুনাফিক ছুটে এসে ঈশার জামাআতে হাজির হতো। আর জানাত তো "আসমানজিনি বিস্তৃত"। বরং এর চেয়েও বহুগুণ বড়। অথচ মুনাফিকের কাছে জানাত এক টুকরো গোশতের মূল্যও রাখে না!

আমাদের বর্তমান অবস্থাই চিন্তা করুন! ঘনবসতিপূর্ণ এলাকার আশেপাশে গেলে দেখা যায় ঈশার জামাআতে দু–তিন কাতারের বেশি লোক হয় না। অথচ নামাজের পর খানাপিনার আয়োজন বা ত্রাণ ইত্যাদির ঘোষণা দিলে অবস্থা কী দাঁড়ায়? এত লোকসমাগম হয় যে, মসজিদে জায়গা দেয়াই মুশকিল হয়ে যায়।

উত্তমরূপে নামাজ আদায় নিফাকমুক্ত ঈমানের পরিচয় : মুমিন ব্যক্তি পূর্ণ মনোযোগ, ইখলাস ও জামাআতের আকাঙ্ক্ষা নিয়ে নামাজ আদায় করে। নামাজ আদায়ে সে প্রশান্তি অনুভব করে। আর মুনাফিকের অবস্থা সম্পূর্ণ বিপরীত। নামাজ নিয়ে মুনাফিকের নানা টালবাহানা রয়েছে।

ক) জামাআতের প্রতি মুনাফিকের কোনো আগ্রহ নেই : ওপরে উল্লেখিত হাদীসের পাশাপাশি আব্দুল্লাহ বিন মাসউদ الله –এর একটি বর্ণনা দ্বারা বিষয়টি ভালোভাবে বুঝে আসবে। তিনি বলেন,

مَنْ سَرَّهُ أَنْ يَلْقَى اللَّهَ غَدًا مُسْلِمًا، فَلْيُحَافِظُ عَلَى هَوُلَا الصَّلَوَاتِ حَيْثُ يُنَادَى بِهِنَّ، فَإِنَّ اللَّهَ شَرَعَ لِنَبِيِّكُمْ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ سُنَنَ الْهُدَى، وَلَوْ أَنَّكُمْ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ سُنَنَ الْهُدَى، وَلَوْ أَنَّكُمْ صَلَيْتُمْ فِي بُيُوتِكُمْ كُمَا يُصَلِّى هَذَا اللهُ تَنْ سُنَنَ الْهُدَى، وَلَوْ أَنَّكُمْ صَلَيْتُمْ فِي بُيُوتِكُمْ كُمَا يُصَلِّى هَذَا اللهُ مَنْ الله اللهُ مَنْ اللهُ اللهُ مَنْ اللهُ مَنْ اللهُ مَنْ اللهُ مَنْ اللهُ مَنْ اللهُ اللهُ مَنْ اللهُ مَنْ اللهُ اللهُ اللهُ مَنْ اللهُ اللهِ اللهُ اللهُل

২০১, সহীহ বুধারী ৬৪৪। আবু হরাইরা 🚓 হতে। অধ্যায় : আয়ান। অনুচ্ছেদ : জামাআতে নামাজ পর্বা আবশ্যক।

مِنْ رَجُلٍ يَتَطَهَّرُ فَيُحْسِنُ الطُّهُورَ، ثُمَّ يَعْمِدُ إِلَى مَسْجِدٍ مِنْ هَذِهِ الْمَسَاجِدِ، إِلَّا كَتَبَ اللهُ لَهُ بِكُلِّ خَطْوَةٍ يَخْطُوهَا حَسَنَةً، وَيَرْفَعُهُ بِهَا دَرَجَةً، وَيَحُطُّ عَنْهُ بِهَا سَيِّئَةً، وَلَقَدْ رَأَيْتُنَا وَمَا يَتَخَلَّفُ عَنْهَا إِلَّا مُنَافِقٌ مَعْلُومُ النَّفَاقِ، وَلَقَدْ كَانَ الرَّجُلُ يُؤْتَى بِهِ يُهَادَى بَيْنَ الرَّجُلَيْنِ حَتَّى يُقَامَ فِي الصَّفِّ

'যে ব্যক্তি পছন্দ করে যে, আগামীকাল বিচার দিবসে সে মুসলমান হিসাবে আল্লাহর সাক্ষাৎ পাভ করবে, তার উচিত এই সালাতসমূহের সংরক্ষণ করা, যেখানে সালাতের জন্য আহ্বান করা হয়। কারণ, আল্লাহ তোমাদের নবীকে হিদায়াতের সকল পথ বাতলে দিয়েছেন। আর এই সমস্ত সালাত হলো হিদায়াতের পথসমূহের অন্যতম। তোমরা যদি এই সকল সালাত ঘরে আদায় করো, যেমন একদল লোক জামাআত ছেড়ে ঘরে সালাত আদায় করে, তাহলে তোমরা তোমাদের নবীর সুন্নাতকে ছেড়ে দিলে। তোমরা যদি নবীর সুন্নাত ছেড়ে দাও, তাহলে তোমরা অবশাই গুমরাহ হয়ে যাবে। যে উত্তমরূপে পবিত্র হয়ে এই সকল মসজিদের একটির দিকে অগ্রসর হবে, তার প্রত্যেক কদমের জন্য একটি করে নেকী লেখা হবে এবং তার একটি মর্যাদা বৃদ্ধি পাবে এবং একটি গুনাহ মাফ করা হবে। তারপর একমাত্র প্রকাশ্য মুনাফিক ছাড়া আর কাউকে জামাআত থেকে বাদ পড়তে আমরা দেখিনি। অনেক লোক দুজনের কাঁধে ভর করে হেচঁড়িয়ে হেচঁড়িয়ে মসজিদে আসত এবং তাদের কাতারে দাঁড় করিয়া দেয়া হতো।'\*\*°

আসহাবুর রাসূল ্ল্রা-এর জামাআতে নামাজের আগ্রহ লক্ষ করুন। অসুস্থতা বা বার্ধক্যের বাধায় পড়া অক্ষম ব্যক্তিটিও অন্যের কাঁধে ভর করে কোনোরকমে মাটিতে পা ঠেকিয়ে জামাআতে হাজির হতেন!

খ) নামাজে অলসতা নিফাকের অন্যতম আলামত : আপনি হয়তো অনেক বেনামাজীর মুখে নামাজ না পড়ার কারণ হিসেবে আলসেমির কথা শুনে থাকবেন। সে হয়তো জানেও না যে, নামাজে অলসতা তার অন্তরে নিফাকের ডালপালা বিস্তার করে চলছে। যদিও উলামায়ে কিরামের এক জামাআতের ফাতওয়া 'নামাজ ত্যাগ করা সত্ত্বেও তাকে কুফরির সাথে মিলিয়ে দেবে না। তবু এটা তো

২৪০. সহীহ মুসলিম : ৬৫৪। অধ্যায় : মসজিদ ও নামাজের হান। অনুচ্ছেদ : যে ব্যক্তি আযান শোনে, মুসজিদে আসা তার ওপর ওয়াজিব

অশ্বীকারের উপায় নেই যে, নামাজে অলসতার দরুন তার মধ্যে নিফাকের নষ্ট স্বভাব ছড়িয়ে পড়েছে। আল্লাহ তাআলা বলেন :

إِنَّ الْمُنَافِقِينَ يُخَادِعُونَ اللَّهَ وَهُوَ خَادِعُهُمْ وَإِذًا قَامُواْ إِلَى الصَّلَاةِ قَامُواْ كُسَالَى يُرَآؤُونَ النَّاسَ وَلاَ يَذْكُرُونَ اللَّهَ إِلاَّ قَلِيلاً

'অবশ্যই মুনাফিকরা প্রতারণা করছে আল্লাহর সাথে, অথচ তারা নিজেরাই নিজেদের প্রতারিত করে। বস্তুত তারা যখন নামাজে দাঁড়ায় তখন দাঁড়ায় একান্ত শিথিলভাবে লোক দেখানোর জন্য। আর তারা আল্লাহকে অল্পই স্মরণ করে।'

অতএব যারা বলে, 'আমার আসলে অলসতার কারণে নামাজ পড়া হয় না', তাদের এই অজুহাত কোনো অজুহাতই না। মুনাফিকের দল তো নামাজ পড়লেও অলসতার সাথে পড়ে। আর অলসতার সাথে নামাজ আদায় করা না করারই মতো।

গ) মুনাফিক লোক দেখানো নামাজ পড়ে : আল্লাহ তাআলা বলেন, "يُرَآؤُرِنُ النَّاسُ" "তারা লোক দেখানোর জন্য (নামাজ পড়ে)"।

নামাজের মধ্যে 'রিয়া' বা লৌকিকতা একটি গোপন ব্যাধি, যার বিভিন্ন স্তর রয়েছে। আমাদের অনেকেরই নামাজ আদায়ের ক্ষেত্রে প্রাথমিকভাবে এই রোগ দূর হয় না। দেখা যায় মানুষের সামনে নামাজ আদায় করার সময় খুব সুন্দরভাবে আদায় কবে। অথচ এতটা সুন্দরভাবে একাকী নির্জনে আদায় করে না। লৌকিকতার আরেকটি স্তর হলো ইমামতি। পাঞ্জেগানা মসজিদ বা অফিস ইত্যাদিতে জামাআতে নামাজ পড়তে গেলে আস্তে কিরাআত বা ছোট সূরা দিয়ে নামাজ পড়ানোর ব্যাপার হলে অনেকেই ইমামতির জন্য এগিয়ে যায়। কিন্তু যখন জোরে কিরাআত বা দীর্ঘ তিলাওয়াতের প্রয়োজন দেখা দেয়, তখন বোঝা যায় কুরআনের সাথে কার সম্পর্ক কত দীর্ঘ। তখন আর কেউ ছোট সূরা দিয়ে নামাজ পড়িয়ে নিজের অযোগ্যতা জাহির করতে চায় না।

আল্লাহ আমাদের মাফ করুন। আমীন!

২৪১. সূরা নিসা ৪ : ১৪২

🜒 মুনাফিক নামাজে তাড়াহুড়া করে : রাসূল 👜 বলেছেন,

تِلْكَ صَلَاةُ الْمُنَافِقِ، يَجْلِسُ يَرْقُبُ الشَّمْسَ حَتَّى إِذَا كَانَتْ بَيْنَ قَرُنِي الشَّيْطَانِ، قَامَ فَنَقَرَهَا أَرْبَعًا، لَا يَذْكُرُ الله فِيهَا إِلَّا قَلِيلًا

'এই নামাজ হলো মুনাফিকের নামাজ, সে বসে বসে সূর্যের দিকে তাকাতে থাকে যার যখন শয়তানের দুই শিঙের মাঝে আসে (অস্তপ্রায় হয়)। তখন উঠে গিয়ে চারটি ঠাকর মারে। এভাবে সে খুব কমই আল্লাহকে স্মরণ করে।'\*\*

কত মুসলমানকে দেখা যায়, রুকু থেকে উঠে ঠিকমতো দাঁড়ায় না। আবার দুই দিজদার মাঝখানে ঠিকমতো বসে না।

আখিরাতের দিন জামাআতে নামাজ মুমিন ও মুনাফিকের মধ্যে পার্থক্য সৃষ্টি করবে : রাসূল 🎡 বলেছেন,

रकें विक्रों के कि स्वानिक स्वानिक कि स्वा

এই নূর দিয়েই নামাজী মুমিন কিয়ামতের দিন জ্যোতিহীন মুনাফিকের দলকে পেছনে ফেলে এগিয়ে যাবে। আল্লাহ তাআলা বলেন:

يَوْمَ لَا يُخْزِي اللهُ النَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ نُورُهُمْ يَسْمَى بَيْنَ أَيْدِيهِمْ وَبِأَيْمَانِهِمْ 'সেদিন আল্লাহ নবী এবং তাঁর বিশ্বাসী সহচরদেরকে অপদস্থ করবেন না। তাঁদের নূর তাঁদের সামনে ও ডানদিকে ছুটোছুটি করবে।'\*\*\*

২৪২ সহীহ মুসলিম : ৬২২। আনাস বিন মালিক 🚓 হতে। অধ্যায় : মসজিদ ও নামাজের স্থান। অনুচ্ছেদ : ওয়াক্তের শুরুতে আসরের নামাজ আদায়।

২৪৩, সুনানে ইবনু মাজাহ: ৭৮১। আনাস বিন মালিক 🚓 হতে। অধ্যায়: মসজিদ ও জামাআত। অনুচ্ছেদ : (জামাআতে) নামাজের জন্য যাওয়া। সনদ সহীহ। হাদীসটি তিরমিথি ও আবু দাউদসহ বিভিন্ন হাদীসের কিতাবে একাধিক সূত্রে বর্ণিত। তবে ইবনু মাজাহ'র সনদটি 'সহীহ মারফু'। ২৪৪, সুরা তাহরীম ৬৬: ৮

আল্লাহ তাআলা আরও বলেন:

يُوْمَ تَرَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ يَسْعَى نُورُهُم بَيْنَ أَيْدِيهِمْ وَبِأَيْمَانِهِم بُشْرَاكُمُ الْبَوْمَ جَنَّاتُ تَجْرِي مِن تَحْيَهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ 'यिनिन আপনি দেখবেন ঈমানদার পুরুষ ও ঈমানদার নারীদেরকে, তাদের সন্মুখভাগে ও ডানপার্ধে তাদের জ্যোতি ছুটোছুটি করবে। বলা হবে, আজ

সন্মুখভাগে ও ডানপার্থে তাদের জ্যোতি ছুটোছুটি করবে। বলা হবে, আজ তোমাদের জন্যে সুসংবাদ জাল্লাতের, যার তলদেশে নদী প্রবাহিত, তাতে তারা চিরকাল থাকবে। এটাই মহাসাফল্য।'<sup>২৪৫</sup>

দুনিয়ার আঁধারকে জয় করার বিনিময়ে কিয়ামতের দিন কঠিন প্রয়োজনের মুহূর্তে আল্লাহ তাআলা নামাজী মুনিনকে কাঞ্চিক্ষত নূর দান করবেন। আর এর বিপরীতে মুনাফিকের কী অবস্থা হবে তাও আল্লাহ তাআলা বলে দিয়েছেন:

يَوْمَ يَقُولُ الْمُنَافِقُونَ وَالْمُنَافِقَاتُ لِلَّذِينَ آمَنُوا انظُرُونَا نَقْتَبِسُ مِن نُورِكُمْ فِيلَ ارْجِعُوا وَرَاءكُمْ فَالْتَمِسُوا نُورًا فَضُرِبَ بَيْنَهُم بِسُورٍ لَّهُ بَابٌ بَاطِئُهُ فِيهِ الرَّحْمَةُ وَظَاهِرُهُ مِن قِبَلِهِ الْعَذَابُ

'যেদিন কপট বিশ্বাসী পুরুষ ও কপট বিশ্বাসিনী নারীরা মুমিনদেরকে বলবে, তোমরা আমাদের জন্যে অপেক্ষা করো, আমরাও কিছু আলো নেব তোমাদের জ্যোতি থেকে। বলা হবে, তোমরা পিছনে ফিরে যাও ও আলোব খোঁজ করো। অতঃপর উভয় দলের মাঝখানে খাড়া করা হবে একটি প্রাচীর, যার একটি দরজা হবে। তার অভ্যন্তরে থাকবে রহমত এবং বাইরে থাকবে আযাব।'

তারা সেদিন পরাশ্রয়ী পরগাছার মতো মুমিনের নূরের পিছে পিছে পথ চলে বিনা আমলে জাল্লাতে যাওয়ার চেষ্টা করবে।

কিশ্ব বড়ই পরিতাপের বিষয়! মুমিন তো এই নূর পেয়েছে আঁধার রাতে মসজিদে যাওয়ার পুরস্কারম্বরূপ। তোমরা মুনাফিকের দল কীভাবে তা আশা করো?

২৪৫. সূরা হাদীদ ৫৭: ১২

২৪৬. সূরা হাদীদ ৫৭ : ১৩

ত্যেরা তোমাদের সংশয়, লৌকিকতা আর অলসতার কাছে ফিরে যাও। আমল না করে নূরের আশা করা তো 'মরুভূমিতে মুক্তো খোঁজার' মতো। সেদিন তারা বাধার প্রাচীরে মাথা ঠুকবে। সত্য বাস্তবতা স্পষ্ট হয়ে যাবে। আর প্রত্যেকেই নিজ নিজ আমলের বিনিময় লাভ করবে।

জামাআত ত্যাগ করা অস্তরে নিফাক প্রবেশের কারণ : রাসূল 🎡 বলেছেন,

مَنْ سَمِعَ النَّدَاءَ يَوْمَ الجُمُعَةِ فَلَمْ يَأْتِهَا ، ثُمَّ سَمِعَهُ فَلَمْ يَأْتِهَا ، ثُمَّ سَمِعَهُ فَلَمْ يَأْتِهَا طَبَعَ اللَّهُ عَلَى قَلْبِهِ ، وَجَعَلَ قَلْبَهُ قَلْبَ مُنَافِقٍ

'যে ব্যক্তি জুমআর আযান শুনে (জুমআয়) এল না। (পরের সপ্তাহে) পুনরায় জুমআর আযান শুনে এল না। তারপরে আবারও জুমআর আযান শুনে এল না, আল্লাহ তার অন্তরে মোহর মেরে দেন এবং তার অন্তরকে মুনাফিকের অন্তর বানিয়ে দেন। १२%

অন্তরে একবার মন্দ অভ্যাস শেকড় গেড়ে বসলে তখন আর গুনাহের প্রতি মানুষের কোনোরূপ ঘৃণা থাকে না। তবে তাওবার মাধ্যমে এ থেকে মুক্তি পাওয়ার উপায় রয়েছে।

মুনাফিকের জন্য যাকাত প্রদান খুবই কঠিন ইবাদাত : আল্লাহ তাআলা বলেন :

وَمَا مَنَعَهُمْ أَن تُقْبَلَ مِنْهُمْ نَفَقَاتُهُمْ إِلاَّ أَنَّهُمْ كَفَرُواْ بِاللَّهِ وَبِرَسُولِهِ وَلاَ يَأْتُونَ الصَّلاَّةَ إِلاَّ وَهُمْ كُسَالَى وَلاَّ يُنفِقُونَ إِلاَّ وَهُمْ كَارِهُونَ

'তাদের অর্থ ব্যয় কবুল না হওয়ার এ ছাড়া আর কোনো কারণ নেই যে, তারা আল্লাহ ও তাঁর রাস্লের প্রতি অবিশ্বাসী, তারা নামাজে আসে অলসতার সাথে. ব্যয় করে সংকুচিত মনে।'<sup>১৮৮</sup>

<sup>🞙 🖎</sup> ১৯৯৪ তার্গীব ওয়াত তারহহীব : ৭৩৫। উমর ইবনুল খাতাব 🤌 হতে। সনদ সহীহ। অধ্যায় : জুমআ। ষনুচ্ছেদ : বিনা অজুহাতে জুমআর নামাজ পরিত্যাদের বাাপাবে সতর্কতা।

২৪৮, সূরা তাওবা 🔈 : ৫৪

আল্লাহ তাআলা আরও বলেন:

#### فَلَمَّا آتَاهُم مِّن فَضْلِهِ بَخِلُواْ بِهِ وَتَوَلُّواْ وَّهُم مُّعْرِضُونَ

'অতঃপর যখন তাদেরকে শ্বীয় অনুগ্রহের মাধ্যমে দান করা হয়, তখন তাতে কার্পণ্য করেছে এবং কৃত ওয়াদা থেকে ফিরে গেছে তা ভেঙে দিয়ে।'\*

তাদের কৃপণতার জন্য দারিদ্র্য মোটেও দায়ী নয়। বরং পরকালীন পুরস্কারে স্বান না থাকার কারণে মুনাফিক দান-সদকাকে অনর্থক খরচ মনে করে থাকে। অথচ রাসূল ্রক্ত বলেছেন, "وَالصَّدَقَةُ بُرُهَانً" "সদকা হলো (সঠিক ঈমানের) প্রমাণ"। \*\*°

ঈমানের দলিল-প্রমাণ যেমন ঈমান বৃদ্ধি করে, ঠিক তেমনি ঈমানের শক্তিতে, আখিরাতের স্মরণে আর শয়তানের কুমন্ত্রণায় কান না দিয়ে যখন দান-সদকা করে যায়। তখন এই সদকা তার ঈমানকে আরও বাড়িয়ে দেয়। ঈমানের মধ্যে আরও দৃঢ়তা দান কারে। আল্লাহ তাআলা বলেন:

وَمَثَلُ الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمُ ابْتِغَاء مَرْضَاتِ اللهِ وَتَثْبِيتًا مِّنْ أَنفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ أَصَابَهَا وَابِلُ فَآتَتْ أَكُلَهَا ضِعْفَيْنِ فَإِن لَمْ يُصِبْهَا وَابِلُ فَطَلُّ وَاللهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ

'যারা আল্লাহর রাস্তায় স্বীয় ধন–সম্পদ ব্যয় করে আল্লাহর সম্ভৃষ্টি অর্জনের লক্ষ্যে এবং নিজের মনকে সুদৃঢ় করার জন্যে, তাদের উদাহরণ টিলায় অবস্থিত বাগানের মতো, যাতে প্রবল বৃষ্টিপাত হয়; অতঃপর দ্বিগুণ ফসল দান করে। যদি এমন প্রবল বৃষ্টিপাত নাও হয়, তবে হালকা বর্ষণই যথেষ্ট। আল্লাহ তোমাদের কাজকর্ম যথার্থই প্রত্যক্ষ করেন।'\*

নিফাক খেকে বাঁচন

২৪১, সূরা তাওবা 🝃 : ৭৬

২৫০. সহীহ মুসলিম : ২২৩। আবু মালিক আশুআরী 🚓 হতে। অধ্যায় : পবিত্রতা। অনুচ্ছেদ : অধূর ফ্যীলত! ২৫১. সুরা বাকারা ২ : ২৬৫

#### ইবাদাত ভারী বা কঠিন মনে হলে বাঁচার উপায় কী?

এর জন্য বেশি বেশি আল্লাহর জিকির করা চাই। রাসূলুল্লাহ 🖀 বলেছেন,

إِنَّ اللَّهُ قَسَمَ بَيْنَكُمْ أَخْلَاقَكُمْ كَمَا قَسَمَ بَيْنَكُمْ أَرْزَاقَكُمْ، وَإِنَّ اللَّهَ عَزّ وَجَلَّ يُعْطِي الْمَالَ مَنْ يُحِبُّ وَمَنْ لَا يُحِبُّ وَلَا يُعْطِي الْإِيمَانَ إِلَّا مَنْ يُحِبُّ، فَمَنْ ضَنَّ مِنْكُمْ بِالْمَالِ أَنْ يُنْفِقَهُ، وَهَابَ الْعَدُوَّ أَنْ يُجَاهِدَهُ، وَاللَّيْلَ أَنْ يُكَابِدَهُ، فَلْيُكْثِرْ مِنْ هَؤُلَاءِ الْكَلِمَاتِ: سُبْحَانَ اللهِ، وَالْحَمْدُ لِلهِ، وَلَا إِلَّهَ إِلَّا الله، واللهُ أَكْيَرُ

'নিশ্চয়ই আল্লাহ তাআলা চরিত্রকে তোমাদের মাঝে বণ্টন করে দিয়েছেন। যেমন তোমাদের মাঝে রিযিক বণ্টন করে দিয়েছেন। আর আল্লাহ তাআলা যাকে পছন্দ করেন দুনিয়া দান করেন। যাকে পছন্দ করেন না তাকেও দান করেন। তবে যাকে তিনি পছন্দ করেন না তাকে ঈমান দান করেন না। অতএব যে ব্যক্তি দান করতে কার্পণ্য করে, জিহাদের ময়দানে শত্রুকে ভয় করে এবং রাত জাগতে ভয় করে; সে যেন বেশি বেশি 'সুবহানাল্লাহ, আলহামদুলিল্লাহ, লা-ইলাহা ইল্লাল্লাহ ও আল্লাহু আকবার' বাক্যসমূহ দ্বারা জিকির করে।'\*\*

অর্থ ব্যয়ে কৃপণতা, জিহাদবিমুখ হয়ে বসে থাকা ও রাত জেগে ইবাদাত কঠিন মনে হওয়া মানুষকে ঈমান থেকে সরিয়ে নিফাকের দিকে ঠেলে দেয়। আর এসব কাজের দ্বারা মানুষ আল্লাহ তাআলাকে ভুলতে শুরু করে।

আল্লাহ তাআলা কী বলেন শুনুন :

الْمُنَافِقُونَ وَالْمُنَافِقَاتُ بَعْضُهُم مِّن بَعْضٍ يَأْمُرُونَ بِالْمُنكَرِ وَيَنْهَوْنَ عَن الْمَعْرُوفِ وَيَقْبِضُونَ أَيْدِيَهُمْ نَسُواْ اللَّهَ فَنَسِيَهُمْ إِنَّ الْمُنَافِقِينَ هُمُ الْفَاسِقُونَ

২৫২ সিলসিলাতুস সহীহাহ : ২৭১৪। আব্দুল্লাহ বিন মাসউদ 🚜 হতে। সিলসিলাতুস সহীহাহতে সনদ নিয়ে বিভিন্ন কিতাবের সূত্র উল্লেখ করে আলোচনা করা হয়েছে। হাদীসটির সহীহ এবং দুবল উভয় প্রকার সন্দই রয়েছে।

'মুনাফিক নর-নারী সবারই গতিবিধি এক রকম; শেখায় মন্দ কথা, ভালো কথা থেকে বারণ করে এবং নিজ মুঠো বন্ধ রাখে। আল্লাহকে ভুলে গেছে তারা, কাজেই তিনিও তাদের ভুলে গেছেন; নিঃসন্দেহে মুনাফিকরাই নাফরমান।'\*\*

যখন তারা আল্লাহকে ভুলে গেল। তাদের জন্য আল্লাহর রাস্তায় খরচ করা কঠিন হয়ে গেল।

তাই বেশি বেশি আল্লাহর জিকির হয়তো মানুষের আল্লাহ ভোলা রোগের প্রতিষেধক হতে পারে। হতে পারে জিকির তার অন্তরে আল্লাহর রাস্তায় খরচ, জিহাদ ও রাত্রি জাগরণের আগ্রহ ও যোগ্যতা তৈরি করবে।

#### b

# কাজ না করেও প্রশংসা ও গুণকীর্তন আশা করে

আবু সাঈদ খুদরী 🚜 বর্ণনা করেন,

أَنَّ رِجَالًا مِنَ الْمُنَافِقِينَ، فِي عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، كَانُوا إِذَا خَرَجَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْغَزْوِ تَخَلَّقُوا عَنْهُ، وَفَرِحُوا بِمَقْعَدِهِمْ خَرَجَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِذَا قَدِمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ خَلَافَ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِذَا قَدِمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِذَا قَدِمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اعْتَذَرُوا إِلَيْهِ، وَحَلَفُوا وَأَحَبُّوا أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ يَفْعَلُوا فَنَزَلَتْ: لَا تَحْسَبَنَ اللهِ مِن الْعَدَابِ (آل عمران: ١٨٨)

'রাস্লুল্লাহ ্লাত্র-এর জীবদ্দশায় কতিপয় মুনাফিক ব্যক্তির অভ্যাস এই ছিল যে, নবী ক্র যখন যুদ্ধের জন্যে বের হতেন তখন তারা পশ্চাতে থাকত এবং রাস্লুল্লাহ ক্লাত্রন বিরুদ্ধাচরণ করে বসে থাকাতেই তারা আনন্দ লাভ করত। তারপর রাস্লুল্লাহ ক্লি প্রত্যাগমন করলে তারা রাস্লুল্লাহ ক্লাত্র নিকট গিয়ে

২৫৩. সূরা তাওবা ১ ; ৬৭

অজুহাত পেশ করত, শপথ করত এবং আশা করত যেন তারা যা করেনি এমন কার্যের প্রশংসা করা হয়। তখন নাযিল হলো:

لاَ تَحْسَبَنَ الَّذِينَ يَفْرَحُونَ بِمَا أَتُواْ وَيُحِبُّونَ أَن يُحْمَدُواْ بِمَا لَمْ يَفْعَلُواْ فَلاَ تَحْسَبَنَّهُمْ بِمَفَازَةٍ مِّنَ الْعَذَابِ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ

'তুমি মনে কোরো না, যারা নিজেদের কৃতকর্মের ওপর আনন্দিত হয় এবং না করা বিষয়ের জন্য প্রশংসা কামনা করে, তারা আমার নিকট থেকে অব্যাহতি লাভ করেছে। বস্তুত তাদের জন্যে রয়েছে বেদনাদায়ক আযাব। (সূরা আলে– ইমরান ৩:১৮৮)'২৫

মুনাফিক আল্লাহ তাআলা ও তাঁর রাসূল з -এর আনুগত্যে আলসেমি দেখিয়েই বসে থাকে না। বরং যেসব কাজ করেনি তার জন্য প্রশংসা ও গুণকীর্তনের আশায় বসে থাকে।

## লোকদেরকে ইবাদাত পালনে নিরুৎসাহিত করে এবং তাদের আমল নিয়ে হাসিঠাট্টা করে

আল্লাহ তাআলা বলেন :

المُنَافِقُونَ وَالْمُنَافِقَاتُ بَعْضُهُم مِّن بَعْضِ يَأْمُرُونَ بِالْمُنكَرِ وَيَنْهَوْنَ عَنِ الْمَعْرُوفِ 'মুনাফিক' নর–নারী সবারই গতিবিধি এক রকম; শেখায় মন্দ কথা এবং ভালো কথা থেকে বারণ করে।'\*\*

অতএব যে ব্যক্তি অন্যকে গুনাহ ও নিষিদ্ধ বিষয়ের দিকে আহ্বান করে বুঝে নিতে হবে, তার মধ্যে নিফাকের স্বভাব রয়েছে। যে যুবক তার বন্ধুকে গুনাহের পথে ডাকে অবশ্যই সে নিফাকের মধ্যে রয়েছে।

২৫৪, সহীহ মুসলিম: ২৭৭৭। অধ্যায় : মুনাফিকের আলামত ও তাদেব বিধান।

২৫৫. সূরা তাওবা ৯ : ৬৭

মুনাফিকদের স্বভাব বয়ান করতে গিয়ে আল্লাহ তাআলা আরও বলেন :

الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لاَ يَجِدُونَ إِلاَّ جُهٰدَهُمْ فَيَسْخَرُونَ مِنْهُمْ سَخِرَ اللهُ مِنْهُمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمً

'সে সমস্ত লোক যারা ভর্ৎসনা বিদ্রুপ করে সেসব মুসলমানদের প্রতি <sub>যারা</sub> মন খুলে দান-খয়রাত করে এবং তাদের প্রতি যাদের কিছুই নেই শুধু নিজের পরিশ্রমলব্ধ বস্তু ছাড়া। অতঃপর তাদের প্রতি ঠাট্টা করে। আল্লাহ তাদের প্রতি ঠাট্টা করেছেন এবং তাদের জন্য রয়েছে বেদনাদায়ক আযাব।'<sup>২০১</sup>

মুনাফিকের দল দরিদ্র মুসলিম সেনাবাহিনীকে সুসজ্জিত করার জন্য অর্থ ব্যয় নিয়ে কটাক্ষ করে থাকে। পাশাপাশি আর্থিক সাহায্য নিয়ে এগিয়ে আসা মুমিনগণকে নিয়ে হাসি-তামাশা করতে কার্পণ্য করে না। তারা বসে বসে মুমিনগণের কীর্তিকলাপ দেখে আর ঠাট্টা করে। কেউ যদি বড় অঙ্কের সাহায্য করে, তারা বলে, 'লোকটা মানুষকে দেখাচ্ছে'। আর কোনো দরিদ্র ব্যক্তি সামান্য সাহায্য নিয়ে এগিয়ে এলে বলে, 'পরিবার-পরিজনকে অভাবে রেখে উনি এসেছেন দীনের সাহায্য করতে'! তারা কি জানে, তাদের তামাশার চোখে 'ছোট ছোট এসব অনুদানই' আল্লাহ তাআলার পাল্লায় বড় ভারী?

এভাবেই মুনাফিকের দল দুই পাহাড়ের মাঝের ধূলিমলিন সরু পথে আটকা পড়ে থাকে। তাদের ভেতরে থাকা সংশয় আর অলসতা তাদেরকে পর্বতের শীর্ষ চূড়ায় উঠতে দেয় না। যেখানে রয়েছে সুউচ্চ মর্যাদার মিনার। মানুষের চোখে হেয় ও অপদস্থ হওয়া ও অধঃপতনের গভীর খাদে তলিয়ে যাওয়া ছাড়া অন্য কোনো উপায়ও তারা খুঁজে বের করতে পারে না।

২৫৬. সূবা তাওৰা ৯ : ৭১

#### আল্লাহ তাআলার সাহায্য ও দীন প্রতিষ্ঠার প্রতিশ্রুতি নিয়ে সংশয়ে ভোগা

এই রোগটি মহামারি আকার ধারণ করে বসে আছে। মুনাফিকের দল দীনের ব্যাপারে আল্লাহর পক্ষ হতে সাহায্য-সহযোগিতার কথায় বীতশ্রদ্ধ হয়ে পড়েছে। তারা মনে করে ধর্মীয় বিষয়গুলো উল্টো ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে। তাই বুদ্ধিজীবীগণ দীনের সম্ভাবনা নিয়ে হতাশ হয়ে পড়েছেন। আল্লাহ তাআলা বলেন :

وَيُعَذَّبَ الْمُنَافِقِينَ وَالْمُنَافِقَاتِ وَالْمُشْرِكِينَ وَالْمُشْرِكَاتِ الظَّانِّينَ بِاللَّهِ ظَنَّ السَّوْءِ 'এবং যাতে তিনি কপট বিশ্বাসী পুরুষ ও কপট বিশ্বাসিনী নারী এবং অংশীবাদী পুরুষ ও অংশীবাদিনী নারীদেরকে শাস্তি দেন, যারা আল্লাহ সম্পর্কে মন্দ ধারণা পোষণ করে।'३৫৭

বস্তুবাদী মুনাফিকের দল কুফফারের শক্তিমত্তা দেখে ঘাবড়ে গিয়ে কপাল কুঁচকে চিন্তা করে যে, ইসলাম তো শেষ। আর আল্লাহ তাআলাও কোনো সাহায্য করবেন না। এ সবই তাদের মিথ্যা ধারণা। আল্লাহ তাআলা এসব ঘৃণা করেন। তাদেরকে এ ধরনের মন্দ ধারণার পরিণাম ভোগ করতে হবে। আল্লাহ তাআলা বলেন :

عَلَيْهِمْ دَائِرَةُ السَّوْءِ وَغَضِبَ اللَّهُ عَلَيْهِمْ وَلَعَنَهُمْ وَأَعَدَّ لَهُمْ جَهَنَّمَ وَسَاءتُ

'তাদের জন্য মন্দ পরিণাম। আল্লাহ তাদের প্রতি কুদ্ধ হয়েছেন, তাদেরকে অভিশপ্ত করেছেন। এবং তাদের জন্যে জাহান্নাম প্রস্তুত রেখেছেন। তাদের প্রত্যাবর্তনস্থল অত্যন্ত মন্দ।'\*

আয়াতে উল্লেখিত বাক্যসমূহে আল্লাহ তাআলার প্রতি মন্দ ধারণাব পরিণামে আল্লাহ তাআলার চরম অসম্বৃষ্টি ও ভয়াবহ শাস্তির কথা বর্ণনা করা হয়েছে।

২৫৭, সুরা ফাতাহ ৪৮ : ৬

২৫৮, সুরা ফাতাহ ৪৮ : ৬

মুনাফিকেব দল মনে করে যে, আল্লাহ তাআলা নিজের দীনকে ধ্বংস করে দেবেন। প্রতিষ্ঠিত করবেন না। আর রাসূল 🤧 ও মুমিনগণ যুদ্ধে যুদ্ধে নিঃশেষ হয়ে যাবে। এরপর ইসলাম আর উঠে দাঁড়াতে পারবে না।

এ ব্যাপারে বেশ কিছু আয়াত রয়েছে। আল্লাহ তাআলা বলেন:

بَلْ ظَنَنتُمْ أَن لَن يَنقَلِبَ الرَّسُولُ وَالْمُؤْمِنُونَ إِلَى أَهْلِيهِمْ أَبَدًا وَزُيِّنَ ذَلِكَ فِي تُلُوبِكُمْ وَظَنَنتُمْ ظَنَّ السَّوْءِ وَكُنتُمْ قَوْمًا بُورًا

'বরং তোমরা ধারণা করেছিলে যে, রাসূল ও মুমিনগণ তাদের বাড়ি-ঘরে কিছুতেই ফিরে আসতে পারবে না এবং এই ধারণা তোমাদের জন্যে খুবই সুখকর ছিল। তোমরা মন্দ ধারণার বশবতী হয়েছিলে। তোমরা ছিলে ধ্বংসমুখী এক সম্প্রদায়।'\*

মুনাফিকের দল যখন কুফফার শক্তির দিকে তাকায়। তাদেরকে ভারী অপ্রশস্ত্রে সুসজ্জিত ও অত্যাধুনিক সমরাস্ত্রের বিপুল সম্ভার দেখতে পায়। আবার যখন ঈমানদারদের দিকে ঘাড় ঘুরিয়ে দেখে তখন সংখ্যা ও প্রস্তুতিতে নগণ্য একটি দলই তাদের নজবে পড়ে। যাদের মূল শক্তি হলো আল্লাহ তাআলার জিকির এবং তাঁর সাহায্যের প্রতিশ্রুতিতে পরিপূর্ণ বিশ্বাস। মুনাফিকের দল এ অবস্থা দেখে এই বলে টিপ্পনী কাটে, 'গায়েবী সাহায্যের আশায় বসে থাকা এই ছন্নছাড়ার দল নাকি ট্যাংক, যুদ্ধবিমান আর মিসাইলের বিরুদ্ধে লড়াই করবে?' আল্লাহ তাআলা বলেন:

إِذْ يَقُولُ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ غَرَّ هَـوُلاء دِينُهُمْ وَمَن يَتَوَكَّلُ عَلَى اللهِ فَإِنَّ اللهَ عَزِيزٌ حَكِيمٌ

'যখন মুনাফিকরা বলতে লাগল এবং যাদের অন্তর ব্যাধিগ্রস্ত, এরা নিজেদের ধর্মের ওপর গর্বিত। বস্তুত যারা ভরসা করে আল্লাহর ওপর, (তারা নিশ্চিস্ত,) কেননা আল্লাহ্ অতি পরাক্রমশীল, সুবিজ্ঞ।'<sup>২৬০</sup>

२৫৯. সুবা ফাতাহ ৪৮ : ১২

২৬০, সূরা আনফাল ৮ : ৪১

#### আল্লাহ তাআলার প্রতিশ্রুতির ব্যাপারে সংশয় নিফাকের অন্যান্য স্বভাবের অধিকাংশের কারণ

আল্লাহ তাআলার পক্ষ হতে সাহায্যের ব্যাপারে সংশয় মানুষের মানসিকতাকে গুঁড়িয়ে দেয়, দৃঢ়তা ছিনিয়ে নেয় এবং আগ্রহ কমিয়ে দেয়। বিশেষ করে যখন সে এই কথাতেও সন্দেহ পোষণ করে বসে যে, কিয়ামতের দিন আল্লাহ তাআলা মুমিনগণকে সকল শত্রুর বিরুদ্ধে সহযোগিতা করবেন। আল্লাহ তাআলা বলেন:

إِنَّا لَنَنصُرُ رُسُلَنَا وَالَّذِينَ آمَنُوا فِي الْحَيَّاةِ الدُّنْيَا وَيَوْمَ يَقُومُ الْأَشْهَادُ

'নিশ্চয় আমি সাহায্য করব রাসূলগণকে ও মুমিনগণকে পার্থিব জীবনে ও সাক্ষীদের দণ্ডায়মান হওয়ার দিবসে।'<sup>২৯</sup>

এই অবস্থার পর আপনি দেখবেন, তারা জিহাদ থেকে হাত গুটিয়ে নেবে। কোনো বুদ্ধিমান কি ইসলামকে ক্ষতিকর জেনেও তার জন্য সংগ্রাম করতে পারে?

দেখবেন, তারা মিথ্যা বলে মুমিনদেরকে জিহাদবিমুখ করে কাফিরদের সাথে চুক্তি করতে বলবে।

দেখবেন, তারা পার্থিব হিসাব–নিকাশ কষে কাফিরদের শক্তিমত্তায় প্রভাবিত হয়ে তাদের আনুগত্যে মরিয়া হয়ে উঠেছে।

দেখবেন, তারা আল্লাহ তাআলার সাথে কৃত ওয়াদা ভঙ্গ করে ফেলবে। কারণ দুনিয়াতে আল্লাহ তাআলার সাহায্যের প্রতি সন্দেহ সৃষ্টি হওয়ার পাশাপাশি আখিরাতে আল্লাহ তাআলার হুকুম ভাঙার শাস্তির বিষয়েও ইতিমধ্যে তারা সন্দিহান হয়ে পড়েছে।

মোটকথা, আল্লাহ তাআলার সাহায্যের প্রতিশ্রুতিতে সংশয় সৃষ্টি তাদেরকে সব ধরনের ঘৃণ্য ও মন্দ কাজে জড়িয়ে দেবে।

খন্দকের যুদ্ধের দিন মুনাফিকদের অবস্থা সম্পর্কে আল্লাহ তাআলা বলেন :

২৬১, সূরা মুমিন ৪০ : ৫১

وَإِذْ يَقُولُ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ مَّا وَعَدَنَا اللهُ وَرَسُولُهُ إِلَّا غُرُورًا 'এবং যখন মুনাফিক ও যাদের অন্তরে রোগ ছিল তারা বলছিল, আমাদেরকে প্রদত্ত আল্লাহ ও রাস্লের প্রতিশ্রুতি প্রতারণা বৈ নয়।'ইউ

তাদের নেতৃবৃন্দের ভ্রষ্টাচারের কিছু নমুনা দেখুন :

ক) আল্লাহ তাআলা বলেন:

وَإِذْ قَالَت طَائِفَةً مِّنْهُمْ يَا أَهْلَ يَثْرِبَ لَا مُقَامَ لَكُمْ فَارْجِعُوا

'এবং যখন তাদের একদল বলেছিল, হে ইয়াসরাববাসী (মদীনাবাসী), এটা টিকবার মতো জায়গা নয়, তোমরা ফিরে চলো।'<sup>২১৩</sup>

এই কথা বলে তারা জিহাদ থেকে সরে গেল।

খ) আল্লাহ তাআলা বলেন :

رَيَسْتَأْذِنُ فَرِيقٌ مِّنْهُمُ النَّبِيِّ يَقُولُونَ إِنَّ بُيُوتَنَا عَوْرَةٌ وَمَا هِيَ بِعَوْرَةٍ إِن بُرِيدُونَ إِلَّا فِرَارًا

'তাদেরই একদল নবীর কাছে অনুমতি প্রার্থনা করে বলেছিল, আমাদের বাড়ি-ঘর খালি, অথচ সেগুলো খালি ছিল না, পলায়ন করাই ছিল তাদের ইচ্ছা।'ই মুমিনদের সাথে মিথ্যা কথা বলল।

গ) আল্লাহ তাআলা বলেন:

وَلَوْ دُخِلَتْ عَلَيْهِم مِّنْ أَقْطَارِهَا ثُمَّ سُئِلُوا الْفِتْنَةَ لَآتَوْهَا وَمَا تَلَبَّثُوا بِهَا إِلَا يَسِيرًا

২৬২ সূরা আহ্যাব ৩৩ : ১২

২৬৩, স্রা আহ্যাব ৩৩ : ১৩

২৬৪. স্রা আহ্যাব ৩৩ : ১৩

'যদি শত্রুপক্ষ চতুর্দিক থেকে নগরে প্রবেশ করে তাদের সাথে মিলিত হতো, অতঃপর বিদ্রোহ করতে প্ররোচিত করত, তবে তারা অবশ্যই বিদ্রোহ করত এবং তারা মোটেই বিলম্ব করত না।'<sup>২৬৫</sup>

কাফিরদের শরণাপন্ন হয়ে তাদের আনুগত্য মেনে নিল।

ঘ) আল্লাহ তাআলা বলেন :

وَلَقَدْ كَانُوا عَاهَدُوا اللَّهَ مِن قَبْلُ لَا يُوَلُّونَ الْأَدْبَارَ وَكَانَ عَهْدُ اللَّهِ مَسْؤُولًا 'অথচ তারা পূর্বে আল্লাহর সাথে অঙ্গীকার করেছিল যে, তারা পৃষ্ঠপ্রদর্শন করবে না। আল্লাহর অঙ্গীকার সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।'\*\*

আল্লাহ তাআলার সাথে প্রতিশ্রুতি ভঙ্গ করল।

ইবনুল কাসীর 🙈 বলেন,

أَمَّا الْمُنَافِقُ فَنَجَمَ نِفَاقُهُ، وَالَّذِي فِي قَلْبِهِ شُبْهَةً أَوْ حسيكة لضعف حَالُهُ فَتَنَفَّسَ بِمَا يَجِدُهُ مِنَ الْوَسْوَاسِ فِي نَفْسِهِ لِضَعْفِ إِيمَانِهِ وَشِدَّةِ مَا هُوَ فِيهِ مِنْ ضِيقِ الْحَالِ

'আহ্যাব বা খন্দকের কঠিন পরিস্থিতে মুনাফিকদের ভেতরে থাকা নিফাক হঠাৎ করে জেগে উঠল। বিপদের আভাস পেয়ে তাদের অন্তরে সন্দেহ ও নীচু ধারণার উদ্রেক হলো। ঈমানের দুর্বলতা ও সংকীর্ণতার দরুন তারা নানামুখী দ্বন্দ্বে পড়ে গেল।'

খন্দকের যুদ্ধের সময় মুনাফিক মুতাব বিন কুশাইর বলে ওঠে,

كَانَ مُحَمِّدُ يَعِدُنَا أَنْ نَأْكُلَ كُنُوزَ كِسْرَى وَقَيْصَرَ، وَأَحَدُنَا الْيَوْمَ لَا يَأْمَنُ عَلَى نَفْسِهِ أَنْ يَذْهَبَ إِلَى الْغَاثِطِ

'মুহাম্মাদ 🏨 আমাদের পারস্য সম্রাট কিসরা আর রোম সম্রাট কাইসারের

২৬৫, সূরা আহ্যাব ৩৩ : ১৪

২৬৬. সূবা আহ্যাব ৩৩ : ১৫

২৬৭, তাফসীরে ইবনে কাসীর : ৬/৩৪৮। সূরা আহ্যাব ৩৩ : ১১-১৩ এর ব্যাখ্যায়।

ধনভান্তার ভোগ করার প্রতিশ্রুতি দিচ্ছে। অথচ আমাদের কেউ আজ একা একা শৌচাগারে যাওয়ার ভরসাটুকুও পাচ্ছে না।'২৯৮

#### মুমিন আল্লাহ তাআলার সাহায্যের ব্যাদারে মোটেও সংশয়ে ভোগে না

প্রিয় নবী মুহাম্মাদ 🤹 খন্দকের কঠিন সময়ে মুমিনগণকে উল্লেখিত শহবগুলো বিজয়ের সুসংবাদ দান করেন। এবং তারা তা বিনা বাক্যব্যয়ে বিশ্বাস করে নেন। সূরা আহ্যাবে আল্লাহ তাআলা মুনাফিকদের আলোচনার পর বলেন:

لَقَدُ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللهِ أُسْوَةً حَسَنَةً لِمَن كَانَ يَرْجُو اللهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللهَ كَثِيراً

'যারা আল্লাহ ও শেষ দিবসের আশা রাখে এবং আল্লাহকে অধিক স্মরণ করে, তাদের জন্যে রাসূলুল্লাহর মধ্যে উত্তম নমুনা রয়েছে।'২৬৯

এ ছাড়াও মুমিনগণের সত্যবাদী মানসিকতার কথা উল্লেখ করে আল্লাহ তাআলা বলেন:

وَلَمَّا رَأَى الْمُؤْمِنُونَ الْأَحْزَابَ قَالُوا هَذَا مَا وَعَدَنَا اللهُ وَرَسُولُهُ وَصَدَقَ اللهُ وَرَسُولُهُ وَمَا زَادَهُمْ إِلَّا إِيمَانًا وَتَسْلِيمًا

'যখন মুমিনরা শক্রবাহিনীকে দেখল, তখন বলল, আল্লাহ ও তাঁর রাসূল এরই ওয়াদা আমাদেরকে দিয়েছিলেন এবং আল্লাহ ও তাঁর রাসূল সত্য বলেছেন। এতে তাদের ঈমান ও আত্মসমর্পণই বৃদ্ধি পেল।'<sup>২৬</sup>°

২৬৮. সীরাতে ইবনে হিশাম : ২/২২২। অধ্যায় : খন্দক যুদ্ধ। তবে কারও কাবও মতে মুতাব বিন কুশাইন এ কথা বলেনি। বরং সে বলেছিল, 'আমাদের হাতে যদি কিছু করার থাকত, তাহলে আমরা এখানে নিহত হতাম না'। (সূরা আলে-ইমবান ৩ : ১৫৪)। তা ছাড়া তার নাম নিয়েও মতভেদ আছে। কেউ কেউ মুতাব বিন বুশাইর' বলেছেন। বিস্তারিত : উসুদুল গাবাহ : ৫/২১৬। জীবনী নং ৫০১৭। আল ইস্তিআব : ৩/১৪২৯। জীবনী নং ২৪৫৬।

২৬৯. সুরা আহ্যাব ৩৩ : ২১ ২৭০. সুরা আহ্যাব ৩৩ : ২২

গ্রতএব ঈমানের সাথে নিরাশা থাকতে পারে না। আপনি কি ইবরাহীম 🛳 এর ন্টনা বর্ণনা করতে গিয়ে আল্লাহ তাআলা কি বলেছেন তা জানেন না? তিনি বলেন :

#### قَالَ وَمَن يَقْنَطُ مِن رَّحْمَةِ رَبِّهِ إِلاَّ الضَّالُّونَ

'তিনি বললেন, পালনকর্তার রহমত থেকে পথভ্রষ্টরা ছাড়া কে নিরাশ হয়?'\*

ইয়াকৃব 🛳 -এর ঘটনা বর্ণনা করতে গিয়ে আল্লাহ তাআলা বলেন :

يًا بَنِيَّ اذْهَبُواْ فَتَحَسَّسُواْ مِن يُوسُفَ وَأَخِيهِ وَلاَ تَيْأَسُواْ مِن رَّوْجِ اللهِ إِنَّهُ لاَ يَيْأَسُ مِن رَّوْجِ اللهِ إِلاَّ الْقَوْمُ الْكَافِرُونَ

'বংসগণ, যাও, ইউসুফ ও তার ভাইকে তালাশ করো এবং আল্লাহর রহমত থেকে নিরাশ হোয়ো না। নিশ্চয় আল্লাহর রহমত থেকে কাফির সম্প্রদায় ব্যতীত অন্য কেউ নিরাশ হয় না।'<sup>২৭২</sup>

সাহাবী আব্দুল্লাহ বিন মাসউদ 🦀 বলেছেন,

الْكَبَائِرُ: الْإِشْرَاكُ بِاللهِ، وَالْأَمْنُ مِنْ مَكْرِ اللهِ، وَالْقُنُوطُ مِنْ رَحْمَةِ اللهِ، وَالْيَأْسُ مِنْ رَوْجِ اللَّهِ

'মারাত্মক কবীরা গুনাহ হলো : আল্লাহর সাথে শিরক করা, আল্লাহ তাআলার ধরপাকড় হতে নিজেকে নিরাপদ মনে করা, আল্লাহ তাআলার রহমত হতে নিরাশ হওয়া এবং আল্লাহ তাআলার দেয়া সুযোগ হতে নিরাশ হওয়া।'<sup>২০</sup>

অর্থাৎ আল্লাহ তাআলার সাহায্য হতে নিরাশ হওয়া।

এই দীন আল্লাহ তাআলার সাহায্যপ্রাপ্ত দীন। সময়ের স্রোতে গা ভাসিয়ে হারিয়ে যাওয়ার মানসিকতা না থাকায় এই দীনের অনুসারীদের হয়তো অপরিচিত ও দুর্বল মনে হতে পারে। তবে কখনোই নিশ্চিহ্ন বা নিঃশেষিত নয়। মুহাম্মাদ 🏚 এর খাঁটি

২৭১. সূরা হিজর ১৫ : ৫৬

২৭২ সুরা ইউসুফ ১২ : ৮৭

২৭৩. মাজমাউজ জাওয়াইদ : ৩৯২। অধ্যায় : ঈমান। অনুচেহ্দ : ক্বীবা গুনাহ। সনদ সহীহ।

উশ্মাত কখনোই পুরোপুরি ধ্বংস হয়ে যাবে না। বরং এই দীন ও তাঁর অনুসারীদের প্রতি অজ্ঞতা অবহেলার দরুন কোনো অপরিণামদশী যদি সামান্য ক্ষতিও করতে চায়। তবে তা হবে ফুঁ দিয়ে সূর্যের আলো নিভিয়ে দেয়ার মতো চরম বোকামি ও আত্মঘাতী সিদ্ধান্ত। আল্লাহ তাআলা বলেন:

يُرِبدُونَ لِيُطْفِئُوا نُورَ اللهِ بِأَفْوَاهِهِمْ وَاللهُ مُتِمَّ نُورِهِ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ (٨) هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحُقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ

'তারা মুখের ফুৎকারে আল্লাহর আলো নিভিয়ে দিতে চায়। আল্লাহ তাঁর আলোকে পূর্ণরূপে বিকশিত করবেন; যদিও কাফিররা তা অপছন্দ করে। তিনি তাঁর রাসূলকে পথনির্দেশ ও সত্যধর্ম দিয়ে প্রেরণ করেছেন, যাতে একে সব ধর্মের ওপর প্রবল করে দেন; যদিও মুশরিকরা তা অপছন্দ করে।'<sup>২৭৪</sup>

এই দীন আল্লাহ তাআলার সাহায্যপ্রাপ্ত দীন। রাসূল 🎂 বলেছেন,

بَشَرْ هَذِهِ الْأُمَّةَ بِالسَّنَاءِ، وَالتَّمْكِينِ فِي الْبِلَادِ، وَالنَّصْرِ، وَالرِّفْعَةِ فِي الدِّينِ، وَمَنْ عَمِلَ مِنْهُمْ بِعَمَلِ الْآخِرَةِ لِلدُّنْيَا، فَلَيْسَ لَهُ فِي الْآخِرَةِ نَصِيبٌ

'এই উন্মাহকে সমৃদ্ধির সুসংবাদ দাও। বিভিন্ন দেশ বিজয়ের সুসংবাদ দাও। দীনের ব্যাপারে সাহায্য ও মর্যাদার সুসংবাদ দাও। আর যে ব্যক্তি দুনিয়ার লোভে আথিরাতের আমল করবে, তার জন্য আথিরাতে কিছুই নেই।'<sup>২৫</sup>

অতএব যে ব্যক্তি দুনিয়ার স্বার্থ হাসিলের নেশায় দীনের কাজ করে সে যেন এ কথা মনে করে যে, দীনের স্বার্থ বেকার। তাই এর জন্য কষ্ট করার কোনো মানে হয় না। (এই সব আমল দিয়ে মানুষের চোখে যদি দামি কিছু হওয়া যায়, তবে শূন্য হাতে ফেরার চেয়ে তা-ই ভালো)।

২৭৪. সূরা সফ ৬১ : ৮, ৯

২৭৫. মুসনাদে আহমাদ : ২১২২৪। উবাই বিন কাব 🚓 হতে। অধ্যায় : মুসনাদু উবাই বিন কাব। বুখারীর শর্ত অনুযায়ী সনদ সহীহ।

রাসূল 🦀 বলেছেন.

لَيَبْلُغَنَّ هَذَا الْأَمْرُ مَا بَلَغَ اللَّيْلُ وَالنَّهَارُ، وَلَا يَثْرُكُ اللَّهُ بَيْتَ مَدَرٍ وَلَا وَبَرٍ إِلَّا أَدْخَلَهُ اللَّهُ هَذَا الدِّينَ، بِعِزِّ عَزِيزٍ أَوْ بِذُلِّ ذَلِيلٍ، عِزًّا يُعِزُّ اللهُ بِهِ الْإِسْلَامَ، وَذُلًّا يُذِلُّ اللَّهُ بِهِ الْكُفْرَ

'অবশ্যই এই দীন দিন-রাত্রির ব্যাপ্তি পর্যন্ত (পুরো পৃথিবীতে) পৌঁছে যাবে। আল্লাহ তাআলা কোনো কাঁচা পাকা ঘর বাকি রাখবেন না যেখানে এই দীনকে তিনি পৌঁছাবেন না; সম্মান বা অসম্মান দিয়ে হলেও পৌঁছাবেন। সম্মানী ব্যক্তিকে আল্লাহ তাআলা ইসলামের মাধ্যমে সম্মান দান করবেন। আর অসম্মানী ব্যক্তিকে আল্লাহ তাআলা কুফরের কারণে অসম্মানিত করবেন।'<sup>২৭৬</sup>

ওপরে উল্লেখিত হাদীস দুটিতে রাসূল 🏨 কনস্টান্টিনোপল ও পরবতীকালে রোম বিজয়ের সুসংবাদ দান করেন। রাসূল 🃸-এর সুসংবাদের ৮০০ বছর পরে কনস্টান্টিনোপল তথা আজকের ইস্তাম্বুল ও তুর্কিস্তান বিজিত হয়। রোমান সাম্রাজ্যের মেরুদণ্ড ভেঙে এর আগেই অবশ্য মুসলমানদের পতাকা পারস্য ও রোমান সাম্রাজ্যের স্থান দখল করে নেয়। আমাদের দৃঢ় বিশ্বাস মুসলমানদের অর্জিত এ সম্মান চিরতরে মিটে যেতে পারে না। অতিসত্ত্বর কুফফার শক্তির বিরুদ্ধে মুসলমানদের লড়াই ফিরিয়ে দেবে আমাদের হারানো মানচিত্র। বরং এরচেয়েও বেশি কিছু ইনশাআল্লাহ। আমরা আল্লাহু আয্যা ওয়া জাল্লার কাছে সেই সৌভাগ্য কামনা করি। আমীন!

এতকিছুর পরও যারা আল্লাহ তাআলার ওয়াদার ব্যাপারে সন্দিহান : আল্লাহ তাআলা বলেন:

مَن كَانَ يَظْنُ أَن لَّن يَنصُرَهُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ فَلْيَمْدُدْ بِسَبَبِ إِلَى السَّمَاء ثُمَّ لِيَقْطَعُ فَلْيَنظُرُ هَلْ يُذْهِبَنَّ كَيْدُهُ مَا يَغِيظُ

'যে ধারণা করে যে, আল্লাহ কখনোই ইহকালে ও পরকালে রাসূলকে সাহায্য

২৭৬. মুসনাদে আহমাদ : ১৬৯৫৭। তামীম দারী 🚓 হতে। অধ্যায় : মুসনাদু ভাষীম দারী 🚓। মুসনিমের শর্ত অনুযায়ী সমদ সহীহ।

করবেন না, সে একটি রশি আকাশ পর্যন্ত ঝুলিয়ে নিক; এরপর কেটে দিক; অতঃপর দেখুক তার এই কৌশল তার আক্রোশ দূর করে কি না।'"

অর্থাৎ আল্লাহ তাআলার প্রতি যার মন্দ ধারণা রয়েছে নিশ্চিতভাবেই সে এই ধারণা রাখে যে, আল্লাহ তাআলা দুনিয়া ও আখিরাতে তাঁর নবী 🕸 ও তাঁর দীনকে অপদস্থ করবেন (নাউযুবিল্লাহ)।

তাই যদি কারও ইসলাম, মুহাম্মাদ 🚕 ও মুসলমানদের উন্নতি ও বিজয়ে কট হয়। আল্লাহ তাআলার ওয়াদা যদি কারও সন্দেহ ও আতঙ্ক দূর করতে না পারে, ইসলামের প্রতি কোনো কাফিরের আক্রোশ যদি না মিটে, তাহলে সে যেন বাড়ির ছাদে রশি ঝুলিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে মনের জ্বালা জুড়ায়।

## আমার পালনকর্তা যা চান, কৌপলে সম্পন্ন করেন

প্রিয় মুমিন ভাই, বর্তমান পৃথিবীতে বাতিলের জয়জয়কার এবং তাদের সমৃদ্ধি হয়তো আপনাকে ভড়কে দিতে পারে। তাদের অবস্থা দেখে আপনি হয়তো ভেবেই কূল পান না যে, দীনের সংশোধনে আধুনিক ব্যবস্থাপনা গ্রহণ করা ছাড়া আল্লাহর সাহায্য কীভাবে আসবে? হ্যাঁ ভালো কথাই ভেবেছেন আপনি। তবে আমি বলব নিচের আয়াতে কারীমা দিয়ে নিজেকে একটু সাস্ত্বনা দিন।

## إِنَّ رَبِّي لَطِيفٌ لِّمَا يَشَاء إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞাময়।'<sup>২৯</sup>

আল্লাহ তাআলা যা কিছু করতে চান তার উপাদান, পরিমাণ ও পদ্ধতি তিনি এমন সৃদ্ধ কৌশলে ব্যবস্থা করেন যা কেউ ধারণাও করতে পারে না। সীমাহীন যন্ত্রণা থেকে তিনি ঈর্ষণীয় প্রশান্তি দিতে পারেন। দুর্বলকে ইজ্জত ও ক্ষমতার মসনদে বসিয়ে দিতে পারেন অনায়াসে।

২৭৭, সুরা হাজ্ব ২২ : ১৫

২৭৮. তাফসীরে ইবনে কাসীর : ৫/৩৫৩। সূরা হাজ্জ্ব ২২ : ১৫ এর ব্যাখ্যায়। তবে কারও কারও মতে 'সে যেন আসমানে চড়ে আসল ব্যাপারটা দেখে আসে' বোঝানো হয়েছে। তাফসীরে ইবনে কাসীরে উভয় বর্ণনাই রয়েছে। ২৭৯. সুরা ইউসুক্ষ ১২ : ১০০

উল্লেখিত আয়াতটি সূরা ইউসুফে নবী ইউসুফ 🗯 -এর ঘটনা প্রসঙ্গে এসেছে। ইউসুফ 🗯 -কে আল্লাহ তাআলা জেলখানার আঁধারঘেরা চার দেয়াল হতে রের করে বিচারকের মর্যাদাপূর্ণ আসনে বসিয়ে দিয়েছেন। বেশি কিছু করেননি। বাদশাহকে শুধু একটি স্বপ্ন দেখিয়েছেন।

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞাময়!'

তিনি সেই মহান সত্তা যিনি ফিরআউনের মতো শক্তিশালী তাগুতকে পানিতে চুবিয়ে মেরে তার রাজত্ব মূসা 🚌 –এর হাতে তুলে দিয়েছেন।

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞানয়।'

তিনি সেই পবিত্র সত্তা যিনি বনু কুরাইজার বিশাসঘাতকতার দিন নুআইম বিন মাসউদ 🚓 -এর অন্তরে ঈমানের নূর দান করেন। অতঃপর নুআইম বিন মাসউদ 🧠 এর কৌশলী ফাঁদে পা দিয়ে ইয়াহুদীরা বিভ্রান্ত হয়ে পড়ে। এবং অনায়াসে মুসলমানদের বিজয় হয়। <sup>২৮</sup>°

## إِنَّ رَبِّي لَطِيفٌ لِّمَا يَشَاء إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞাময়।' তিনি সেই পবিত্র সত্তা, যিনি মিসরের বিবদমান ফাতিমী সম্প্রদায়ের ক্ষমতা নুরুদ্দীন জঙ্গী 🕮 -এর হাতে দান করেন। অতঃপর তাঁর হাত ধরে ইতিহাসখ্যাত বীরপুরুষ সালাহুদ্দীন আইয়ৃবী 🥾 –এর আগমন ঘটে। যিনি ক্রুসেডারদের নাকানি– চুবানি খাইয়ে নাস্তানাবুদ করে ছাড়েন।

২৮০. নৃআইম বিন মাসউদ 🚓 ছিলেন বনু গাতফানেব শীৰ্ষন্নীয় বাক্তি। তিনি মৃগত মকা ও মদীনাৰ কাফিরদের মধ্যে মুসলমানদের বিকল্পে সমন্বয়ের দায়িত্বে ছিলেন। কিছু হিদায়াতের নৃব তাতে ইসলামের পক্তে ব্যবহার করে মুসলমানদের বিজয়ের জন্য কবুল করেন। সীয়াতে ইবনে হিশাম : ২/২২৯। খন্দক যুদ্ধ অধায়। আল ইস্তিআব : ৪/১৫০৮। জীবনী নং ২৬২৯। উস্দূল গাবাহ : ৫/৩২৮। জীবনী নং ৫২৮১।

#### إِنَّ رَبِّي لَطِيفٌ لِّمَا يَشَاء إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞাময়।' তিনি সেই মহান সত্তা, যিনি সাইফুদ্দীন কুতুয 🙉 –এর মধ্যে অমিত সাহসের বারুদ ঠেসে দিয়ে অপরাজেয় তাতার বাহিনীকে ধুলোয় মিশিয়ে দিয়েছেন।

#### إِنَّ رَبِّي لَطِيفٌ لِّمَا يَشَاء إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞাময়।' তিনি সেই পবিত্র সন্তা, যিনি ক্ষুদ্র চেচেনিয়ার বিরুদ্ধে লড়তে আসা পরাশক্তি রাশিয়াকে টুকরো টুকরো করে নাভিশ্বাস তুলে পালাতে বাধ্য করেছেন।

#### إِنَّ رَبِّي لَطِيفٌ لِّمَا يَشَاء إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞাময়।' তিনি সেই মহান সত্ত্বা, যিনি রুশ বাহিনীর বিরুদ্ধে সহায়তার নামে আফগানিস্তানে জেঁকে বসা মার্কিন পরাশক্তিকে আফগান মরুর মরীচিকায় দিশেহারা করে রেখেছেন। আফগান মুজাহিদগণের ক্রমাগত চপেটাঘাতে তারা এখন দুচোখে সর্যে ফুল দেখছে। দুআ করি আল্লাহ তাআলা যেন আফগানিস্তানকে মার্কিনদের পশ্চাদ্দেশের বিষফোড়া বানিয়ে দেন। যার সুসংবাদ ইতিমধ্যেই আমরা পেতে শুরু করেছি।

#### إِنَّ رَبِّي لَطِيفٌ لِّمَا يَشَاء إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ

'আমার পালনকর্তা যা চান, কৌশলে সম্পন্ন করেন। নিশ্চয় তিনি বিজ্ঞ, প্রজ্ঞাময়।' এ ছাড়াও কাফিরদের চক্রাস্ত তাদের দিকেই বুমেরাং হয়ে ফিরে আসার অনেক উদাহরণ রয়েছে। তাদের শক্তিমন্তাই তাদের ভরাডুবির কারণ হয়েছে এমন বহু ইতিহাস রয়েছে। আল্লাহ তাআলা বলেন:

> وَلَا يَحِيقُ الْمَكُرُ السَّيِّئُ إِلَّا بِأَهْلِهِ 'কুচক কুচকীদেরকেই ঘিরে ধরে। \*\*\*

২৮১. সূরা ফাতির ৩৫ : ৪৩

অন্যত্র বলেন :

#### وَيَمْكُرُونَ وَيَمْكُرُ اللهُ وَاللهُ خَيْرُ الْمَاكِرِينَ

'তারা যেমন ছলনা করত তেমনি আল্লাহও ছলনা করতেন। বস্তুত আল্লাহর ছলনা সবচেয়ে উত্তম। १२৮২

তারা তাদের দুর্বল ও সীমাবদ্ধ মানবিক বুদ্ধি খাটিয়ে আসমান ও জমিনের পরাক্রমশালী প্রতিপালকের বিরুদ্ধে চক্রাস্ত করতে চায়! আল্লাহ তাআলা বলেন :

'তারা ভীষণ চক্রান্ত করে, আর আমিও কৌশল অবলম্বন করি।'\*\*

আল্লাহর রাস্তায় বাধা সৃষ্টি করার হীন মানসে তারা সম্পদ লুটিয়ে দেয়। কিছ ফলাফল হয় হিতে বিপরীত। আল্লাহ তাআলা বলেন :

إِنَّ الَّذِينَ كَفَرُواْ يُنفِقُونَ أَمْوَالَهُمْ لِيَصُدُّواْ عَن سَبِيلِ اللهِ فَسَيُنفِقُونَهَا ثُمَّ تَكُونُ عَلَيْهِمْ حَسْرَةً ثُمَّ يُغْلَبُونَ وَالَّذِينَ كَفَرُواْ إِلَى جَهَنَّمَ يُحْشَرُونَ

'নিঃসন্দেহে যেসব লোক কাফির, তারা ব্যয় করে নিজেদের ধন–সম্পদ, যাতে করে বাধাদান করতে পারে আল্লাহর পথে। বস্তুত এখন তারা আরও ব্যুয় করবে। তারপর তা-ই তাদের জন্য আক্ষেপের কারণ হয়ে দাঁড়াবে এবং শেষ পর্যন্ত তারা হেরে যাবে। আর যারা কাফির তাদেরকে দোযখের দিকে তাড়িয়ে নিয়ে যাওয়া হবে।'\*\*

তাই প্রিয় মুমিন ভাই, 'আল্লাহ তাআলা কীভাবে দীনের সাহায্য করবেন' এই চিন্তায় ঘুম নষ্ট না করে আপনি বরং দীনের যে জামাআতকে আল্লাহ তাআলা সাহায্য করবেন তাদের একজন হওয়ার চেষ্টা করুন। এই উন্মাহর পুনরুখানে যেন আপনার অবদান থাকে তা নিশ্চিত করুন। হোক তা আপনার মৃত্যুর পর। আল্লাহ তাআলা আমাকে এবং আপনাকে তাদের অন্তর্ভুক্ত করুন। আমীন!

২৮২, সূরা আনফাল ৮ : ৩০

২৮৩. সূরা তারিক ৮৬ : ১৫, ১৬

২৮৪, সূরা আনদাল ৮ : ৩৬

#### দুনিয়ার প্রতি লোভ ও বিপদাপদে ক্ষোভ প্রকাশ করা

মুনাফিক দীনের প্রতি তখনই সম্ভষ্ট থাকে যখন দীন তার পার্থিব লাভের কারণ হয়। দীনের সাথে থাকার জন্য এটা তার অন্যতম শর্ত। কেনই-বা হবে না? তার দৃষ্টি তো কেবল দুনিয়া ও দুনিয়াবী স্বার্থেই সীমাবদ্ধ। আখিরাতের বিনিময় তো চিম্বাভাবনায় নেই। কারণ, তারা আখিরাতের সত্যতা সম্পর্কে যথেষ্ট সন্দিহান। মুনাফিকদের স্বভাব বর্ণনা করতে গিয়ে আল্লাহ তাআলা বলেন:

وَمِنْهُم مَّن يَلْمِزُكَ فِي الصَّدَقَاتِ فَإِنْ أُعْطُواْ مِنْهَا رَضُواْ وَإِن لَمْ يُعْطَوْاْ مِنهَا إِذَا هُمْ يَسْخَطُونَ

'তাদের মধ্যে এমন লোকও রয়েছে যারা সদকা বণ্টনে আপনাকে দোষারোপ করে। এর থেকে কিছু পেলে সম্ভষ্ট হয় এবং না পেলে বিক্ষুব্ধ হয়।'<sup>৯৮৫</sup>

কতবার তারা রাসূল ﴿ -কে "اعْدِلْ يَا مُحَمَّدُ فَإِنَّكَ لَمْ تَعْدِلْ "হে মুহাম্মাদ, ইনসাফ করুন। কেননা, আপনি ইনসাফ করছেন না" বাক্যবাণে বিদ্ধ করেছে! \*\*\*

অন্যায়ভাবে লোভ, লালসা আর উচ্চাশার মোহে অন্ধ হয়ে কতবার তারা এমন জঘন্য বাক্য দ্বারা রাসূল 🖐 এর বিশাল অন্তরকে ক্ষতবিক্ষত করেছে!

মুনাফিক এমনই হয়ে থাকে। দীনের তুলনায় দুনিয়ার পরিমাণ ভেদে তার সুখ-দুঃখ ওঠানামা করে। আল্লাহ তাআলার সম্ভষ্টিতে তার কিছু যায়-আসে না। সে ইসলামকে তার পার্থিব স্বার্থ হাসিলের মাধ্যম বানিয়ে নেয়।

আল্লাহ তাআলা বলেন:

وَمِنَ النَّاسِ مَن يَعْبُدُ اللَّهَ عَلَى حَرْفٍ فَإِنْ أَصَابَهُ خَيْرٌ اطْمَأَنَّ بِهِ وَإِنْ أَصَابَتْهُ

২৮৫, সূরা তাওবা ৯ : ৫৮

২৮৬. সুনানে ইবনে মাজাহ : ১৭২। জাবির বিন আব্দুলাহ 🚓 হতে। সনদ সহীহ। অধ্যায় : ভূত্রিকা। অনুচ্ছেদ : খাবিজী সম্প্রদায়ের আলোচনা।

#### فِتْنَةُ انقَلَبَ عَلَى وَجُهِهِ خَسِرَ الدُّنْيَا وَالْآخِرَةَ ذَلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِينُ

'মানুষের মধ্যে কেউ কেউ দ্বিধা-দ্বন্ধে জড়িত হয়ে আল্লাহর ইবাদত করে। যদি সে কল্যাণপ্রাপ্ত হয়, তবে ইবাদতের ওপর কায়েম থাকে এবং যদি কোনো পরীক্ষায় পড়ে, তবে পূর্বাবস্থায় ফিরে যায়। সে ইহকালে ও পরকালে ক্ষতিগ্রস্ত। এটাই প্রকাশ্য ক্ষতি।'শুণ

উপর্যুক্ত আয়াতের ব্যাখ্যায় ইমাম বুখারী 🙉 আব্দুল্লাহ ইবনু আব্বাস 🚓 এর অভিমত বর্ণনা করেন,

قَالَ: "وَمِنَ النَّاسِ مَنْ يَعْبُدُ اللَّهَ عَلَى حَرْفٍ» (الحج: ١١) قَالَ: " كَانَ الرَّجُلُ يَقْدَمُ المَدِينَةَ، فَإِنْ وَلَدَتِ امْرَأَتُهُ غُلاَمًا، وَنُتِجَتْ خَيْلُهُ، قَالَ: هَذَا دِينٌ صَالِحٌ، وَإِنْ لَمْ تَلِدِ امْرَأَتُهُ وَلَمْ تُنْتَجْ خَيْلُهُ، قَالَ: هَذَا دِينُ سُوءٍ

'তিনি 'وَمِنَ النَّاسِ مَنْ يَّعْبُدُ اللَّهَ عَلَى حَرُفٍ ' সম্পর্কে বলেন, কোনো ব্যক্তি মদীনায় আগমন করত, যদি তার স্ত্রী পুত্রসস্তান প্রসব করত এবং তার ঘোড়া বাচ্চা দিত, তখন বলত এ দীন ভালো। আর যদি তার স্ত্রীর গর্ভে পুত্রসস্তান না জন্মাত এবং তার ঘোড়াও বাচ্চা না দিত, তখন বলত, এটা মন্দ দীন।'\*\*

দুর্ভাগার দল পার্থিব প্রাপ্তিকেই ইসলামের সত্য-মিথ্যা ও ভালো-মন্দের নির্ণায়ক বানিয়ে বসে আছে। ভালো কিছু পেলে ইসলামকে সত্য ও কল্যাণকর বলে মেনে নেয়। পক্ষান্তরে কোনোরূপ বিপদের আভাস পেলে আশাহত হয়ে ইসলামকে মিথ্যা ও মন্দ ভাবতে দুবার ভেবে দেখে না। কত সংকীর্ণ ও সীমাবদ্ধ দৃষ্টিভঙ্গি!

জীবন চলার পথে আমরাই তো কত মানুষকে দেখি যে, সামান্য বিপদাপদেই আল্লাহ তাআলার প্রতি ক্ষোভ প্রকাশ করে থাকে। তারা আল্লাহ তাআলার প্রতি খারাপ ধারণা পোষণ করে নিজেদের দুঃখ-কষ্টের জন্য আল্লাহকেই দায়ী করে বসে! (নাউযুবিল্লাহ)

২৮৭, সুরা হাড্জ ২২:১১

২৮৮. সহীহ বুখাবী : ৪৭৪২। অধ্যায় : তাফসীর। অনুচ্ছেদ : সুবা হাজ্ব ২২ : ১১ এব বাস্থা।

نَهِسَ عَبْدُ الدِّينَارِ، وَعَبْدُ الدِّرْهَمِ، وَعَبْدُ الخَيِيصَةِ، إِنْ أُعْطِيَ رَضِيَ، وَإِنْ لَمْ يُغظ سَخِطَ، تَعِسَ وَانْتَكَسَ، وَإِذَا شِيكَ فَلاَ انْتَقَشَ،

'লাঞ্ছিত হোক দিনারের গোলাম, দিরহামের গোলাম এবং শালের গোলাম। তাকে দেয়া হলে সম্ভষ্ট হয়, না দেয়া হলে অসম্ভষ্ট হয়। এরা লাঞ্ছিত হোক, অপমানিত হোক। (তাদের পায়ে) কাঁটা বিদ্ধ হলে তা কেউ তুলে দেবে না।'\*\*

দিনার ও দিরহামের গোলাম (সম্পদলোভী) সম্পদের হিসাব-নিকাশ ক্ষে চলাফেরা করে। ইসলামের খোলস ছেড়ে আসল রূপে কখনোই দেখা দেয় না। বরং অবস্থা বুঝে রূপ পরিবর্তন করে। ইসলামের সুবিধা আদায় করার ধান্দায় থাকে। চার হাতপায়ে কুকুরের মতো অর্থের পেছনে ছোটে। এই লোভাতুর ছোটাছুটিতে কখনো কখনো সে মুসিবাতের চোরা কাঁটায় বিদ্ধ হয়। আর রাসূল এই ব্যাপারেই দুআ করেছেন যে, 'তার সে কাঁটা যেন বের না হয়।'

উল্লেখিত হাদীসের শেষাংশে এসে রাসূল 🎡 আল্লাহ তাআলার মুমিন বান্দার জন্য দুআ করেছেন। যারা দুনিয়ার গোলাম বনে যাননি তাদের জন্য দুআ করেছেন। তিনি বলেন,

طُوبَى لِعَبْدٍ آخِذٍ بِعِنَانِ فَرَسِهِ فِي سَبِيلِ اللهِ، أَشْعَتَ رَأْسُهُ، مُغْبَرَّةٍ قَدَمَاهُ، إِنْ كَانَ فِي الْحِرَاسَةِ، كَانَ فِي الْحِرَاسَةِ، وَإِنْ كَانَ فِي السَّاقَةِ كَانَ فِي السَّاقَةِ، إِنِ اسْتَأْذَنَ لَمْ يُؤْذَنْ لَهُ، وَإِنْ شَفَعَ لَمْ يُشَفَّعُ

'ওই ব্যক্তির জন্য সুসংবাদ, যে ঘোড়ার লাগাম ধরে জিহাদের জন্য প্রস্তুত রয়েছে, যার মাথার চুল উষ্কখুষ্ক এবং পা ধূলিমলিন। তাকে পাহারায় নিয়োজিত করলে পাহারায় থাকে আর (দলের) পেছনে পেছনে রাখলে পেছনেই থাকে। সে কারও সাক্ষাতের অনুমতি চাইলে তাকে অনুমতি দেয়া হয় না এবং কোনো বিষয়ে সুপারিশ করলে তার সুপারিশ কবুল করা হয় না।'<sup>৯</sup>°

২৮৯ সহীহ বুখারী: ২৮৮৭। আবু হরাইরা 🚓 হতে। অধ্যায় : জিহাদ। অনুচ্ছেদ : আল্লাহর রাস্তায় যুদ্ধে পাহারা দেয়া। ২৯০. সহীহ বুখারী : ২৮৮৭। আবু হরাইরা 🚓 হতে। অধ্যায় : জিহাদ। অনুচ্ছেদ : আল্লাহর রাস্তায় যুদ্ধি পাহারা দেয়া।

মুমিন বান্দার উচ্চখুচ্চ চুল, ধূলিমলিন পদযুগল আর ঘোড়ার লাগামে হাত রেখে জিহাদের ডাকে ছুটে যাওয়ার মধ্যেই আল্লাহ তাআলার রাস্তায় নিজেকে বিলিয়ে দেওয়ার ঈমানী মানসিকতার সুস্পষ্ট আলামত প্রকাশ পায়। আর এসবের বিনিময়ে সে দুনিয়ার সম্পদ কিংবা সামান্য সম্মানেরও আশা করে না। বরং এত ত্যাগম্বীকারের পরও যদি আমীরের কাছে কোনো আবদার করে, তাকে ফিরিয়ে দেওয়া হয়। কারও ব্যাপারে সুপারিশ করলে অপমানজনকভাবে তা প্রত্যাখ্যান করা হয়।

দেখা যায় আমীরের নিকট এসে একজন সাধারণ মুজাহিদ বলে, 'আমীর, আমার সন্তানের অসুস্থতার সংবাদ এসেছে। আপনি অনুমতি দিলে আমি তাকে একটু সাস্ত্বনা দিয়ে আবার রণাঙ্গনে ফিরে আসব'।

আমীর তা প্রত্যাখ্যান করে তাকে জিহাদের ময়দানে বহাল থাকার নির্দেশ দেন। তখন হয়তো অন্য কোনো মুজাহিদ ভাই নিজের সাথির ত্যাগতিতিক্ষার প্রতি সম্মান দেখিয়ে তার জন্য সুপারিশ করতে এগিয়ে আসে। কিছু আমীর উভয়কেই ফিরিয়ে দেয়। এতে হয়তো তার মন ভেঙ্কে যায়।

কিন্তু তাই বলে কি সে জিহাদের শপথ ভেঙে ময়দান ছেড়ে চলে যাবে? না, বরং এর বিপরীত চিত্র দেখা যাবে। আমীরের নির্দেশ সে আরও দৃঢ়ভাবে পালন করার চেষ্টা করবে। আমীর যদি বলে, 'মুসলিম বাহিনীর সবার ঘুমের সময় তাকে অতন্ত্র প্রহরীর ভূমিকা রাখতে হবে'। সে তাঁ–ই করবে। যদি বলে, 'সবার পেছনে থেকে ফেলে আসা জিনিসপত্র আর রয়ে যাওয়া সৈন্যদের জড়ো করে নিয়ে আসতে হবে'। সে তাঁ–ই মেনে নেবে। এসব ব্যাপারে সে ইজ্জত-সম্মানের পরোয়া করবে না। নিজেকে মিটিয়ে দিয়ে এ সবকিছু আমিরের নির্দেশে করছে না। করছে আমীরের রব আল্লাহ সুবহানাছ ওয়া তাআলার জন্য। আর আমীরের কাছে সে কোনো বিনিময় বা সম্মানও চায় না। চায় তো আমীরের রব আল্লাহ তাআলার কাছে। বুব শীঘ্রই আল্লাহ তাআলার সম্বন্তি তাকে বরণ করে নেবে। তার জন্যই রাস্ল প্রস্কিতাগ্যের দুআ করেছেন। মুমিন এভাবেই সকল কাজে এগিয়ে যায়। সব বিষমে ত্যাগেম্বীকার করে। দুনিয়াতে ফলাফল পেতে দেরি হলে কিংবা আধিরাতের জন্য তালা থাকলেও সে আল্লাহ তাআলার প্রতি মনঃক্ষুত্র হয় না।

পক্ষান্তরে মুনাফিক কোনো কাজের বিনিময় দুনিয়াতে হাতেনাতে না পাওয়া পর্যন্ত সামনে এগোতে নারাজ। আল্লাহ তাআলা বলেন :

سَيَقُولُ الْمُخَلَّفُونَ إِذَا انطَلَقْتُمْ إِلَى مَغَانِمَ لِتَأْخُذُوهَا ذَرُونَا نَتَّبِعْكُمْ

'তোমরা যখন যুদ্ধলব্ধ ধন-সম্পদ সংগ্রহের জন্য যাবে, তখন যারা পশ্চাতে থেকে গিয়েছিল, তারা বলবে, আমাদেরকেও তোমাদের সঙ্গে যেতে দাও।'

ছদাইবিয়ার ঘটনায় মুনাফিকের দল পেছনে রয়ে যায়। এই ঘটনা সন্ধিতে গড়ালে আল্লাহ তাআলা মুমিনদের সাথে খাইবারের গনীমতের ওয়াদা করেন। খাইবারের বিজয় ও গনীমতের ওয়াদার সংবাদ শুনতেই তারা ছুটে আসে। কেন এসেছে? কারণ, এখানে সম্পদ আছে। আছে দুনিয়া। কিন্তু হুদাইবিয়াতে এসব ছিল না। তাই হুদাইবিয়া নিয়ে তাদের কোনো আগ্রহও ছিল না। আল্লাহ তাআলা তাদের এমন 'মামাবাড়ির' আবদার ফিরিয়ে দিয়েছেন। তিনি বলেন : "يُرَيدُونَ أَن "তারা আল্লাহর কালাম পরিবর্তন করতে চায়"।

আল্লাহ তাআলা শুধু হুদাইবিয়াতে অংশগ্রহণকারীদের জন্য খাইবারের ওয়াদা করেছেন। তিনি বলেন :

قُل لَّن تَتَبِعُونَا كَذَلِكُمْ قَالَ اللهُ مِن قَبْلُ فَسَيَقُولُونَ بَلْ تَحُسُدُونَنَا 'राजून, তোমরা কখনো আমাদের সঙ্গে যেতে পারবে না। আল্লাহ পূর্ব থেকেই এরূপ বলে দিয়েছেন।'

এ কথা শুনতেই মুনাফিকের দল মুমিনদের বিরুদ্ধে অপবাদের তির ছুড়ে বসল। তারা বলল, 'মুমিনগণ নিজেরা দুনিয়া লাভের আশায় আমাদেরকে খাইবারে যেতে বাধা দিয়েছে। আল্লাহ তাআলা উত্তর দিলেন:

بَلْ كَانُوا لَا يَفْقَهُونَ إِلَّا قَلِيلًا 'বরং তারা সামান্যই বোঝো'

২৯১. সূরা ফাতাহ ৪৮ : ১৫ পুরেটা মিলেই এক আয়াত।

এরপর আল্লাহ তাআলা তাদেরকে নিয়্যাত পরিবর্তনের আরও একটি সুযোগ দান করেন। দুনিয়ামুখী ধ্যানধারণা ছেড়ে দীনের প্রতি ত্যাগী মানসিকতা গড়ে তুলে পবিত্র হওয়ার একটি সুযোগ আল্লাহ তাআলা দান করলেন। তিনি বলেন :

قُل لِّلْمُخَلَّفِينَ مِنَ الْأَعْرَابِ سَتُدْعَوْنَ إِلَى قَوْمٍ أُوْلِي بَأْسٍ شَدِيدٍ تُقَاتِلُونَهُمُ أَوْ يُسْلِمُونَ فَإِن تُطِيعُوا يُؤْتِكُمُ اللّٰهُ أَجْرًا حَسَنًا

'গৃহে অবস্থানকারী মরুবাসীদেরকে বলে দিন, ভবিষ্যতে তোমরা এক প্রবল পরাক্রান্ত জাতির সাথে যুদ্ধ করতে আহৃত হবে। তোমরা তাদের সাথে যুদ্ধ করবে, যতক্ষণ না তারা মুসলমান হয়ে যায়। তখন যদি তোমরা নির্দেশ পালন করো, তবে আল্লাহ তোমাদেরকে উত্তম পুরস্কার দেবেন।'

উত্তম পুরস্কারের ব্যাখ্যায় ইমাম ইবনুল জারীর তাবারী 🕮 বলেন,

يُعْطِيْكُمُ اللهُ عَلَى إِجَابَتِكُمْ إِيَّاهُ إِلَى حَرْبِهِمُ الْجُنَّةَ، وَهِيَ الْأَجْرُ الْحُسَنُ

'আয়াতে উল্লেখিত যুদ্ধে অংশগ্রহণের বিনিময়ে আল্লাহ তাআলা তোমাদেরকে জান্নাত দান করবেন। এটাই উত্তম পুরস্কার।'<sup>৯২</sup>

আল্লাহ তাআলা পেছনে পড়ে থাকাদের জন্য যে সুযোগ ঘোষণা করেছন তার বিনিময়ে তিনি দুনিয়ার কোনো সম্পদের ঘোষণা দেননি। যেমন দিয়েছেন ছদাইবিয়াতে অংশ নেয়া মুসলমানদের জন্য খাইবারের ঘোষণা। এখন যদি তারা জালাতের ব্যাপারে সম্ভন্ত থাকে, তবে আয়াতে উল্লেখিত পরাক্রমশালী বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে অংশ নিয়ে তার সত্যতা প্রমাণ করুক।

আর যদি না করে আবার পিছিয়ে থাকে, তবে আল্লাহ তাআলা বলেন:

وَإِن تَتَوَلُّوا كُمَا تَوَلَّيْتُم مِّن قَبْلُ يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا

'আর যদি পৃষ্ঠপ্রদর্শন করো, যেমন ইতিপূর্বে পৃষ্ঠপ্রদর্শন করেছ, তবে তিনি তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দেবেন।'<sup>১৯০</sup>

২৯২ তাফসীরে তাবারী : ২১/২৭০। সূরা ফাতাহ ৪৮ : ১৬ এব বাাধায়।

২৯৩, সূরা ফাতাহ ৪৮ : ১৬

দুনিয়ার বিনিময়ে দীন বিক্রয় সম্পর্কে রাসৃত্র 🎂 বলেছেন,

بَادِرُوا بِالْأَعْمَالِ فِتَنَّا كَقِطَعِ اللَّيْلِ الْمُظْلِمِ، يُصْبِحُ الرَّجُلُ مُؤْمِنًا وَيُمْسِي كَافِرًا، أَوْ يُمْسِي مُؤْمِنًا وَيُصْبِحُ كَافِرًا، يَبِيعُ دِينَهُ بِعَرَضٍ مِنَ الدُّنْيَا

শ্রাধার রাতের মতো ফিতনাহ আসার আগেই তোমরা সং আমালের দিকে ধাবিত হও। সে সময় সকালে একজন মুমিন হলে বিকালে কাফির হয়ে যারে। বিকেলে মুমিন হলে সকালে কাফির হয়ে যাবে। দুনিয়ার সামগ্রীর বিনিময়ে সে তার দীন বিক্রি করে বসবে।'<sup>১৯</sup>

আল্লাহর রাস্তায় কুরবানীর প্রস্তুতি না থাকা : যে ব্যক্তি ইসলামের সাথে দুনিয়াবী স্থার্থকে জুড়ে দেবে, সে কখনোই নিজেকে আল্লাহর রাস্তায় জান-মালের করবানীর জন্য প্রস্তুত করতে পারবে না। আল্লাহ তাআলা বলেন :

মুখে মুখে ঈমান আনা খুবই সহজ। কিন্তু ঈমানের পথে যখন কস্টু-মুসিবত আসে তখন তাদের অন্তরাত্মা কেঁপে ওঠে। দুর্বল চিত্তের কারণে তখন তারা দীন হেড়ে দেয়। তাদের কাছে দুনিয়ার সামান্য দুঃখ-কস্টই আখিরাতে আল্লাহ তাআলার কঠিন আ্যাবের বরাবর মনে হয়। তাই তারা দুনিয়ার সামান্য কস্ট-মুসিবত থেকে বাঁচার পথ অবলম্বন করে নেয়। আল্লাহ তাআলার আ্যাবের কথা মাথায় রেখেই তারা এসব করে।

তারা যদি এই অবস্থায় একটু ধৈর্য ধরত! আল্লাহ তাআলা বলেন :

وَلَئِن جَاء نَصْرٌ مِّن رَّبِّكَ لَيَقُولُنَّ إِنَّا كُنَّا مَعَكُمْ

২৯৪. সহীহ মুসলিম : ১১৮। আবু হরাইরা 🥴 হতে। অধ্যায় : ঈমান। অনুচ্ছেদ : ফিতনাহ আসার আগেই আমলের দিকে ধাবিত হওয়া।

'যখন আপনার পালনকর্তার কাছ থেকে কোনো সাহায্য আসে তখন তারা বলতে থাকে, আমরা তো তোমাদের সাথেই ছিলাম।'<sup>ত্ত</sup>

যখনই মুসলমানদের দুঃখ-কষ্ট কেটে গিয়ে আল্লাহ তাআলার পক্ষ হতে সাহায়। আসে। তখন মুনাফিকের দল আবার ঈমানদারদের কাছে কিরে আসে। কিরে এসে তারা নিজেদের ঈমানদার বলে দাবি করে। এ সবই মুসলমানদের সুনিনকে পুঁজি করে নিজেদের দুনিয়া কামানোর ধান্দা!

তারা আল্লাহ তাআলা ও মুমিনদের সাথে ধোঁকাবাজি করতে চার। আল্লাহ্ তাআলা বলেন :

أَوَلَيْسَ اللهُ بِأَعْلَمَ بِمَا فِي صُدُورِ الْعَالَمِينَ (١٠) وَلَيَعْلَمَنَّ اللهُ الَّذِينَ آمَنُوا وَلَيَعْلَمَنَّ الْمُنَافِقِينَ (١١)

'বিশ্ববাসীর অন্তরে যা আছে, আল্লাহ কি তা সম্যক অবগত নন? আল্লাহ অবশ্যই জেনে নেবেন যারা বিশ্বাস স্থাপন করেছে এবং নিশ্চয় জেনে নেবেন যারা মুনাফিক।'\*\*

অতএব মুনাফিক আর মুমিনকে আলাদা করে চিনতে পারা এখন আর কঠিন কিছু নয়। আল্লাহ তাআলা বলেন :

مَّا كَانَ اللهُ لِيَدَرَ الْمُؤْمِنِينَ عَلَى مَا أَنتُمُ عَلَيْهِ حَتَّى يَمِيزَ الْحَبِيثَ مِنَ الطَّيِّبِ 'নাপাককে পাক থেকে পৃথক করে দেয়া পর্যন্ত আল্লাহ এমন নন ষে, ঈমানদারগণকে সে অবস্থাতেই রাখবেন যাতে তোমরা রয়েছ।'"

দীনের পথে ত্যাগস্থীকাবকারীদের তুলনায় মুনাফিক খুবই নগণ্য। সে কোনোভাবেই এই পথে কঠিন পরীক্ষা দেয়ার যোগ্যতা রাখে না। কঠিন তো দূরের কথা সামান্য কন্ট করাও তার পক্ষে সম্ভব নয়।

২৯৫, সুরা আনকাবৃত ২৯ : ১০

২৯৫. পুরা আনকাবৃত ২৯ : ১০, ১১

২৯৬. পূরা আলে-ইমরান ৩ : ১৭১ ২৯৭. পূরা আলে-ইমরান ৩ : ১৭১

একনার এক নির্বোধ যুবককে দেখলাম জুমআর সময় তার জুতা চুরি হয়ে গেছে। এ নিয়ে সে খুব ডিংকার চেঁচামেচি করল। আজকের পর আর মসজিদে নামাজ্ব আদায় করতে আসবে না বলে খুব শাসাল। সে নিশ্চয়ই জানে না, কে তার জুতা চুরি করেছে? তবে কি সে এসব বলে জুতাচোরকে শাসাচ্ছে? কে নামাজ আদায় করল আর কে করল না তাতে চোরের কী আসে যায়? তার কাজ তো চুরি করা।

নাকি সে আল্লাহ তাআলাকে ভয় দেখাচ্ছে? আল্লাহ তাআলা তো 'গনিইইয়ুন হানীদ' প্রশংসিত ধনী সত্তা। সমস্ত সৃষ্টিকুল মিলে সবচেয়ে খারাপ লোকটির মতো হয়ে গেলেও তাঁর রাজত্বে কিছু কমবে না। " কিন্তু মুনাফিক তো আর তা বুঝবে না।

একটি বিড়ালকে বেঁধে রেখে মৃত্যুমুখে ঠেলে দেয়ার অপরাধে একজন মহিলাকে জাহান্নামে নিক্ষেপ করা হয়েছে।\*\*\*

আর হারানো জুতার ব্যাপারে ধৈর্যধারণ না করার কারণে কত লোক যে জাহান্নামে যাবে তা আল্লাহই ভালো জানেন। আমার বুঝে আসে না, যারা সামান্য জুতার শোক সইতে পারে না তারা আল্লাহর রাস্তায় কীভাবে কষ্ট করবে? আল্লাহ তাআলা বলেন:

إِنَّ اللَّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَالَهُم بِأَنَّ لَهُمُ الجَنَّةَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ

'আল্লাহ ক্রয় করে নিয়েছেন মুসলমানদের থেকে তাদের জান ও মাল এই মূল্যে যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা যুদ্ধ করে আল্লাহর রাহে, অতঃপর মারে ও মরে।'°°°

যার অন্তরে নিফাক রয়েছে সে কঠিন বিপদে কোনোভাবেই স্থির থাকতে পারবে না। বরং সামান্য পার্থিব সুবিধা দেখলেই সে অধৈর্য হয়ে পড়ে। পার্থিব বিষয়টি

২৯৮. সহীহ মুসলিম : ২৫৭৭ নং হাদীসের অংশ। হাদীসটি হাদীসে কুদসী। আবু যর গিফারী 🚓 হতে। অধ্যায় : সন্ধাবহার আস্মীয়তার সম্পর্ক বক্ষা ও শিষ্টাচার। অনুচ্ছেদ : জুলুম (অত্যাচার) করা হারাম।

২৯৯, সহীহ বুখারী : ২৩৬৪। আসমা বিনতু আবী বাকার 🚓 হতে। অধ্যায় : সেচ। অনুচ্ছেদ : পানি পান করানোর ফ্যীলত।

৩০০, সূরা তাওবা ৯ : ১১১

হারাম হলেও মুনাফিক তার পরোয়া করে না। যেমন : সুদ বা হারাম পণ্য কেনাবেচা করা। যদি তাকে বলা হয়, 'এটা তো হারাম'। তৎক্ষণাৎ পাল্টা প্রশ্ন করে বসে, 'তাহলে বিকল্প কী? বিকল্প কিছু আছে?

বিকল্প হলো দুনিয়াবী এসব সুযোগ–সুবিধা ত্যাগ করে ধৈর্যধারণ করা। বিকল্প হলো আল্লাহ তাআলা যা দিয়েছেন বা বিনিময়ে যা রেখেছেন তাতেই সম্বষ্ট থাকা। কিন্তু মুনাফিকের দল তো আর তা বোঝে না।

আমরা প্রত্যেকেই নিজ নিজ অবস্থা চিস্তা করে দেখি। যখন বলা হয়, 'এটা হারাম, বাদ দাও'। আমরা কি তখন 'আচ্ছা ঠিক আছে' বলে মেনে নিই? কট শ্বীকার করি? নাকি প্রশ্ন তুলি, 'তাহলে বিকল্প কী'? যদি প্রশ্ন তুলে থাকি, তাহলে বুঝতে হবে আমার মধ্যে নিফাক আছে।

এখানে আমি আল্লামা ইবনুল কায়্যিম —এর কিছু অমূল্য বাণী তুলে ধরতে চাই। কথাগুলো তিনি 'আল্লাহ তাআলা সম্পর্কে মন্দ ধারণার' ব্যাপারে বলেছেন। এটা একটা রোগ। যারা আল্লাছ আয়যা ওয়া জাল্লার হক বা অধিকার সম্পর্কে জানেন না এই রোগ তাদের নিফাকের কারণ হয়ে দাঁড়ায়। তখন মানুষের ভেতরে থাকা দৃষিত ও কলুষিত শব্দে এবং আচরণে এর প্রকাশ ঘটতে থাকে। পরিষ্কারণ পরিচ্ছন্ন, আল্লাহ তাআলার সন্তা, গুণ ও মর্যাদায় বিশ্বাসী কোনো অন্তর থেকে এসব বের হতে পারে না।

ইবনুল কায়্যিম 🕮 বলেন,

আল্লাহ তাআলার বিশেষ রহমতপ্রাপ্ত কিছু মানুষ ব্যতীত বাকি প্রায় সবাই-ই আল্লাহ তাআলার ব্যাপারে মন্দ ধারণা পোষণ করে থাকে। অধিকাংশ মানুষই মনে করে, 'সে একজন হতভাগা। দুর্ভাগা। আল্লাহ তাআলা তাকে যা কিছু দান করেছে সে এরচেয়েও বেশিকিছু পাওয়ার অধিকার রাখে। তার কথাবার্তার ধবন শুনলে মনে হয় যে সে বলছে, 'আল্লাহ তাআলা আমার ওপর জুলুম করেছেন এবং আমার প্রাপ্য অধিকার আটকে দিয়েছেন'।

মানুষ হয়তো মুখের ভাষায় এমন কিছু শ্বীকার করে না, কিংবা স্পষ্ট ভাষায় বলাব দুঃসাহস দেখায় না। কিন্তু কেউ যদি তার অন্তরের গভীরে অনুসন্ধান চালিয়ে দেখে। তবে সেখানে সে অভিযোগ ও অভিমানের বারুদে ঠাসা বিস্ফোরকের সন্ধান পাবে। আপনি চাইলে কারও সলতেতে আগুন দিয়ে দেখতে পারেন (অর্থাৎ তার মধ্যে তাকদীর ও না পাওয়ার কী পরিমাণ দুঃখ তা জানতে পারেন)। অনুসন্ধান চালালে দেখবেন তার অস্তর তাকদিরের প্রতি বিরক্ত ও অভিমানী। এবং তার সাথে যা হচ্ছে তা নিয়ে সে মারাত্মক ব্যথিত। ঠিকমতো সবকিছু চললে সে হয়তো কিছু বিষয় কমিয়ে আনতে পারত। কিছু বিষয় বাড়িয়ে দিতে পারত।

পাঠক, আপনি নিজের গভীরে গিয়ে দেখুন। আপনি কি এসব থেকে নিরাপদ?

قَإِنْ تَنْجُ مِنْهَا تَنْجُ مِنْ ذِي عظيمَةٍ \*\*\* وَإِلَّا فَإِنِّي لَا إِخَالُكُ نَاجِيًا নফসের অভিযোগ থেকে বেঁচে গেলে তো বেঁচে গেলে বড় বিপদ হতে না হলে উপায় দেখছি না আর মুক্তি তোমার কোনো পথে ?

অতএব সচেতন ও সংশোধনকামী প্রতিটি মানুষেরই এসব বিষয়ে সতর্ক থাকা প্রয়োজন। পাশাপাশি আল্লাহ তাআলার দরবারে তাঁর প্রতি মন্দ ধারণা থেকে বাঁচতে নিয়মিত তাওবা ও ইস্তিগফার করতে হবে। কেননা, আল্লাহ তাআলার প্রতি মন্দ ধারণাই সকল গুনাহ এবং অপকর্মের উৎস।

মনে রাখতে হবে, আল্লাহ তাআলা মোটেও মন্দ ধারণার পাত্র নন। তিনি এক প্রজ্ঞানয়, ন্যায়বান, দয়ালু এবং প্রশংসনীয় ঐশ্বর্যের অধিকারী সত্তা। যার ঐশ্বর্য, প্রশংসা এবং প্রজ্ঞা পরিপূর্ণতায় সমৃদ্ধ। তিনি তাঁর সত্তা, গুণ, কর্ম ও নামে সকল বিষয় হতে পবিত্র। তাঁর প্রতিটি কর্মই হিকমত, কল্যাণ, রহমত ও ন্যায়নীতিতে পরিপূর্ণ। তাঁর প্রতিটি নামই উত্তম।

> فَلَا تَظُنَّنَ بِرَبِّكَ ظَنَّ سَوْءٍ \*\*\* فَإِنَّ اللَّهَ أُولَى بِالجُمِيلِ وَلَا تَظُنَّنَ بِنَفْسِكَ قَطُّ خَيْرًا \*\*\* وَكَيْفَ بِظَالِمِ جَانٍ جَهُولِ وَقُلْ يَا نَفْسُ مَأْوَى كُلِّ سُوءٍ \*\*\* أَيُرْجَى الْخَيْرُ مِنْ مَيْتٍ بَخِيلِ وَظُنَّ بِنَفْسِكَ السُّواَى تَجِدْهَا \*\*\* كَذَاكَ وَخَيْرُهَا كَالْمُسْتَحِيلِ

وَمَا بِكَ مِنْ تُقَى فِيهَا وَخَيْرٍ \*\*\* فَتِلْكَ مَوَاهِبُ الرَّبِّ الجُلِيلِ وَلَيْسَ بِهَا وَلَا مِنْهَا وَلَكِنْ \*\*\* مِنَ الرَّحْمَنِ فَاشْكُرْ لِلدَّلِيلِ وَلَيْسَ بِهَا وَلَا مِنْهَا وَلَكِنْ \*\*\* مِنَ الرَّحْمَنِ فَاشْكُرْ لِلدَّلِيلِ وَلَيْسَ بِهَا وَلَا مِنْهَا وَلَكِنْ \*\*\* مِنَ الرَّحْمَنِ فَاشْكُرْ لِلدَّلِيلِ

তিনি যে এক সুন্দর ও মহান একক প্রভু তাই বলে ফের নিজেকে খুব ভালো কিছু ভেবো না,

মন তো তোমার মূর্খ জালিম তার কথাতে ভুলো না মনকে বলো মন্দ যত তোমার মাঝে নিয়েছে ঠায়,

এমন মরা অনুদারে ভালো কিছু কে আর পায়? ভাবতে পারেন মনের মাঝে খারাপ সবই আছে.

ভালো কিছুও আছে বটে লুকিয়ে রাখে পাছে রবের ভয় ও ভালো কিছু খুঁজে যদি পান,

মনে রাখুন এটুকুও মহান রবের দান মন পাখির আর কী ক্ষমতা খানিক ভেবে বলুন,

রহমানেরই দয়া এসব শুকরিয়া তার করুন।°°

ইবনুল কায়্যিম এ যে বলেছেন, 'আপনি চাইলে কারও সলতেতে আগুন দিয়ে দেখতে পারেন (অর্থাৎ তার মধ্যে তাকদীর ও না পাওয়ার কী পরিমাণ দুঃখ তা জানতে পারেন)।' এর উদ্দেশ্য হলো যার নিফাকের ব্যাধি শেকড গেড়ে ডালপালা মেলে চলছে, তার ভেতরটা জানা গেলে দেখা যাবে সেখানে আল্লাহ তাআলার প্রতি মারাত্মক খারাপ ধারণা রয়েছে। আর এই খারাপ ধারণা তার মধ্যে

৩০১. যাদুল মাআদ : ৩/২১১, ২১২। অধ্যায় : উহদেব যুদ্ধা অনুচ্ছেদ : উহদেব যুদ্ধা কিছু কৌশল ও প্রশংসনীয় উদ্দেশ্য।



অস্থিরতা ও ধৈর্যহীন মানসিকতা তৈরি করে রেখেছে। যা তার চেহারা ও ভাগায় প্রায়শই প্রকাশ পেয়ে যায়।

আর প্রকৃত মুমিন শত বিপদেও অটল অনড় থাকে। এই নিআমত সে সুপের সময়েও তাকওয়ার সিফাত ধরে রাখার পুরস্কারম্বরূপ পেয়েছে।

রাসূল 🏂 আব্দুল্লাহ ইবনু আব্বাস 🕮 -কে উপদেশ দিতে গিয়ে বলেন,

'তুমি সুখেব সময় তাঁকে (আল্লাহকে) চিনে রেখো। তিনি কঠিন সময়ে তোমাকে চিনবেন।'°°

মুনাফিক সুখের সময় আল্লাহ তাআলাকে ভয় করে না। তাই বিপদের সময় দৃঢ় মনোবল ধরে রাখতে পারে না।

আল্লাহ তাআলা আমাদেরকে তাঁর সম্বৃষ্টির সাথে মৃত্যু দান করুন। সকল বিষয়ে তাঁর হুকুমের ওপর দৃঢ়পদ রাখুন। আর কোনো সম্প্রদায়কে পরীক্ষায় নিপতিত করার ইচ্ছা করলে আমাদেরকে বিনা পরীক্ষায় তাঁর আশ্রয়ে ডেকে নিন। আমীন!

#### 25

# কাপুরুষতা ও অপমানের জীবন মেনে নেওয়া

এতে আশ্চর্যের কিছু নেই যে 'মুনাফিকমাত্রই কাপুরুষ'। আল্লাহ তাআলা ও আখিরাতের প্রতি সংশয় তাকে আল্লাহ তাআলার সাহায্য হতে বঞ্চিত করে দেয়। আল্লাহ তাআলা বলেন :

يَقُولُونَ لَيْن رَّجَعْنَا إِلَى الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَ وَلِلهِ الْعِزَّةُ وَلِرَسُولِهِ وَلِلْمُؤْمِنِينَ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لَا يَعْلَمُونَ

৩০২ মুসনাদে আহমাদ : ২৮০৩। সনদ সহীহ। কোনো কোনো বর্ণনায় ' ইলাইহি'র হুলে 'ইলাল্লাহ' রয়েছে। অধ্যায় : মুসনাদু ইবনি আববাস ঞ ।

'তারাই বলে, আমরা যদি মদীনায় প্রত্যাবর্তন করি তবে সেখান থেকে সবল অবশ্যই দুর্বলকে বহিদ্ধত করবে। শক্তি (সম্মান) তো আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনদেরই কিন্তু মুনাফিকরা তা জানে না।'°°°

এ ব্যাপারে মুনাফিকদের অবস্থা কাফির, মুশরিক ও বাতিলের চেয়ে খারাপ ও মানহানিকর। আমরা দেখি যে, কুফফার তাদের অসত্য মতবাদকে সঠিক মনে করে আত্মপক্ষ সমর্থন করে থাকে। কুফরিকে নিজেদের শক্তির উৎস মনে করে। কিন্তু মুনাফিকদের কোনো ভিত্তি নেই। তারা আল্লাহ প্রদত্ত হক বা বিচ্যুত বাতিল কোনোটাকেই ইজ্জত ও সম্মানের মানদণ্ড বলে বিশ্বাস করতে পারে না। এ কারণে সব সময়ই তারা নিজেদের অপকর্মের পরিণামের আশক্ষায় শক্ষিত থাকে। আল্লাহ তাআলা বলেন:

## يَحْسَبُونَ كُلَّ صَيْحَةٍ عَلَيْهِمْ

'প্রত্যেক শোরগোলকে তারা নিজেদের বিরুদ্ধে মনে করে।'°°

একজন ফেরারি আসামি যেমন পালিয়ে বেড়ানোর সময় কোনো আওয়াজ হলেই চমকে উঠে ধরা পড়ে যাওয়ার আশকায় কেঁপে ওঠে, মুনাফিকও ঠিক তাই। নানা দুশ্চিন্তায় ভোগা মুনাফিক মুসলমানদের মাঝে বসবাস করে ঠিকই, কিম্ব নিজেকে সে কখনোই নিরাপদ ভাবতে পারে না। নিজের অবস্থা গোপন রাখা নিয়ে সে গভীর দুশ্চিন্তায় থাকে। এ জন্যই কথায় কথায় তারা নিজেদেরকে মুসলমান দাবি করে কসম খেয়ে থাকে। আল্লাহ তাআলা বলেন :

وَيَحْلِفُونَ بِاللهِ إِنَّهُمْ لَينكُمْ وَمَا هُم مِّنكُمْ وَلَكِنَّهُمْ قَوْمٌ يَفْرَقُونَ

'তারা আল্লাহর নামে হলফ করে বলে যে, তারা তোমাদেরই অন্তর্ভুক্ত, অথচ তারা তোমাদের অন্তর্ভুক্ত নয়, অবশ্য তারা তোমাদের ভয় করে।'°°

অর্থাৎ তারা মুমিনগণকে ভয় পায়। আল্লাহ তাআলা আরও বলেন :

لَوْ يَجِدُونَ مَلْجَأً أَوْ مَغَارَاتٍ أَوْ مُدَّخَلاً لُوَلُّواْ إِلَيْهِ وَهُمْ يَجْمَحُونَ

৩০৩, সূরা মুনাফিকুন ৬৩ : 🕏

৩০৪. সূরা মুনাফিকুন ৬৩ : ৪

৩০৫, সূরা তাওবা ৯ : ৫৬

'তারা কোনো আশ্রয়স্থল, কোনো গুহা বা মাথা গোঁজার ঠাঁই পেলে সেদিকে পলায়ন করবে দ্রুতগতিতে।'<sup>৫০৬</sup>

অর্থাৎ তারা কোনো দুর্গে, পাহাড়ের গুহায়, বাঙ্কারে বা সুড়ঙ্গপথে পালিয়ে গিয়ে এই মানসিক যন্ত্রণা থেকে বাঁচার স্বপ্ন দেখে। কিন্তু পালিয়ে যেতে পারে না। কারণ, তাদের সহায়-সম্পত্তি ও পরিবার-পরিজন সবকিছুই ঈমানদারদের মাঝে। তাই প্রতিটি মুনাফিকই নিজের অর্থ ও বিলাসপ্রিয় নিরাপদ দুনিয়ার আশায় মুমিনগণের নাগালের বাইরে এক নতুন জগতের কল্পনায় বিভোর থাকে। এই অপ্রাপ্তি প্রতিনিয়ত তাকে কুড়ে কুড়ে খায়।

এ কারণেই মুনাফিক আয়াতে উল্লেখিত জীবনের সন্ধানে মরিয়া থাকে। মুমিন ও ঈমানের নাগালের বাইরের জীবন তার চাই-ই চাই। তা যেমনই হোক। অপমান ও লাঞ্ছনার হলেও সমস্যা নেই। বেঁচে থাকাটাই তার জন্য গুরুত্বপূর্ণ। চাই তা পাহাড়ের গুহা হোক। কিংবা মাটির নিচের আঁধার কোনো কুটুরি বা বাঙ্কার! অন্ধকারের বাদুড়ঝোলা জীবনেও তার আপত্তি নেই। এই বাদুড়ঝোলা জীবন একসময় আপনাকে ইসলামবিরোধী মানসিকতায় অভ্যস্ত করে তুলবে। মুনাফিকদের সংশয় ও ইসলামের প্রতি উপহাস গা সয়ে যাবে। মুনাফিকদের অন্তর হলো দীর্ঘ সুড়ঙ্গপথের মাঝের অংশের মতো ছমছমে অন্ধকার। এ জন্যই বাদুড়ে জীবনে তাদের কোনো আপত্তি নেই।

তা ছাড়া মুনাফিকের দল দুনিয়ার প্রতি তাদের দুর্নিবার লোভ-লালসার কারণে মুনিনদের জামাআত থেকে আলাদা হয়ে যেতে চায়। যখন সে জানতে পারে যে মুসলমানদের সাথে থাকা তার জন্য বিপদ ডেকে আনতে পারে। আর বিচ্ছিন্নতা তার জন্য নিরাপদ হবে। তখন তার চিন্তা ও অস্থিরতা আরও বেড়ে যায়। আল্লাহ তাঞালা তাদের এই অবস্থার দিকে ইন্দিত করে বলেন :

أَشِحَةً عَلَيْكُمْ فَإِذَا جَاء الْحُوْفُ رَأَيْتَهُمْ يَنظُرُونَ إِلَيْكَ تَدُورُ أَعْيُنُهُمْ كَأَيْهِ يُغْشَى عَلَيْهِ مِنَ الْمَوْتِ فَإِذَا ذَهَبَ الْحُوْفُ سَلَقُوكُم بِأَلْسِنَةٍ حِدَادٍ أَشِحَّةً عَلَى الْحُيْرِ أُولَيِكَ لَمْ يُؤْمِنُوا فَأَحْبَطَ اللهُ أَعْمَالَهُمْ رَكَانَ ذَلِكَ عَلَى اللهِ يَسِيرًا

<sup>60%</sup> KERETA: 49

'তারা তোমাদের প্রতি কুষ্ঠাবোধ করে। যখন বিপদ আসে, তখন আপনি দেখবেন মৃত্যুভয়ে অচেতন ব্যক্তির মতো চোখ উল্টিয়ে তারা আপনার প্রতি তাকায়। অতঃপর যখন বিপদ চলে যায় তখন তারা ধন-সম্পদ লাভের আশায় তোমাদের সাখে বাক্চাতুরীতে অবতীর্ণ হয়। তারা মুমিন নয়। তাই আল্লাহ তাদের কর্মসমূহ নিষ্ণল করে দিয়েছেন। এটা আল্লাহর জন্যে সহজ।'°°

আল্লাহ তাআলা আরও বলেন :

وَيَقُولُ الَّذِينَ آمَنُوا لَوْلَا نُزِّلَتْ سُورَةٌ فَإِذَا أُنزِلَتْ سُورَةٌ تُحْكَمَةً وَذُكِرَ فِيهَا الْقِتَالُ رَأَيْتَ الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌّ يَنظُرُونَ إِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ فَأُوْلَى لَهُمْ

'যারা মুমিন তারা বলে, একটি সূরা নাযিল হয় না কেন? অতঃপর যখন কোনো দ্ব্যর্থহীন সূরা নাযিল হয় এবং তাতে জিহাদের উল্লেখ করা হয়, তখন যাদের অন্তরে রোগ আছে, আপনি তাদেরকে মৃত্যুভয়ে মৃষ্ঠাপ্রাপ্ত মানুষের মতো আপনার দিকে তাকিয়ে থাকতে দেখবেন। সূতরাং ধ্বংস তাদের জন্যে।'°°

আতঙ্ক আর আতঙ্ক। দীনের জন্য কুরবানীর ডাক আসাতে যাদের অন্তরে ব্যাধি রয়েছে আর যারা লাঞ্ছনার জীবন চায়, তারা আতক্ষে দিশেহারা হয়ে পড়ে।

## অপমানজনক অবস্থা

কাপুরুষতা ও অপমান সয়ে নেওয়ার মানসিকতা যে মুসলমানের মধ্যে রয়েছে, বুঝে নিতে হবে এটা নিফাকের বহিঃপ্রকাশ। দুঃখজনক হলেও এটাই অধিকাংশ মুসলমানের বাস্তব অবস্থা। তারা জীবনকে ভালোবাসে। কোন জীবন? কিসের জীবন? যে জীবন আল্লাহ তাআলার হক আদায়ে ভয় পায় সেই জীবন? যে জীবন মুসলমানদের আপন করে নিতে পারে না সেই জীবন? যে জীবন কাফিব ও মুনাফিকদের সাথে সম্পর্ক ছিন্ন করতে পারে না সেই জীবন? যে জীবন ইসলামের শক্রদের শক্র ভাবতে পারে না সেই জীবন?

৩০৭, সুরা আহ্যাব ৩৩ : ১৯

৩০৮, সূরা মুহাগ্মান ৪৭ : ২০

যদি তা-ই হয়। তবে মনে রাখবেন, যে জীবনের স্বপ্ন আপনি দেখছেন তা এক নিকৃষ্ট লাঞ্ছনার জীবন। কবি মৃতানাব্বী বলেন,

ذَلَ مَن يَغبِطُ الذَليلَ بِعَيشِ \*\*\* رُبَّ عَيشِ أَخَفُ مِنهُ الجمامُ كُلُّ حِلمٍ أَتِي بِغَيرِ اِقتِدارِ \*\*\* خُجَّةً لاجِئُ إِلَيها اللِنامُ

লাঙ্কনা যার সয়ে গোছে গায়, বিষ্ঠাতে তার কীই-বা আসে যায় ? স্বপ্নহারা বার্থ যারা ভবে, অপমানে তার হুঁশ হবে আর কবে? '°

তাদের তো এটাও জানা নেই যে, কুফরি শক্তির হাতে নামে-বেনামে আয়করসহ বিভিন্ন নামে তাবা যে অর্থ তুলে দিচ্ছে তা মোটেও সম্মান ও আত্মর্যাদার কিছু নয়। বরং এ সবই চরম অপমান ও বাধ্যবাধকতার বহিঃপ্রকাশ। এ ব্যাপারে আমার জানামতে সবচেয়ে সুন্দর কথা বলেছেন সাইয়িদ কুতুব শহীদ 🙊। তিনি বলেছেন,

"ইক্তত-সন্মানের মতো অপমান ও অসম্মানেরও একটি বিশেষ অবস্থান রয়েছে। অনেক জীববিজ্ঞানীর মতে অর্থনৈতিক ক্ষয়ক্ষতির চেয়েও অপমানের যন্ত্রণা সহ্য করা অনেক বেশি ক্ষ্টকর। আবার কোনো কোনো ভিতৃ ও দুর্বল মানসিকতার মানুষের কাছে ইক্জত-সম্মানের জন্য লড়াই করাটা খুবই ক্ষ্টকর ও দৃঃসাধ্য মনে হয়। এ ধরনের কচিন ও ক্ষ্টের পথ এড়িয়ে চলতে গিয়ে তারা অপমান ও লাঞ্ছনার জীবনকে মাথা পেতে নেয়। এর মাধ্যমে তাবা আসলে সার্বক্ষণিক অস্থিরতা আর সন্তা মানসিকতার এক জীবনকে বেছে নেয়। যেখানে এক অজানা ভয় আর উদ্বেগ তাদেরকে প্রতিনিয়ত তাড়া করে বেড়ায়। এ জীবনে সামান্য শব্দেও ধ্বংসের আশক্ষায় তাদের অন্তরাঝা কেঁপে ওঠে। এর মূল কারণ হলো যেকোনো মূল্যে বেঁচে থাকার এক অর্থহীন নেশা।

এ সকল অপদস্থ কাপুরুষের দল লাঞ্ছনার জীবনে বেঁচে থাকার জন্য যে ত্যাগদ্বীকার করে থাকে, বাস্তবে ও অঙ্কের হিসেবে সম্মানের জীবনের চেয়েও তা অনেক বেশি। জীবনের সবকিছুর বিনিময়ে এদের অর্জন একদলা ঘৃণা ছাড়া আর কিছুই নয়। অপমানের এই জীবন তাদের জীবনের শ্বাভাবিক অবস্থা ও ন্যুনতম

৩০৯, দিওয়ানু মুতানাক্ষী : ১৬৪ পু.

গশ্মানটুকুও কেড়ে নেয়। তিরস্কার ও অপমান মাখা বাক্যবাণ তারা নিজেদের কানে শুনেও থাকে। এতে হৃদয়ের গভীরে অপমানের এক নীল বেদনা তারা হয়তো অনুভব করে। এভাবেই তাদেব জান ও মালের ক্ষয়ক্ষতি হতে থাকে। যা তারা বুঝতেও পারে না।

প্রতিটি বাক্তি, গোষ্ঠী এবং জনপদকেই সম্মান ও অসম্মানের অবস্থা মোকাবেলা করতে হয়েছে এবং হচ্ছে। কেউ হয়তো ইচ্জত, সম্মান ও স্বাধীনতার প্রশ্নে আপস না করে সংগ্রামের কঠিন পথ বেছে নিয়েছেন। আবার কেউ হয়তো অপমান, লাঞ্ছনা ও দাসত্বের শেকলে নিজের কাঁধ ভারী করে রেখেছেন। অভিজ্ঞতা ও বাস্তবতা বলে উভয়পথের কারও জন্যই নিজের বেছে নেয়া পথ ছেড়ে পালিয়ে যাওয়া বা মোড় ঘুরে অন্য পথে যাওয়া সম্ভব নয়।" ১০

ইসলামের বিরুদ্ধে সবচেয়ে বড় অবিচার হলো মানুষ মনে করে যে, ইসলাম তাকে লাগুনার জীবন নিয়ে সম্ভষ্ট থাকতে বলেছে! আরও বড় অন্যায় হলো এ নিয়ে মানুষ রীতিমতো লড়াই করছে। তারা কুরআন, হাদীস ও বিভিন্ন শান্ত্রীয় আলোচনা টেনে এর স্থপক্ষে কথা বলছে। তাদের কথা শুনলে মনে হয়, 'ইক্ষত ও সন্মান' সম্পর্কিত আয়াত ও হাদীসসমূহ বুঝি মানসূখ (রহিত) হয়ে গেছো আর এসব বলে বলে তারা অসংকাজে বাধা প্রদানের মর্যাদাপূর্ণ অবস্থান হেড়ে 'তালপাতার সেপাই' বনে বসে আছে।

## সমানদার কুফফারকে নয় আন্নাহকে ভয় করবে

বর্তমান সময়ে অপমান ও অসম্মানের জীবন মেনে নেয়ার কথাবার্তা এত বেশি হচ্ছে যে, এতে কুরআন ও হাদীসের মর্যাদা আমাদের অন্তর থেকে বেরিয়ে যাছে। আমাদের আত্মার মৃত্যু ঘটছে। তা না হলে আল্লাহ তাআলার এই কালামের কথা কী আমরা ভূলে গেছি?

### فَلاَ تَخْشَوُا النَّاسَ وَاخْشَوْنِ

'অতএব, তোমরা মানুষকে ভয় কোরো না এবং আমাকে ভয় করো।'\*\*\*

৩১০, তাফসীর ফি জিলালিল কুর্মান : ৯/১৬৬। সূবা তাওবা ১ : ৮৭ এব বাাখায়। দিবাসমূল ইপলমেশ্য

<sup>:</sup> ১২৪। অধাায় : যববিয়াতেম মুলি। (সায়িদে কুত্ব শহাদ বচিত)।

৩১১, সূরা মায়েদা ৫ : ৪৪

আমাদের দীন যদি ইজ্জত, সম্মান আর বীরত্বের ধর্মই না হবে, তাহলে আল্লাহ তাআলার এই বাণীর মর্ম কী?

إِنَّمَا ذَلِكُمُ الشَّيْطَانُ يُخَوِّفُ أَوْلِيَاءُهُ فَلاَ تَخَافُوهُمْ وَخَافُونِ إِن كُنتُم مُوُمِنِينَ 'প্রকৃতপক্ষে এরাই হলো শয়তান। এরা নিজেদের বন্ধুদের ব্যাপারে ভীতি প্রদর্শন করে। সূতরাং তোমরা তাদের ভয় কোরো না। আর তোমরা যদি ঈমানদার হয়ে থাকো, তবে আমাকে ভয় করো।'°

অন্যায় কাজে বাধা দিতে আমরা যদি বীরত্ব না দেখাই, কঠোর না হই, তবে এই আয়াত কার জন্য?

الَّذِينَ يُبَلِّغُونَ رِسَالَاتِ اللهِ وَيَخْشَوْنَهُ وَلَا يَخْشَوْنَ أَحَدًا إِلَّا اللهَ وَكَفَى بِاللهِ حَسِيبًا 'যারা আল্লাহর পয়গাম প্রচার করে ও তাঁকে ভয় করে। তারা আল্লাহ ব্যতীত অন্য কাউকে ভয় করে না। হিসাব গ্রহণের জন্যে আল্লাহ যথেষ্ট।'°১°

পরাধীনতা আর লাগুনার সাথে দীনের আচার-অনুষ্ঠান পালনের অনুমতি লাভ করেই যদি দীন প্রতিষ্ঠার তৃপ্তি লাভ করে থাকি, তাহলে এই আয়াতের মর্ম কী?

إِنَّمَا يَغْمُرُ مَسَاجِدَ اللهِ مَنْ آمَنَ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ وَأَقَامَ الصَّلاَةَ وَآتَى الزَّكَاة وَلَمْ يَخْشَ إِلاَّ اللهَ فَعَسَى أُوْلَـئِكَ أَن يَكُونُواْ مِنَ الْمُهْتَدِينَ

'নিঃসন্দেহে তারাই আল্লাহর মসজিদ আবাদ করবে, যারা ঈমান এনেছে আল্লাহর প্রতি ও শেষ দিনের প্রতি এবং কায়েম করেছে নামাজ ও আদায় করে যাকাত; আল্লাহ ব্যতীত আর কাউকে ভয় করে না। অতএব, আশা করা যায়, তারা হেদায়েতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে।'°<sup>38</sup>

এই পরাধীন অবস্থাতেও যারা নিজেকে নবীওয়ালা (নববী) পথের পথিক বলে দাবি করেন। মনে রাখবেন এরা গোলামির মলিন পোশাকে আপনাকে নবীর নামে ধোঁকা দিচ্ছে। ইজ্জত ও সম্মানের কান্ডারি রাসূলুল্লাহ 🐞 বলেছেন,

৩১২, সূরা আলে-ইমরান ৩ : ১৭৫

৩১৩, সূরা আহ্যাব ৩৩ ; ৩৯

৩১৪, সুরা তাওবা ৯ : ১৮

أَلَا لَا يَمْنَعَنَّ أَحَدَكُمْ رَهْبَةُ النَّاسِ، أَنْ يَقُولَ بِحَقِّ إِذَا رَآهُ أَوْ شَهِدَهُ، فَإِنَّهُ لَا يُقَرِّبُ مِنْ أَجَلِ، وَلَا يُبَاعِدُ مِنْ رِزْقِ، أَنْ يَقُولَ بِحَقٍّ أَوْ يُذَكِّرَ بِعَظِيمٍ

'সাবধান! মানুষের প্রভাব–প্রতিপত্তি যেন তোমাদের কাউকে সত্য বলতে বাধা না দেয়। বিশেষ করে যখন সে তা দেখে বা সাক্ষী হয়। কেননা, সত্য বা গুরুত্বপূর্ণ বলার কারণে মৃত্যু নিকটবতী হয়ে যায় না। আর রিযিকও দূরে সরে যায় না।'°×

অসংকাজে বাধা দেয়া এবং হাত, মুখ বা অন্তর দারা তার বিরোধিতা করাই রাসূল 🦓 –এর নির্দেশ। এবং এর বাইরে ঈমানের কোনো স্তর আর অবশিষ্ট নেই। এবং এটাই দীনের নীতি। কিন্তু দীনের অকাট্য প্রমাণাদিকে উপেক্ষা করে এই কথা মনে করা যে, আল্লাহ তাআলা তার বন্ধুদের প্রতি অপমান অপদস্থ হলে খুশি হন, অপমান ও লাগুনা মেনে নেয়ার কোনো মূলনীতি উল্লেখ না করে, কোনোরূপ নিরাপদ পদ্ধতি অবলম্বন না করে, বাতিলের হাতে আমাদের দীনকে 'আফিম' বলার সুযোগ না দিয়ে, হীনন্মন্যতার বেড়াজাল ছিল্ল করে বেরিয়ে আসার আত্মবিশ্বাস তৈরি না করে, মুসলমানদের অবজ্ঞা ও হত্যা রোধ না করে আমরা বরং বাতিলকে আবু তালিব ও মৃতইম ইবনে আদীর মতো উদার ও দীনের বন্ধু মনে করে থাকি। বাতিলকে দীনের সহযোগী হিসেবে উপস্থাপন করে থাকি। °°

সুতরাং নিরাপত্তা ও মানসিক শক্তি হলো মুমিনের একচ্ছত্র অধিকার। আল্লাহ তাআলা বলেন :

الَّذِينَ آمَنُواْ وَلَمْ يَلْبِسُواْ إِيمَانَهُم بِظُلْمٍ أُولَـ ثِكَ لَهُمُ الأَّمْنُ وَهُم مُّهْتَدُونَ 'যারা ঈমান আনে এবং স্বীয় বিশ্বাসকে শিরকের সাথে মিশ্রিত করে না, তাদের জন্যেই শান্তি এবং তারাই সুপথগামী।'°ণ

৩১৫. মুসনাদে আহমদ : ১১৪৭৪। আবু সাঈদ খুদরি 🥞 হতে। সনদ সহীহ। তবে শেষাংশ নিয়ে কাবও কাবও আপত্তি বয়েছে। অবশ্য উমদাতৃত তাফসীরে সন্দ সহীহ বলে উল্লেখ করা হয়েছে। উমদাতৃত ভাফসির : ১/৭০০। ৩১৬. মৃতইম ইবনে আদী কুরাইশের শাখা গোত্র 'বনু আব্দে মানাফের' সর্দার ও সাহাবী জুরাইর ইবন মুতইমের পিতা। ইসলাম কবুল না করলেও তায়িফ থেকে ফেরার পর তিনি বাসুল 🤹 কে মঞ্জয় প্রৱেশের জন্য আশ্রয়ের আশ্বাস দেন এবং প্রতিশ্রুতি রক্ষা করেন। ৬২৩ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন। সীরাতে মোগলতাই ১৩৪। সীরাতে ইবনে হিশাম : ১/৩৮০; তবাকাতে ইবনে সাদ : ১/১৮১। ৩১৭, সুরা আনআম ৬ : ৮২

পক্ষান্তরে মুনাফিকদের জন্য অপমান, দুর্বলতা আর কাপুরুষোচিত হীনন্মন্তা রয়েছে। ইসলামের শত্রুদল এখন এই কাপুরুষতা মুসলমানদের মাঝে ছড়িয়ে দেয়ার চেন্টা করছে। যেমনটা আমরা ইরাকের আবু গারীবসহ বিভিন্ন বন্দীশালায় দেখতে পাচ্ছি। এ সমস্ত কারাগার হতে প্রেরিত চিঠিপত্র ও মুক্তিপ্রাপ্তদের ভাষ্য হতে এমনটাই জানা যায়। এসবের উদ্দেশ্য হলো মুসলিম নেতৃবৃন্দ যেন নিজ নিজ জাতির সামনে দীনি ভাইদের সহযোগিতা এবং ক্রুসেডারদের মুকাবেলায় উদ্দীপনা জাগাতে না পারে। নিজ জাতিকে দুর্ভাগ্য ও অশুভ পরিণাম হতে রক্ষার্যে কোনো উদ্যোগ নিতে না পারে। বরং কাপুরুষোচিত জীবন মেনে নেয়ার পক্ষে অজুহাত দাঁড় করাতে পারে। আল্লাহ তাআলা বলেন:

وَلاَ يَزَالُونَ يُقَاتِلُونَكُمْ حَتَّى يَرُدُّوكُمْ عَن دِينِكُمْ إِنِ اسْتَطَاعُواْ

'বস্তুত তারা তো সর্বদাই তোমাদের সাথে যুদ্ধ করতে থাকবে, যাতে করে তোমাদিগকে দীন থেকে ফিরিয়ে দিতে পারে যদি সম্ভব হয়।'৺

#### 20

## ক্ষমতাসীনদের তোষামোদ করা

এটা এমন এক স্বভাব, মুনাফিক শব্দটা শোনার পর মানুষের মনে যেসব স্বভাবের কল্পনা উকি দেয় তার অন্যতম একটি হলো 'তোষামোদ'।

ইবনু আবী হাজিম 🍇 আব্দুল্লাহ ইবনু উমর 🕮 -এর ঘটনা বর্ণনা করেন,

أَنَّهُ رَأَى النَّاسَ يَدخُلُونَ المَسْجَدَ، فَقَالَ: مِنْ أَيْنَ جَاءَ هَؤُلاَءِ؟

قَالُوا: مِنْ عِنْدِ الأَمِيْرِ.

فَقَالَ: إِنْ رَأُواْ مُنْكَراً، أَنْكَرُوهُ، وَإِنْ رَأُواْ مَعْرُوفاً أَمَرُوا بِهِ؟

فَقَالُوا: لاَ.

قَالَ: فَمَا يُصنَعُوْنَ؟

৬১৮, সূবা বাকাবা ২ : ২১৭

قَالَ: يَمْدَحُونَهُ، وَيَسُبُّونَهُ إِذَا خَرَجُوا مِنْ عِنْدِهِ. فَقَالَ ابْنُ عُمَرَ: إِنْ كُنَّا لَنَعُدُّ النَّفَاقَ عَلَى عَهْدِ رَسُوْلِ اللهِ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- فِيْمًا دُوْنَ هَذَا.

ইবনে উমর 🚓 কিছু লোককে মসজিদে প্রবেশ করতে দেখে জিজ্ঞেস করলেন, 'এরা কোথা থেকে এসেছে?

লোকজন বলল, 'আমীরের (গভর্নর) নিকট হতে এসেছে।'

ইবনু উমর 🚓 বললেন, ' তারা কি আমীরকে মন্দকাজে নিষেধ ও সংকাজে আদেশ করে?'

লোকজন বলল, 'জি না'।

তাহলে তারা কী করে?

তারা তো আমীরের সামনে তার প্রশংসা করে আর সেখান থেকে বের হয়ে এসে আমীরকে গালমন্দ করে।

ইবনে উমর 🚓 বললেন, 'আমরা তো রাসূলুল্লাহ 🎭 এর যুগে এরূপ আচরণকে মুনাফিকি গণ্য করতাম।। 🐃

এই হলো ইবনু উমর ্ক্র-এর যুগের অবস্থা। তখনো গভর্নরবৃন্দ দীনি বিষয়ে যথাযথ শ্রদ্ধাশীল, সামগ্রিকভাবে বাস্তবায়নকারী ছিলেন। ঘোষণা দিয়ে দীন ইসলাম বিরোধী কিছু করার দুঃসাহস তখনো তাদের হয়নি। তবে তাদের কেউ কেউ অত্যাচার করতেন। এতৎসত্ত্বেও ইবনে উমর ্ক্র এমন শাসকের প্রশংসাও নিফাক হিসেবে দেখেছেন। তিনি যদি আমাদের শাসকগণের অবস্থা দেখতেন, তাহলে কী বলতেন? আমাদের শাসকবৃন্দ দীনের প্রতি সম্মান বা প্রতিষ্ঠার চেষ্টা ছাড়াই তোষামোদ পেয়ে যাচ্ছেন। বরং তাদের প্রত্যক্ষ বা পরোক্ষ মদদে আল্লাহ তাআলা ও তাঁর রাসূল ক্ল্র -কে অকথ্য ভাষায় গালিগালাজ করা হচ্ছে। অগ্রাব্য ভাষায় দীন ইসলামের অ্যৌক্তিক সমালোচনা করা হচ্ছে। আইন প্রণয়নের ক্ষেত্রে

৩১৯. সিয়াক আলামিন নুবালা : ১১/৪৩৫। বর্ণনাকারীগণ সকলেই গ্রহণযোগ্য। তবে বর্ণনাটি মুডাসিল নয়। ইবনে উমর ্র-এব শেষ উক্তিটি ইবনে মাজাহতে বয়েছে। ইবনে মাজাহ : ৩৯৭৫। সনদ সহীহ। অধার্য : ফিতনা। অনুচ্ছেদ : কলহ-বিপ্রয় চলাকালে জিহু। সংযত বাখা

বুঝেশুনে ইসলামী শরীয়াহকে অবহেলা করা হচ্ছে। এতকিছুর পরও মুনাঞ্চিক শ্রেণির লোকেরা তাদের প্রশংসায় পঞ্চমুখ। গল্প, কবিতা ও বিভিন্ন লেখনীর মাধ্যমে তাদের মাহাত্ম্য আর স্তুতির ফোয়ারা ছুটিয়ে চলছে।

যাদের অন্তরে নিফাক রয়েছে তারা শাসকের মন্দ অভ্যাসগুলোকে অপছন্দ করা সত্ত্বেও তাকে ভালো মনে করে। মুখে মুখে তাদের অন্যায়–অবিচারের শ্বীকৃতি দিয়ে বেড়ালেও সত্যিকারার্থে এরা যে খারাপ মানুষ তা তারা জানে। রাসূল 🎂 বলেছেন,

غَبِدُونَ النَّاسَ مَعَادِنَ، فَخِيَارُهُمْ فِي الْجَاهِلِيَّةِ خِيَارُهُمْ فِي الْإِسْلَامِ إِذَا فَقِهُوا، وَجَدُونَ مِنْ خَيْرِ النَّاسِ فِي هَذَا الْأَمْرِ، أَكْرَهُهُمْ لَهُ، قَبْلَ أَنْ يَقَعَ فِيهِ، وَجَدُونَ مِنْ شِرَارِ النَّاسِ ذَا الْوَجْهَيْنِ، الَّذِي يَأْتِي هَوُلَاءِ بِوَجْهِ وَهَوُلَاءِ بِوَجْهِ

'তোমরা লোকদের মৌলিক গুণাবলিসম্পন্ন (খনিজ ও গুপ্তধনের মতো) দেখতে পাবে। সূতরাং যারা জাহিলিয়াত যুগে উত্তম ছিল তারা ইসলামেও উত্তম হবে, যখন তারা দীনের ব্যাপারে সমঝদার (বোধসম্পন্ন) হবে। অথবা তোমরা এই বিষয়ে অর্থাৎ ইসলামে উত্তম লোক দেখতে পাবে যারা এতে প্রবিষ্ট হওয়ার আগে চরম ইসলামবিদ্বেয়ী ছিল, আর তোমরা সর্বাপেক্ষা মন্দ লোক হিসাবে দেখতে পাবে সেসব মানুষকে, যারা দুমুখো। এরা এই দলের কাছে একমুখে কথা বলে আবার আরেক দলের কাছে এসে আরেক মুখে কথা বলে।'তংগ

হাদীসের ভাষ্য অনুযায়ী আপনি এমন অনেক মানুষ খুঁজে পাবেন যারা একসময় ইসলামের ঘারতর শক্র ছিল। কিন্তু তারা ছিল অভিজাত। তারা তাদের অর্জিত এই সুদীর্ঘ পরিমিতবাধ কখনোই হারিয়ে ফেলেননি। এই অভিজাতশ্রেণির মানুষগুলোর মধ্যে উমর ইবনুল খাতাব, খালিদ বিন ওয়ালিদ, আমর ইবনুল আস ও ইকরামা বিন আবু জাহল 🦛 প্রমুখ অন্যতম। তারা যখন ইসলামের সুশীতল ছায়াতলে আশ্রয় নিলেন। সেদিন থেকেই পরিপূর্ণ ইখলাসের সাথে আল্লাহ তাআলার রাস্তায় সর্বোচ্চ কন্ত মুজাহাদা শুরু করেন।

৩২০, সহীহ মুসলিম : ২৫২৬। আবু ছবাইরা 🚓 হতে। অধ্যায় : সাহ্যবায়ে কেরাম 🚓 এর মর্যালা অনুক্ষেদ : সর্বাপেক্ষা উত্তম ব্যক্তি। হাদীসটি একই বর্ণনাকারী হতে বুখাবী : ৩৪৯৩ ও ৩৪৯৪ এ বর্ণিত হয়েছে।

পক্ষাস্তরে কিছু মুনাফিকও ইসলামের ছত্রছায়ায় ঠাঁই নিয়ে সবার সাথেই তাল মিলিয়ে চলতে থাকে। তারা মূলত আভিজাত্যহীন বর্বর।

মুমিন কারও তোষামোদ করে না : ইমাম তিরমিযি 🙉 রাসূল 🃸 এর ইরশাদ বর্ণনা করেন। রাসূল 🃸 বলেন,

اسْمَعُوا، هَلْ سَمِعْتُمْ أَنَّهُ سَيَكُونُ بَعْدِي أُمْرَاءُ؟ فَمَنْ دَخَلَ عَلَيْهِمْ فَصَدَّقَهُمْ بِحَدِيهِمْ وَلَمْتُ مِنْهُ وَلَيْسَ بِوَارِدٍ عَلَيْ بِحَدِيهِمْ وَلَمْتُ مِنْهُ وَلَيْسَ بِوَارِدٍ عَلَيْ الْحُوْضَ، وَمَنْ لَمْ يَدْخُلْ عَلَيْهِمْ وَلَمْ يُعِنْهُمْ عَلَى ظُلْمِهِمْ وَلَمْ يُصَدِّقُهُمْ الْحُوْضَ، وَمَنْ لَمْ يَدْخُلْ عَلَيْهِمْ وَلَمْ يُعِنْهُمْ عَلَى ظُلْمِهِمْ وَلَمْ يُصَدِّقُهُمْ بِحَذِيهِمْ فَهُو مِنْ لَمْ يَدْخُلْ عَلَيْهِمْ وَارِدٌ عَلَيَّ الْحَوْضَ الْحَوْضَ وَارِدٌ عَلَيَّ الْحَوْضَ

'তোমরা শোনো, তোমরা কি শুনেছ যে আমার মৃত্যুর পরে অচিরেই এমন কিছু শাসক হবে, যারা তাদের কাছে যাবে এবং তাদের মিথ্যাচারকে সমর্থন করবে, আর তাদের জুলুমে তাদের সহযোগিতা করবে, তারা আমার নয় এবং আমিও তাদের নই। তারা হাওযে কাওছারে আমার কাছে পৌঁছাতে পারবে না। কিন্তু যারা তাদের কাছে যাবে না, তাদের জুলুমের ক্ষেত্রে তাদের সহযোগিতা করবে না এবং তাদের মিথ্যাচারের সমর্থন করবে না, তারা আমার আর আমিও তাদের, তারা হাওযে কাওছারে আমার কাছে আসতে পারবে।' ত্ত

এক ব্যক্তি জিজ্ঞাসা করল, 'ইয়া রাস্লাল্লাহ ﴿ بَيْرَ بَانُوْمَ জিজ্ঞাসা করল, 'ইয়া রাস্লাল্লাহ ﴿ بَانُورُ 'অত্যাচারী বাদশাহর সামনে সত্য বলা'। ° '

৩২১, সুনানে তিরমিয়ি: ২২৫৯। কাব বিন উজবা 🥠 হতে। সনদ সহীহ গরীব। অধ্যায় , ফিতনা। ৩২২, শরহস-সুরাহ : ২৪৭৩। আবু উনামা 🥧 হতে। সনদ হাসান সহাহ। অধ্যায় : প্রশাসন ও বিচার। অনুচ্ছেদ : অত্যাচারী বাদাশাহর সামনে সত্য বলার সাওয়াব।

## আল্লাহ ও তাঁর রাসূল 🙈 এর সাথে অশিষ্ট আচরণ

আল্লাহ তাআলার কালাম থেকেই শিরোনামের যথার্থতা প্রমাণিত হয় :

'আপনি বলুন, তোমরা কি আল্লাহর সাথে, তাঁর হুকুম-আহকামের সাথে এবং তাঁর রাস্লের সাথে ঠাটা করছিলে?'°<sup>২°</sup>

তারা যা বলেছে আল্লাহ তাআলা তা প্রকাশ করে দিয়েছেন:

'তারাই বলে, আমরা যদি মদীনায় প্রত্যাবর্তন করি তবে সেখান থেকে <mark>সবলরা</mark> অবশ্যই দুর্বলকে বহিষ্কার করবে।'°<sup>২৬</sup>

প্রকাশ্যে আল্লাহ তাআলার রাসূল ఉ ও মুমিনদের পক্ষে থাকলেও গোপনে গোপনে তারা কাফির মুশরিকদের সম্ভষ্ট করতে ব্যস্ত। আল্লাহ তাআলা বলেন:

يَخْلِفُونَ بِاللهِ مَا قَالُواْ وَلَقَدْ قَالُواْ كُلِمَةَ الْكُفْرِ وَكَفَرُواْ بَعْدَ إِسْلاَمِهِمْ

'তারা কসম খায় যে, আমরা বলিনি, অথচ নিঃসন্দেহে তারা বলেছে কুফরি বান্য এবং মুসলমান হবার পর অশ্বীকৃতিজ্ঞাপনকারী হয়েছে।'ত্যু

এই আয়াত নাযিলের প্রেক্ষাপট হিসেবে ইবনুল জারীর তাবারী ও আল্লামা ইবনুল কাসীর ্ল্ক্র একাধিক সনদে একটি ঘটনা উল্লেখ করেন। তা হলো, 'একবার রাসূল প্রানসারী সাহাবীগণ ও তাদের সন্তানদের জন্য মাগফিরাতের দুআসহ কিছু বক্তব্য রাখছিলেন। নবীজি 🏨 এর কথা শুনে এক মুনাফিক বলে বসল, '১৮ টুট

৩২৩, সূরা তাওবা ১ : ৬৫

৩২৪. সূরা মুনাফিকুন ৬৩ : ৮

৩২৫. সূরা তাওবা ৯ : ৭৪

'ठिनि यपि সত্যবাদী হন, তাহলে আমরা গাধার 'ضادِقًا فَنَحْنُ شَرٌّ مِنَ الْحَييرِ চেয়েও অধম।' তার এই কথা শুনে জায়িদ বিন আরকাম 🙈 প্রত্যুত্তরে বলঙ্গেন, 'আল্লাহর কসম, নিঃসন্দেহে তিনি 'فَهُوَ وَاللَّهِ صَادِقٌ وَلَأَنْتَ شَرٌّ مِنَ الْحِمَارِ ' দ্র সত্যবাদী। তুমিই বরং গাধার চেয়েও অধম।' এরপর তিনি বিষয়টি রাসূল 🎄-এর সামনে পেশ করলে মুনাফিক লোকটি তা অশ্বীকার করে বসে। তখন আল্লাহ তাআলা জায়িদ বিন আরকাম 🚓 -এর কথার সত্যতার পক্ষে উল্লেখিত আয়াতটি নাযিল করেন। °২৯

বর্তমান সময়ে নিফাকে আক্রান্ত লোকজনকেও দেখা যায়, তারা আল্লাহ তাআলা. তাঁর রাসূল 🎂 ও বিভিন্ন আয়াতের প্রতি তুচ্ছতাচ্ছিল্য করে থাকে। যেমন বিভিন্ন আড্ডা বা বৈঠকে হাসতে হাসতে বলে, আল্লাহ জিবরীলকে বললেন...। জিবরীল আল্লাহকে বললেন...। আড্ডা জমাতে এসব খুব মুখরোচক কথাবার্তা। আবার কখনো কখনো ঠাট্টাচ্ছলে এক আয়াতকে তার মূল মর্ম বা প্রেক্ষাপট থেকে সরে এসে অন্য অর্থে বা মর্মে ব্যবহার করে থাকে। এ ধরনের উপহাসকারীদের জন্য আল্লাহ তাআলার কঠোর হুমকি রয়েছে। তিনি বলেন :

وَإِذَا عَلِمَ مِنْ آيَاتِنَا شَيْئًا الَّخَذَهَا هُزُوا أُولَئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِينً 'যখন সে আমার কোনো আয়াত অবগত হয়, তখন তাকে ঠাট্টারূপে গ্রহণ করে। এদের জন্যই রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।<sup>১৩২</sup>

তারা আসলে কুরআন জানে কম। আর যতটুকু জানে তাও আবার মূল অর্থ ও মর্ম ছেড়ে অন্যত্রে ব্যবহার করে। আর সঠিক অর্থে ব্যবহার করলেও বিষয়টিকে হালকা মনে করে।

অনেকেই আবার রাসূল 🐞-এর সুন্নাত নিয়ে ঠাটা মশকরা করে। অথবা সুন্নাত আঁকড়ে চলা মানুষকে বা তার আমলে থাকা সুন্নাত নিয়ে উপহাস করে। যেমন : দাড়ি ও মিসওয়াক ইত্যাদি নিয়ে হাসাহাসি করে। অনেকেই আছে নামাজ-রোজা আদায় করে। কিন্তু নবীজির সুন্নাত নিয়ে তামাশাও করে।

৩২৬, তাফসীরে ইবনে কাসীর : ৪/১৫৭। তাফসীবে তাবারী : ১১/৫৬৯। সুবা তাওবা ৯ : ৭৪ এর বাাখায় : উভয় গ্রন্থেই একাধিক পৃষ্ঠাজুড়ে বিভিন্ন বর্ণনায় একই ঘটনা তুলে ধরা হয়েছে। ৩২৭. সুরা যাসিয়া ৪৫ : ৯

এ ব্যাপাবে রাসূল 📸 এর হাদীসের চেয়ে উত্তম কিছু আমার নজরে পড়েনি। তিনি বলেন,

إِنَّ العَبْدَ لَيَتَكَلَّمُ بِالكَلِمَةِ مِنْ رِضْوَانِ اللهِ، لاَ يُلْقِي لَهَا بَالًا، يَرْفَعُهُ اللهُ بِهَا دَرَجَاتٍ، وَإِنَّ العَبْدَ لَيَتَكَلَّمُ بِالكَلِمَةِ مِنْ سَخَطِ اللهِ، لاَ يُلْقِي لَهَا بَالًا، يَهْوِي بِهَا فِي جَهَنَّمَ

'নিশ্চয় বান্দা কখনো আল্লাহর সম্ভণ্টির কোনো কথা বলে অথচ সে কথা সম্পর্কে তার ধারণা নেই। কিন্তু এ কথার দ্বারা আল্লাহ তার মর্যাদা বৃদ্ধি করে দেন। আবার বান্দা কখনো আল্লাহর অসম্ভণ্টির কথা বলে ফেলে যার পরিণতি সম্পর্কে তার ধারণা নেই, অথচ সে কথার কারণে সে জাহাল্লামে নিক্ষিপ্ত হবে।'

নিফাকের স্থভাব চরমে পৌঁছে গেলে সবচেয়ে ভয়াবহ যে অবস্থা দাঁড়ায় তা হলো আল্লাহ তাআলা ও তাঁর দীনকে নিয়ে স্পষ্ট ভাষায় কটুক্তি করা। উল্লেখিত হাদীদের আলোকে আমি অবশ্য এদেরকে মুনাফিক ভাবতে রাজি নই। বরং সর্বসন্মতভাবে এরা কাফির ও মুরতাদ। দুনিয়ার আদালতে এদের এমন গর্হিত অপরাধের জন্য কুফরির শাস্তি হওয়া উচিত। নিফাকের নয়। এ ক্ষেত্রে তারা যদি নিজেদেরকে মুসলমান বলে দাবি করে বা রাগের বশে বলে ফেলেছে বলে দাবি করে, তবে তা নোটেও গ্রহণযোগ্য হতে পারে না।

এরা তো মক্কার কাফিরদের চেয়েও খারাপ। কারণ, মক্কার কাফিররা আল্লাহ তাআলাকে সম্মান করত। তাদের দাবি ছিল, 'এ মূর্তিগুলো আমাদেরকে আল্লাহ তাআলার নৈকট্য লাভে সহযোগিতা করছে।'

কিন্তু আমরা যেসব অসভ্য দুরাচারের কথা বলছি, তাদের মূল উদ্দেশ্যই হলো
মুসলিম উম্মাহর বিরুদ্ধে ভিত্তিহীন ও মিথ্যা অপপ্রচার। আল্লাহ তাআলার প্রতি
সম্মান ও আস্থা হারিয়ে ফেলার কারণেই নিফাকের এই চরম স্বভাবটি মানুষকে
গ্রাস করতে শুরু করে।

৩২৮. সহীহ বুখারী : ৬৪৭৮। আবু হরাইরা 🚓 হতে। অধ্যায় : সদয় হওয়া। অনুচ্ছেদ : বাকৃশংঘন।

মুমিন সর্বাবস্থায় আল্লাহ তাআলার প্রতি সম্মান বজায় রাখে আল্লাহ তাআলা বলেন :

'এটা শ্রবণযোগ্য কেউ আল্লাহর নামযুক্ত বস্তুসমূহের প্রতি সম্মান প্রদর্শন করলে তা তো তার হৃদয়ের আল্লাহভীতিপ্রসূত।'°

তিনি আরও বলেন:

ذَلِكَ وَمَن يُعَظِّمْ حُرُمَاتِ اللهِ فَهُوَ خَيْرٌ لَّهُ عِندَ رَبِّهِ وَأُحِلَّتْ لَكُمُ الْأَنْعَامُ إِلَّا مَا يُتْلَى عَلَيْكُمْ فَاجْتَنِبُوا الرَّجْسَ مِنَ الْأَوْثَانِ وَاجْتَنِبُوا قَوْلَ الزُّور

'এটা প্রবণযোগ্য। আর কেউ আল্লাহর সম্মানযোগ্য বিধানাবলির প্রতি সম্মান প্রদর্শন করলে পালনকর্তার নিকট তা তার জন্যে উত্তম। উল্লেখিত ব্যতিক্রমগুলো ছাড়া তোমাদের জন্যে চতুষ্পদ জন্তু হালাল করা হয়েছে। সুতরাং তোমরা মূর্তিদের অপবিত্রতা থেকে বেঁচে থাকো এবং মিথ্যাকথন থেকে দূরে সরে থাকো।'ో

অন্যত্র বলেন :

إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا (٨) لِّتُؤْمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَتُعَزِّرُوهُ وَتُوَقِّرُوهُ وَتُسَبِّحُوهُ يُكْرَةً وَأُصِيلًا (٩)

'আমি আপনাকে প্রেরণ করেছি সাক্ষী হিসেবে, সুসংবাদদাতা ও ভয় প্রদর্শনকারীরূপে। যাতে তোমরা আল্লাহ ও রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন করো এবং তাঁকে সাহায্য ও সম্মান করো এবং সকাল-সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা ঘোষণা করো। 2003

আমরা যদি আল্লাহ তাআলাকে সত্য জেনে তাঁর প্রতি পরিপূর্ণ সন্মান ও আশ্বা নিয়ে এই নশ্বর দুনিয়া থেকে যেতে পারি, তবে আশা করা যায়, আল্লাহ তাআলা

৩১৯, সুরা হান্ড ২২ : ৩২

৩৩০, সুরা হাজ্জ ২২ : ৩০

৩৩১, সুরা ফাতাহ ৪৮ : ৮, ৯

আমাদের সাথে উত্তম আচরণ করবেন। আল্লাহ তাআলার প্রতি যথাযথ ভয় অন্তরে পোযণকারীর সাথে আল্লাহ তাআলার আচরণ কেমন হয় তা আমরা রাসূল 🍇 এর হাদীস থেকে জানতে পেরেছি। হাদীসে এসেছে,

كَانَ رَجُلُ مِمَّنُ كَانَ قَبْلَكُمْ يُسِيءُ الظَّنَّ بِعَمَلِهِ، فَقَالَ لِأَهْلِهِ: إِذَا أَنَا مُتُ فَخُذُونِي فَذَرُّونِي فِي البَحْرِ فِي يَوْمِ صَائِفٍ، فَفَعَلُوا بِهِ، فَجَمَعَهُ اللهُ ثُمَّ قَالَ: مَا حَمَلَكَ عَلَى الَّذِي صَنَعْتَ؟ قَالَ: مَا حَمَلَنِي إِلَّا تَخَافَتُكَ، فَغَفَرَ لَهُ

'তোমাদের পূর্বের উদ্মাতের এক লোক ছিল, যে তার আমল সম্পর্কে আশঙা পোষণ করত। সে তার পরিবারের লোকদের বলল, আমি মারা গেলে তখন তোমরা আমাকে স্থালিয়ে দেবে। অতঃপর প্রচণ্ড গরমের দিনে আমার ছাই সমুদ্রে ছিটিয়ে দেবে। তারা সে অনুযায়ী কাজ করল। অতঃপর আল্লাহ সেই ছাই জমা করে তাকে জিজ্ঞেস করলেন, তোমাকে এ কাজে কিসে প্ররোচিত করল? সে বলল, একমাত্র আপনার ভয়ই আমাকে এ কাজ করতে বাধ্য করেছে। তখন আল্লাহ তাকে মাফ করে দিলেন।'

#### 36

# মুমিনগণকে ঘৃণা করা এবং তাদের খ্যাতিতে নাক সিটকানো

মুমিন যেমন শিরক, কুফর, ফাসিকী ও গুনাহের কাজ অপছন্দ করে। মুনাফিকের দলও মুমিনের মর্যাদা, পবিত্রতা ও দৃঢ় মনোবলকে ঘৃণা করে। কারণ নিফাকে আক্রান্ত হওয়ার কারণে সে তার প্রবৃত্তি আর উচ্চাভিলামের নেশায় বুঁদ হয়ে পড়ে থাকে। কোনো ধরনের কল্যাণ ও সংস্কার কিংবা দীন-ধর্মের দায়ীদের সে সহাই করতে পারে না।

৩৩২, সহীহ বুখারী : ৬৪৮০। হজাইফা 🚓 হতে। অধ্যায় : সদয় হওয়া। অনুচ্ছেদ : আল্লাহভীতি। ৬৪৮১ নং হাদীদে আরও বিস্তারিত রয়েছে।



রাসূল 🦚 বলেছেন,

الأَنْصَارُ لاَ يُحِبُّهُمْ إِلَّا مُؤْمِنُ، وَلاَ يُبْغِضُهُمْ إِلَّا مُنَافِقٌ، فَمَنْ أَحَبَّهُمْ أَحَبُهُ الله وَمَنْ أَبْغَضَهُمْ أَبْغَضَهُ الله

'মুমিন ছাড়া আনসারদেরকে কেউ ভালোবাসবে না এবং মুনাফিক ছাড়া কেউ তাঁদের প্রতি ঘৃণা পোষণ করে না। যে ব্যক্তি তাঁদেরকে ভালোবাসবে আল্লাহ তাআলা তাকে ভালোবাসবেন আর যে ব্যক্তি তাঁদের সাথে হিংসা-বিদ্বেষ পোষণ করবে আল্লাহ তাআলা তাকে ঘৃণা করবেন।'°°°

পরের হাদীসে রাসূল 🎡 আরও বলেছেন,

آيَةُ الإِيمَانِ حُبُّ الأَنْصَارِ، وَآيَةُ النَّفَاقِ بُغْضُ الأَنْصَارِ

'আনসারদের প্রতি ভালোবাসা ঈমানেরই নিদর্শন এবং তাঁদের প্রতি হিংসা-বিদ্বেষ পোষণ করা মুনাফিকির নিদর্শন।'°°

এমনিভাবে রাসূল 🐞 ও তাঁর পরিবার-পরিজনসহ মুহাজির সাহাবায়ে কেরামকে সহযোগিতার দায়ে কেউ যদি আনসার সাহাবায়ে কেরামকে নিয়ে কটুক্তি করে তবে নিঃসন্দেহে তা নিফাক।

আর মুনাফিকের দল মানুষকে ঈমানদারদের প্রতি বীতশ্রদ্ধ করে তুলতে আপ্রাণ চেষ্টা চালায়।

কখনো দেখা যায় মুসলমানদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা থেকে ইসলাম ও মুসলমানদের জন্য কেউ সাহায্য-সহযোগিতার হাত বাড়িয়ে দিতে চাইলে তারা তাতে ভেটো দিয়ে বসে। আল্লাহ তাআলা বলেন :

هُمُ الَّذِينَ يَقُولُونَ لَا تُنفِقُوا عَلَى مَنْ عِندَ رَسُولِ اللهِ حَتَّى يَنفَضُّوا وَلِلهِ خَزَائِنُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لَا يَفْقَهُونَ

৩৩৩, সহীহ বুখারী : ৩৭৮৩। বারা বিন আজিব 🚓 হতে। অধ্যায় : আনসার সাহাবীগণের মর্বালা। অনুচ্ছেদ : আনসারগণকে ভালোবাসা।

৩৩৪. সহীহ বুখারী : ৩৭৮৪। আনাস বিন মালিক 🚓 হতে। অধ্যায় : আনস্যব সাহাবীগশের মর্যাদা। অনুচ্ছেদ : আনসারগণকে ডালোবাসা।

'তারাই বলে, আল্লাহর রাসূলের সাহচর্যে যারা আছে তাদের জন্যে ব্যয় কোরো না। পরিণামে তারা আপনা-আপনি সরে যাবে। ভূ ও নভোমণ্ডলের ধন-ভান্তার আল্লাহরই, কিন্তু মুনাফিকরা তা বোঝে না।'°°

আবার কখনো কখনো তারা ঈমানদারদের নিয়্যাতের ব্যাপারে সংশয় প্রকাশ করে। বুখারী ও মুসলিমে বর্ণিত এক হাদীসে আব্দুল্লাহ বিন মাসউদ 🚓 বলেন,

لَمَّا نَوْلَتْ آيَةُ الصَّدَقَةِ، كُنَّا نُحَامِلُ، فَجَاءَ رَجُلُ فَتَصَدَّقَ بِشَيْءٍ كَثِيرٍ، فَقَالُوا: مُرَاثِي، وَجَاءَ رَجُلُ فَتَصَدَّقَ بِصَاعٍ، فَقَالُوا: إِنَّ الله لَغَنِيُّ عَنْ صَاعِ هَذَا، فَنَوْلَتْ: «الَّذِينَ يَلْمِرُونَ المُطَّوِّعِينَ مِنَ المُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لاَ يَجِدُونَ إِلَّا جُهْدَهُمْ» (التوبة: ٧٩)

'যখন সদাকাহর আয়াত নাযিল হলো তখন আমরা পারিশ্রমিকের বিনিময়ে রোঝা বহন করতাম। এক ব্যক্তি এসে প্রচুর মাল সদাকাহ করল। তারা (মুনাফিকরা) বলতে লাগল, এ ব্যক্তি লোক দেখানোর উদ্দেশ্যে দান করেছে, আর এক ব্যক্তি এসে এক সা' পরিমাণ দান করলে তারা বলল, আল্লাহ তো এ ব্যক্তির এক সা' হতে অমুখাপেক্ষী। এ প্রসঙ্গে অবতীর্ণ হয় :

الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لاَ يَجِدُونَ إِلاَّ جُهْدَهُمْ فَيَسْخَرُونَ مِنْهُمْ سَخِرَ اللهُ مِنْهُمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ

সে সমস্ত লোক যারা ভর্ৎসনা-বিদ্রুপ করে সেসব মুসলমানদের প্রতি যারা মন খুলে দান-খয়রাত করে এবং তাদের প্রতি যাদের কিছুই নেই শুধু নিজের পরিশ্রমলব্ধ বস্তু ছাড়া। অতঃপর তাদের প্রতি ঠাট্টা করে। আল্লাহ তাদের প্রতি ঠাট্টা করেছেন এবং তাদের জন্য রয়েছে বেদনাদায়ক আযাব। (সূরা তাওবা ৯: ৭৯)'\*\*\*

৩৩৫. সূরা মুনাফিকুন ৬৩ : ৭

৩৩৬. সহীহ বুখারী : ১৪১৫। অধ্যায় : যাকাত অনুচ্ছেদ : তোমরা জাহান্নাম থেকে বাঁচো, এক টুকরা খেজুর অথবা অল্প কিছু সদাকাহ করে হলেও। সহীহ মূসলিম : ১০১৮।

আবার কখনো দেখা যায় তারা মুমিনদের নিয়ে উপহাসের পাশাপাশি মুনাফিকদের অপরাধে মুমিনকে অপরাধী বানাতে চায়। তাফসীরের কিতাবসমূহে তাবুক যুদ্ধের একটি বর্ণনা থেকে বিষয়টা আঁচ করা যেতে পারে। আব্দুল্লাহ ইবনু উমর 🚓 বলেন,

قَالَ رَجُلُ فِي غَزْوَةِ تَبُوكَ فِي جَبْلِسِ يَوْمًا: مَا رَأَيْتُ مِثْلَ قُرَّائِنَا هَوُلاءِ لَا أَرْغَبَ بُطُونًا، وَلا أَكْذَبَ أَلْسِنَةً، وَلا أَجْبَنَ عِنْدَ اللَّقَاءِ، فَقَالَ رَجُلُ فِي الْمَجْلِسِ: كَذَبْتَ وَلَكِنَّكَ مُنَافِقُ لأُخْبِرَنَ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ء فَبَلَغَ ذَلِكَ النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ ء فَبَلَغَ ذَلِكَ النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ ء وَنَزَلَ الْقُرْآنُ قال عبد الله: فَأَنَا رَأَيْتُهُ مُتَعَلِّقًا النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ ء وَنَزَلَ الْقُرْآنُ قال عبد الله: فَأَنَا رَأَيْتُهُ مُتَعَلِقًا بِعَقْبِ نَاقَةِ رَسُولِ اللهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ ء تَنْكُبُهُ الْحِجَارَةُ وَهُو يَقُولُ: يَا رَسُولَ اللهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ ء تَنْكُبُهُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ ء تَنْكُبُهُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ ء تَنْكُبُهُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ء تَنْكُبُهُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ء تَنْكُبُهُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ء تَنْكُبُهُ الله عَلَيْهِ وَسَلَّمَ ء يَنْكُبُهُ الله عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَالله وَالله وَآيَاتِه ورسوله كنتم تستهزؤن

'তাবুক যুদ্ধের সময় এক মজলিসে এক লোক বলল, 'আমি তো আমাদের গ্রাম বা জনপদের লোকজনের মতো ভোজনরসিক, মিথ্যাবাদী আর কাপুরুষ মানুষ দেখিনি। তার এ কথা শুনে মজলিসের মধ্য হতে একজন বলে উঠল, 'ত্মি মিথ্যা বলছ। নিশ্চয়ই তুমি মুনাফিক। আমি অবশ্যই এ খবর রাসূল ﴿ এব কানে লৌছে দেবো।'

রাসূল ﴿ এর কানে খবর পৌঁছে গেল। কুরআনের আয়াত নাযিল হলো : وَلَئِن سَأَلْتَهُمْ لَيَقُولُنَّ إِنَّمَا كُنَّا نَخُوضُ وَنَلْعَبُ قُلْ أَبِاللهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنتُمْ تَسْتَهْزِثُونَ

"আর যদি তুমি তাদের কাছে জিজ্ঞেস করো, তবে তারা বলবে, আমরা তো কথার কথা বলছিলাম এবং কৌতুক করছিলাম। আপনি বলুন, তোমরা কি আল্লাহর সাথে, তাঁর হুকুম–আহকামের সাথে এবং তাঁর বাসূলের সাথে ঠাট্টা করছিলে?"

৩৩৭. সূরা তাওবা ৯ : ৬৫

আব্দুল্লাহ বিন উমর 🚓 বলেন, 'আমি দেখলাম লোকটি রাসূল 🏨-এর উটের রশি ধরে ঝুলে আছে। পাথরে তার পা ছুঁয়ে যাচ্ছে। আর সে বলছে, 'ইয়া রাসূলাল্লাহ ্রূ, আমরা তো কেবল ঠাটা মশ্করা করছিলাম। রাসূল 🏨 বললেন, 'তোমরা কি আল্লাহ তাআলা, তাঁর আয়াত ও রাসূল 🏨 -কে নিয়ে উপহাস করো?'

লক্ষ করুন, সে কীভাবে নিজেদের বদস্বভাব মুমিনদের ওপর চাপিয়ে দিছে। অথচ মুমিন মোটেও এমন নয়। মিথ্যা, কাপুরুষতা, দুনিয়াসক্তি আর পেটপূজা তো মুনাফিকদের স্বভাব। আবার ধরা পড়ে কেমন টালবাহানা শুরু করল তাও দেখুন। যেন এসব কটুক্তি ও উপহাস সাধারণ হাস্যরস মাত্র!

যদি তা-ই হবে, তাহলে আল্লাহ তাআলা এই আয়াত কেন নাযিল করলেন? وَلَئِن سَأَلْتَهُمْ لَيَقُولُنَّ إِنَّمَا كُنَّا خَخُوضُ وَنَلْعَبُ قُلْ أَبِاللّٰهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنتُمْ تَسْتَهْزِئُونَ

'আর যদি তুমি তাদের কাছে জিঞ্জেস করো, তবে তারা বলবে, আমরা তো কথার কথা বলছিলাম এবং কৌতুক করছিলাম। আপনি বলুন, তোমরা কি আল্লাহর সাথে, তাঁর হুকুম-আহকামের সাথে এবং তাঁর রাস্লের সাথে ঠাট্টা করছিলে?'°°

এসব কথায় তারা আসলে শুধু মুহাজির সাহাবীগণকে নিয়েই কটুক্তি করেনি; বরং তাদের দীন নিয়ে কটুক্তি করেছে। এ জন্যই আল্লাহ তাআলা তাদের হাসিঠাট্টাকে আল্লাহ, রাসূল এবং দীনবিরোধী বলে উল্লেখ করেছেন। আল্লাহ তাআলা আরও বলেন:

## لاَ تَعْتَذِرُواْ قَدْ كَفَرْتُم بَعْدَ إِيمَانِكُمْ

'ছলনা কোরো না, তোমরা ঈমান প্রকাশ করার পর কাফির হয়ে গেছ।'°<sup>80</sup>

৩০৮, তাফসীবে ইবনে আবী হাতিম: ৬/১৮২৯, ১৮৩০। হাদীস নং ১০০৪৭। সূরা তাওবা ৯: ৬৫ এর ব্যাখ্যায় সহীহল মুসনাদ মিন আসবাবিন নুযুল: ১/১০৮, ১০৯। একই আয়াতের ব্যাখ্যায়। সন্দ হাসান ফিশ–শাওয়াহিদ।

<sup>\*\*\*</sup> ত. ইয়াদ কুনাইবী মৃল গ্রন্থে সেই মুনাফিকের প্রতি লোকজনের পাথর ছুড়ে মারাসহ আরও কিছু অতিরিক্ত আলোচনা এনেছেন। আমরা নির্ভরযোগ্য বর্ণনায় এমন কিছু পাইনি। (অনুবাদক)

৩০৯, সূবা তাওবা ১ : ৬৫

৩৪০, সুরা তাওবা ৯ : ৬৬

কখনো তারা মুমিনদের প্রতি অপবাদ ও মিথ্যা অপপ্রচার চালিয়ে তাদের চরিত্রহননের ঘৃণ্য অপচেষ্টা চালিয়ে থাকে। যেমন : তারা আম্মাজান আয়িশা ্র্—এর বিরুদ্ধে জঘন্য অপপ্রচার চালিয়ে মানুষজনকে ইসলাম ও রাস্ল 🍰 থেকে মুখ ফিরিয়ে নিতে প্ররোচনা দিয়েছিল। আল্লাহ তাআলা বলেন :

إِنَّ الَّذِينَ جَاؤُوا بِالْإِفْكِ عُصْبَةً مِّنكُمْ لَا تَحْسَبُوهُ شَرًّا لَّكُم بَلْ هُوَ خَيْرُ لَّكُمْ لِكُلِّ امْرِئٍ مِّنْهُم مَّا اكْتَسَبَ مِنَ الْإِثْمِ وَالَّذِي تَوَلَّى كِبْرَهُ مِنْهُمْ لَهُ عَذَابٌ عَظِيمٌ

'যারা মিথ্যা অপবাদ রটনা করেছে, তারা তোমাদেরই একটি দল। তোমরা একে নিজেদের জন্যে খারাপ মনে কোরো না; বরং এটা তোমাদের জন্যে মঙ্গলজনক। তাদের প্রত্যেকের জন্যে ততটুকু আছে যতটুকু সে গোনাহ করেছে এবং তাদের মধ্যে যে এ ব্যাপারে অগ্রণী ভূমিকা নিয়েছে, তার জন্যে রয়েছে বিরাট শাস্তি।'°°°

এই ঘটনার নাটের গুরু হলো মুনাফিক সর্দার আব্দুল্লাহ বিন উবাই বিন সাল্ল। বলা হয়, 'ইসলামের শক্ররা যখন কোনোভাবেই ইসলামের অগ্রখাত্রা এবং সুনাম ক্ষুপ্প করতে পারছিল না তখন তারা অপবাদ ও মিথ্যা গুজবের নোংরা পথ বেছে নেয়। যেন মানসিক আঘাতে মুসলমানদের মনোবল গুঁড়িয়ে যায়। সাধারণ মানুষের মধ্যে ছি ছি রব ওঠে। তুচ্ছ ও সাধারণ বিষয়কে ফুলিয়ে-ফাঁপিয়ে এত বড় করতে হবে, যাতে সাধারণ মানুষের কাছে দীনি মর্যাদার অধিকারী ব্যক্তিবর্গ কুৎসিত চরিত্রের মনে হয়। এই ধ্বংসাত্মক অস্ত্র একবার কাজে দিলে মানুষ নিজ থেকেই মুসলমানদের নিকট হতে সটকে পড়বে। এই ফন্দি-ফিকিরেরই এক বিরাট চাল তারা আন্মাজান আয়িশা ্ক্র-এর বিরুদ্ধে চেলেছে। অবশ্য আল্লাহ তাআলা তা নস্যাৎ করে দিয়েছেন। ত্রুং

এ সবই মুনাফিকের দল হিংসার বশবতী হয়ে করেছে। তারা যখনই মুসলমানদেরকে প্রশান্তচিত্তে ঘুরতে দেখে, সময়ের পরিক্রমায় মুসলমানদের জাল্লাতমুখী যাত্রা দেখে, যে জাল্লাতে মুমিনের জন্য নিয়ামতের ওয়াদা থাকলেও মুনাফিকের জন্য কিছুই নেই। আছে শুধু আযাব আর আযাব। তখন তাদের মাঝে হিংসা জেগে ওঠে।

৩৪১, সুরা নুর ২৪ : ১১

৩৪২, নূকল ইয়াকীন ফি সাইয়িাদুল মুবসালীন : ২/৩১৪। ইফকেব ঘটনায়।

তারা যখন দেখে, মুমিনগণ মর্যাদায় তাদের চেয়ে যোজন যোজন ব্যবধানে এগিয়ে গেছে। তখন তারা ক্রুদ্ধ হয়ে পড়ে। তারা চায় ঈমানদারগণ ঈমানের পথ ছড়ে তাদের সাথে শিরক, কুফর আর গুনাহের স্রোতে গা ভাসিয়ে দিক।

আল্লাহ তাআলা বলেন :

وَدُّواْ لَوْ تَكُفُرُونَ كَمَا كَفَرُواْ فَتَكُونُونَ سَوَاء

'তারা চায় যে, তারা যেমন কাফির, তোমরাও তেমনি কাফির হয়ে যাও, যাতে তোমরা এবং তারা সব সমান হয়ে যাও।'তঃগ

আমাদের সময়ের মুনাফিকরাও দীনের দায়ী ও মুজাহিদগণের খ্যাতি ও অর্জনকে বিকৃত করে উপস্থাপন করতে উঠেপড়ে লেগেছে। আমাদের মুসলমান ভাইগণ হয়তো তাদের প্রতিহত করতে পারছেন না। কারণ মিডিয়া নামের মিথ্যার ভাগাড় তাদের দখলে পড়ে আছে। তাই প্রতিটি সুস্থ ও বিবেকবান মুসলমানকে সচেতন হতে হবে। আল্লাহ তাআলা বলেন:

ট্রি إِذْ سَبِعْتُمُوهُ ظَنَّ الْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَاتُ بِأَنفُسِهِمْ خَيْرًا وَقَالُوا هَذَا إِفْكُ مُّبِينً 'তোমরা যখন এ কথা শুনলে, তখন ঈমানদার পুরুষ ও নারীগণ কেন নিজেদের লোক সম্পর্কে উত্তমধারণা করোনি এবং বলোনি যে, এটা তো নির্জলা অপবাদ?'"

তিনি আরও বলেন:

يَا أَيُهَا الَّذِينَ آمَنُوا إِن جَاءِكُمْ فَاسِقٌ بِنَبَأَ فَتَبَيَّنُوا أَن تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْبِحُوا عَلَى مَا فَعَلْتُمْ نَادِمِينَ

'হে মুমিনগণ, যদি কোনো পাপাচারী ব্যক্তি তোমাদের কাছে কোনো সংবাদ আনয়ন করে, তবে তোমরা পরীক্ষা করে দেখবে, যাতে অজ্ঞতাবশত তোমরা কোনো সম্প্রদায়ের ক্ষতিসাধনে প্রবৃত্ত না হও এবং পরে নিজেদের কৃতকর্মের জন্যে অনৃতপ্ত না হও।'°°°

৩৪৩, সুরা নিসা ৪ : ৮৯

৩৪৪. সূরা নুর ২৪: ১২

৩৪৫. সূরা খ্জুরাত ৪৯ : ৬

## ফিতনা ফাসাদ সৃষ্টিতে আগ্রহী হওয়া

মুনাফিকের দল ফিরআউনের দরবারে গিয়ে ইনিয়ে-বিনিয়ে মুসলমানদের বিরুদ্ধে ফিতনা ফাসাদের মিথ্যা অভিযোগ তুলে বসে। তাদের উসকানিতে ফিরআউন বলে ওঠে:

وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِي أَقْتُلْ مُوسَى وَلْيَدْعُ رَبَّهُ إِنِّي أَخَافُ أَن يُبَدِّلَ دِينَكُمْ أَوْ أَن يُظْهِرَ فِي الْأَرْضِ الْفَسَادَ

'ফিরআউন বলল, তোমরা আমাকে ছাড়ো, মূসাকে হত্যা করতে দাও, ডাকুক সে তার পালনকর্তাকে! আমি আশন্ধা করি যে, সে তোমাদের ধর্ম পরিবর্তন করে দেবে অথবা সে দেশময় বিপর্যয় সৃষ্টি করবে।'<sup>৩৪৬</sup>

অথচ প্রকৃত সত্য হলো মুনাফিকের দলই আসল ফিতনাবাজ।

وَإِذَا قِيلَ لَهُمْ لَا تُفْسِدُوا فِي الْأَرْضِ قَالُوا إِنَّمَا نَحْنُ مُصْلِحُونَ (١١) أَلَا إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ وَلُكِن لَّا يَشْعُرُونَ (١٢)

'আর যখন তাদেরকে বলা হয় যে, দুনিয়াব বুকে দাঙ্গা–হাঙ্গামা সৃষ্টি কোরো না, তখন তারা বলে, আমরা তো মীমাংসার পথ অবলম্বন করেছি। মনে রেখো, তারাই হাঙ্গামা সৃষ্টিকারী, কিন্তু তারা তা উপলব্ধি করে না।'<sup>889</sup>

তারা মুসলমানদের অপমান করে ব্যর্থতার চাদরে মুড়ে শক্তিহীন করার ষড়যন্ত্র করে। আল্লাহ তাআলা বলেন :

لَوْ خَرَجُواْ فِيكُمْ مَّا زَادُوكُمْ إِلاَّ خَبَالاً ولأَوْضَعُواْ خِلاَلَكُمْ يَبْغُونَكُمُ الْفِثْنَةَ وَفِيكُمْ سَمَاعُونَ لَهُمْ وَاللهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ

৩৪৬. সূরা মুমিন ৪০ : ২৬

৩৪৭, সূরা বাকারা ২ : ১১, ১২

'যদি তোমাদের সাথে তারা বের হতো. তবে তোমাদের অনিষ্ট ছাড়া আর কিছু বৃদ্ধি করত না, আব অশ্ব ছুটাত তোমাদের মধ্যে বিভেদ সৃষ্টিব উদ্দেশ্যে। আর তোমাদের মাঝে রয়েছে তাদের গুপ্তচব। বস্তুত আল্লাহ জালিমদের ভালোভাবেই জানেন।'°55

সমস্যা হলো তারা প্রকট আকার ধারণ করেছে।

'এবং তারা যখন কথা বলে, তখন আপনি সাগ্রহে তা শ্রবণ করেন।'<sup>৬৪৯</sup>

এদিকে মুসলিম-সমাজও তাদের দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত হচ্ছে।

'আর তোমাদের মাঝে রয়েছে তাদের গুপ্তচর।'<sup>১৫</sup>০

কথায় তাদের মধু ঝরে। দেখতে শুনতেও বেশ। কিন্তু মুসলিম শরীফে বর্ণিত জায়িদ বিন আরকাম 🚓 –এর হাদীস পড়লে তাদের ভেতরটা জানা যায়।

হাদীসে মুনাফিকদের যড়যন্ত্র, ধোঁকাবাজি ও মিথ্যা কসমের নাতিদীর্ঘ বর্ণনা শেষে সাহাবী বলেন ''كَانُوا رِجَالًا أَجْمَلَ شَيْءٍ'' "লোকগুলো দেখতে খুব সুন্দর ছিল।"°°>

বাহ্যিক গঠনে তারা সুন্দর ও আকর্ষণীয় হলেও তাদের ভেতরটা ছিল মন্দ।

বাহ্যিকভাবে তারা দীন-ধর্মের সেবামূলক কর্মকাণ্ড চালিয়ে গেলেও মুমিনদের মাঝে ফাটল ধরানোর এক গভীর ষড়যন্ত্র নিয়ে তারা কাজ করে। আল্লাহ তাআলা বলেন :

وَالَّذِينَ اتَّخَذُواْ مَسْجِدًا ضِرَارًا وَكُفْرًا وَتَفْرِيقًا بَيْنَ الْمُؤْمِنِينَ وَإِرْصَادًا لِّمَنْ حَارَبَ اللّهَ وَرَسُولَهُ مِن قَبْلُ وَلَيَحْلِفَنَّ إِنْ أَرَدْنَا إِلاَّ الْحُسْنَى وَاللهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

৩৪৮, সুরা তাওবা 🛓 : ৪৭

৩৪৯, সুরা মুনাফিকুন ৬৩ : ৪

৩৫০, সুরা তাওবা ১ : ৪৭

৩৫১, স্ঠীহ মুসলিম ২৭৭২। অধ্যায় : মুনাফিকদের স্থভাব ও বিধান। সহীহ নুখারী ৪৯০৩। অধ্যায় : তাফসীর। অনুচ্ছেদ : সুরা মুনাফিকুন ৬৩ : ৪ এর ব্যাখ্যায়।

'আর যারা নির্মাণ করেছে মসজিদ জিদের বশে এবং কুফরির তাড়নায় মুমিনদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এবং ওই লোকের জন্য ঘাঁটিম্বরূপ যে পূর্ব থেকে আল্লাহ ও তাঁর বাসূলের সাথে যুদ্ধ করে আসছে, আর তারা অবশ্যই শপথ করবে যে, আমরা কেবল কল্যাণই চেয়েছি। পক্ষান্তরে আল্লাহ সাক্ষী যে, তারা সবাই মিথ্যক। 'তং

এই আয়াতের তাফসীরে লম্বা আলোচনার একপর্যায়ে মসজিদে যিরার নির্মাণের উদ্দেশ্য তুলে ধরতে গিয়ে ইবনুল কাসীর 🕮 বলেন,

وَإِنَّمَا بَنُوهُ ضِرَارًا لِمَسْجِدِ قُبَاءٍ وَكَفْرًا بِاللهِ وَتَفْرِيقًا بَيْنَ الْمُؤْمِنِينَ وَإِرْصَادًا لمن حارب الله ورسوله من قبل

'এই মসজিদটি নির্মাণের অন্যতম উদ্দেশ্য হলো মসজিদে কুবার ক্ষতি করা, আল্লাহ তাআলার সাথে কুফরি করা, মুমিনদের মাঝে বিভেদ সৃষ্টি করা এবং পূর্ব থেকে আল্লাহ ও তাঁর রাসূল 👙-এর বিরুদ্ধে লড়ে আসা কাফির, মুশরিক ও মুনাফিকদের আশ্রয় দেয়া।'°°°

অতএব তাদের বাহ্যিক অবস্থা দেখে কোনো মুসলমান যেন ধোঁকায় পড়ে না যায় !

# মুনাফিকের দল জালো মানুষদেরকে দলে জিড়িয়ে নিজেদেরকে ভালো মানুষ হিসেবে উপস্থাদন করতে চায়

ওপরোল্লেখিত আয়াতের তাফসীরে ইবনুল কাসীর 🏨 আরও বলেন, وَجَاءُوا فَسَأَلُوا رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَأْتِيَ إِلَيْهِمْ فَيُصَلِّى في مسجدهم ليحتجوا بصلاته فِيهِ عَلَى تَقْرِيرِهِ وَإِثْبَاتِهِ،

'তাবুক অভিযান থেকে ফেরার পর মুনাফিকের দল রাসূল 🎡 -এর দরবারে এসে তাদের নবনির্মিত মসজিদে (যিরারে)আগমন ও নামাজ আদায়ের আবেদন করে। যেন তাদের মসজিদের স্বীকৃতি ও গ্রহণযোগ্যতা তৈরি হয়।'\*\*

৩৫২, সূবা তাওবা ৯ : ১০৭ ৩৫৩, তাফসীরে ইবনে কাসীর : ৪/১৮৬। সূবা তাওবা ১ - ১০৭ এব বাখোষ। মূল গ্রন্থে গ্রন্থকার ইবনে কাসীরের বক্তব্য হবছ তুলে না ধরে ভাবার্থ তুলে ধরেছেন। আমবা এখানে মূল বন্ধবা হুলে দিয়োছ অনুযান্ত। ৩৫৪. তাফসীরে ইবনে কাসীর : ৪/১৮৫। উল্লেখিত আয়াতের ব্যাখায়।

কিন্তু আল্লাহু আলিমূল গাইব রাসূল 🤐 এর মাধ্যমে মুনাফিকদের অসম্মান করেছেন। রাসূল 🎍 তাদের মসজিদে যাননি। বরং মসজিদটি ভেঙে গুঁড়িয়ে দিয়েছেন।

বর্তমান সময়ে এসে আমবা একদল স্বার্থান্থেষী ফিতনাবাজ দেখতে পাই। যারা মানবতা ও সম্প্রীতি ইত্যাদির ফাঁকা বুলি দিয়ে হৃদয়ছোঁয়া ও অশ্রুফেলা বক্তব্য দিয়ে থাকে। কিছু এসবেব পেছনে মিথ্যা ও সমাজ নষ্টের এক হীন চক্রান্ত তাদের বয়েছে। এ সবকিছুতে তারা আমাদেরকৈ আহ্বান জানায়। কারণ, আমাদের হুংশগ্রহণে তাদের কর্মকাণ্ড কল্যাণকর কাজের তক্মা লাভ করবে।

কিছু আমাদের ভয় হলো, আমাদের সাধারণ মানুষকে তারা ধীরে ধীরে শরীয়তের গণ্ডি থেকে বের করে বিভ্রান্তির পথে নিয়ে যাবে। এবং শরীয়তের বিধিবিধানকে অদ্বীকারের মতো স্পর্ধা দেখাতে উসকে দেবে।

আপনি কি মসজিদে যিরারের ব্যাপারে রাসূল 🌞 এর কৌশল লক্ষ করেছেন?

রাসূল ক্রু যখন মসজিদ নির্মাণের পেছনে মুনাফিকদের দুরভিসন্ধির কথা জানতে পারলেন তখন তিনি এ কথা বলেননি যে, এই সুযোগটি কাজে লাগিয়ে তাদের ওপর নিজের প্রভাব বিস্তার করি বা তাদের শরীয়তের ধারণাকে ভেঙে দিয়ে আমার শরীয়ত প্রতিষ্ঠা কবি। রাসুল ক্রু এমনটা করেননি। কারণ, নবীজির দরবারে বিনয়ের সাথে দাওয়াতনামা নিয়ে আসা লোকগুলোর ধ্বংসাত্মক দুরভিসন্ধি ছিল।

আমরা আল্লাহ তাআলার দরবারে এই দুআ করি, তিনি যেন আমাদের সমাজসেবক ও দায়ীগণের মধ্যে তাঁর দীনের প্রতি ভালোবাসা ও তাঁকে সম্বষ্ট করার মানসিকতা দান করেন। পাশাপাশি দীনি বিষয়ে তাদেরকে সত্য ও সঠিক পথ বোঝার তাওফীক দান করেন। আমাদের সকলকে তাঁর আনুগত্যের তাওফীক দান করেন। আমীন!

বর্তমান মুনাফিকদের ফিতনার অন্যতম একটি হলো দেশাত্মবোধ ও দেশপ্রেমের ধোঁয়া তুলে তারা মুসলিম উম্মাহর মাঝে বিভক্তি সৃষ্টির চেষ্টা চালিয়ে যাচ্ছে। অথচ রাষ্ট্রের সীমানা আল্লাহ তাআলার পক্ষ হতে ওহীর মাধ্যমে নির্ধারিত হয়নি। জাতীয়তাবাদ ও সীমানা নির্ধারণে বিশ্বাসী এ সকল মুনাফিকের মুখরোচক একটি শ্লোগান হলো 'আগে মোদের মাতৃভূমি তার পরেতে অন্যসব'। তাবা এ কথাও বলে, 'মাতৃভূমির নিরাপন্তার ক্ষেত্রে আমরা ধর্মের পরোয়া করি না'। এভাবেই মুসলিম উম্মাহর ঐক্য বিনষ্ট করে মুসলমানদের মাঝে ব্যক্তিগত চিস্তাভাবনা ও ভবিষ্যৎ-পরিকল্পনার সীমাবদ্ধতা ঢুকিয়ে দেয়া হচ্ছে।

এই বিভক্তি আলী الله -এর বর্ণিত তিনটি গরু ও একটি সিংহের ঘটনাকেই মনে করিয়ে দেয়। ঐক্যবদ্ধ তিন গরুকে পরাস্ত কবতে না পেরে সিংহটি কৌশলে তাদের মাঝে বিভক্তি সৃষ্টি করে। এবং পরবর্তী সময়ে একে একে তিনটি প্রাণীকেই নিষ্ঠুর ও হিংম্র সিংহের খোরাক হতে হয়। সিংহ যখন শেষমেশ কালো গরুটিকে খেতে এগিয়ে আসে তখন সে আফসোস করে বলে ওঠে, أَكِلُ الْأَنْيَفُ 'হায়! সাদা গরুটিকে যেদিন খাওয়া হয়েছে, আমাকে তো সেদিনই খেয়ে ফেলা হয়েছে'! তথ

একদিন হয়তো আমরাও এই বলে পরিতাপ করে বেড়াব।

এ জন্যই রাসূল 🌸 উম্মাহকে এক দেহের সাথে তুলনা করে জাহিলী যুগের মতো তুচ্ছ কারণে বিভক্ত হতে কঠোরভাবে সতর্ক করেছেন। তিনি বলেছেন,

إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ قَدْ أَذْهَبَ عَنْكُمْ عُبِّيَّةَ الْجَاهِلِيَّةِ، وَفَخْرَهَا بِالْآبَاءِ مُؤْمِنُ تَقِيُّ، وَفَاجِرُ شَقِيُّ، أَنْتُمْ بَنُو آدَمَ وَآدَمُ مِنْ تُرَابٍ، لَيَدَعَنَّ رِجَالُ فَخْرَهُمْ بِأَقْوَامٍ، إِنَّمَا هُمْ فَحْمُ مِنْ فَحْمِ جَهَنَّمَ، أَوْ لَيَكُونُنَّ أَهْوَنَ عَلَى اللهِ مِنَ الجِعْلَانِ الَّتِي تَدْفَعُ بِأَنْفِهَا النَّيْنَ

'মহান আল্লাহ তোমাদের থেকে জাহিলী যুগের মিথ্যা অহংকার এবং বাপ-দাদদের নিয়ে গর্ব করাকে দূর করেছেন। মুমিন হলো নেক-বখত এবং ফাসিক হলো বদ-বখত। তোমরা সবাই আদমের সম্ভান এবং আদম এ কে মাটি থেকে তৈরি করা হয়েছে। কাজেই লোকদের উচিত, তারা যেন নিজের কাওমের ওপর গর্ব করা পরিহার করে। এখন তো তারা জাহাল্লামের কয়লায় পরিণত হয়েছে। কাজেই তোমরা যদি গর্ব পরিহার না করো, তবে তোমরা ওই গোবরেপোকার চাইতেও আল্লাহর নিকট অসম্মানিত হবে, যে তার নাক দিয়ে পায়খানা ও গোবর ঠলে নিয়ে যায়।'শু

৩৫৫. মজমাউজ জাওয়াইদ : ১২০৬৬। আলী 😩 এর বস্তবা। সনদ গ্রহণযোগা।

৩৫৬. সুনানে আবু দাউদ : ৫১১৬। আবু হুরাইবা 🚓 হতে। সনদ হাসান। অধ্যায় : নিম্রা। অনুচ্ছেদ :

মানুষ তখন ধর্মীয় মূল্যবোধ ছেড়ে অন্য বিষয় নিয়ে একে অপবের সাথে বড়ই করত। যেমন : পূর্বপুরুষের কুফরি বিশ্বাস নিয়ে মারা যাওয়াকে তারা গর্বেব বিষয় মনে করত। তারা তাদের বংশমর্যাদা, সম্পদ ও শারীরিক সৌন্দর্য ইত্যাদি নিয়ে গর্ব করত। এ জন্যই রাসূল ক্রু স্পষ্ট ভাষায় বলে দিয়েছেন যে, এসব বিষয় নিয়ে গর্ব কবার কারণে মানুষ আল্লাহ তাআলার নিকট অসম্মানিত হয়ে পড়ে। এবং গর্ব করতে গিয়ে লোকজনের মুখ থেকে যে ধরনের শব্দ ও বাক্য উচ্চারিত হয়, তার চেয়ে পোকামাকড়ের মূখের বস্তু বেশি দামি। আর এসব গর্বের মূল কাবণ হলে, এমন এমন বিষয়কে ইজ্জত-সম্মানের কারণ মনে করা দীন ইসলামের তুলনার যার কোনো মূল্যই নেই। উপরস্থ এসব তুচ্ছ বিষয় মুসলমানদের মাঝে বিভক্তি সৃষ্টি করে দেয়।

তাই বর্তমান সময়েও যারা বিভিন্ন জাতি, গোষ্ঠী, মতবাদ ও চেতনা ইত্যাদি দিরে মুসলমানদের মাঝে বিভক্তি সৃষ্টি করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। আল্লাহ তাআলার নিকট এদের পোকামাকড়ের সমান মর্যাদাও নেই।

#### 19

# কুরআনের ব্যাপারে কঠোর মনোভাব পোষণ করা

নিফাকের এই স্বভাবটিও অন্যান্য স্বভাবের মতোই দীনের ব্যাপারে সংশয় থেকে সৃষ্টি। আল্লাহ তাআলা বলেন :

وَذَا قَرَأْتَ الْقُرْآنَ جَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ حِجَابًا مَسْتُورًا (٤٥) وَجَعَلْنَا عَلَىٰ قُلُوبِهِمْ أَكِنَّةً أَن يَفْقَهُوهُ وَفِي آذَانِهِمْ وَقْرًا وَإِذَا ذَكَرْتَ رَبَّكَ فِي الْقُرْآنِ وَحْدَهُ وَلَوْا عَلَىٰ أَدْبَارِهِمْ نُفُورًا (٤٦)

'যখন আপনি কোরআন পাঠ করেন, তখন আমি আপনার মধ্যে ও পরকালে অবিশ্বাসীদের মধ্যে প্রচ্ছন্ন পর্দা ফেলে দিই। আমি তাদের অন্তরের ওপর আবরণ রেখে দিই, যাতে তারা একে উপলব্ধি করতে না পারে এবং তাদের কর্ণকুহরে বোঝা চাপিয়ে দিই। যখন আপনি কোরআনে পালনকর্তার একত্ববাদ আবৃত্তি করেন, তখনো অনীহাবশত ওরা পৃষ্ঠপ্রদর্শন কবে চলে যায়।'<sup>৫৫১</sup>

এই কঠোরতা ও বিমুখ মনোভাবের কারণেই তারা কুবআন বুঝতে পারে না। আল্লাহ তাআলা বলেন :

أَفَلاَ يَتَدَبَّرُونَ الْقُرُّآنَ وَلَوْ كَانَ مِنْ عِندِ غَيْرِ اللهِ لَوَجَدُواْ فِيهِ اخْتِلاَفًا كَثِيراً 'এরা কি লক্ষ করে না কোরআনের প্রতি? পক্ষান্তরে এটা যদি আল্লাহ ব্যতীত অপর কারও পক্ষ থেকে হতো, তবে এতে অবশ্যই বহু বৈপরীত্য দেখতে পেত।''ণ্ট অন্যত্রে বলেন :

'তারা কি কোরআন সম্পর্কে গভীর চিস্তা করে না? না তাদের অন্তর তালাবদ্ধ?'°°

কুরআনের প্রতি কঠোর মনোভাবের কারণে রাসূল ﴿ এর মজলিসে জিবরীল ংথকে শোনার সাথে সাথেই রাসূল ﴿ এর পবিত্র জবান থেকে কুরআন শুনেও তাদের কোনো উপকার হয়নি। তাদের অন্তরে ছেয়ে থাকা কুফরির আঁধার মেঘের ঘনঘটা মোটেও কাটেনি। আল্লাহ তাআলা বলেন:

وَإِذَا جَآؤُوكُمْ قَالُوَاْ آمَنَا وَقَد دَّخَلُواْ بِالْكُفْرِ وَهُمْ قَدْ خَرَجُواْ بِهِ وَاللَّهُ أَعْلَمُ بِمَا كَانُواْ يَكْتُمُونَ

'যখন তারা তোমাদের কাছে আসে তখন তারা বলে, আমরা বিশ্বাস স্থাপন করেছি। অথচ তারা কুফর নিয়ে এসেছিল এবং কুফর নিয়েই প্রস্থান করেছে। তারা যা গোপন করত, আল্লাহ তা খুব জানেন।'°৬°

৩৫৭, সূরা বনী-ইসরাঈল ১৭ : ৪৫, ৪৬

৩৫৮, সূরা নিসা ৪ : ৮২

৩৫৯. সূরা মুহাম্মাদ ৪৭ : ২৪

७५०. मृता भारतमा ৫ : ७১

ার্য দেখা যায় যে, রাসূল ﷺ-এর মজলিসে কুরআন শুনে উঠে এসে তারা সাহাবায়ে কেরামকে বোকার মতো প্রশ্ন কবত, 'একটু আগে কী যেন বলন্?'

رَمِنْهُم مَن يَسْتَمِعُ إِلَيْكَ حَتَى إِذَا خَرَجُوا مِنْ عِندِكَ قَالُوا لِلَّذِينَ أُوتُوا الْعِلْمَ مَاذَا قَالَ آنِفًا أُولَئِكَ الَّذِينَ طَبَعَ اللهُ عَلَى قُلُوبِهِمْ وَاتَّبَعُوا أَهْوَاءهُمْ

'তাদের মধ্যে কিছু লোক তোমার কথা মন দিয়ে শোনে, অতঃপর তোমার নিক্ট হতে বের হয়ে জ্ঞানীদেরকে বলে, 'এই মাত্র সে কী বলল?' ওরাই তারা যাদের অন্তরে আল্লাহ মোহর মেরে দেন এবং তারা নিজেদের খেয়াল–খুশিরই অনুসরণ করে।'

করিণ তারা কিছুই বোঝে না। অথবা কুরআনের গুরুত্বপূর্ণ বাণীকে তারা হালকা মনে করে। কিংবা সাধারণ ঘোষণা জাতীয় কিছু মনে করে। এ কারণে তারা রাস্ল ক্সি-এর কথাকে গুরুত্ব দেয় না। পরোয়া করে না।

তা ছাড়া অন্তর কঠোর হওয়ার কারণে এসব নিয়ে তাদের মধ্যে কোনোরণ লজ্জাবোধও কাজ করে না। আল্লাহ তাআলা বলেন :

وَإِذَا مَا أُنزِلَتُ سُورَةً فَمِنْهُم مَّن يَقُولُ أَيَّكُمْ زَادَتُهُ هَــذِهِ إِيمَانًا 'আর যখন কোনো সূরা অবতীর্ণ হয়, তখন তাদের কেউ কেউ বলে, এ সূরা তোমাদের মধ্যেকার ঈমান কতটা বৃদ্ধি করল?'°°

এই আয়াত শুনে মুনাফিকের দল তাচ্ছিল্যভরে একে অপরকে বলে, আল্লাহ তাআলা কি এ কথা বলেননি যে, 'কুরআনের আয়াত ঈমান বৃদ্ধি করে'? আমরা কি তাদের (সাহাবায়ে কেরামের) অবস্থা দেখছি না? কুরআন শুনতেই তাদের মাঝে কান্নাকাটির রোল পড়ে যায়! তা তোমার কী অবস্থা? ঈমান বাড়ল কি? উত্তরে অপরজন বলে, 'কই না তো!' প্রথমজন বলে, 'আমারও তো বাড়ল না'

৩৬১. সূরা মুহাম্মাদ ৪৭ : ১৬

৩৬২, স্রা তাওবা 🜢 : ১২৪

আল্লাহ তাআলা তাদের এসব প্রশ্নোত্তরের জবাব দিয়েছেন। তিনি বলেন:

فَأَمَّا الَّذِينَ آمَنُوا فَزَادَتْهُمْ إِيمَانًا وَهُمْ يَسْتَبْشِرُونَ (١٢٤) وَأَمَّا الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضُ فَزَادَتْهُمْ رِجْسًا إِلَى رِجْسِهِمْ وَمَاتُوا وَهُمْ كَافِرُونَ (١٢٥)

'অতএব যারা ঈমানদার, এ সূরা তাদের ঈমান বৃদ্ধি করেছে এবং তারা আনন্দিত হয়েছে। বস্তুত যাদের অস্তুরে ব্যাধি রয়েছে এটি তাদের কলুষের সাথে আরও কলুষ বৃদ্ধি করেছে এবং তারা কাফির অবস্থায়ই মৃত্যুবরণ করল।'

চিন্তা করে দেখুন, তাদের অন্তর কী পরিমাণ কঠোর। এই কুরআন যদি পাহাড়ের প্রতি অবতীর্ণ হতো, তবে পাহাড়ও আল্লাহ তাআলার ভয়ে ভেঙে চুরমার হয়ে যেত। অথচ মুনাফিকের অন্তরে এই কুরআন শুধু সন্দেহ আর ধ্বংসই ডেকে এনেছে।

পাঠক অবশ্য নিজেকে এসব থেকে মুক্ত দাবি করে বাস্তবতা এড়িয়ে যাওয়ার সুযোগ পাবেন না।

অনেককেই দেখা যায় দিনের শুরুটা কুরআন তিলাওয়াত শুনে শুরু করেন। কিছুক্ষণ শোনার পরই গান-বাজনা ইত্যাদি শুনতে শুরু করেন। কুরআন তিলাওয়াত থেকে কোনোরকম বিরাম বিরতি ছাড়াই গান-বাজনায় চলে যান। কুরআনের শ্রুতিমধুর ধ্বনি থেকে শয়তানের কণ্ঠের দিকে ঝুঁকে পড়ছেন! দুই ধরনের শব্দের মধ্যে কত পার্থক্য। আবার পার্থক্য রয়েছে শ্রোতার মনোযোগের মধ্যেও।

এভাবে কুরআনের অডিও ভিডিও চালিয়ে বসে থাকার দ্বারা মানুষের অন্তর আরও কঠোর হবে। কারণ, এতে নিঃসন্দেহে কুরআনের অবমাননা হয়। লাভের বা সাওয়াবের তো প্রশ্নই ওঠে না।

কুরআন ও গানের ধ্বনি তাদের কাছে কখনোই সমান নয়। যখন কুরআন তিলাওয়াতের সিডি বা অডিও চালায়। তখন মনে হয় যেন শয়তান তাড়ানোর জন্যই এটা চালানো হচ্ছে। শ্রোতার কোনো মনোযোগ তিলাওয়াতের দিকে থাকে না। আর যখন শয়তানি গান বাজনা চলে? তখন পূর্ণ মনোযোগ সেদিকেই নিবদ্ধ

৩৬৩. সূরা তাওবা ৯ : ১২৪, ১২৫

থাকে। এই যার অবস্থা। কুরআন কি তার ঈমান বৃদ্ধি করবে? তার অন্তরে কম্পন সৃষ্টি করবে? সে কি কুরআনে বর্ণিত শিফা (রোগমুক্তি) ও রহমত লাভ করবে? অথচ কুরআনের ভাষায় ঈমানদার তিলাওয়াতকারী ও শ্রোতার জন্য এ সকল সুসংবাদ রয়েছে।

আমাদের কি এমন হয়? নাকি শয়তানের সুর আর ঝংকারে আমরা আলোড়িত হই? কুরআন তিলাওয়াতের সময় আমরা কি পাথর কিংবা তার চেয়েও কঠিন জডপদার্থ বনে যাই?

রাসূল 🎄 বলেছেন,

# أَكْثَرُ مُنَافِقِي أُمَّتِي قُرَّاؤُهَا

'আমার উম্মতের অধিকাংশ মুনাফিকই কুরআন পাঠকারী হবে '°

এই হাদিসের ব্যাখ্যায় ইমাম মুনাওয়ী 💩 বলেন, 'এর অর্থ হলো মুনাফিকেব দল কুরআনের মনগড়া ব্যাখ্যা করে এবং আয়াতের উদ্দেশ্য ও বিধানকে ভুল জায়গায় প্রয়োগ করে।'

আতা এ বলেন, 'এ ধরনের কুরআনের বাহক হতে সাবধান থেকো। এবং তাদের সাথে সাথে আমার ব্যাপারেও সতর্ক থেকো। তাদের মধ্য হতে আমার প্রিয় কেউ যদি অত্যাচারী বাদশাহর সামনে আমার বিরোধিতা করে তবু আমি তা মানব না। যেমন আমি বললাম, ডালিম মিষ্টি। আর সে বলল, না, তেতো। আর তার সাথে একমত হওয়ার জন্য আমাকে যদি অত্যাচাবী শাসকের ভয়ও দেখানো হয়, তবুও আমি গায়ে রক্ত চলাচল ঠিক থাকা পর্যন্ত তার কথা মেনে নেব না।

ইনাম মুনাওয়ী এ ফুজাইল এ-এর উদ্ধৃতি দিয়ে আরও বলেন, 'তাদের কাউকে কাউকে দেখবে, মানুষের সাথে বড়াই করছে। মানুষকে তুচ্ছ মনে করে মুখ ফিরিয়ে নিচ্ছে। যেন দু-রাকাত নামাজ বেশি পড়ে সে অন্যদের তুলনায় বড় বেশি সৌভাগ্যবান হয়ে গেছে। অথবা আল্লাহ তাআলার পক্ষ হতে জান্নাতের নিশ্চয়তা আর জাহান্নাম থেকে মুক্তির নিশ্চিত পরোয়ানা লাভ করে বসে আছে। আবার দেখা যায় তারা নিজেদের সৌভাগ্যবান আর অন্যদের দুর্ভাগা ভেবে

৩৬৪. মুসনাদে আহয়াদ : ১৭৩৬৭। উকবা বিন আমেব 🤲 হতে। সনদ হাসান লিগাইরিহি।

থাকে। ভেতরে এমন ভাবসাব থাকলেও বাহ্যিক দৃষ্টিতে তারা বিনয় ও সাদাসিধা জীবনের বেশ ধরে চলে। এসব বেশভূষার উদ্দেশ্য আসলে অহংকার ও মর্যাদার লোভ ত্যাগ করা বা আত্মসমালোচনা নয়। বরং এ সবই তাদের অন্তর্দৃষ্টিহীন অন্ধত্বের পরিণাম।'°<sup>56</sup>

ইমাম মুনাওয়ী এ এর অমূল্য কথামালা থেকে মুনাফিকদের কুরআনের প্রতি কঠোরতা, শত্রুতা, অবাধ্যুতা, আল্লাহ তাআলার আয়াবের ব্যাপারে উদাসীনতা ও বিনয়ের বেশে লৌকিকতা প্রদর্শনসহ বিভিন্ন স্বভাব স্পষ্ট হয়ে গেছে। ইমাম মুনাওয়ী এ যা তুলে ধরেছেন, এ সবই অত্যন্ত পরিতাপের বিষয়। কারণ কত মানুষ কুরআন পাঠ করছে। তাফসীর করছে অন্যকে শেখাছে। কিন্তু তার কপালে সত্যিকারের আল্লাহওয়ালা ইলমের ছিটেফোটাও মিলেনি!

আমরা আল্লাহু আয়যা ওয়া জাল্লার নিকট এসব হতে আশ্রয় কামনা করি। আমীন্য রাসূল ঞ্জ বলেছেন,

مثل المؤين الّذِي يَقْرَأُ القُرْآنَ كَمَثَلِ الأَثْرُجَّةِ، رِيحُهَا طَيِّبُ وَطَعْمُهَا حُلُو، وَمَثَلُ المُؤْمِنِ الَّذِي لِاَ يَقْرَأُ القُرْآنَ كَمَثَلِ الشَّرْةِ، لاَ رِيحَ لَهَا وَطَعْمُهَا حُلُو، وَمَثَلُ المُؤْمِنِ الَّذِي يَقْرَأُ القُرْآنَ مَثَلُ الرَّيُحَانَةِ، رِيحُهَا طَيِّبُ وَطَعْمُهَا مُرَّ، وَمَثَلُ المُنافِقِ الَّذِي يَقْرَأُ القُرْآنَ مَثَلُ الرَّيُحَانَةِ، رِيحُهَا طَيِّبُ وَطَعْمُهَا مُرَّ وَمَثَلُ المُنافِقِ الّذِي لاَ يَقْرَأُ القُرْآنَ كَمَثَلِ الحَنْظَلَةِ، لَيْسَ لَهَا رِيحُ وَطَعْمُهَا مُرَّ وَمَعَلَمُ المُنافِقِ النَّذِي لاَ يَقْرَأُ القُرْآنَ كَمَثَلِ الحَنْظَلَةِ، لَيْسَ لَهَا رِيحُ وَطَعْمُهَا مُرَّ وَمَعْمُهَا مُرَّ وَمَعْمُهَا مُرَّ وَطَعْمُهَا مُرَّ وَمَعْمُهَا مُرَّ وَطَعْمُهَا مُرَادَ كَمَثَلِ المُنافِقِ الْمَدِيحُ وَطَعْمُها مُرَّ وَطَعْمُها مُرَّ وَطَعْمُها مُرَّا اللَّهُ وَاللَّهُ المُنافِقِ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ المُنافِقِ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَيَعْمُهُا مُلِي المُعْمُولُ المُنافِقِ اللَّهُ المُنافِقِ اللَّهُ وَاللَّهُ المُعْمُلُ المُنافِقِ اللَّهُ المُنافِقِ اللَّهُ وَاللَّهُ وَلَوْ المُثَلِّلِةِ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَلِيعُونَ المُنافِقِ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ اللَّهُ وَاللَّهُ وَلَيْعَالِقُ اللَّهُ وَاللَّهُ وَلِيسُ اللَّهُ وَلِي اللَّهُ وَاللَّهُ اللَّهُ وَاللَّهُ وَال وَمَنْ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ اللَّ

৩৬৫. ফয়যুল কাদীর ফি শরহি জামিইস সগীর : ২/৮০। ১৩৮৪ নং হাদীদেব ব্যাব্যায়। উল্লেবিভ ব্যাব্যায় আল্লামা যমখশরী, ইমাম গাযালী ও নববী এ-এব বক্তব্যও ব্যেছে। গ্রন্থকার এবানে তা উল্লেখ কবেননি। ৩৬৬. সহীহ বুখারী : ৫৪২৭। আবু মূসা আশআরী এ হতে। অধ্যায় • বাব্ব-সংক্রান্ত। অনুজ্ঞেদ : বাদ্যদ্রব্যের আলোচনা।

## গুনাহকে সামান্য মনে করা এবং আমলকে কঠিন মনে করা

দ্যিনের প্রতি সংশয় থাকার কারণে মুনাফিকের কাছে যেকোনো ইবাদাতই কঠিন মনে হয়। এটা তার দুর্বল ঈমানের উল্লেখযোগ্য একটি চিত্র। অবশ্য যতটুকু ঈমান সে দাবি করে তাও আসল কি না তা-ই বা কে বলবে?

যাই হোক, মুনাফিক ইবাদাত ও আমলকে বিরাট কঠিন কিছু মনে করে।
পক্ষান্তরে গুনাহকে সে খুব সামান্য কিছুই মনে করে। কারণ, সে তো সেই মহান
রবের প্রতিই পূর্ণ বিশ্বাস রাখে না, যিনি গুনাহকে গুনাহ বলে সাব্যস্ত করেছেন।
পাশাপাশি গুনাহের পরিণামে জাহান্নামের আযাবের বিশ্বাসও তার নেই। তাই
পাহাড়-পরিমাণ গুনাহকেও মুনাফিক খুব সামান্য কিছুই মনে করে।

আল্লাহ তাআলা বলেন :

وَمَا قَدَرُواْ اللهَ حَقَّ قَدْرِهِ

'তারা আল্লাহকে যথার্থ মূল্যায়ন করতে পারেনি।'°৬৭

আখিরাতের শাস্তির ব্যাপারে মুনাফিকের উদাহরণ কুরআনে বর্ণিত ভিন্ন ভিন্ন দুই বাগানের মালিকের মতো। তাদের একজন বলে :

وَمَا أَظُنُّ السَّاعَةَ قَائِمَةً وَلَئِن رُّدِدتُّ إِلَى رَبِّي لَأَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنقَلَبًا

'এবং আমি মনে করি না যে, কেয়ামত অনুষ্ঠিত হবৈ। যদি কখনো আমার পালনকর্তার কাছে আমাকে পৌঁছে দেয়া হয, তবে সেখানে এব চাইতে উৎকৃষ্ট পাব।'°<sup>১১৮</sup>

৩৬৭, সূরা আনআম ৬ : ১১

৩৬৮. সুবা কাহফ ১৮ : ৩৬

আরেকজন বলে :

# وَمَا أَظُنُّ السَّاعَةَ قَائِمَةً وَلَثِن رُّجِعْتُ إِلَى رَبِّي إِنَّ لِي عِندَهُ لَلْحُسْنَى

'আমি মনে করি না যে, কেয়ামত সংঘটিত হবে। আমি যদি আমার পালনকর্তার কাছে ফিরে যাই, তবে অবশ্যই তার কাছে আমার জন্য কল্যাণ রয়েছে।'°<sup>55</sup>

যদি পৌঁছে যাই..., যদি ফিরে যাই... ইত্যাদি সংশয়পূর্ণ বাক্যসংযোগে কথা বলেও ঘটনাক্রমে আখিরাতের ময়দানে হাজির হয়ে গেলেও জান্নাত পাবে বলে তারা নিশ্চিত! তবে কী দুনিয়ার জীবনে তাদের জীবন-মৃত্যু আল্লাহর জন্য বিলিয়ে দিয়েছে? মোটেও না। তাদের এই টুকটাক আমল এবং অন্তরে পুষে রাখা সন্দেহ কিয়ামতের ভয়াবহ দিনে কোনো কাজেই দেবে না।

হাসান বসরী 🙉 বলেন,

إِنَّ الْمُؤْمِنَ جَمَعَ إِحْسَانًا وَشَفَقَةً، وَإِنَّ الكَافَرِ جَمَعَ إِسَاءَةً وَأَمْنًا 'মমিনের মাঝে ইহসান ও দয়া একত্রীভূত হয় আর মুনাফিকের মাঝে খারাপ জিনিস ও অহমিকা একত্রীভূত হয়।'°°°

অর্থাৎ মুমিন নেক আমল করা সত্ত্বেও আল্লাহ তাআলার আযাবের ভয়ে ভীত থাকে। আর মুনাফিক পাপাচারে ডুবে থেকেও জাহান্নাম থেকে নিশ্চিত মুক্তির আশায় থাকে। কখনো কখনো আবার বড়াই করে বলে, 'আমি তো তোমার আগে জান্নাতে যাব'।

কখনো আবার তারা গুনাহে লিপ্ত থেকেও জান্নাতের আশা করার কারণ দর্শাতে গিয়ে বলে, 'আমরা আল্লাহ তাআলার প্রতি ভালো ধারণা রাখি'।

হাসান বসরী 🙉 বলেন,

لَيْسَ الْإِيْمَانُ بِالتَّمَنِّي وَلَكِنْ مَا وَقَّرَ فِي الْقَلْبِ وَصَدَّقَهُ الْعَمَلُ، إِنَّ قَوْماً

৩৬৯. সূরা হা-মীম ৪১ : ৫০

৩৭০. তাফসীরে ইবনে কাসীর: ৫/৪১৪। সূরা মুমিনুন ২৩: ৫৭-৬১ এই ব্যাখ্যায়। সায্যুহনু ওরব রাকাইক (ইবনুল মুবারক 🕾), ১/৩৫০, হাদীস নং ১৮৫।

أَلْهَتْهُمْ أَمَانِيُّ الْمَغْفِرَةِ حَتَى خَرَجُوا مِنَ التُنْيَا وَلَا حَسَنَةَ لَهُمْ وَقَالُوا: نُحسِنُ الظَّنَّ بِاللهِ وَكَذَبُوا، لَوْ أَحْسَنُوا الظَّنَّ بِهِ لَأَحْسَنُوا الْعَمَلَ

'আশায় বুক বেঁধে বসে থাকার নাম ঈমান নয়। ঈমান হলো অন্তরে আল্লাহ তাআলার ভয় সৃষ্টি হওয়া এবং কাজেকর্মে তা প্রকাশ পাওয়া। কিছু মানুষ ক্ষমালাভের ধোঁকায় পড়ে কোনো নেক আমল ছাড়াই দুনিয়া ছেড়ে চলে গেছে। তারা বলে, 'আমরা আল্লাহ তাআলার প্রতি সুধারণা রাখি'। আসলে তারা মিথ্যা কথা বলে। তারা যদি আল্লাহ তাআলার প্রতি সুধারণা রাখত, তাহলে অবশ্যই নেক আমল করত।'°°

কিয়ামতের ভয়াবহ দিনে যখন মুমিন ও মুনাফিকদের মাঝে ব্যবধানের প্রাচীর দাঁড়িয়ে যাবে, সেদিন বিনা আমলে মুক্তির মিথ্যা আশার জন্য চরম মূল্য দিতে হবে। আল্লাহ তাজালা বলেন:

يُنَادُونَهُمْ أَلَمْ نَكُن مَّعَكُمْ قَالُوا بَلَى وَلَكِنَّكُمْ فَتَنتُمْ أَنفُسَكُمْ وَتَرَبَّصْتُمْ وَارْتَبْتُمْ وَغَرَّتْكُمُ الْأَمَانِيُّ حَتَّى جَاء أَمْرُ اللهِ وَغَرَّكُم بِاللهِ الْغَرُورُ

'তারা মৃমিনদেরকে ডেকে বলবে, আমরা কি তোমাদের সাথে ছিলাম না? তারা বলবে, হাাঁ, কিন্তু তোমরা নিজেরাই নিজেদেরকে বিপদগ্রস্ত করেছ। প্রতীক্ষা করেছ, সন্দেহ পোষণ করেছ এবং অলীক আশার পেছনে বিভ্রান্ত হয়েছ, অবশেষে আল্লাহর আদেশ পৌঁছেছে। এই সবই তোমাদেরকে আল্লাহ সম্পর্কে প্রতারিত করেছে।'তাং

আব্দুল্লাহ বিন মাসউদ 🚕 বলেন,

إِنَّ المُؤْمِنَ يَرَى ذُنُوبَهُ كَأَنَّهُ قَاعِدُ تَحْتَ جَبَلٍ يَخَافُ أَنْ يَقَعَ عَلَيْهِ، وَإِنَّ الفَاجِرَ يَرَى ذُنُوبَهُ كَذُبَابٍ مَرَّ عَلَى أَنْفِهِ

'ঈমানদার ব্যক্তি তার গুনাহগুলোকে এত বিরাট মনে করে, যেন সে একটা

৩৭১, ইরশাদু আকলিস সালীম ইলা মাযায়াল কিতাবিল কারীম (তাঞ্চসীরে ইবনে সাউদ), ২/২৩৫। স্রা নিসা ৪ : ১২৩ এর ব্যাখ্যায়। তবে উল্লেখিত উক্তি নিয়ে আপত্তি বয়েছে। প্রথমত পুরো মন্তব্যটি হাসান বসরী 🙉 থেকে প্রমাণিত নয়। প্রথম অংশটুকু প্রমাণিত। তাও সনদে আপত্তি বয়েছে। ফাইযুল কাদীর : ৫/৩৫৫। হাদিস নং ৭৫৭০। ৩৭২, সূবা হাদীদ ৫৭ : ১৪

পর্বতের নিচে উপবিষ্ট আছে, আর সে আশক্ষা করছে যে, সম্ভবত পর্বতটা তার ওপর ধসে পড়বে। আর পাপিষ্ঠ ব্যক্তি তার গুনাহগুলোকে মাছির মতো মনে করে, যা তার নাকে বসে চলে যায়।'°¹°

অর্থাৎ নাকের ওপর হাত নাড়া দিলেই মাছি উড়ে যাবে!

অথচ বাস্তবতা কী? বাস্তবতা হলো বহু মানুষকে দেখা যায়, আল্লাহ তাআলার ব্যাপারে অনুচিত ঠাটা মশকরা করে। আবার হাসতে হাসতে ইস্তিগফারও পাঠ করে! বলে, আসতগফিরুল্লাহ! আল্লাহ তাআলার নিকট ক্ষমা প্রার্থনা করি! তার এই ইস্তিগফার কী কাজে দেবে?

ইমাম বুখারী 🚌 আনাস বিন মালিক 🧠 হতে বর্ণনা করেন, তিনি বলেন,

إِنَّكُمْ لَتَعْمَلُونَ أَعْمَالًا، هِيَ أَدَقُ فِي أَعْيُنِكُمْ مِنَ الشَّعَرِ، إِنْ كُنَّا لَنَعُدُهَا عَلَى عَهْدِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ المُوبِقَاتِ

'তোমরা এমন সব কাজ করে থাকো, যা তোমাদের দৃষ্টিতে চুল থেকেও চিকন। কিন্তু নবী ∰-এর সময়ে আমরা এগুলোকে ধ্বংসকারী মনে করতাম।'°°

এখানে লক্ষণীয় বিষয় হলো, আনাস ্ক কথাটি বলেছেন তাবেয়ীগণকে। রাস্ল্

ক্ষ-এর ভাষ্যমতে যারা উত্তম প্রজন্মেরই অংশ। তাদেরকেই যদি এ কথা বলে
থাকেন, তাহলে আমাদের এই ফিতনার যুগে ধ্বংসের ঢালু পথে গড়িয়ে চলা
অসতর্ক লোকজনের অবস্থা কী হতে পারে? আল্লাহ আমাদেরকে তার কুদবতি
সাহায্য দিয়ে হিফাজত করুন।

ক্ষমার আশায় গুনাহ করে যাওয়া লোকজনের উদাহরণ বনী ইদরাঈলের মুনাফিকদের মতোই। তাদের ব্যাপারে আল্লাহ তাআলা বলেন:

فَخَلَفَ مِن بَعْدِهِمْ خَلْفُ وَرِثُواْ الْكِتَابَ يَأْخُذُونَ عَرَضَ هَـذَا الأَدْنَى وَيَغُولُونَ سَيُغْفَرُ لَنَا وَإِن يَأْتِهِمْ عَرَضٌ مِّثْلُهُ يَأْخُذُوهُ

৩৭৩. সহীহ বুখারি : ৬৩০৮। অধ্যায় : দুআ। অনুচ্ছেদ : তাওবা করা।

৩৭৪, সহীহ বুধারী : ৬৪৯২। অধ্যায় : সদয় হওয়া। অনুছেদ : গুনাহ তুচ্ছ মনে করা হতে বিরত খাকা।

'তারপর তাদের পেছনে এসেছে কিছু অপদার্থ, যারা উত্তরাধিকারী হয়েছে কিতাবের; তারা নিকৃষ্ট পার্থিব উপকরণ আহরণ করছে এবং বলছে, আমাদের ক্ষমা করে দেয়া হবে। বস্তুত এমনই ধরনের উপকরণ যদি আবারও তাদের সামনে উপস্থিত হয়, তবে তাও তুলে নেবে।'°°°

তারা একদিকে আল্লাহ তাআলার কালাম পাঠ করত, আবার গুনাহও করত। এ নিয়ে তাদের মাঝে কোনো ভয়ভীতি কাজ করত না। তারা মনে করত, তাদের ক্ষমা করে দেয়া হবে।

হাসান বসরী 🍇 বলেন,

الْمُؤْمِنُ مَنْ يَعْلَمُ أَنَّ مَا قَالَ اللهُ عَزَّ رَجَلَّ كَمَا قَالَ، وَالْمُؤْمِنُ أَحْسَنُ النَّاسِ عَمَلًا، وَأَشَدُّ النَّاسِ خَوْفًا، لَوْ أَنْفَقَ جَبَلًا مِنْ مَالِ مَا أَمِنَ دُونَ أَنْ يُعَايِنَ، وَلَا يَزْدَادُ صَلَاحًا وَبِرًّا وَعِبَادَةً إِلَّا ازْدَادَ فَرَقًا، يَقُولُ: لَا أَنْجُو لَا أَنْجُو وَالْمُنَافِقُ يَقُولُ: سَوَادُ النَّاسِ كَثِيرٌ، وَسَيُغْفَرُ لِي، وَلَا بَأْسَ عَلَيَّ، يُسِيءُ الْعَمَلَ، وَيَتَمَنَّى عَلَى اللهِ تَعَالَ

'মুমিন তো আল্লাহ তাআলা যা বলেছেন তা সত্য বলে জানে। উত্তম আমল করে। সবচেয়ে বেশি ভয় পায়। পাহাড়-পরিমাণ দান করেও আল্লাহ তাআলার সাহায্যের আশা ত্যাগ করে না। তার আমল, সৎকর্ম ও ইবাদাত তার মাঝে খুব বেশি পার্থক্য সৃষ্টি কবতে পারে না। এতকিছুব পবও সে বলে, আমি তো মুক্তি পাব না, মুক্তি পাব না। আর মুনাফিক বলে, মানুষের অনেক অনেক গুনাহ। আমাকে তো শীঘ্রই মাফ করে দেয়া হবে। আমি সামান্য যা গুনাহ করেছি তাতে তেমন সমস্যা নেই। এসব বলে সে আল্লাহ তাআলার প্রতি ক্ষমার আশায় বসে থাকে। <sup>20%</sup>

মুমিন জানে, আল্লাহ তাআলা বলেন:

مَن يَعْمَلْ سُوءًا يُجُزِّر بِهِ وَلاَ يَجِدْ لَهُ مِن دُونِ اللهِ وَلِيًّا وَلاَ نَصِيرًا

৩৭৫, সূরা আরাফ ৭ : ১৬৯

৩৭৬ আয় যুহদু ওয়ার রাকাইক (ইবনুল মুবারক 🙈 ) : ১/১৮৭। হাদীস নং ৫৩২।

ায়ে কেউ মন্দ কাজ করবে, সে তার শাস্তি পাবে এবং সে আল্লাহ ছাড়া নিজের কোনো সমর্থক বা সাহায্যকারী পাবে না।'°"

মুমিন আল্লাহ তাআলার এই কথাও জানে:

## وَمَن يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ

'এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে তাও দেখতে পাবে।'ণ্ণ

আল্লাহ তাআলার কালাম জানার পর কিয়ামতের দিন জাল্লাত না পাওয়া পর্যন্ত মুমিন তার রবের আযাবের ভয় থেকে নিশ্চিত হতে পারে না। সে আল্লাহ তাআলার পক্ষ হতে নিশ্চিত জান্নাতের আশায় গুনাহে জড়িয়ে অপদস্থ হতে চায় না। বরং আযাবের কথা বেশি বেশি স্মরণ করে তার ভয়ভীতি আরও রেড়ে যায়।

পক্ষান্তরে মুনাফিক বলে, আমি তো অন্যদের চেয়ে অনেক ভালো। মানৃষ আমার চেয়ে বড় বড় গুনাহ করছে। তারা জাহাল্লামে যাবে। আমি জাল্লাতে যাব। অথচ সে আল্লাহ তাআলার এই কথা বেমালুম ভূলে বসে আছে :

'আজ এ কথা কিছুতেই তোমার কোনো উপকারে আসবে না, যেহেতু তোমরা সীমালঙ্ঘন করেছিলে। তোমরা শাস্তিতে একে অন্যের অংশীদার '°°

গুনাহকে সামান্য মনে করা এবং ইবাদাতকে খুব কঠিন কিছু মনে করা আমাদের সময়ের অন্যতম একটি সমস্যা. অবস্থা এতটাই খারাপ হয়ে গিয়েছে যে, মানুষ সামান্য ইবাদাত বন্দেগী করে আল্লাহু জাল্লা জালালুহুকে খোঁটা দিয়ে ক্সছে। আল্লাহ তাআলা বলেন :

يِمُنُونَ عَلَيْكَ أَنْ أَسْلَمُوا قُلِ لَّا تَمُنُّوا عَلَيَّ إِسْلَامَكُم بَلِ اللهُ يَمُنُّ عَلَيْكُمْ أَنْ هَدَاكُمْ لِلْإِيمَانِ إِن كُنتُمْ صَادِقِينَ

৩৭৭. সূরা নিসা ৪ : ১২৩

৩৭৮. সূরা যিলযাল ১৯ : ৮

৩৭৯ সূরা যৃথক্রম ৪৩ : ৩৯

'তাবা মুসলমান হয়ে আপনাকে ধন্য করেছে মনে করে। বলুন, তোমরা মুসলমান হয়ে আমাকে ধন্য করেছ মনে কোরো না। বরং আল্লাহ ঈমানের পথে পরিচালিত করে তোমাদেরকে ধন্য করেছেন, যদি তোমরা সত্যনিষ্ঠ হয়ে থাকো।'°৮°

প্রতিটি পাঠকেরই নিজেকে প্রশ্ন করে দেখা উচিত, 'সে কি জান্নাতের আশা ও জাহান্নামের ভয়ের ব্যাপারে সাহাবায়ে কেরাম 🚕 –এর চেয়ে বেশি বুঝে গেছে? বেশি এগিয়ে গেছে?

আলোচনা এগোতে থাকলে আমরা জানতে পারব যে, জান্নাত-জাহান্নামের ব্যাপারে মুনাফিকদের মতো নিশ্চিত হয়ে যাওয়া তাওবার পথ বন্ধ করে দেয়।

# মুমিনের অবস্থা

আম্মাজান আয়িশা 🚑 বলেন,

قُلْتُ: يَا رَسُولَ اللهِ «وَالَّذِينَ يُؤْتُونَ مَا آتَوْا وَقُلُوبُهُمْ وَجِلَةً» (المؤمنون: ٦٠) أَهُوَ الَّذِي يَزْنِي، وَيَسْرِقُ، وَيَشْرَبُ الْحَمْرَ؟ قَالَ: « لَا، يَا بِنْتَ أَبِي بَحَيْرٍ أَوْ يَا بِنْتَ الصِّدِيقِ وَلَكِنَّهُ الرَّجُلُ يَصُومُ، وَيَتَصَدَّقُ، وَيُصَلِّى، وَهُوَ يَخَافُ أَنْ لَا يُتَقَبَّلَ مِنْهُ»

'আমি বলগাম, হে আল্লাহর রাসূল।

"এবং যারা যা দান করবার, তা ভীত, কম্পিত হৃদয়ে এ কারণে দান করে যে, তারা তাদের পালনকর্তার কাছে প্রত্যাবর্তন করবে।"
"

এর দ্বারা কি এমন ব্যক্তিকে বোঝানো হয়েছে, যে ব্যভিচার করে, চুরি করে এবং মদ্যপান করে? তিনি বলেন, না, হে আবু বকরের কন্যা, অথবা হে সিদ্দীকের কন্যা! বরং উক্ত আয়াতে এমন ব্যক্তিকে বোঝানো হয়েছে, যে রোজা রাখে,

০৮০, সূরা হজুরাত ৪৯ : ১৭

৩৮১, সূরা মুমিনুন ২৩ : ৬০

যাকাত দেয়, দান-খয়রাত করে, নামাজ পড়ে এবং আশঙ্কা করে যে, তার এসব ইবাদত কবুল হলো কি না?'ট্

ইমাম বুখারী 🙉 ইমাম ইবরাহীম আত-তাইমী 🙉 হতে বর্ণনা করেন, তিনি বলেন, 'আমলের সাথে যখন ' مَا عَرَضْتُ قَوْلِي عَلَى عَمَلَى إِلَّا خَشِيتُ أَنْ أَكُونَ مُكَذَّبًا' আমার কথা তুলনা করি, তখন আশক্ষা হয়, আমি না মিথ্যাবাদী হই।' °°

অর্থাৎ আমার কথা হয়তো আমার কাজকে মিথ্যাবাদী বলে সাবাস্ত কবছে (কথা ও কাজে মিলছে না)। অথবা যারা আমাকে ঈমানের দাবি করতে দেখে তারা আমার দাবিকে মিথ্যা হতে দেখে। এই হলো মুদিনের অবস্থা। সে আমল করা সত্ত্বেও মনে করবে, 'আল্লাহর হক নষ্ট করছে'। মুমিন তো সগীরা (ছোট/হালকা) গুনাহকেও কবীরা মনে করবে, কারণ সে আল্লাহ তাআলার অবাধ্যতা করেছে!

#### 79

# তাওবা করতে অনীহা প্রকাশ করা

মুনাফিকদেব আরেকটি স্বভাব বর্ণনা করতে গিয়ে আল্লাহ তাআলা বলেন :

وَإِذَا نِيلَ لَهُمْ تَعَالُوا يَسْتَغْفِرْ لَكُمْ رَسُولُ اللهِ لَوَّوْا رُؤُوسَهُمْ وَرَأَيْتَهُمْ يَصُدُّونَ وَهُم مُسْتَكُبِرُونَ

'যখন তাদেরকে বলা হয়, তোমরা এসো, আল্লাহব রাসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা মাথা ঘুরিয়ে নেয় এবং আপনি তাদেরকে দেখেন যে, তারা অহংকার করে মুখ ফিরিয়ে নেয়।'°°

৩৮২, সুনানে ইবনে মাজা : ৪১৯৮। সনদ সহীহ। অধ্যায় : যুহদ (ভোগবিলাসে অনাসক্তি)। অনুচ্ছেদ : আমল সম্পর্কে আশঙ্কা।

৩৮৩. সহীহ বুঝারী। অধ্যায় : ঈমান। অনুচ্ছেদ : ২, অজাপ্তে মুমিনেব আমল নট্ট হওয়াব ভৱ। ৩৮৪. সুরা মুনাফিকুন ৬৩ : ৫

ব্যাপারটা অবাক হওয়ার মতো কিছু নয়। ইতিপূর্বে আমরা জেনেছি যে, মুনাফিকের দল বাসূল 🤹 এর সাথে অভদ্র আচরণে অভ্যস্ত। গুনাহকে সামান্য মনে করে। এবং আল্লাহ তাআলাকে যথাযথ সম্মান করে না। তাহলে আর তাওবা কিসের? ক্রেন তারা তাওবা করবে?

তারচেয়ে বরং আল্লাহ তাআলার মাগফিরাত সম্পর্কে তাদের আপত্তি তচ্ছতাচ্ছিল্যের অবহাও লক্ষ করুন। জাবির বিন আব্দুল্লাহ্ 🚓 রাসূল 🍪-এর এক ঘটনা বর্ণনা করতে গিয়ে বলেন.

قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ يَصْعَدُ الثَّنِيَّةَ، ثَنِيَّةَ الْمُرَارِ، فَإِنَّهُ يُحَطُّ عَنْهُ مَا حُطِّ عَنْ بَنِي إِسْرَائِيلَ» قَالَ: فَكَانَ أَوَّلَ مَنْ صَعِدَهَا خَيْلُنَا، خَيْلُ بَنِي الْخَزْرَجِ، ثُمَّ تَتَامَّ النَّاسُ، فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «وَكُلَّكُمْ مَغْفُورٌ لَهُ، إِلَّا صَاحِبَ الْجَمَلِ الْأَحْمَرِ" فَأَتَيْنَاهُ فَقُلْنَا لَهُ: نَعَالَ، يَسْتَغْفِرْ لَكَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: وَاللهِ لَأَنْ أَجِدَ ضَالَّتي أَحَبُّ إِلَىَّ مِنْ أَنْ يَسْتَغْفِرَ لِي صَاحِبُكُمْ، قَالَ وَكَانَ رَجُلُ يَنْشُدُ ضَالَّةً لَهُ،

'রাসূলুল্লাহ 🏯 বলেছেন, মুবাব ঘাঁটিতে (হুদাইবিয়ার নিকটে) কে আরোহণ করবে? যে আরোহণ করবে, তার গুনাহ ক্ষমা করে দেয়া হবে, যেমন বনী ইসরাঈলকে ক্ষমা করে দেওয়া হয়েছিল। জাবির 🚓 বলেন, প্রথমে ওই ঘাঁটিতে আরোহণ করল আমাদের বনী খাযরাজের ঘোড়াগুলো। তারপর লোকেরা পেছনে এল। তখন রাসূলুল্লাহ 🤹 বললেন, তোমাদের সকলকেই ক্ষমা করে দেয়া হয়েছে, লাল উট্টের মালিক ব্যতীত। (লোকটি মুনাফিক ছিল। সে গুনাহ মাফের সুযোগটি কাজে লাগাতে আগ্রহী ছিল না।) তখন আমরা ওই লোকটির নিকট গিয়ে বললাম. এসো, রাসুলুল্লাহ 🍇 তোমার জন্য ক্ষমা প্রার্থনা করবেন। সে বলল, আমি যদি আমার হারানো উটটি পেয়ে যাই তবে তা অবশ্য আমার জন্য তোমাদের সঙ্গীর দুআ থেকে শ্রেয়। জাবির 🚓 বলেন, এ লোকটি তার হারানো উদ্ভী তালাশে ছিল।'°°

৩৮৫. সহীহ মুসলিম : ২৭৮০। অধ্যায় । মুনাফিকদের আচরণ এবং তাদের সম্পূর্কে বিধান। \* হানীসের মাঝে বন্ধনীতে থাকা বাক্যগুলো গ্রন্থকার কর্তৃক সংযুক্ত। অবশ্য মুসলিম শ্রীফের যেকোনো ব্যাখ্যাগ্রন্থে এসবের সতাতা মিলবে

চিন্তা কবে দেখুন! এই মুনাফিকের কাছে আল্লাহ তাআলার রাসূল ঞ্জ-এর পক্ষ হতে মাগফিরাতের দুআর চেয়েও হারানো প্রাণী বেশি গুরুত্বপূর্ণ হয়ে গেল।

আল্লাহ তাআলা মুনাফিকদের স্বভাব বর্ণনা করতে গিয়ে আরও বলেন:

أَوَلاَ يَرَوْنَ أَنَّهُمْ يُفْتَنُونَ فِي كُلِّ عَامٍ مَّرَّةً أَوْ مَرَّتَيْنِ ثُمَّ لاَ يَتُوبُونَ وَلاَ هُمْ يَدَّكُّرُونَ

'তারা কি লক্ষ করে না, প্রতিবছর তারা দু-একবার পরীক্ষার সম্মুখীন হচ্ছে, অথচ তারা এরপরও তাওবা করে না কিংবা উপদেশ গ্রহণ করে না।' 🐃

বিপদাপদের বেসামাল ধাক্কাও তাদেরকে তাওবার পথে নিতে পারেনি!

কিয়ামতের দিন যখন মুমিন আর মুনাফিকদের মাঝে প্রাচীর দাঁড় করানো হবে। সেদিন অন্যান্য কারণের পাশাপাশি এই তাওবা-বিমুখ মানসিকতার জন্যও তাদেরকে তিরস্কার করা হবে। ইমাম ইবনুল কাসীর 🙈 বলেন,

وَتَرَبَّصْتُمْ أَيْ أَخَرْتُهُ التَّوْبَةَ مِنْ وَقْتٍ إِلَى وَقْتٍ

'আর তোমরা প্রতীক্ষা করেছ। অর্থাৎ তাওবা করতে কালক্ষেপণ করেছ।'ণ্ণ

দুনিয়ার জীবনে একদিনের জন্যেও কি তাদের তাওবার সুযোগ হয়নি?

وَمَا أَرْسَلْنَا مِن رَّسُولٍ إِلاَّ لِيُطّاعَ بِإِذْنِ اللهِ وَلَوْ أَنَّهُمْ إِذ ظَّلَمُواْ أَنفُسَهُمْ جَآؤُوكَ فَاسْتَغْفَرُواْ اللَّهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُولُ لَوَجَدُواْ اللَّهَ تَوَّابًا رَّحِيمًا

'বস্তুত আমি একমাত্র এই উদ্দেশ্যেই রাসূল প্রেরণ করেছি, যাতে আল্লাহর নির্দেশানুযায়ী তাঁদের আদেশ-নিষেধ মান্য কবা হয়। আর সেসব লোক যখন নিজেদের অনিষ্ট সাধন করেছিল, তখন যদি আপনার কাছে আসত অতঃপর আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করত এবং রাসূলও যদি তাদেরকে ক্ষমা করিয়ে দিতেন। অবশ্যই তারা আল্লাহকে ক্ষমাকারী, মেহেরবানরূপে পেত।'°°

৩৮৬. সূরা তাওবা ১ : ১২৬

৩৮৭, তাফসীরে ইবনে কাসীর : ৮/৫১। সূরা হাদীন ৫৭ : ১৩ ১৫ এর ব্যাখ্যায়।

৩৮৮ সূরা নিসা ৪ : ৬৪

এমনিভাবে যারা তাওবা করতে গড়িমসি করছেন। তারা নিফাকের স্বভাবের দিকে ঝুঁকতে শুরু করেছেন।

আরেক দল মানুষ আছেন যাদেরকে গুনাহ ত্যাগের উপদেশ দিলে বলে, 'শাইখ, আল্লাহ তাআলার দরবারে আমাদের জন্য হিদায়াতের দুআ করুন'। নিচের আয়াতে আল্লাহ তাআলা তাদের উদাহরণ তুলে ধরেছেন।

سَيَقُولُ لَكَ الْمُخَلِّفُونَ مِنَ الْأَعْرَابِ شَغَلَتْنَا أَمْوَالُنَا وَأَهْلُونَا فَاسْتَغْفِرْ لَنَا
يَقُولُونَ بِأَلْسِنَتِهِمِ مَّا لَيْسَ فِي قُلُوبِهِمْ قُلْ فَمَن يَمْلِكُ لَكُم مِّنَ اللهِ شَيْئًا إِنْ
أَرَادَ بِكُمْ ضَرًّا أَوْ أَرَادَ بِكُمْ نَفْعًا بَلْ كَانَ اللهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا

'মরুবাসীদের মধ্যে যারা গৃহে বসে রয়েছে, তারা আপনাকে বলবে, আমরা আমাদের ধন-সম্পদ ও পরিবার-পরিজনের কাজে ব্যস্ত ছিলাম। অতএব, আমাদের পাপ মার্জনা করান। তারা মুখে এমন কথা বলবে, যা তাদের অন্তরে নেই। বলুন, আল্লাহ তোমাদের ক্ষতি অথবা উপকার সাধনের ইচ্ছা করলে কে তাকে বিরত রাখতে পারে? বরং তোমরা যা করো, আল্লাহ সে বিষয় পরিপূর্ণ জ্যাত।"

ইস্তিগফার অর্থাৎ ক্ষমা প্রার্থনার প্রশ্নে তারা যদি আসলেই সত্যবাদী হতো, তাহলে অবশ্যই গুনাহ ত্যাগ করত। তাদের বাস্তবতার দিকে ইঙ্গিত করেই আল্লাহ তাআলা বলেছেন, 'يَقُولُونَ بِأَلْسِنَتِهِم مَّا لَيْسَ فِي قُلُوبِهِمْ' 'তারা মুখে এমন কথা বলবে, যা তাদের অন্তরে নেই।'

পক্ষান্তরে মুমিনের অবস্থা দেখুন :

إِنَّ الَّذِينَ اتَّقَواْ إِذَا مَسَّهُمْ طَائِفُ مِّنَ الشَّيْطَانِ تَذَكَّرُواْ فَإِذَا هُم مُّبُصِرُونَ 'যাদের মনে ভয় রয়েছে, তাদের ওপর শয়তানের আগমন ঘটার সাথে সাথেই তারা সতর্ক হয়ে যায় এবং তখনই তাদের বিবেচনাশক্তি জাগ্রত হয়ে ওঠে।'"

৩৮৯, সুরা ফাতাহ ৪৮: ১১

৩৯০, সুরা আরাফ ৭ : ২০১

## স্বেচ্ছায় ফিতনা ফাসাদে জড়ানো

হাশরের ময়দানে ঈমানদার ও মুনাফিকদের মাঝে দেয়াল দাঁড় করানোর পর মুনাফিকরা প্রবল আপত্তি জানাবে। তখন তাদের আপত্তির উপযুক্ত জবাবও দেয়া হবে। প্রথমেই যা বলা হবে তা হলো :

'بَلَى وَلَكِنَّكُمْ فَتَنتُمْ أَنفُسَكُمْ'

'হ্যাঁ, কিম্ব তোমরা নিজেরাই নিজেদেরকে বিপদগ্রস্ত করেছ।' <sup>৩১</sup>

যার অস্তরে নিফাক রয়েছে সে গুনাহের চারিপাশে এমনভাবে যুর ঘুর করে যেমন ময়লা আবর্জনার চারিপাশে মাছি ভোঁ ভোঁ করে ওড়ে।

গুনাহের পক্ষে সাফাই গাইতে গিয়ে মুনাফিকের দল অনেক সময় উলামায়ে কেরামের মতবিরোধকে ঢাল বানায়। বলে, এটা তো স্পষ্টভাবে হারাম নয়। নিজেকে এবং মানুষকে তারা এই বলে প্রবোধ দেয় যে, 'তার নিয়্যাত বা উদ্দেশ্য ভালো'। যেমন : গ্রহণযোগ্য কোনো শরঙ্গ কারণ ছাড়াই এরা ব্যাপকহারে পরনারীদের সাথে সাক্ষাৎ করে। মুখে মুখে 'মন ভালো আছে' বললেও অন্তরে কামনা ও বাসনা ঠিকই জাগে।

এ কারণেই তারা এমনসব জিনিস দেখে যা আল্লাহ তাআলা হারাম করে দিয়েছেন। যেমন: বিভিন্ন নাটক-সিরিয়াল ও অশ্লীল গান-বাজনা ইত্যাদি। এসব দেখে দেখে তাদের অন্তর এমন বিগড়ে যায় যে, এরপর তাদের কাছে গুনাহবিরোধী কথাবার্তা ভালো লাগে না এবং আল্লাহ তাআলার বিভিন্ন নিদর্শন ও নির্দেশের প্রতি তারা বীতশ্রদ্ধ হয়ে ওঠে। তখন তারা নিজেদেরকে আর অন্যদের মতো ভাবতে পারে না। এবং এভাবেই নিজেদের গভীর বিপদে ফেলে দেয়।

হাশরের ময়দানে যেদিন বাধার প্রাচীর দাঁড় করানো হবে। ঈমানের নূরে পথ চলার জন্য তীব্র হাহাকার দেখা দেবে। তার আগে মুনাফিকদের বোধোদয় হবে না। তবে মুমিন কঠোরহস্তে এমন বিপদ থেকে নিজেকে রক্ষা করার চেষ্টা চালিয়ে যায়।

৩৯১. সূরা হাদীদ ৫৭: ১৪

## ঝগড়া-বিবাদের সময় গালাগালের মতো অশ্লীল ও অন্যায় পথ অবলম্বন করা

রাসূল 🐇 বলেছেন,

أَرْبَعُ خِلاَلٍ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِصًا: مَنْ إِذَا حَدَّثَ كَذَبَ، وَإِذَا وَعَدَ أَخْلَفَ، وَإِذَا عَاهَدَ غَدَرَ، وَإِذَا خَاصَمَ فَجَرَ، وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةً مِنْهُنَّ كَانَتْ فِيهِ خَصْلَةً مِنَ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا

'চারটি স্বভাব যার মধ্যে পাওয়া যাবে, সে খালিস মুনাফিক বলে গণ্য হবে। যে ব্যক্তি কথা বলার সময় মিথ্যা বলে, আর অঙ্গীকার করলে ভঙ্গ করে, প্রতিশ্রুতি দিলে বিশ্বাসঘাতকতা করে, যখন ঝগড়া করে গালাগালি করে। যার মধ্যে এগুলোর কোনো একটি স্বভাব পাওয়া যাবে, তার মধ্যে নিফাকের একটি স্বভাব পাওয়া গেল, যতক্ষণ না সে তা পরিত্যাগ করে।'<sup>৩৯২</sup>

'ফুজুর' তথা অন্যায় অপকর্ম বা গালাগাল করা একটি জঘন্য বদ স্বভাব। এই স্বভাবটি মানুষকে মিথ্যায় অভ্যস্ত করে তোলে। সত্যের প্রতি অনাসক্তি তৈরি করে। ন্যায়নীতি ও অন্যের অধিকার ভূলিয়ে দেয়। গুনাহের প্রতি আগ্রহ সৃষ্টি করে। ত্রুত প্রবই এমন স্বভাব যা ঝগড়ার সময় মুনাফিকের আচরণে প্রকাশ পেয়ে থাকে।

অশ্লীল গালিগালাজ মূলত আখিরাতের প্রতি সন্দেহের প্রমাণ বহন করে। কাবণ ঈমানদার ব্যক্তি কোনো কারণে বিবাদে জড়ালেও অন্যের হক নষ্ট করার মতো ভাষা ব্যবহার না করে নিজের হক ছেড়ে দেয়। সে নিজেকে এই বলে প্রবাধ দেয় যে, 'এর বিনিময়ে কিয়ামতের কঠিন প্রয়োজনের দিন আল্লাহ তাআলার নিকট 'গোপন পুরস্কার' লাভ করবে।

৩১২ সহীহ বুখারী : ৩১৭৮। আব্দুল্লাহ বিন আমর 🚓 হতে। অধ্যায় : জিযিয়া। অনুচ্ছেদ : যারা অঙ্গীকার করে তা ভঙ্গ করে তাদের গুনাহ।

৩১৩. আন মুনাজ্ঞাদু ফিল সুগাতি : ৫৬৯। نفز শব্দের অর্থে। তবে মূল প্রস্তে যেভাবে আছে অভিধানে ছবহ সেভাবে নেই।

কিন্তু দুর্বল ঈমানের মানুষ বিষয়টাকে এভাবে বুঝতে পারে না। তাই সে নিজের অধিকার ক্ষুণ্ণ হওয়ার ভয়ে কঠোর ভাষায় রাগের প্রকাশ ঘটায়। ঝগড়া-বিবাদে নিজের প্রতিপক্ষের ওপর চরম প্রতিশোধপ্রবণ হয়ে চড়াও হয়।

আমাদের বর্তমান সমাজব্যবস্থায় দাম্পত্যজীবনে ঝগড়া-বিবাদের এই চিত্র প্রকট আকার ধারণ করেছে। বিশেষ করে বৈবাহিক সম্পর্ক বিচ্ছেদে গড়ানোর জনা এই সমস্যার ভূমিকা মারাত্মক ও অনস্বীকার্য। এসব ক্ষেত্রে লোকজন পারিবারিক দায়বদ্ধতার কোনো পরোয়া তো করেই না, এমনকি আল্লাহ তাআলার নিম্নোক্ত বাণী থেকেও কিছু শিখতে চায় না:

# وَلاَ تَنسَوُا الْفَصْلَ بَيْنَكُمْ إِنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ

'আর পারস্পরিক সহানুভূতির কথা বিশ্মৃত হোয়ো না। নিশ্চয় তোমরা যা কিছু করো আল্লাহ সেসবই অত্যস্ত ভালো করে দেখেন।'°<sup>28</sup>

#### २२

# আল্লাহ তাআলার সাথে কৃত প্রতিশ্রুতি ভঙ্গ করা

মুনাফিক 'ডাল চিবুনোর' মতো চিবিয়ে চিবিয়ে কথা বলে অর্থৎ ইনিয়ে-বিনিয়ে সত্যকে আড়াল করে। সত্যকে অশ্বীকার করে। কারণ সে আল্লাহ তাআলার ব্যাপারে সংশয়ে ভোগে। আল্লাহ তাআলার অস্তিত্ব বিশ্বাস করলেও তার বিশ্বাস খুবই হালকা। সে আখিরাতের শাস্তির কথা মানে না। তার চিম্ভার জগৎজুড়ে শুধু দুনিয়ার স্বার্থ খেলা করে। এ কারণেই মুনাফিক ব্যক্তি ধীরে ধীরে আল্লাহ তাআলার সাথে প্রতিশ্রুতি ভঙ্গ করতে শুরু করে।

পার্থিব জীবনের স্বার্থ ব্যতীত অন্যকিছু তাকে আকর্ষণ করে না। তাব মনে প্রভাব ফেলতে পারে না। তার অবস্থা ওইসব ইয়াহুদীর মতো যারা রাসূল 🎄-এর সাথে দুর্ব্যবহার করে বলত,

## لَوْلَا يُعَذِّبُنَا اللَّهُ بِمَا نَقُولُ

'আমবা যা বলি, তজ্জন্যে আল্লাহ্ আমাদেরকে শাস্তি দেন না কেন?'

অন্যায় অপরাধের সাথে সাথে শাস্তিস্বরূপ আযাব না আসায় তারা এ কথা ভেবে নিশ্চিত হয়ে গেছে, 'আখিবাতের শাস্তি বলে কিছু নেই'!

আয়াতের শেষাংশে আল্লাহ তাআলা শাস্তির ঘোষণা দিয়ে রেখেছেন:

'জাহান্নামই তাদের জন্যে যথেষ্ট। তারা তাতে প্রবেশ করবে, কতই-না নিকৃষ্ট সেই জায়গা।'\*\*

প্রত্যেকেরই ভেবে দেখা উচিত, আল্লাহ তাআলার পক্ষ হতে ভালো-মন্দ্র যেকোনো আদেশ ও নিষেধের প্রতি অনুগত, সং ও গুনাহমুক্ত থাকার ওয়াদা করার পরও আমরা কি কোনো বিষয়ে আল্লাহ তাআলার সাথে বাড়াবাড়ি করতে পারি? কীভাবে সম্ভব? অথচ আল্লাহ তাআলা নিজ দয়া ও অনুগ্রহে মানুষকে তার চাহিদামাফিক অসংখ্য নিআমত দান করেছেন।

কিয়ামতের দিন ছোট-বড, সামান্য ও মারাত্মক গুনাহসমূহসহ আল্লাহ তাআলার সাথে কৃত ওয়াদার কমবেশি সবই প্রকাশ পেয়ে যাবে। আমরা আল্লাহ তাআলার দরবাবে ক্ষমা ও দয়ার আবেদন করি। কেননা, এ সবই মানুষের অন্তরে নিফাক সৃষ্টি করে।

#### আল্লাহ তাআলা বলেন:

وَمِنْهُم مَّنْ عَاهَدَ اللهَ لَئِنْ آتَانَا مِن فَضْلِهِ لَنَصَّدَقَنَّ وَلَنَكُونَنَّ مِنَ الصَّالِحِينَ (٧٥) فَلَمَّا آتَاهُم مِّن فَضْلِهِ بَخِلُوا بِهِ وَتَوَلَّوا وَّهُم مُّعْرِضُونَ (٧٦) فَأَعْقَبَهُمْ نِفَاقًا فِي قُلُوبِهِمْ إِلَىٰ يَوْمِ يَلْقَوْنَهُ بِمَا أَخْلَفُوا اللهَ مَا وَعَدُوهُ وَبِمَا كَانُوا يَكْذِبُونَ (٧٧)

৩৯৫. স্বা মুজাদালাহ ৫৮ : ৮

'তাদের মধ্যে কেউ কেউ রয়েছে যারা আল্লাহ তাআলার সাথে ওয়াদা করেছিল যে, তিনি যদি আমাদের প্রতি নিজ অনুগ্রহে দান করেন, তবে অবশ্যই আমরা ব্যয় করব এবং সৎকর্মীদের অন্তর্ভুক্ত হয়ে থাকব। অতঃপর যখন তাদেরকে স্বীয় অনুগ্রহের মাধ্যমে দান করা হয়, তখন তাতে কার্পণ্য করেছে এবং কৃত ওয়াদা থেকে ফিরে গেছে তা ভেঙে দিয়ে। তারপর এরই পরিণতিতে তাদের অন্তরে কপটতা স্থান করে নিয়েছে সেদিন পর্যস্ত, যেদিন তারা তাঁর সাথে গিয়ে মিলবে। তা এ জন্য যে, তারা আল্লাহর সাথে কৃত ওয়াদা লঙ্ঘন করেছিল এবং এ জন্যে যে, তারা মিথ্যা কথা বলত। "

তারা একবার এই অপরাধ করেছে। একবার মাত্র ওয়াদা ভঙ্গের কারণে কিয়ামতের দিন আল্লাহ তাআলার সামনে হাযির হওয়ার আগ পর্যন্ত নিফাকে ভূগবে। তাহলে আমাদের কী অবস্থা হবে? আমরা যে বারবার ওয়াদা ভঙ্গ করে চলেছি! আল্লাহ আমাদের মাফ করুন। আমাদের প্রতি দয়া, মায়া ও মহত্ত্বের আচরণ করুন। আমীন।

## २७

# কথাবার্তায় ধূর্ত হওয়া

আল্লাহ্ তাআলা মুনাফিকদের আরেকটি স্বভাব বর্ণনা করতে গিয়ে বলেন :

وَلُوْ نَشَاءً لَأَرَيْنَاكُهُمْ فَلَعَرَفْتَهُم بِسِيمَاهُمْ وَلَتَعْرِفَنَّهُمْ فِي لَحْنِ الْقَوْلِ وَاللَّهُ يَعْلَمُ أَعْمَالَكُمْ

'আমি ইচ্ছা করলে আপনাকে তাদের সাথে পরিচিত করে দিতাম। তখন আপনি তাদের চেহারা দেখে তাদেরকে চিনতে পারতেন এবং আপনি অবশ্যই কুখার ভঙ্গিতে তাদেরকে চিনতে পারবেন। আল্লাহ তোমাদের কর্মসমূহের খবর রাখেন।'\*\*

তারা তাদের বিষ মেশানো মিষ্টি কথা দিয়ে বাহ্যিকভাবে দীনের প্রতি দরদ ও ভালোবাসা প্রকাশ করলেও সন্দেহ এবং ঘৃণাটুকু সাবধানে লুকিয়ে রাখে।

৩৯৬, সূরা তাওবা ৯ : ৭৫-৭৭

৩৯৭, সুরা মুহাম্মাদ ৪৭ : ৩০

ডেনমার্ক থেকে একাধিকবার সৃষ্টিকুলের শ্রেষ্ঠ আদর্শ ও সম্মানের অধিকারী নবী মুহাম্মাদুর রাসূলুল্লাহ ্রূ-এর বিরুদ্ধে মিথ্যা, অযৌক্তিক ও উসকানিমূলক কার্টুন প্রকাশ করা হয়। তখন একদল মুনাফিকের আবির্ভাব ঘটে। তারা ইনিয়ে-বিনিয়ে বলার চেষ্টা করে, 'মুহাম্মাদ 🎡 -কে নিয়ে কটুক্তি করা ঠিক নয়, তবে উনার সমালোচনা হতে পারে'! (নাউযুবিল্লাহ)

এরপর যখন মুসলিম-বিশ্বজুড়ে ডেনমার্ককে বয়কট ও তাদের পণ্য বর্জনের আওয়াজ উঠল। তখন মুনাফিকের দল সমস্বরে চেঁচিয়ে উঠল। বলল, 'এ ধরনের সিদ্ধান্তে বিশ্বজুড়ে নৈরাজ্য সৃষ্টি হবে, ঘৃণা ও বিদ্বেষ চরমে পৌঁছে যাবে এবং সন্ত্রাসবাদ উসকে উঠবে!

প্রথমত তারা রাসূল ্ক্র-এর ইজ্জত-সম্মান ও মর্যাদার বিষয়টি মেনে নিলেও নিম্পাপ ও নিষ্কলুষ নবীজি ্ক্র-এর সমালোচনায় কোনো আপত্তি করছে না। কেউ সমালোচনা করলে তাতে দোষের কিছু দেখছে না। অথচ রাসূল ্ক্র-এর ব্যাপারে কুরআনে বলা হয়েছে:

'এবং প্রবৃত্তির তাড়নায় তিনি কোনো কথা বলেন না। কোরআন ওহী, যা প্রত্যাদেশ হয়।'<sup>৩১৮</sup>

দ্বিতীয়ত সাধারণ মুসলমানদের সাথে তারাও ডেনমার্কের অপকর্মটির নিন্দা করে প্রতিবাদ জানায়। কিন্তু যখনই ডেনমার্কসহ কুফফার শক্তি ও গোষ্ঠীগুলোর বিরুদ্ধে বয়কট ও বর্জনের আওয়াজ তোলা হয়। তখন মুনাফিকের দল তেলেবেগুনে হুলে ওঠে। নিজেদের প্রভুদের বিরুদ্ধে এমন স্পর্ধা তারা মোটেও মেনে নিতে পারে না। পাশাপাশি মুসলমানদের প্রতিবাদ ও বয়কটের ডাককে ইস্যু করে কাফির, মুশরিক ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ ও মুজাহিদ বাহিনীকে সন্ত্রাসবাদ আখ্যা দিয়ে সমালোচনার বিষাক্ত তিরে বিদ্ধ করার চেষ্টা চালায়। মুনাফিকদের বহুল পরিচিত একটি চেহারা হলো 'শক্তের ভক্ত নরমের যম'। কাফিরদের অপমান গায়ে মাখতেও আপত্তি নেই। কিন্তু মুসলমানদের প্রতি সর্বদা খড়গহস্ত।

৩৯৮. সূরা নাজম ৫৩ : ৩, ৪

কেউ যেন আবার এই কথা বলে না বসে, 'মানুযের মনের খবর না জেনে শুধু মুখের কথায় তাকে খারাপ কিছু ভাবা ঠিক না। এটা নিয়েধ!'

এ ধরনের কথাবার্তা আসলে যাদের বাহ্যিক অবস্থা বিবেচনা করার মতো জ্ঞান নেই তারাই বলে থাকেন। নিয়ম তো হলো বাহ্যিকভাবে যে ভালো কথা বলবে তা ভালো মনে করা হবে। আবার বাহ্যিকভাবে কেউ যদি মুনাফিকের মতো কথা বলে তবে তাকে মন্দ মনে করা হবে। তা ছাড়া আল্লাহ তাআলা এ কথা স্পষ্ট করে দিয়েছেন যে, তাদের এ ধরনের কথাবার্তা আমাদের পক্ষে নয়। বরং বিপক্ষে। সেখানে মুনাফিকি কথাবার্তা বলার পরও মনের অবস্থা জানার অপেক্ষায় থাকা বোকামি وَلَتَعْرِفَتُهُمْ فِي ' ক্ষাড়া আর কী হতে পারে? আল্লাহ তাআলা তো বলেই দিয়েছেন وَلَتَعْرِفَتُهُمْ فِي َ 'এবং আপনি অবশ্যই কথার ভঙ্গিতে তাদেরকে চিনতে পারবেন।' ﴿ كُنِ الْقَوْلِ

#### ২8

# আল্লাহ তাআলাকে ভুলে যাওয়া

কিছু মানুষ যখন তাদের মহান প্রতিপালক আল্লাহ সুবহানাহ ওয়া তাআলাকে ভূলে বসে, তখন বিস্ময়ের কোনো সীমা থাকে না!

তারা আল্লাহ তাআলার নৈকট্যলাভের কোনো উপায় জানেও না, আমলও করে না। তাদেরকে কখনো হালাল-হারাম নিয়ে প্রশ্নও করতে দেখবেন না। এটা স্পষ্ট নিফাকের আলামত। আল্লাহ তাআলা বলেন:

الْمُنَافِقُونَ وَالْمُنَافِقَاتُ بَعْضُهُم مِّن بَعْضٍ يَأْمُرُونَ بِالْمُنكَرِ وَيَنْهَوْنَ عَنِ الْمَعْرُوفِ رَيَقْيِضُونَ أَيْدِيَهُمْ نَسُواْ اللَّهَ فَنَسِيَهُمْ إِنَّ الْمُنَافِقِينَ هُمُ الْفَاسِقُونَ 'মুনাফিক নর–নারী সবারই গতিবিধি এক রকম; শেখায় মন্দ কথা, ভালো কথা থেকে বারণ করে এবং নিজ মুঠো বন্ধ রাখে। আল্লাহকে তারা ভুলে গেছে, কাজেই তিনিও তাদের ভুলে গেছেন। নিঃসন্দেহে মুনাফিকরাই নাফরমান।'\*°°

৩৯৯, সূরা মুহাম্মাদ ৪৭ : ৩০

৪০০, সূরা তাওবা 🌢 : ৬৭

অতএব কেউ কোনো উপত্যকার নির্জন কোলে ধ্বংসের মুখে ঢলে পড়লেও আল্লাহ তাআলার কিছু যায় আসে না।

আর তাদের নিফাকের সবচেয়ে বড় শাস্তি হলো আল্লাহ তাআলা তাদেরকে নিজেদের ভালোমন্ট্রকুও ভুলিয়ে দিয়েছেন যদ্দরুন প্রতিকৃল পরিস্থিতে কাজে দেয়ার মতো কোনো আমল তারা করে না। অর্থাৎ এমন কোনো আমল তারা করে না যা কিয়ামতের ভয়াবহ দিনে কাজে দেবে। আল্লাহ তাআলা বলেন:

وَلَا تَكُونُوا كَالَّذِينَ نَسُوا اللَّهَ فَأَنسَاهُمْ أَنفُسَهُمْ أُوْلَئِكَ هُمُ الْفَاسِفُونَ

'তোমরা তাদের মতো হোয়ো না, যারা আল্লাহ তাআলাকে ভুলে গেছে। ফলে আল্লাহ তাআলা তাদেরকে আত্মবিস্মৃত করে দিয়েছেন তারাই অবাধ্য।'<sup>80)</sup>

আল্লাহ তাজালা অধিকাংশ মানুষের স্বভাব বর্ণনা করতে গিয়ে বলেন:

يَعْلَمُونَ ظَاهِرًا مِّنَ الْحَيَاةِ الدُّنْيَا وَهُمْ عَنِ الْآخِرَةِ هُمْ غَافِلُونَ

'তারা পার্থিব জীবনের বাহ্যিক দিক জানে এবং তারা পরকালের খবর রাখে না।'<sup>80</sup>২

এই আয়াতের ব্যাখ্যায় ইমাম ইবনুল কাসীর 🙈 বলেন,

أَيْ أَكْثَرُ النَّاسِ لَيْسَ لَهُمْ عِلْمُ إِلَّا بِالدُّنْيَا وَأَكْسَابِهَا وَشُؤُوْنِهَا وَمَا فِيهَا، فَهُمْ حُذَّاقً أَذْكِيَاءُ فِي تَحْصِيلِهَا وَوُجُوْهِ مَكَاسِبِهَا، وَهُمْ غَافِلُونَ عَمَّا يَنْفَعُهُمْ فِي الدَّارِ الْآخِرَةِ كَأَنَّ أَحَدَهُمْ مُغَفَّلٌ لَا ذِهْنَ لَهُ وَلَا فِكْرَةَ،

'অধিকাংশ মানুষই শুধু দুনিয়া ও দুনিয়ার সাথে সম্পুক্ত বিষয়ে ভালো জ্ঞান রাখে। পার্থিব কামাই রোজগারের ব্যাপারে খুবই বিচক্ষণ হয়। কিন্তু আখিরাতের লাভ ক্ষতির ব্যাপারে একেবারেই উদাসীন থাকে। এ ব্যাপারে তাদের কারও কোনো চিন্তা-ফিকিরই নেই।'

৪০১, সুরা হাশর ৫৯ : ১৯

৪০২ সুরা রুম ৩০ : ৭

গ্রাসান বসরী 🧥 বলেছেন.

وَاللَّهِ لَبَنَغَ مِن أَحدهم بدنياه أن يَقْلِبُ الدِّرْهَمَ عَلَى ظُفْرِهِ، فَيُخْبِرُكَ بِوَزْنِهِ وَمَا يُحْسِنُ أَنْ يُصَلِّي

'আল্লাহর কসম, এমন অনেক দুনিয়াসক্ত রয়েছে যারা হাতের তালুতে দিরহাম (অন্য যেকোনো বস্তুও) নিয়েই তার সঠিক ওজন বলে দিতে পারে। অথচ ভালোভাবে নামাজ পড়তে পারে না।'<sup>800</sup>

বর্তমান যুগের অধিকাংশ মানুষের অবস্থা ঠিক তা–ই। দেখবেন, দুনিয়ার জন্য হাড়ভাঙা খাটুনি খাটছে। দিনরাত দৌড়ঝাঁপ করছে। উর্ধ্বশ্বাসে ছুটছে। যদি জিজ্ঞেস করেন, 'ডাই, নামাজ পড়েছেন?' বলবে, 'না'।

আল্লাহ তাআলা আমাদেরকে এমন উদাসীনতা হতে রক্ষা করুন। আমীন! রাসূল 🎡 বলেছেন,

يُؤْتَى بِالعَبْدِ يَوْمَ القِيَامَةِ فَيَقُولُ اللَّهُ لَهُ: أَلَمْ أَجْعَلْ لَكَ سَمْعًا وَبَصَرًا وَمَالأَ رَوَلَدًا، وَسَخَّرْتُ لَكَ الأَنْعَامَ وَالْحَرْثَ، وَتَرَكْتُكَ تَرْأُسُ وَتَرْبَعُ فَكُنْتَ تَظُنُّ أَنَّكَ مُلاَقِي يَوْمَكَ هَذَا؟ فَيَقُولُ: لاَ، فَيَقُولُ لَهُ: اليَوْمَ أَنْسَاكَ كُمَا نَسِيتَنِ

'কিয়ামতের দিন এক বান্দাকে আনা হবে। আল্লাহ তাআলা তাকে বলবেন, তোমাকে আমি কি চোখ-কান দিইনি, ধন-দৌলত, সম্ভান-সম্ভতি দিইনি, পশু-সম্পদ ও শস্য–সামগ্রী ভোমার করতলগত করিনি; তোমাকে তো সরদারি করতে লোকদের সম্পদের এক-চতুর্থাংশ ভোগ করতে হেড়ে রেখেছিলাম। তুমি কি ধারণা করতে যে, আজকের এই দিনে আমার সঙ্গে তোমার মোলাকাত করতে হবে? সে বলবে, না। আল্লাহ তাআলা বলবেন, আজ তোমাকে আমি ভুলে গেলাম যেভাবে আমাকে তুমি ভুলে গিয়েছিলে।<sup>\*00</sup> অর্থাৎ আল্লাহ তাআলা তাকে আযাবের মধ্যে ছুড়ে ফেলবেন।

৪০৩, তাফসীরে ইবনে কাসীব : ৬/২৭৪, ২৭৫। সূবা রূম ৩০ : ৭ এব ব্যাখ্যায়।

৪০৪. সুনানে তিরমিয়ি : ২৪২৮। আবু ধ্বাইবা ও আবু সাঈদ খুদরী 🚓 হড়ে। সনদ সহীহ গবীব। অধ্যয় :

কিয়ানত। অনুচ্ছেদ: আল্লাহ তাআলার সামনে উপহাপন।

### পরিশিষ্ট

দীর্ঘ আলোচনায় ইতিমধ্যেই আমাদের সামনে মুনাফিকদের যাবতীয় স্বভাব স্পষ্ট হয়ে গেছে। আমরা হয়তো অপবাধীদের গতিপথ শনাক্ত করতে পেরেছি। আল্লাহ আতালা নিজের পবিত্র কালামে সবিস্তারে সব তুলে ধরেছেন এবং রাসূলুল্লাহ ্র≗-এর সত্য জবানে তার ব্যাখ্যা প্রকাশ করেছেন।

আল্লাহ তাআলা বলেন:

لِّيَهْلِكَ مَنْ هَلَكَ عَن بَيِّنَةٍ وَيَحْيَى مَنْ حَيَّ عَن بَيِّنَةٍ وَإِنَّ اللَّهَ لَسَمِيعٌ عَلِيمٌ 'যাতে যে ধ্বংস হবে, সে যেন স্পষ্ট প্রমাণের ভিত্তিতে ধ্বংস হয় এবং যে জীবিত থাকবে. সে যেন স্পষ্ট প্রমাণের ভিত্তিতে জীবিত থাকে। আর নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।<sup>280৫</sup>

দুনিয়ার জীবনে প্রত্যেকেরই নিজের মুক্তি কিংবা ধ্বংসের পথ বেছে নেয়ার সুযোগ রয়েছে। তাই প্রত্যেককেই ভেবে দেখতে হবে এবং সিদ্ধান্ত নিতে হবে। কেউ কি নিজেকে এমন মুনাফিকদের দলে দেখতে চায়? যাদের সম্পর্কে আল্লাহ তাআলা বলেন:

فَأَعْرِضُواْ عَنْهُمْ إِنَّهُمْ رِجْسٌ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ جَزَاء بِمَا كَانُواْ يَكْسِبُونَ 'অতএব তোমরা তাদেরকে উপেক্ষা করো; তারা হচ্ছে অপবিত্র, আর তাদের ঠিকানা হচ্ছে জাহান্নাম, তা হলো তাদের কৃতকর্মের প্রতিফল।'<sup>808</sup>

অর্থাৎ এমন অপবিত্র আবর্জনা যা মাটি থেকে তোলা যায় না। এমন অপবিত্রতা মুনাফিকদের জীবনের সাথে মিশে গেছে।

ভেবেচিস্তে সিদ্ধান্ত নিতে হবে। আমরা কি তাদের মতো হতে চাই যাদেরকে আল্লাহ তাআলা নিজেদের কলঙ্কিত অতীত মুছে ফেলার সুযোগ দেননি?

৪০৫. সূরা আনফাল ৮ : ৪২

৪০৬. সূরা তাওবা ১ : ১৫

তাদের অস্তরে লুকায়িত পাপাচার জানতে পেরে আল্লাহ তাআলা তাদেরকে দ্বিতীয়বার সুযোগ দিতে চাননি। আল্লাহ তাআলা বলেন :

فَإِن رَّجَعَكَ اللَّهُ إِلَى طَآئِفَةٍ مِّنْهُمْ فَاسْتَأْذَنُوكَ لِلْخُرُوجِ فَقُل لَّن تَخْرُجُواْ مَعِيَ أَبَدًا وَلَن تُقَاتِلُواْ مَعِيَ عَدُوًا إِنَّكُمْ رَضِيتُم بِالْقُعُودِ أُوَّلَ مَرَّةٍ فَاقْعُدُواْ مَعَ الْخَالِفِينَ 'বস্তুত আল্লাহ যদি আপনাকে তাদের কোনো সম্প্রদায়ের কাছে ফিরিয়ে আনেন, অতঃপর তারা (জিহাদে) বের হতে অনুমতি চায়, তাহলে আপনি বলুন, তোমরা কখনো আমার সাথে (জিহাদে) বের হবে না এবং আমার সাথি হয়ে কোনো শক্রর বিরুদ্ধে যুদ্ধও করবে না; তোমরা প্রথমবারে বসে খাকাকে পছন্দ করেছিলে, অতএব তোমরা পশ্চাদ্বতী লোকেদের সাথে বসে থাকো।'<sup>ঃ০</sup>

প্রত্যেককেই এই সিদ্ধান্ত নিতে হবে যে, সে কি মৃত্যুর সময় অপদস্থ হয়ে মৃত্যুবরণ করতে চায়?

فَكَيْفَ إِذَا تَوَنَّتُهُمْ الْمَلَاثِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ

'ফেরেশতা যখন তাদের মুখমগুল ও পৃষ্ঠদেশে আঘাত করতে করতে প্রাণ হরণ করবে, তখন তাদের অবস্থা কেমন হবে?" ১৮

যে সকল মুনাফিকের মৃত্যুতে রাসৃল 🏨-এর মাগফিরাতের দুআ আর জানাজা পড়ানো আল্লাহ তাআলা পছন্দ করেননি; আমরা কি তাদের মতো হতে চাই?

وَلاَ تُصَلِّ عَلَى أَحَدٍ مِّنْهُم مَّاتَ أَبَدًا وَلاَ تَقُمْ عَلَىَ قَبْرِهِ إِنَّهُمْ كَفَرُواْ بِاللَّهِ ورَسُولِهِ وَمَاتُواْ وَهُمْ فَاسِقُونَ

আর তাদের মধ্য থেকে কারও মৃত্যু হলে তার ওপর কখনো নামাজ পড়বেন না এবং তার কবরে দাঁড়াবেন না। তারা তো আল্লাহ ও তাঁর রাসূলের সাথে কুফরি করেছে। বস্তুত তারা নাফরমান অবস্থায় মৃত্যুবরণ করেছে। <sup>১০৯</sup>

৪০৭, সূরা তাওবা ৯ : ৮৩

৪০৮. স্বা মুহাম্মদি ৪৭ : ২৭

৪০৯, সূরা তাওবা 🌢 : ৮৪

সিদ্ধান্ত নিতে হবে। যেদিন অপবিত্রদের পবিত্র বান্দাগণ হতে পৃথক কবে দেয়া হবে সেদিন আমি কোনদিকে থাকতে চাই?

لِيَمِيرَ اللهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ وَيَجُعَلَ الْخَبِيثَ بَعْضَهُ عَلَى بَعْضٍ فَيَرُكُمَهُ جَمِيعاً فَيَجْعَلَهُ أَوْلَـئِكَ هُمُ الْخَاسِرُونَ جَهَنَّمَ أُوْلَـئِكَ هُمُ الْخَاسِرُونَ

'যাতে পৃথক করে দেন আল্লাহ অপবিত্র ও না-পাককে পবিত্র ও পাক থেকে। আর যাতে একটির পর একটিকে স্থাপন করে সমবেত স্তৃপে পরিণত করেন এবং পরে দোযথে নিক্ষেপ করেন। এরাই হলো ক্ষতিগ্রস্ত।'<sup>850</sup>

এভাবেই কাফির, মৃশরিক আর মুনাফিকদের একসাথে ময়লা আবর্জনা স্তৃপ করার মতো টেনেহিচড়ে একজনের ওপর আরেকজনকে এনে জমা করা হবে। অতঃপর জাহান্নামের কঠিন শাস্তির ঘোষণা দেয়া হবে।\*>>

মুনাফিকদের জন্য একের পর এক অপমান রয়েছে! পার্থিব জীবনে অপমান।
মৃত্যুকালে অপমান। মরা লাশের প্রতিও দুআ ও জানাজা পড়তে নিষেধ করে
অপমান। কিয়ামতের দিন হিসাবনিকাশের সময় অপমান। এতসব অপমানের
দুঃখ-কষ্ট ছাপিয়ে সবচেয়ে বড় দুঃখ, কষ্ট ও অপমান হলো জাহান্নামের সবচেয়ে
নিকৃষ্ট স্থানে নিক্ষিপ্ত হওয়ার চির যন্ত্রণাদায়ক অপমান।

হে আমার মুসলিম ভাই ও বোন, নিফাকের স্বভাব থেকে আত্মরক্ষা করুন। আল্লাহর শপথ করে বলছি; একটিমাত্র মুনাফিকি স্বভাবই সবকিছু ধ্বংস করার জন্য যথেষ্ট। সেখানে একজনের মাঝে একাধিক, বরং অধিকাংশ স্বভাব পাওয়া গেলে অবস্থা কী হবে?

অতএব নিফাক থেকে বাঁচুন। আল্লাহ তাআলা যাদের মাগফিরাতের সমস্ত পথ বন্ধ করে দিয়েছেন; আপনি কি তাদের মতো হতে চান? আল্লাহ তাআলা বলেন: اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لاَ تَسْتَغْفِرْ لَهُمْ إِن تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ مَرَّةً فَلَن يَغْفِرَ اللهُ لَهُمْ ذَلِكَ بِأَنَّهُمْ كَفَرُواْ بِاللهِ وَرَسُولِهِ وَاللهُ لاَ يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ

৪১০, সূরা আনফাল ৮ : ৩৭

৪১১. শ্রন্থকার এখানে প্রসিদ্ধ তাফসীর প্রস্থ 'আত তাহরীর ওয়াত তানওয়ীর' এর বক্তব্যের দিকে ইঙ্গিত করেছেন। দ্রষ্টব্য : আত তাহরীর ওয়াত তানওয়ীর' ৯/৩৪৩। সূরা আনফাল ৮ : ৩৭ এর ব্যাখ্যায়।

'তুমি তাদের জন্য ক্ষমা প্রার্থনা কবো আর না করো, যদি তুমি তাদের জন্য সত্তব বারও ক্ষমাপ্রার্থনা করো, তথাপি কখনোই তাদেরকে আল্লাহ ক্ষমা করবেন না। তা এ জন্য যে, তারা আল্লাহকে এবং তাঁর রাসূলকে অশ্বীকার করেছে। বস্তুত আল্লাহ নাফরমানদেরকে পথ দেখান না। 1834

তাদের সম্পদ আর সংখ্যাধিক্য দেখে ধোঁকায় পড়বেন না। এ সবই তাদের আয়াব বৃদ্ধি করা ছাড়া অন্য কোনো কাজে আসবে না।

فَلاَ تُعْجِبْكَ أَمْوَالُهُمْ وَلاَ أَوْلاَدُهُمْ إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُعَذِّبَهُم بِهَا فِي الْحَيَاةِ الدُّنْيَا وَتَزْهَقَ أَنفُسُهُمْ وَهُمْ كَافِرُونَ

'সুতরাং তাদের ধন–সম্পদ ও সস্তান–সন্ততি যেন আপনাকে বিশ্মিত না করে। আল্লাহর ইচ্ছা হলো এগুলো দ্বারা দুনিয়ার জীবনে তাদের আযাবে নিপতিত রাখা এবং তাদের প্রাণবিয়োগ হবে কুফরি অবস্থায়।'<sup>১১</sup>

পার্থিব জীবনে ধন-সম্পদ তাদের দুশ্চিম্ভা ও আতঙ্ক বৃদ্ধি করা ছাড়া অন্য কোনো কাজে আসে না। তারা ভালো কাজে সামান্য কিছু ব্যয় করলেও বেজার মুখে করে। ধন–সম্পদ বা সস্তান–সন্ততির ওপর কোনো বিপদ নেমে এলে ভয়ে আতঙ্কে দিশেহারা হয়ে পড়ে। আল্লাহ তাআলা তাদের এই স্বভাব একবার বর্ণনা করার পর আবারও বর্ণনা করেছেন।

وَلاَ تُعْجِبْكَ أَمْوَالُهُمْ وَأَوْلاَدُهُمْ إِنَّمَا يُرِيدُ اللَّهُ أَن يُعَذِّبَهُم بِهَا فِي الدُّنْيَا وَتُزْهَنَ أَنفُسُهُمْ وَهُمْ كَافِرُونَ

'আর বিস্মিত হোয়ো না তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততির দরুন। আল্লাহ তো এই চান যে, এসবের কারণে তাদেরকে আযাবের ভেতরে রাখবেন দুনিয়ায় এবং তাদের প্রাণ নির্গত হওয়া পর্যন্ত যেন তারা কাফিরই থাকে। \*\*\*

৪১২, সূরা তাওবা ৯ : ৮০

৪১৩, সূরা তাওবা ৯ : ৫৫

৪১৪, সূরা তাওবা ১ : ৮৫

আমাদের প্রত্যেককেই মনে রাখতে হবে, 'নিফাকের যে বিস্তারিত আলোচনা করা হয়েছে' তা মোটেও মিটে যায়নি। বরং প্রত্যেক যুগেই নিফাক হলো 'সময়ের সবচেয়ে ভয়াবহ ব্যাধি'। ঈমানঘাতী ব্যাধি। সাহাবায়ে কেরাম এ৯-এর মতো মহামানবগণ নিফাকের ভয়ে ভীত থাকতেন। আমরা নিশ্চয়ই ভাদের চেয়ে উত্তম নই। বইটির শুকর দিকে 'নিফাকের আশক্ষা ও এর বাস্তবতা : যা অধিকাংশ মানুষ জানেই না' শিরোনামের অংশটি আরেকবার পড়ে দেখুন।

পাশাপাশি আমাদের এ কথাও মনে রাখতে হবে, আল্লাহ তাআলা সমস্ত মাখলুক সৃষ্টি করেছেন এবং নবী-রাসূলগণকে পাঠিয়েছেন। এ সবই করেছেন মানুষের মাঝে ব্যবধান তুলে ধরার জন্য

#### আল্লাহ তাআলা বলেন:

إِنَّا عَرَضْنَا الْأَمَانَةَ عَلَى السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَالْجِبَالِ فَأَبَيْنَ أَن يَحْمِلْنَهَا وَأَشْفَقْنَ مِنْهَا وَحَمَلَهَا الْإِنسَانُ إِنَّهُ كَانَ ظَلُومًا جَهُولًا (٧٦) لَيُعَذَّبَ اللهُ الْمُنَافِقِينَ وَالْمُنْوِكِينَ وَالْمُشْرِكِينَ وَالْمُشْرِكَاتِ وَيَتُوبَ اللهُ عَلَى الْمُؤْمِنِينَ وَالْمُشْرِكَاتِ وَيَتُوبَ اللهُ عَلَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَكَانَ اللهُ عَفُورًا رَّحِيمًا (٧٣)

আমি আকাশ, পৃথিবী ও পর্বতমালার সামনে এই আমানত পেশ করেছিলাম, অতঃপর তারা একে বহন করতে অস্বীকার করল এবং এতে ভীত হলো; কিন্তু মানুষ তা বহন করল। নিশ্চয় সে জালেম–অজ্ঞ।

যাতে আল্লাহ মুনাফিক পুরুষ, মুনাফিক নারী, মুশরিক পুরুষ, মুশরিক নারীদেরকে শাস্তি দেন এবং মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে ক্ষমা করেন। আল্লাহ ক্ষমাশীল, পুরুম দুয়ালু। <sup>৪০৫</sup>

ইমাম মুহাস্মাদ ইবনু কুতাইবা 🙈 বলেন,

أَيْ: عَرَضْنَا الْأَمَانَةَ لِيَظْهَرَ نِفَاقُ الْمُنَافِقِ وَشِرْكُ الْمُشْرِكِ فَيُعَدِّبُهُمَا اللهُ، وَيَظْهَرُ إِيمَانُ الْمُؤْمِنِ فَيَتُوبُ اللهُ عَلَيْهِ، أَيْ: يَعُودُ عَلَيْهِ بِالرَّحْمَةِ وَالْمَغْفِرَةِ إِنْ حَصَلَ مِنْهُ تَقْصِيرٌ فِي بَعْضِ الطَّاعَاتِ

৪১৫. সূরা আহ্যাব ৩৩ : ৭২, ৭৩

অর্থাৎ এই আমানত দান করা হয়েছে যাতে মুনাফিকের নিফাক আর মুশরিকের শিরক প্রকাশ পেয়ে যায়। আর আল্লাহ তাআলা তাদেরকে আযাবে গ্রেফতার করতে পারেন। পাশাপাশি মুমিনের ঈমানকে প্রকাশ করার জন্য। যেন আল্লাহ তাআলা তাঁকে তাওবা করার সুযোগ দিতে পারেন। অর্থাৎ মুমিন যদি আল্লাহ তাআলার ইবাদাত করতে গিয়ে কোনো ভুলক্রটি করে বসে, তাহলে আল্লাহ তাআলা যেন (ঈমান ও তাওবার কারণে) তাঁর প্রতি দয়া ও ক্ষমার আচরণ করেন। তাই

মনে রাখতে হবে, 'তাওবার দরজা এখনো খোলা আছে'। আল্লাহ তাআলা 'জাহান্নামের সর্বনিম্ন ও নিকৃষ্ট স্তরে মুনাফিকের অবস্থান ঘোষণা করার পরপরই বলেছেন:

إِلاَّ الَّذِينَ تَابُواْ وَأَصْلَحُواْ وَاعْتَصَمُواْ بِاللهِ وَأَخْلَصُواْ دِينَهُمْ لِلهِ فَأُوْلَـ ثِكَ مَعَ الْمُؤْمِنِينَ وَسَوْفَ يُؤْتِ اللهُ الْمُؤْمِنِينَ أَجْرًا عَظِيمًا

'অবশ্য যারা তওবা করে নিয়েছে, নিজেদের অবস্থার সংস্কার করেছে এবং আল্লাহর পথকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরে আল্লাহর ফরমাবরদার হয়েছে, তারা থাকবে মুসলমানদেরই সাথে। বস্তুত আল্লাহ শীঘ্রই ঈমানদারগণকে মহাপুরস্কার দান করবেন।'<sup>859</sup>

আল্লাহ তাআলা আমাদের অন্তরকে নিফাক হতে পবিত্র করে দিন। আমাদের আমলকে তাঁর জন্য ইখলাসের সাথে আদায় করার তাওফীক দান করুন। নবী, রাসূল, সিদ্দীক, শহীদ এবং পুণ্যবান বান্দাগণের সাথে আমাদের হাশর করুন। আমীন!

৪১৬. তাফসীরে বাগাওয়ী : ৬/৩৮২। সূরা আহ্যাব ৩০ : ৭৩ এর ব্যাখ্যায়।

<sup>859,</sup> সূরা নিসা 8 : ১৪৬

পাঠক, আপনি যখন বইটি পাঠ করবেন তখন দয়া করে গ্রন্থকার, (অনুবাদক, প্রকাশকসহ) যাদের ইলম, আমল, মেহনত ও মালের বিনিময়ে বইটি আপনার হাতে এসে পৌঁছেছে সকলের জন্য দুআ করবেন। মনে রাখবেন, আপনার দুআর সাথে ফিরিশতাগণ আমীন বলছেন।

> মাহামহিম আল্লাহর ক্ষমা ও দয়া প্রত্যাশী ইয়াদ কুনাইবী ২৩ রমজান ১৪২৯ হিজরি মোতাবেক ২৩ সেপ্টেম্বর ২০০৮ খ্রিষ্টাব্দা রোজ মঙ্গলবার।

بَيْتَ بِهُوفِيْقِ اللَّهُ الْعَرْيِقِ الْعَلِيْمُ الْعَالِيْرِ الْعَالِيْمُ الْعَالِمُ عَيْمُ الْعَالِمُ عَيْمُ الْعَالِمُ عَلَيْمُ الْعَالِمُ عَلَيْهُ الْعَالِمُ عَلَيْهُ الْعَالِمُ عَلَيْهُ الْعَالِمُ عَلَيْهِ الْعَالَمُ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ الْعَالَمُ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ عَلِي عَلَيْهِ عِلْمِ عَلَيْهِ عَلِي عَلَيْهِ عَلِي عَلَيْهِ عَلِي عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلِي عَلِي عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ ع

## অনুবাদকের সংক্ষিপ্ত জীবনী

আহমাদ ইউসুফ শরীফ। একজন আলিম, মাদরাসা-শিক্ষক, খতীব, অনুবাদক ও সম্পাদক।

জন্ম : ১৯৮২ সালের ১৬ জুলাই ঢাকাস্থ খিলগাঁও সিপাহীবাগের ভাড়া বাসায়। পাঁচ ভাইবোনের মধ্যে দ্বিতীয় আহমাদ ইউসুফ শরীফের শিক্ষাজীবনের পুরোটাই কেটেছে কওমী মাদরাসায়।

১৯৮৭ সালের গ্রীম্মের কোনো এক দুপুরে 'মতিঝিল পীরজঙ্গি মাজার মসজিদের' মুআজ্জিন 'কারী সলিমুল্লাহ হাফিজাহুল্লাহ'র বরকতময় হাতে যে শিক্ষাজীবনের সূচনা ঘটে, প্রাতিষ্ঠানিকভাবে তার ইতি ঘটেছে ২০০৪ সালে তাকমীল পরীক্ষায় সম্মানজনক ফলাফল লাভের মাধ্যমে।

শিক্ষাজীবন সমাপ্ত করে কর্মজীবনে ঢাকা, গাজীপুর ও পঞ্চাড়ের একাধিক প্রতিষ্ঠানে শিক্ষকতা ও ইমাম-খতীবের দায়িত্ব পালন করার পাশাপাশি পারিবারিক ব্যবসাও দেখাশোনা করেছেন।

কাব্যচর্চার মাধ্যমে সাহিত্যে পথচলা শুরু হলেও থিতু হয়েছেন ইসলামী অনুবাদের জগতে এসে। ইতিমধ্যে তার অনূদিত 'জবানের হেফাজত' পাঠক মহলে সমাদৃত হয়েছে।

নিফাক তার চতুর্থ অনুবাদ গ্রন্থ।

আমরা তাঁর ঈমান, আমলসহ দুনিয়া ও আখিরাতের সার্বিক কল্যাণ কামনা করি। আল্লাহ তাআলা তাঁকে কবুল ফরমান। আমীন! সমান ও নিফাক দুটি বিপরীতমুখী জিনিস। মুমিন আর মুনাফিক কখনো বন্ধু হতে পারে না—দুনিয়াতেও না আর পরকালে তো মুনাফিকের আবাস হবে জাহান্নামের অতলে। নিফাক একটি দ্বিচারী স্বভাব। ভিতরে এক রূপ আর বাইরে আরেক রূপ। আল্লাহর কাছে এটা অত্যন্ত ঘৃণিত স্বভাব। পবিত্র কুরআন এবং হাদিসে নববীতে নিফাক ও মুনাফিক সম্পর্কে বিশদ আলোচনা এসেছে। মুনাফিকদের সম্পর্কে কুরআনে স্বতন্ত্র সূরা অবতীর্ণ করা হয়েছে। হাদিসে নববীতে তাদের আচার-বৈশিষ্ট্যের বিবরণ এসেছে। মুনাফিকরা মুসলমানদের ঘরের শক্র। এরা কোনকালেই উন্মাহর কল্যাণকামী ছিল না। ইসলামের শুরুলগ্ন থেকে হাজার বছরের ইতিহাস থেকে আমরা এর সত্যতা পাই। এতো নাযুক একটি বিষয় সম্পর্কে আমাদের অজ্ঞতা আর উদাসীনতা যারপরনাই হতাশাজনক।

ড. ইয়াদ কুনাইবী একজন গবেষক মানুষ। আমাদের জানামতে বাংলা ভাষায় এটাই তাঁর প্রথম কোন রচনা অনূদিত হচ্ছে। লেখকের শক্তিমান লেখনি আর আপোষহীন সততা তাঁর রচনার ছত্রে ছত্রে ফুটে ওঠেছে। আল্লাহ তাআলার কাছে দুআ করি, তিনি যেন আমাদের এই প্রচেষ্টাকে উম্মাহর কল্যাণকামনা হিসেবে কবুল করে নেন। আমিন।



